# পরিচয়

সাংবাদিকতায় সততা ও সাহসের প্রতীক ৩২ বছর ধরে প্রকাশিত

New York Vol. 32, Issue 1574, Saturday, 20 April 2024 FREE www.parichoy.com




## গরিব-দুস্থদের শাড়ি দুই বন্ধুর কাছে সমালোচনার মুখে ব্যারিস্টার সুমন

বিস্তারিত ০৮ পাতায়


## আরো আছে...

- ইরানের হামলার সময় ইসরায়েলকে রক্ষায় সহযোগিতা করেছে সৌদি আরব ! - ৫ম পাতায়
- বাংলাদেশের পোশাক রপ্তানিতে নতুন উদ্বেগ-৫ম পাতায়
- বৈশ্বিক স্বাধীনতা সূচকে ১৬৪ দেশের মধ্যে বাংলাদেশ ১৪১তম-৫ম পাতায়
- জাতিসংঘে ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের ভেটো-৬ষ্ঠ পাতায়
- যুক্তরাষ্ট্রে প্রতিষ্ঠানগুলোর ওপর মানুষের আস্থা কমছে - গ্যালাপ এর জরীপ-৬ষ্ঠ পাতায়
- ইসরায়েল এবং ইউক্রেনের জন্য সামরিক সাহায্যর প্রস্তাব যুক্তরাষ্ট্র কংগ্রেসে পাশ হওয়ার পথে - ৭ম পাতায়
- বাংলাদেশে রেমিটেন্স অবৈধভাবে পাঠালে 'শাস্তি'র হুঁশিয়ারি-৮ম পাতায়
- 'পরিবারের লোকজনও আমাদের শুধু টাকার গাছ মনে করে': প্রবাসী বাংলাদেশী-৮ম পাতায়
- বাংলাদেশ থেকে ইউরোপে অভিবাসী পাচারের অভিযোগে গ্রেপ্তার ২৪ - ৮ম পাতায়
- মালয়েশিয়ায় বাংলাদেশি পাচার: জড়িত দুই দেশের সরকারি কর্মকর্তারা, শ্রমিক সুরক্ষা নিশ্চিতের আহ্বান জাতিসংঘের - ৮ম পাতায়




# উত্তেজনা বাড়াতে চায় না ইরান-ইসরায়েল

বিস্তারিত ০৫ পৃষ্ঠায়

# মন্ত্রী-এমপিদের আত্মীয়দের 'রুখতে' শেখ হাসিনার নির্দেশ



বিস্তারিত ০৯ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO প্রপার্টি

কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বারী হোম কেয়ার
Passion for Seniors of NY Inc.
চলমান কেস ট্রান্সফার করে বেশী ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার সুবর্ণ সুযোগ নিন
আমরা HHA ট্রেনিং প্রদান করি
আমরা HHA, PCA & CDPAP সার্ভিসেস প্রদান করি
মেডিকেইড প্রোগ্রামের আওতায় আপনজনের সেবা করে ঘরে বসে বছরে সর্বোচ্চ আয় করুন $৫৫,০০০
চাকুরী দরকার? আমরা কেয়ারগিভার চাকুরী প্রদান করি, কোন সার্টিফিকেটের প্রয়োজন নাই
Asef Bari (Tutul) C.E.O
Email: info@barihomecare.com www.barihomecare.com Cell: 631-428-1901
JACKSON HEIGHTS OFFICE: 72-24 Broadway, Lower Level, Jackson Heights NY 11372 | Tel: 718-898-7100
JAMAICA: 169-06 Hillside Ave, 2nd Fl, Jamaica NY 11432 Tel: 718-291-4163
BRONX: 2113 Starling Ave., Suite 201 Bronx NY 10462 Tel: 718-319-1000
LONG ISLAND: 469 Donald Blvd, Holbrook NY 11741 Tel: 631-428-1901

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
★★★ TOP RATED ★★★
CPA FIRM IN NYC
200+ Google REVIEWS
(929) 371-9915
info@ahadandco.com ahadandco.com
/AhadCoCPA /AhadTheCPA

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs - Inquiries - Collections
- Garnishment - Bankruptcy - Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

MOINUL ISLAM
Mega Homes Realty
Call To Find Out More
+1 917-535-4131
MLS REBNY

LAW OFFICES OF RUMA JUNNATUL, PLLC
ইমিগ্রেশন, সিভিল এবং ফ্যামিলি ল' সহ যে কোন আইনি সহায়তা নিন।
এসাইলাম, আপিল, ডিভোর্স, স্ট্যান্ডার্ড ট্যালেন্ট ডিসপিউট গ্রীন কার্ড, I-130, VAWA, EB2, EB3, NIW, এক্সিডেন্ট এবং ইনজুরি
For Appointment
(718) 427-1233, (516) 549-6707
rumalawny@gmail.com
Open 5 days weeks
এটর্নী জন্নাতুল রুমা
37 51 75th Street, Suite: 1A, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
WUST
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Consumer and Worker Protection
Certified Training Institute by:
SCHEV
NYS Education Department Licensed
Proprietary School
Supervision
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us

# হাতের মুঠোয় পরিচয় পড়ুন




## নিরাপদে থাকুন

**ই-ভার্সন পেতে আপনার ইমেইল এড্রেস পাঠিয়ে দিন**

**parichoyny@gmail.com**

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

### ইরানে হামলায় যুক্তরাষ্ট্রকে ধোঁকা দিয়েছে ইসরাইল!

# উত্তেজনা বাড়াতে চায় না ইরান-ইসরায়েল



পরিচয় ডেস্ক: ইরানের মধ্যাঞ্চলীয় শহর ইস্পাহানের কাছে সামরিক ঘাঁটিতে ইসরায়েলি ড্রোন হামলার চেষ্টা মূলত প্রতিশোধের অংশ। কারণ, গত ১৩ এপ্রিল অন্তত ৩০০ ড্রোন ও ক্ষেপণাস্ত্র ছুড়ে ইসরায়েলের অভ্যন্তরে নজিরবিহীন হামলা চালায় ইরান। ইসরায়েলের প্রতিক্রিয়া নিয়ে বিশ্বনেতারা শঙ্কিত হলেও শুক্রবারের এই হামলার চেষ্টায় সামরিক স্থাপনার কোনো ক্ষয়ক্ষতি হয়নি। অন্যদিকে, নতুন করে কোনো প্রতিক্রিয়া দেখায়নি তেহরান। যদিও ইরানের কর্মকর্তারা বলে আসছিলেন, ইসরায়েল হামলা চালালে এক সেকেন্ডের মধ্যেই কঠিন জবাব দেওয়া হবে। দুই দেশের কর্মকর্তাদের ভাষ্যেই পরিষ্কার, নতুন করে উত্তেজনা বাড়াতে চায় না ইরান ও ইসরায়েল।

টেলিভিশনের সংবাদ ও উভয় দেশের কর্মকর্তারা শুক্রবারের ওই হামলাকে খুব একটা গুরুত্ব দেননি। ইসরায়েলি কর্মকর্তারা হামলাকে উত্তেজনা বৃদ্ধি এড়াতে পরিকল্পিত একটি সীমিত জবাব হিসেবে বর্ণনা করেছেন।

ইসরায়েলের মর্নিং নিউজ শোতে বিশ্লেষকরা বলেছেন, এই হামলায় ইরানের সামরিক স্থাপনাগুলোতে উল্লেখ করার মতো কোনো ক্ষতি করতে পেরেছে বলে মনে হচ্ছে না।


ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে বলা হয়, ইসফাহানে সামরিক ও পারমাণবিক স্থাপনা নিরাপদ রয়েছে। হামলার চেষ্টাকে ‘বড় কিছু নয়’ বলে উল্লেখ করা হচ্ছে খবরে। এদিকে ইরানের সামরিক বাহিনীর সঙ্গে যুক্ত কিছু ব্যক্তিসহ দেশটির সামাজিক বাকি অংশ ৪০ পৃষ্ঠায়



## বাংলাদেশের পোশাক রপ্তানিতে নতুন উদ্বেগ

পরিচয় ডেস্ক: চলমান লোহিত সাগর-সংকট ও গাজা যুদ্ধের কারণে ইরান ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা বেড়ে যাওয়ায় বাংলাদেশ থেকে পোশাক রপ্তানি নতুন করে উদ্বেগের মুখে পড়েছে। স্থানীয় পোশাক রপ্তানিকারকরা আশঙ্কা করছেন, ব্যবসার খরচ আরও বাড়বে। কারণ, এই উত্তেজনা পূর্ণাঙ্গ যুদ্ধের রূপ নিলে বিশ্বব্যাপী তেলের দাম অনেক বেড়ে যেতে পারে। ফলে পণ্যবাহী বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়

## ইরানের হামলার সময় ইসরায়েলকে রক্ষায় সহযোগিতা করেছে সৌদি আরব!



পরিচয় ডেস্ক: ইরানের ছোড়া ড্রোন-ক্ষেপণাস্ত্র থেকে সুরক্ষা নিশ্চিত করতে ইসরায়েলকে সহযোগিতা করেছে সৌদি আরব। সৌদিতে ক্ষমতাসীন রাজপরিবারের ওয়েবসাইটের বরাত দিয়ে সোমবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ইসরায়েলি সংবাদমাধ্যম কেএএন নিউজ।

সৌদি রাজপরিবারের ওয়েবসাইটে বলা হয়েছে, ইরানের ছোড়া ড্রোন এবং ক্ষেপণাস্ত্র ধ্বংস করতে সৌদি আরব নিজেদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ব্যবহারের পাশাপাশি ইসরায়েল,যুক্তরাষ্ট্র, জর্ডান, যুক্তরাজ্য ও ফ্রান্সের সমন্বয়ে গঠিত সামরিক জোটকে সহযোগিতা করেছে। এই সহযোগিতার কারণ হিসেবে ওয়েবসাইটে বলা হয়েছে, ‘সৌদি আরব মনে করে, গাজায় সংঘাত শুরুর পর থেকে ইরান এই সংঘাত থেকে ফায়দা তোলার পরিকল্পনা করছে এবং সম্প্রতি যে হামলা তেহরান পরিচালিত করেছে, তা সেই পরিকল্পনার অংশ।’ বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়

## বৈশ্বিক স্বাধীনতা সূচকে ১৬৪ দেশের মধ্যে বাংলাদেশ ১৪১তম

পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্র দূতাবাস ঢাকার ইউনাইটেড স্টেটস্ এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভলপমেন্ট (ইউএসএআইডি) এবং দ্য এশিয়া ফাউন্ডেশন যৌথভাবে আটলান্টিক কাউন্সিলের নতুন বৈশ্বিক স্বাধীনতা ও সমৃদ্ধি প্রতিবেদন (গ্লোবাল ফ্রিডমের অ্যান্ড প্রসপারিটি রিপোর্ট) বাকি অংশ ৪০ পৃষ্ঠায়

### ৭৮৭ ড্রিমলাইনারে মারাত্মক ত্রুটি


## বোয়িং কর্মকর্তার সতর্কতার বিষয়ে যা বলল বাংলাদেশের বেবিচক




পরিচয় ডেস্ক: অত্যাধুনিক প্রযুক্তি সংবলিত উড়োজাহাজ বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার ত্রুটিপূর্ণ কি নাড়তা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে খতিয়ে দেখতে বলবে বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। শুক্রবার (১৯ এপ্রিল) রাতে বেবিচকের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন।

মফিদুর রহমান বলেন, ‘এমন তথ্য যদি সত্য হয়, তাহলে বিমানকে বলব, এটা খতিয়ে দেখে আমাদের জানাতে। বিমান যেহেতু বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার অপারেট করে, তারা যেন বিষয়টি তদন্ত করে আমাদের অবহিত করে। আমরা উড়োজাহাজ পরিচালনায় ছাড়পত্র দিই, এখন নির্মাতাপ্রতিষ্ঠান সংশ্লিষ্টরা যদি পর্যবেক্ষণ জানাই তা দেখতে হবে। যাত্রীদের নিরাপত্তা অবশ্যই বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়

## “কে কি বললেন”



ইসরাইলের ছয় মাসেরও বেশি সময় ধরে চলা আক্রমণে গাজা একটি ‘মানবিক নরকে’ তৈরি করেছে। এটি আঞ্চলিক উত্তেজনাও বাড়িয়ে দিয়েছে।- জাতিসঙ্ঘের মহাসচিব **আন্তোনিও গুতেরেস**



মধ্যপ্রাচ্যে যা ঘটছে সে বিষয়ে ইসরায়েল এক ধরনের কথা বলছে। আবার ইরানের অবস্থান ঠিক তার বিপরীত। কারও বক্তব্যের সঙ্গে বাস্তবতার কোনো মিল নেই, ইরান-ইসরায়েল দুপক্ষই মিথ্যাচার করছে - তুর্কি প্রেসিডেন্ট **রিসেপ তাইয়েপ এরদোয়ান**।



জয়ের জন্য সময় এখন মাথা ঠান্ডা রাখার, উত্তেজনার উল্লেখযোগ্য বৃদ্ধি কারও স্বার্থে ভালো কিছু নয় এবং এটি মধ্যপ্রাচ্যে নিরাপত্তাহীনতাকে আরও গভীরে নিয়ে যাবে। - নেতানিয়াহুকে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী **ঋষি সুনাক**



তাদের ভাগ্য ভালো আমরা ক্ষমতায় আছি। আমরা তাদের মতো প্রতিশোধপরায়ণ না, তাই তারা এখনও কথা বলার সুযোগ পায়।- বিএনপির নেতাকর্মীদের বিরুদ্ধে দায়ের কোনো মামলাই রাজনৈতিক নয় উল্লেখ করে বাংলাদেশের প্রধানমন্ত্রী **শেখ হাসিনা**



শেখ হাসিনার মতো নেতৃত্ব বর্তমান বিশ্বে বিরল। তিনি শুধু দেশেরই নন, বিশ্বনেতা। আরব বিশ্বে একজন শেখ হাসিনা থাকলে হয়তো গাজায় যুদ্ধ বন্ধ করা যেত।- বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক **ড. হাছান মাহমুদ**



‘কৃষিবিদ (সমীর চন্দ) কৃষক লীগের সভাপতি। কষ্ট দিতে চাই না, অসুস্থ মানুষ। তাকে শুধু বলতে চাই, একসময় যা হতো সেটা যেন এখন না হয়। বাংলাদেশ কৃষক লীগ সৌদি আরব শাখা, বাংলাদেশ কৃষক লীগ কাতার শাখা। ওখানে কৃষক লীগের কামটা (কাজটা) কী? বাংলাদেশ কৃষক লীগ আরব আমিরাত শাখা। দোকান একেকটা খুলে আসছে। দোকানগুলো বন্ধ করুন। এইসব দোকানের কোনো দরকার নাই।’- কৃষক লীগের ধানমন্ডি ও গুলশান শাখার দরকার কী - প্রশ্ন তুলে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক **ওবায়দুল কাদের**।



‘কে আমার ভাই, কে আমার শ্বশুর, কে আমার ভাগিনা, কে আমার ভাতিজা কিংবা শ্যালক, এটা কোন বিবেচনার বিষয় নয়। এটা নিয়ে আমি আসলেই বিব্রত, লজ্জিত, দুঃখিত এবং আমি ক্ষমাপ্রার্থী।’- আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের জেরে শ্যালক লুৎফুল হাবিব রুবেলের একমাত্র প্রতিদ্বন্দ্বীকে অপহরণ এবং নির্যাতনের ঘটনায় দুঃখ প্রকাশ করে ক্ষমা চেয়েছেন তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী **জুনাইদ আহমেদ পলক**



মিয়ানমারে চলমান সংকট সমাধানে কোনো বিশেষ এক বন্ধুকে খুশি করতে বাকিদের নারাজ করবে না বাংলাদেশ।- প্রতিরক্ষা কূটনীতি বিষয়ক এক সেমিনারে সেনা প্রধান **এস এম শফিউদ্দিন আহমেদ**।



‘‘তারা (আওয়ামী লীগ) বলে তারা স্বাধীনতার পক্ষে, মুক্তিযুদ্ধের পক্ষে, এটা একটা ডাহা উল্টো কথা। আমি মনে করি তারা সম্পূর্ণভাবে মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তি।’’- জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান **জি এম কাদের**।

পরিচয়
BANGLA WEEKLY THE PARICHOY

সম্পাদক: নাজমুল আহসান
Editor & Publisher: M. Najmul Ahsan
37-12, 75th Street, Suite 204, Jackson Heights, NY 11372, USA
Tel: 718.607.7014 | Fax: 718.559.4835
Email: parichoyny@gmail.com | web: www.parichoy.com

# জাতিসংঘে ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের ভেটো

পরিচয় ডেস্ক: নিরাপত্তা পরিষদে জাতিসংঘে ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদ পাওয়ার প্রস্তাবে ভেটো দিয়েছে যুক্তরাষ্ট্র। এতে জাতিসংঘের সদস্য হওয়ার পথ আটকে গেল ফিলিস্তিনের।
গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদে ফিলিস্তিনের সদস্যপদ পাওয়ার প্রস্তাবের ওপর হওয়া ভোটাভুটিতে ভেটো দেয় যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্র বলেছে, স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা হওয়া উচিত ইসরায়েল এবং ফিলিস্তিন কর্তৃপক্ষের মধ্যকার সরাসরি আলোচনার মধ্য দিয়ে; জাতিসংঘের মাধ্যমে নয়।

১৫ সদস্যের নিরাপত্তা পরিষদে ১৮ এপ্রিল বৃহস্পতিবার যে খসড়া প্রস্তাবের ওপর ভোট হয়েছে, তাতে ফিলিস্তিন রাষ্ট্রকে জাতিসংঘের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে নেওয়ার জন্য ১৯৩ সদস্যের জাতিসংঘ সাধারণ পরিষদের কাছে সুপারিশ করা হয়েছিল। প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছে নিরাপত্তা পরিষদের ১২টি সদস্য দেশ। যুক্তরাজ্য ও সুইজারল্যান্ড ভোটদানে বিরত ছিল। আর ভেটো দিয়েছে যুক্তরাষ্ট্র।



# যুক্তরাষ্ট্রে প্রতিষ্ঠানগুলোর ওপর মানুষের আস্থা কমছে - গ্যালাপ এর জরীপ

পরিচয় ডেস্ক: গ্যালাপের নতুন এক বিশ্লেষণে দেখা গেছে, যুক্তরাষ্ট্র সরকার, বিচার বিভাগ ও সামরিক বাহিনীর প্রতি জনগণের আস্থা কমে গেছে, যা দেশটিকে জি-সেভেন গ্রুপের অন্যান্য দেশের চেয়ে পিছিয়ে রেখেছে।
প্রায় ৬৮ শতাংশ আমেরিকানের তাদের জাতীয় সরকারের প্রতি আস্থার অভাব রয়েছে। মাত্র ৪২ শতাংশ আমেরিকানের বিচার বিভাগের প্রতি আস্থা রয়েছে।



এমনকি ঐতিহ্যগতভাবে জনপ্রিয় প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর প্রতিও জনগণের আস্থা ২০২১ সালের ৯০ শতাংশ থেকে গত বছর ৮১ শতাংশে নেমে এসেছে। শিল্পোন্নত দেশ কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র নিয়ে জি-সেভেন গঠিত।
জি-সেভেনের দেশগুলোর মধ্যে জার্মানির জনগণ তাদের সেনাবাহিনীর প্রতি আস্থার সর্বনিম্ন স্তর প্রদর্শন করেছে। প্রায় ৬০ শতাংশ জার্মানের দেশটির সেনাবাহিনীর ওপর আস্থার অভাব রয়েছে।
যুক্তরাষ্ট্রের জনগণকে দেশের সামরিক বাজেট নিয়ে বিভক্ত বলে মনে হচ্ছে। যুক্তরাষ্ট্র তাদের সামরিক খাতে অন্য সমস্ত জি সেভেনভুক্ত দেশের সম্মিলিত ব্যয়ের চেয়ে বেশি ব্যয় করে।
প্রায় ৩৫ শতাংশ জনগণ মনে করেন, ব্যয় খুব বেশি, ২৯ শতাংশ জনগণ মনে করেন ব্যয় খুব কম, এবং ৩৩ শতাংশ জনগণ এটিকে সঠিক পরিমাণ হিসেবে বিবেচনা করেন।
গ্যালাপ বিশ্লেষক বেনেডিক্ট ভিগার্স ভয়েস অফ আমেরিকাকে বলেন, ওএমন কোনো স্পষ্ট প্রমাণ নেই যা এটিকে পুরোপুরি ব্যাখ্যা করতে পারে৷ তিনি বলেন, এই তথ্যগুলো আমেরিকানদের মধ্যে বৃহত্তর অংশের প্রবণতার অংশ যা রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোতে মানুষের আস্থার ক্ষেত্র ছাড়িয়ে আরও বেশি কিছুর ইংগিত দেয়।
বিশেষজ্ঞরা সরকারি সেবা প্রদানের মান, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা এবং আয় ও সম্পদের বৈষম্য মোকাবিলায় অগ্রগতির সাথে প্রতিষ্ঠানগুলোর প্রতি জনগণের আস্থার সম্পর্ক রয়েছে বলে মনে করেন।
আমেরিকান প্রতিষ্ঠানগুলোর প্রতি জনগণের আস্থা হ্রাস পাচ্ছে, যা সরকারি সংস্থাগুলোর বাইরেও প্রসারিত হচ্ছে।

Google

# ইসরায়েলের সঙ্গে চুক্তির প্রতিবাদ করায় চাকরিচ্যুত ২৮ গুগল কর্মী

পরিচয় ডেস্ক: ইসরায়েলের সঙ্গে গুগলের ক্লাউড কম্পিউটিং প্ল্যাটফর্মের চুক্তির বিরুদ্ধে প্রতিবাদ করায় ২৮ কর্মীকে চাকরিচ্যুত করেছে গুগল। মঙ্গলবার (১৭ এপ্রিল) নিউ ইয়র্ক ও ক্যালিফোর্নীয়ার সানিভেলে গুগলের কার্যালয়ে ওই কর্মীরা বিক্ষোভ করেন। বিক্ষোভ করার মধ্য দিয়ে কোম্পানির আইন লঙ্ঘন হয়েছে অভিযোগ করে বৃহস্পতিবার ২৮ কর্মীকে চাকরিচ্যুত করে গুগল। তদন্তের ভিত্তিতে পরর্বতীতে আরও কর্মীকে চাকরিচ্যুত করার কথা জানিয়েছে প্রযুক্তি জায়ান্টটি।
নো টেক ফর অ্যাপার্টথাইড বা বর্ণবাদীদের কোনো প্রযুক্তি সেবা নয় ব্যানারে গুগলের কর্মীরা বিক্ষোভ করেন। তারা গুগলের কর্মী ছাঁটাইয়ের সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছেন।
বিক্ষোভকারীদের ব্যানারে লেখা ছিল, ‘লাভের জন্য আর কোনো গণহত্যা নয়’, ‘আমরা ফিলিস্তিনি, আরব ও মুসলিম গুগল ব্যবহারকারীদের পাশে আছি’। ১৮ এপ্রিল *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*

# চীন বেসামরিক ছদ্মাবরণে সামরিক মহাকাশ কর্মসূচি চালাচ্ছে মহাকাশ সংস্থা নাসাপ্রধান

পরিচয় ডেস্ক: মার্কিন মহাকাশ সংস্থা নাসার প্রধান বিল নেলসন দাবি করেছেন, চীন বেসামরিক ছদ্মাবরণে তার সামরিক মহাকাশ কর্মসূচি পরিচালনা করছে। তিনি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, যুক্তরাষ্ট্র বিষয়টি এড়িয়ে যেতে পারে না।
তিনি বলেন, আমরা বিশ্বাস করি যে তাদের তথাকথিত অনেক বেসামরিক মহাকাশ কর্মসূচি



হলো সামরিক কর্মসূচি। আমরা আমি মনে করি, কার্যত আমরা প্রতিযোগিতায় আছি। নেলসন ক্যাপিটল হিলে নাসার ২০২৫ অর্থবছরের বাজেট শুনানিকালে আইনপ্রণেতাদের বলেন, গত ১০ বছরে চীন নজিরবিহীনভাবে এগিয়েছে। তবে তারা খুবই খুবই গোপনীয়ভাবে কাজ করে। যুক্তরাষ্ট্র *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*

# কূটনীতিতে বাইডেনবিরোধী হতে চান ট্রাম্প

পরিচয় ডেস্ক: মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে বিশিষ্ট ব্যক্তিদের কাছ থেকে অভ্যর্থনা পেলেও অন্যত্র নেতাদের কাছে স্বৈরাচারী হিসেবে সমালোচিত ডোনাল্ড ট্রাম্প সমালোচনা এড়িয়ে ক্রমান্বয়েই তার কূটনৈতিক তৎপরতায় প্রেসিডেন্ট জো বাইডেনবিরোধী ভাবমূর্তি গড়ে তোলায় মনযোগী হচ্ছেন।
বাইডেনের বিদেশনীতির কিছু শীর্ষ অগ্রাধিকার বাদ দেয়ার লক্ষ্য নিয়ে এখন দেশ-বিদেশে বিশ্বস্ত মুখের সন্ধানে ও তাদের আস্থা অর্জনের উদ্দেশে ঘুরে ফিরছেন রাষ্ট্রের শীর্ষ পদে প্রতিদ্বন্দ্বিতা করতে যাওয়া এই রিপাবলিকান নেতা।
ট্রাম্পের সমর্থকরা কয়েক মাস ধরে ইউক্রেনে বিলিয়ন ডলার সামরিক সহায়তা আটকে রেখেছে। প্রেসিডেন্ট বাইডেন এ সহায়তা রক্ষা করার প্রতিশ্রুতি দিয়েছেন। এছাড়া ট্রাম্প এটাও জোর দিয়ে বলেছেন যে বাইডেনের ‘দুর্বলতা’ ইরানকে ইসরাইলের উপর আক্রমণ চালাতে প্ররোচিত করেছে।
রক্ষণশীল পোলিশ প্রেসিডেন্ট আন্দ্রেজ ডুদা ইউরোপীয় ইউনিয়নকে একটি ‘কাল্পনিক সম্প্রদায়’ বলে অভিহিত করে বলেন, ‘আমরা সেখান থেকে খুব বেশি কিছু অর্জন করি না।’ তিনি বুধবার *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*

# ইসরায়েল এবং ইউক্রেনের জন্য সামরিক সাহায্যের প্রস্তাব যুক্তরাষ্ট্র কংগ্রেসে পাশ হওয়ার পথে

পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্র সংসদের নিম্নকক্ষ হাউস অফ রেপ্রেসেন্টেটিভ-এর স্পিকার বুধবার ঘোষণা করেছেন, ইউক্রেন এবং ইসরায়েলের জন্য আমেরিকার সামরিক সাহায্য পুনরায় শুরু করার উপর ভোট নেয়া হবে। এই পদক্ষেপের ফলে স্পিকার মাইক জনসনের সাথে তার নিজস্ব রিপাবলিকান দলের দক্ষিণপন্থিরা মুখোমুখি হবেন। তারা কয়েক মাস ধরে ইউক্রেন বাহিনীর জন্য সাহায্য আটকে রেখেছে।

"আমরা ধারনা করছি এই প্রস্তাবগুলোর উপর চূড়ান্ত ভোট শনিবার সন্ধ্যায় নেয়া হবে," স্পিকার জনসন ঘোষণা দেন।

রাশিয়ার আগ্রাসনের তৃতীয় বছরে ইউক্রেন যখন রুশ বাহিনীকে আটকে রাখতে প্রচণ্ড সমস্যার মধ্যে আছে, তখন জনসনকে ওয়াইট হাউস এবং কংগ্রেসের বেশির ভাগ সদস্য প্রবল চাপ দিচ্ছেন। তারা চান স্পিকার যেন সংসদের উচ্চকক্ষ সেনেটে ইতোমধ্যে পাস হওয়া সাহায্যর প্রস্তাব নিমকক্ষে ভোটের অনুমতি দেন।

তবে, রিপাবলিকান দলের যেসব হাউস সদস্য প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতি অনুগত, তাদের হাতে আছে দলের ক্ষমতার ভারসাম্য। এর ফলে স্পিকারের নিজের অবস্থানও এখন বিপন্ন।



প্রেসিডেন্ট জো বাইডেন (পেছনে স্পিকার জনসন এবং ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস) ফটোঃ ৭ মার্চ, ২০২৪।

প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেন এবং ইসরায়েলকে 'যুক্তরাষ্ট্রের দুটি মিত্র, যারা সাহায্যের জন্য মরিয়া' বলে বর্ণনা করার কিছুক্ষণ পরেই জনসনের ঘোষণা আসে।

"এই দুটি দেশ নিজেরা নিজেদের সার্বভৌমত্ব রক্ষা করতে সক্ষম, কিন্তু সেটা করতে তারা সমরাস্ত্র সহ আমেরিকান সাহায্যর উপর নির্ভর করে," দ্য ওয়াল স্ট্রিট জার্নাল-এ এক মতামত কলামে বাইডেন লিখেছেন। ইউক্রেন এবং ইসরায়েলের জন্য সেনেটে পাস হওয়া সাহায্য প্রস্তাবকে বাইডেন "শক্তিশালী এবং বিচক্ষণ" বলে বর্ণনা করেন।

"রিপাবলিকান দলের হাউস সদস্যদের ছোট একটি উগ্রবাদী গ্রুপের উচিত হবে না এই প্রস্তাবকে জিম্মি করে রাখা," তিনি বলেন।

ইরান এবং রাশিয়াঃ নির্লজ্জ প্রতিপক্ষ

জার্নাল পত্রিকায় বাইডেন যুক্তি দেন যে, এই সাহায্য ইউক্রেনের দরকার, যাদের গোলা-বারুদ শেষ হয়ে যাচ্ছে। আর গত সপ্তাহান্তে ইরানের ড্রোন আক্রমণের পর ইসরায়েলের সাহায্য দরকার। তবে তিনি বলেন এই সাহায্য যুক্তরাষ্ট্রের নিরাপত্তার জন্যও একই গুরুত্ব বহন করে।

"ইউক্রেন এবং ইসরায়েল দু'দেশই নির্লজ্জ প্রতিপক্ষের আক্রমণের মুখে, যারা তাদের নিশ্চিহ্ন করতে চায়। মিঃ পুতিন ইউক্রেনের জনগণকে বশে এনে নতুন রুশ সাম্রাজ্যের মধ্যে নিয়ে আসতে চান। ইরানের সরকার ইসরায়েলকে চিরতরে ধ্বংস করে বিশ্বের মানচিত্র থেকে একমাত্র ইহুদী রাষ্ট্র মুছে ফেলতে চায়," লিখেছেন বাইডেন।

"এরকম ফলাফল আমেরিকার কখনোই মেনে নেয়া উচিত না। এটা শুধু আমাদের মিত্রদের পক্ষে দাঁড়ানোর জন্যই নয়। আমাদের নিজেদের নিরাপত্তাও এখানে জড়িত আছে।"

তিনি রিপাবলিকানদের অভিযোগ, যে রাশিয়ার বিরুদ্ধে ইউক্রেনের লড়াইএ টাকা খরচ করার সামর্থ্য আমেরিকার নেই, তার জবাবে বলেন এই সাহায্য একটি "সাদা চেক" হিসেবে দেয়া হবে না। ইউক্রেনের জন্য সমরাস্ত্র আমেরিকার কারখানায় তৈরি করা হবে, তিনি বলেন।



## যুক্তরাষ্ট্রের প্রথম সাবেক প্রেসিডেন্ট হিসেবে ফৌজদারি বিচারের মুখোমুখি ট্রাম্প

পরিচয় ডেস্ক: ডোনাল্ড ট্রাম্প সোমবার বিচারের মুখোমুখি হতে আদালতে যাবেন। তিনি হলেন যুক্তরাষ্ট্রের প্রথম সাবেক প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি অভিযোগের মুখোমুখি হয়েছেন এবং দোষী সাব্যস্ত হলে কারাদণ্ড পাওয়ার ঝুঁকিতে রয়েছেন।

ট্রাম্পের আইনজীবীরা, প্রসিকিউটর এবং বিচারপতি হুয়ান মার্শান নিউইয়র্কের একটি আদালতে তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের প্রমাণাদি সম্পর্কে শুনানির জন্য জুরি বাছাই শুরু করবেন।


ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ, তিনি একজন পর্ণ তারকা ও একসময়ের প্লেবয় প্লেমেটের সাথে ঘনিষ্ট সম্পর্ক রেখেছিলেন। পরে তাকে চুপ করানোর জন্য অর্থ প্রদান করেছেন এবং বিষয়টি লুকানোর জন্য ভুয়া ব্যবসায়িক হিসাবের খাতা তৈরি করেছেন।

আগামী নভেম্বরের অনুষ্ঠেয় নির্বাচনে রিপাবলিকান দলের সম্ভাব্য প্রেসিডেন্ট প্রার্থী ট্রাম্প। বিচার চলাকালে ট্রাম অভিযুক্ত ব্যক্তিদের জন্য নির্ধারিত টেবিল থেকে বিচার কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। আগামী দেড় মাস সপ্তাহে চার দিন এই বিচার কাজ চলতে থাকবে। আত্মপক্ষ সমর্থনের জন্য ট্রাম্পকে স্বাক্ষীর কাঠগড়ায় ডাকা হতে পারে, আবার নাও হতে পারে। আর এটা নির্ভর করবে ট্রাম্প এবং তার আইনজীবীরা প্রসিকিউটরদের প্রমাণাদিকে কিভাবে গ্রহণ করছেন।

ট্রাম্প ২০১৭ সালের শুরু থেকে ২০২১ সালের জানুয়ারি পর্যন্ত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বারবার প্রসিকিউশনকে বিরূপ সমালোচনা করেছেন। গত সপ্তাহে তিনি তার ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে অভিযোগ করেন, 'আমাদের দেশে এর আগে এমন কোনো ঘটনা ঘটেনি। সোমবার আমাকে একজন অত্যন্ত বিতর্কিত ও দুর্নীতিগ্রস্ত বিচারকের সামনে মুখ বন্ধ করে বসতে বাধ্য করা হবে। আমার প্রতি *বাকি অংশ ৫৩ পৃষ্ঠায়*

## ট্রাম্পের চেয়ে বাইডেন বেশি চীনা কোম্পানিকে কালো তালিকাভুক্ত করেছেন

পরিচয় ডেস্ক: মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন চীনের ৩১৯টি কোম্পানি ও নাগরিককে কালো তালিকাভুক্ত করেছেন। অন্য কোনো প্রেসিডেন্টের চেয়ে তার আমলেই চীনা প্রতিষ্ঠান ও ব্যক্তি বেশি কালো তালিকায় স্থান পেয়েছে। সাধারণভাবে ধারণা করা হয়, ট্রাম্প ছিলেন চীনের বিরুদ্ধে কঠোর। কিন্তু এখন দেখা যাচ্ছে, বাইডেন তাকেও ছাড়িয়ে গেছেন। গত ফেব্রুয়ারিতে হোয়াইট হাউজ আটটি চীনা কোম্পানিকে তার রফতানির কালো তালিকায় স্থান দেয়। এর মাধ্যমে ট্রাম্পের রেকর্ড ছাপিয়ে যান বাইডেন। আর চলতি সপ্তাহে আরো ছয়টি যোগ হওয়ায় বর্তমান প্রশসনের আওতায় নিষিদ্ধ প্রতিষ্ঠানের সংখ্যা দাঁড়ায় ৩১৯। ট্রাম্পের আমলে কালো তালিকাভুক্ত করা হয়েছিল ৩০৬টি প্রতিষ্ঠানকে।



বিশ্বের দুই বৃহত্তম অর্থনীতির মধ্যে বাণিজ্যযুদ্ধ তীব্রতা পায় ২০১৮ সাল থেকে। ওই সময় ট্রাম্প চীনা পণ্যের ওপর মার্কিন আমদানি বিধিনিষেধ আরোপ করেন। ট্রাম্প প্রশাসন তখন বলেছিল যে বেইজিংয়ের অন্যায় বাণিজ্য নীতি এবং মেধাসত্ত্ব চুরির কারণে এসব বিধিনিষেধ আরোপ করা হচ্ছে। চীনের সাথে বাণিজ্যের ক্ষেত্রে বাইডেন কঠোর নীতি অব্যাহত রাখেন। তিনি কেবল তার পূর্বসূরীদের আরোপ করা ট্যারিফ বহালই রাখেননি, বরং চাপ আরো বাড়িয়েছেন। বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা খাতের ওপর ব্যাপক কড়াকড়ি আরোপ করেছেন। চীনা কর্তৃপক্ষ যুক্তরাষ্ট্রের এই নীতির সমালোচনা করে বলেছে, এটা হলো বেইজিংয়ের অর্থনৈতিক উন্নয়নকে ব্যর্থ করার প্রয়াস। সূত্র : ব্লুমবার্গ নিউজ

## তারপরও ইসরাইলকে শত কোটি ডলারের অস্ত্র দিচ্ছে যুক্তরাষ্ট্র

পরিচয় ডেস্ক: গাজার নিরীহ ফিলিস্তিনিদের ওপর ইসরাইলের গণহত্যা চালানোর ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের নানা সমালোচনা হচ্ছে। কারণ মার্কিন সরকার ইসরাইলকে আত্মরক্ষার নামে সমর্থন ও অস্ত্র সহায়তা দিয়ে আসছে। আবার 'লোক দেখানো' সমালোচনাও করছে। কিন্তু সব মিলিয়ে ফিলিস্তিন ইস্যুতে যুক্তরাষ্ট্রের ভূমিকায় ক্ষুব্ধ মুসলিম বিশ্ব। এমনকি অনেক অমুসলিম রাষ্ট্রও আমেরিকার এই অন্ধ সমর্থনের সমালোচনা করছে। গাজার পাশাপাশি ইরানের সঙ্গেও ইসরাইলের উত্তেজনা শুরু হয়েছে। *বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়*

## আমি প্রেসিডেন্ট থাকলে ইসরায়েলে হামলা হতো না বললেন ট্রাম্প

পরিচয় ডেস্ক: ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় থাকলে ইসরায়েলে হামলা চালাতে পারতো না ইরান। ইসরায়েলকে সমর্থন করে যুক্তরাষ্ট্র-এ কথা বলেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

ইসরায়েলে ইরানের হামলার খবর পাওয়ার পর সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শনিবার তার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে পোস্ট করা একাধিক বার্তায় নিজের প্রতিক্রিয়া জানান।

ডোনাল্ড ট্রাম্প বলেন, ইসরায়েলের জনগণের মঙ্গল করুক ঈশ্বর। *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*



# বাংলাদেশে রেমিটেন্স অবৈধভাবে পাঠালে ‘শাস্তি’র হুঁশিয়ারি



পরিচয় ডেস্ক: প্রবাসী আয় দেশে আনতে অবৈধ ‘হুন্ডির মাধ্যমে অর্থ লেনদেনে জড়িত থাকার অভিযোগের মধ্যেই মোবাইল ফোনে আর্থিক সেবাদাতা এমএফএস এর ৪৮০ এজেন্টের হিসাব স্থগিত করা হয়েছে। রেমিটেন্স অবৈধভাবে পাঠালে ‘শাস্তির হুঁশিয়ারি দিয়েছে বাংলাদেশ ব্যাংক।

এর মধ্যে শুধু ১৭ এপ্রিল বুধবারই মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) সেবাদাতা কোম্পানিগুলোর দুই শতাধিক হিসাব ‘সাময়িক বরাখাস্ত করেছে বাংলাদেশ ব্যাংক।এমন পদক্ষেপের পাশাপাশি প্রবাসী আয় অবৈধভাবে দেশে পাঠানোদের বিরুদ্ধে ‘শাস্তি নেওয়া হবে বলে কড়া হুঁশিয়ারি দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

১৭ এপ্রিল বুধবার বরখাস্ত হওয়া এমএফএস হিসাবগুলোর মাধ্যমে আসা প্রবাসী আয় যাতে নগদায়ন করতে না পারে সেজন্য এ নিষেধাজ্ঞা দেওয়া হয়। পরে শর্ত পালন করতে পারলে প্রবাসী আয় উত্তোলনের সুযোগ দেয়ার কথা জানিয়েছে বাংলাদেশ ব্যাংক।

এ নিয়ে অবৈধ পথে প্রবাসী আয় দেশে পাঠানোর বিরুদ্ধে কঠোর পদক্ষেপের অংশ হিসেবে হাজার পাঁচেক এজেন্টশিপ বরখাস্ত করল বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ ফিনান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিট (বিএফআইইউ) ।

এমএফএসের ৪৮০টি হিসাবে লেনদেন স্থগিতের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক আবুল কালাম আজাদ বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, ‘‘বৈধ চানেল ব্যবহার করে অবৈধ হুন্ডি প্রতিরোধে বাংলাদেশ ব্যাংক ও বিএফআইইউ সন্দেহজনক লেনদেনের তথ্য সবসময় পর্যবেক্ষণ করে। নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবেই এমন পদেক্ষপ নেওয়া হয়েছে।’’ সাময়িক বরখাস্ত হওয়া এসব এমএফএস হিসাবের মধ্যে অনেকগুলো বিকাশ ও নগদ এর এজেন্ট রয়েছে।

এ বিষয়ে বিকাশ এর মিডিয়া কমিউনিকেশন বিভাগের প্রধান শামসুদ্দিন হায়দার ডালিম বলেন, ‘‘বুধবার দিন পর্যন্ত এ বিষয়ে কোনো তথ্য আমাদের কাছে নেই। তাই মন্তব্য করা যাচ্ছে না। বৃহস্পতিবার দিনের যেকোনো সময়ে জানানো সম্ভব হবে, যদি এ বাকি অংশ ৪২ পৃষ্ঠায়

## বাংলাদেশ থেকে ইউরোপে অভিবাসী পাচারের অভিযোগে গ্রেপ্তার ২৪



বাংলাদেশ থেকে ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলোতে অভিবাসী পাচারে জড়িত সন্দেহে ২৪ জনকে গ্রেপ্তার করেছে আলবেনিয়ার পুলিশ। একই সঙ্গে দুটি মানবপাচারকারী নেটওয়ার্কের কার্যক্রম ভেঙে দেওয়া হয়েছে বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। ভালো চাকরির লোভ দেখিয়ে বাংলাদেশ থেকে প্রতিবছর ইউরোপে বড় ধরনের মানবপাচার করছে বেশকিছু চক্র।

আলবেনিয়ার বিশেষ কার্যালয়ের বরাত দিয়ে ইতালির বার্তা সংস্থা আনসা জানিয়েছে, গ্রেপ্তার ব্যক্তিরা বাংলাদেশ থেকে অভিবাসীদের ইইউর বিভিন্ন দেশে পাচারে জড়িত বলে সন্দেহ করছে আলবেনিয়ার পুলিশ। গ্রেপ্তারদের মধ্যে ১১ জন পেশায় উদ্যোক্তা।

কর্তৃপক্ষ বলেছে, চক্রটি অভিবাসীদের বাংলাদেশ থেকে সংযুক্ত আরব আমিরাতের ভিসা পেতে সাহায্য করত। এরপর বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়



## ‘পরিবারের লোকজনও আমাদের শুধু টাকার গাছ মনে করে’- প্রবাসী বাংলাদেশী

পরিচয় ডেস্ক: বাংলাদেশের মত নিমন মধ্যম আয়ের দেশগুলোতে বৈদেশিক মুদ্রা পাওয়ার একটি অন্যতম উপায় প্রবাসী আয়। অথচ বিদেশের মাটিতে রক্ত জল করে দেশের অর্থনীতির চাকা সচল রাখা এই সব প্রবাসীরা দেশ, সমাজ এমনকি পরিবারের কাছেও অবহেলিত থেকে যান। শ্রীলঙ্কার কথা মনে আছে, ২০২২ সালে দেশটি নিজেদের ইতিহাসের সবচেয়ে ভয়াবহ যে অর্থনৈতিক সংকটে পড়েছিল তার মূল কারণ ছিল বৈদেশিক মুদ্রার রিজার্ভ তলানিতে চলে যাওয়া। তখন শ্রীলঙ্কা সরকার অর্থনীতি বাঁচাতে বিশ্বের বিভিন্ন দেশে থাকা শ্রীলঙ্কানদের দেশে বেশি বেশি বৈদেশিক মুদ্রা পাঠানোর অনুরোধ করেছিলেন। বাকি অংশ ৪৪ পৃষ্ঠায়

## ঢাকায় নিজ নামের সড়ক ও পার্ক উদ্বোধন করবেন কাতারের আমির

পরিচয় ডেস্ক: বাংলাদেশের রাজধানী ঢাকায় একটি সড়ক ও পার্কের নামকরণ করা হচ্ছে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির নামে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মিরপুরের কালশী এলাকায় বালুর মাঠে নির্মিতব্য পার্ক ও মিরপুর ইসিবি চত্ত্বর থেকে কালসী উড়াল সেতু পর্যন্ত সড়কটি কাতারের আমিরের বাকি অংশ ৪৬ পৃষ্ঠায়

UNITED NATIONS
HUMAN RIGHTS COUNCIL

### মালয়েশিয়ায় বাংলাদেশি পাচার

## দুই দেশের সরকারি কর্মকর্তারা জড়িত, শ্রমিক সুরক্ষা নিশ্চিতের আহ্বান জাতিসংঘের

মালয়েশিয়ায় যেসব বাংলাদেশি সরাসরি কাজের ব্যবস্থা না করে কিংবা ভুয়া নিয়োগ নিয়ে শ্রমিক হিসেবে যাচ্ছেন, তাঁদের সুরক্ষা দিতে দেশটির সরকারের প্রতি আহ্বান জানিয়েছে জাতিসংঘের বিশেষজ্ঞরা। এক বিবৃতিতে জাতিসংঘের মানবাধিকার পরিষদের বিশেষজ্ঞরা এই আহ্বান জানিয়েছেন।

এমন সময়ে জাতিসংঘের তরফ থেকে এই আহ্বান জানানো হলো, যখন দেশটিতে এক নারীসহ ৪৫ বাংলাদেশিকে আটকের খবর পাওয়া যাচ্ছে। ফ্রি মালয়েশিয়া টুডের খবরে বলা হয়েছে, কাজের প্রতিশ্রুতি নিয়ে বাংলাদেশিরা মালয়েশিয়ায় যাচ্ছেন। সেখানে গিয়ে তাঁরা প্রতারিত হচ্ছেন। এসব খবরে জাতিসংঘের মানবাধিকার পরিষদের বিশেষজ্ঞরা হতাশা প্রকাশ করেছেন।

জাতিসংঘের বিশেষজ্ঞরা বিবৃতিতে বলেন, বাংলাদেশ ও মালয়েশিয়ায় মানবপাচারে অপরাধী চক্র রয়েছে। এই চক্রগুলো ভুয়া নিয়োগ দিয়ে বিশাল অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছে। তাঁরা এ নিয়ে উদ্বিগ্ন। তাঁরা আরও বলেন, এই শ্রমিকদের কাছ থেকে বড় অঙ্কের টাকা হাতিয়ে নেওয়া হচ্ছে। আর এতে করে ঋণের জালে জড়িয়ে যাচ্ছেন শ্রমিকেরা।

বিশেষজ্ঞরা বলেন, এই শ্রমিকেরা মালয়েশিয়ায় আসার পর প্রতিশ্রুতি অনুযায়ী কাজ পাচ্ছেন না। একটা সময় বাধ্য হয়ে তাঁরা ভিসার মেয়াদের বাকি অংশ ৪২ পৃষ্ঠায়

## গরিব-দুস্থদের শাড়ি দুই বন্ধুর কাছে

### সমালোচনার মুখে ব্যারিস্টার সুমন

পরিচয় ডেস্ক: গরিব ও দুস্থদের মধ্যে বিতরণের জন্য প্রধানমন্ত্রীর ঈদ উপহারের শাড়ি পেয়েছেন হবিগঞ্জ-৪ (চুনারুঘাট ও মাধবপুর) আসনের সংসদ সদস্য সৈয়দ সায়েদুল হক ওরফে ব্যারিস্টার সুমনের দুই বন্ধুর স্ত্রী। কিন্তু দুই বন্ধু এই উপহার প্রত্যাখ্যান করে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পোস্ট করে বিষয়টি জানিয়েছেন।

স্থানীয় প্রশাসন ও সংসদ সদস্য সায়েদুল হকের ফেসবুক আইডি থেকে জানা যায়, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে গত ২৭ মার্চ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ৪০০টি শাড়ি, ৪৮টি থ্রি-পিসসহ বিভিন্ন ধরনের পোশাক বরাদ্দ দেওয়া হয় হবিগঞ্জ-৪ (চুনারুঘাট-মাধবপুর) আসনের সংসদ সদস্য সৈয়দ সায়েদুল হককে। এ বরাদ্দের একটি করে শাড়ি পেয়েছেন চুনারুঘাট উপজেলার গাদি শাইল গ্রামের প্রাণিচিকিৎসক আব্দুল মুকিতের স্ত্রী ও গেরারুক গ্রামের মো. সানু আহমেদের স্ত্রী। আব্দুল ও সানু দুজনই সংসদ সদস্য সায়েদুল হকের বন্ধু হিসেবে পরিচিত।

এ বিষয়ে ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক বলেন, ‘প্রধানমন্ত্রীর উপহার পেয়ে গত ২০ বছর আমার আসনের কোনো সংসদ সদস্য তা প্রকাশ করেননি। এবার প্রথম আমি এই তালিকা জনগণের মধ্যে বাকি অংশ ৪২ পৃষ্ঠায়





## শিবনারায়ণ দাসের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

পরিচয় ডেস্ক: বাংলাদেশের জাতীয় পতাকার অন্যতম নকশাকার বীর মুক্তিযোদ্ধা শিবনারায়ণ দাসের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন আওয়ামী লীগের বাকি অংশ ৪৬ পৃষ্ঠায়

# মন্ত্রী-এমপিদের আত্মীয়দের ‘রুখতে’ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ

পরিচয় ডেস্ক: আসন্ন উপজেলা নির্বাচন থেকে মন্ত্রী ও দলীয় এমপিদের স্বজনদের দূরে রাখার সিদ্ধান্ত নিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালকের বিরুদ্ধে গুরুতর এক অভিযোগ ওঠার পর এমন সিদ্ধান্ত নেয়া হলো। উপজেলা নির্বাচনকে প্রভাবমুক্ত রাখতে দলের মন্ত্রী-এমপিদের আত্মীয়-স্বজনদের প্রার্থী হতে নিষেধ করেছেন শেখ হাসিনা।

নাটোরের সিংড়া উপজেলায় এক প্রার্থীকে তুলে নিয়ে মারধরের অভিযোগ উঠেছে প্রতিদ্বন্দ্বী আরেক প্রার্থীর বিরুদ্ধে। যার বিরুদ্ধে অভিযোগ, সেই লুৎফুল হাবীব ওই এলাকার সংসদ সদস্য এবং আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালক।

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন বলেন, "নির্বাচন যাতে প্রভাবমুক্তভাবে হয়, সে কারণেই প্রধানমন্ত্রী এই সিদ্ধান্ত দিয়েছেন। আমরা আশা করছি, সবাই এই সিদ্ধান্ত মেনে নেবেন। নির্বাচনকে অংশগ্রহণমূলক করতেই তিনি এই সিদ্ধান্ত দিয়েছেন। মন্ত্রী



ও এমপিরা নির্বাচনে কোনো প্রভাব বিস্তার করবেন না বলেই আমাদের বিশ্বাস। আমার দায়িত্বপ্রাপ্ত এলাকার মধ্যে একজন প্রতিমন্ত্রীর শ্যালক একটি অনাকাঙ্খিত ঘটনার সঙ্গে জড়িয়ে পড়েছেন। আমি নিজে ওই প্রতিমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। ঘটনার সময় তিনি দেশে ছিলেন না। তবে এই ঘটনার জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন এবং আহত ব্যক্তিকে দেখতে হাসপাতালে গেছেন। তিনি আমাকে আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রীর নির্দেশনা মেনে তার শ্যালক নির্বাচন থেকে সরে দাঁড়াবেন। এমন আরও দু-একজন আছেন, তাদের সঙ্গেও যোগাযোগ হচ্ছে।”

দেশে এখন ৪৯৫টি উপজেলা রয়েছে। এবার চার ধাপে নির্বাচন উপযোগী ৪৮৫টিতে ভোট হবে, পরে মেয়াদোত্তীর্ণ হলে বাকিগুলোয় ভোটের আয়োজন করবে নির্বাচন কমিশন। আগামী ৮ মে থেকে প্রথম পর্যায়ের ভোট শুরু হবে।

উপজেলা নির্বাচন নিয়ে মন্ত্রী-এমপিদের হস্তক্ষেপ এবং দলীয় বিভেদের তথ্য দলীয় সভাপতি শেখ হাসিনার *বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়*



## শ্যালকের কারণে ক্ষমা চাইলেন পলক

পরিচয় ডেস্ক: আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের জেরে শ্যালক লুৎফুল হাবিব রুবেলের একমাত্র প্রতিদ্বন্দ্বীকে অপহরণ এবং নির্যাতনের ঘটনায় দুঃখ প্রকাশ করে ক্ষমা চেয়েছেন তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী *বাকি অংশ ৪২ পৃষ্ঠায়*

## ৫০ বছরে বাংলাদেশের সফলতার সঙ্গে দুর্নীতিও এগিয়েছে



পরিচয় ডেস্ক: গত ৫০ বছরে বাংলাদেশের সফলতা যেমন চোখে পড়ার মতো, তেমনি স্থায়ী দুর্নীতিও এগিয়েছে। সাফল্যের বিপরীতে প্রাতিষ্ঠানিক দুর্বলতা অনেক বেশি। তবে দেশের অর্থনৈতিক উন্নয়ন আপাত স্ববিরোধী বিষয় নয় এবং এই উন্নয়ন বিস্ময়করভাবে হয়নি, বরং প্রথাগতভাবেই দেশের উন্নয়ন হয়েছে।

এদিকে সম্প্রতি সরকার উদ্যোগী হয়ে একীভূত করার নামে দুর্বল ব্যাংকগুলোকে ভালো ব্যাংকের ওপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে। এই দুই অংশের মধ্য থেকে সরকারি দলের নেতৃত্বে, সরকারের অভ্যন্তরে, সংসদে অনেকে গুরুত্বপূর্ণ পদ ও মন্ত্রিসভায় স্থান পান।

গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত ‘ফিফটি ইয়ার্স অব বাংলাদেশ-ইকোনমি, পলিটিকস, সোসাইটি অ্যান্ড কালচার’ শীর্ষক বইয়ের প্রকাশনা অনুষ্ঠানে এ কথা বলেন বক্তারা। বইটি সম্পাদনা করেছেন সিপিডির চেয়ারম্যান ড. রেহমান সোবহান ও অর্থনীতিবিদ অধ্যাপক ড. রওনক জাহান। সিপিডির ধানমণ্ডি কার্যালয়ে প্রকাশনা অনুষ্ঠানের শুরুতে প্রফেসর রওনক জাহান বলেন, বাংলাদেশে অর্থনীতি ও রাজনীতির ক্ষেত্রে বড় ধরনের পরিবর্তন হয়েছে।

উন্নয়ন কিংবা পরিবর্তন ধীরে ধীরে হয়েছে। গত *বাকি অংশ ৪৪ পৃষ্ঠায়*



## শ্যালকের প্রার্থিতা প্রত্যাহারের নির্দেশ দিলেন পলক

পরিচয় ডেস্ক: নাটোর সিংড়া উপজেলার কলম ইউনিয়ন আওয়ামী লীগ নেতা ও উপজেলা চেয়ারম্যান প্রার্থী দেলোয়ার হোসেন পাশাকে অপহরণের পর নির্যাতনের ঘটনায় অপর প্রার্থী নিজ শ্যালক মো. লুৎফুল হাবিব রুবেলকে প্রার্থিতা প্রত্যাহারের নির্দেশ দিয়েছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি *বাকি অংশ ৪৪ পৃষ্ঠায়*

## মূল্যস্ফীতির বাংলাদেশে খাবারের জন্য ‘ফুড চ্যালেঞ্জ’- সিএনএনের প্রতিবেদন

পরিচয় ডেস্ক: এসএস ফুড চ্যালেঞ্জের সমন্বিত অনলাইন ভিউ এখন দেড় বিলিয়নেরও বেশি। ইউটিউব এবং ফেসবুকে প্রায় চার মিলিয়ন সাবস্ক্রাইবার এবং টিকটকে প্রায় দুই লাখ ফলোয়ার আছে।

তখনও সূর্যের আলো পুরোপুরি ফোটেনি উত্তর-পশ্চিমের জেলা পাবনার ছাপরা গ্রামে। এর আগেই গ্রামের বাসিন্দা মোহাম্মদ আব্দুর রউফ তৈরি হয়ে গেছেন। গন্তব্য পাশের ছয় মাইল দূরের বনওয়ারীনগর গ্রাম।



বনওয়ারীনগরে আরও শত শত মানুষের সঙ্গে লাইনে দাঁড়িয়ে খেলার জন্য পৌঁছান রউফ। তবে তীর ছুড়ে বেলুন ফাটানো কিংবা বোতলে রিং পড়ানোর খেলা বাদ দিয়ে তিনি একটি হলুদ রংয়ের বলকে প্লাস্টিকের একটা লাঠি দিয়ে বারবার ঠেলে দিচ্ছিলেন। তবে যত নিখুঁতভাবেই চেষ্টাই করুন না কেন, কিছুতেই আব্দুর রউফ তার সীমানা ঠিক রেখে হাড়ি দিয়ে বানানো গোলপোস্টের ভেতর দিয়ে ওই বল নিতে পারছিলেন না। তবে এতেও কোনো দুঃখ হলো না তার, বরং কৃষক আব্দুর রউফ সান্ত্বনা পুরষ্কার হিসেবে ২৫০ মিলিলিটারের একটি তেলের বোতল জেতেন। ওই দিনের মতো খেলা শেষ হতেই আব্দুর রউফ চোখেমুখে উচ্ছ্বাস নিয়ে বলে ওঠেন, 'আবারও খেলতে আসব।'

সিএনএনের প্রতিবেদনে উঠে এসেছে, কনটেন্ট ক্রিয়েটর ওমর সানি সম্রাটের তৈরি গেম এসএস ফুড চ্যালেঞ্জের কথা। যেখানে হাজার হাজার বাংলাদেশি প্রতিযোগীদের মধ্যে আবদুর রউফ একজন। তিন সন্তান, বাবা-মা ও দুই ভাইসহ নয় সদস্যের পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি হলেন ওমর সানি। সম্রাটের এই খেলার আয়োজন ১৯৮০ সালের আইকনিক শো 'তাকেশি'স ক্যাসল' এর কথা মনে করিয়ে দেয়। যেখানে জয়ের জন্য খেলোয়াড়দের একাধিক শারীরিক বাধা অতিক্রম করতে হতো।

তবে বনওয়ারীনগরে খ্যাতি, গৌরব বা নগদ অর্থের জন্য কেউ খেলতে আসেন না। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে যখন জিনিসপত্রের দাম নাগালের বাইরে, তখন তারা চাল, ডাল, তেল, চিনি ও মসুর ডালসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যের জন্যই খেলেন।

সিএনএনকে সম্রাট বলেন, এখানে নিয়ম হলোড়যিনি প্রথমে আসবেন তিনিই প্রথমে খেলবেন। আর এ জন্য কোনো ধরনের নিবন্ধনের দরকার নেই। আর এসব খেলায় যারাই অংশ নেবে, তারা সবাই বিজয়ী। *বাকি অংশ ৪৪ পৃষ্ঠায়*



## ডাল-ভাত নয়, মানুষ এখন মাছ-মাংস নিয়ে চিন্তা করে

### - প্রধানমন্ত্রী শেখ হাসিনা

পরিচয় ডেস্ক: কৃষির উন্নয়নে সমবায় পদ্ধতি চালু করতে পারলে জীবনেও খাদ্যের অভাব হবে না বলে জানিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১৯ এপ্রিল শুক্রবার সকালে কৃষক লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে গণভবনে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, এক সময় যারা নুন-ভাতের কথা বা ডাল ভাতের কথা চিন্তাও করতে পারত না, এখন তারা মাছ-মাংস ডিমের কথাও চিন্তা করে। যারা সমালোচনা করছেন তাদের এই বিষয়টিও মাথায় রাখা উচিত।

শেখ হাসিনা বলেন, এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে। নিজেদের খাদ্য নিজেরাই উৎপাদন করব। উদ্বৃত্ত থাকলে অন্যকে সাহায্য করব। *বাকি অংশ ৪৪ পৃষ্ঠায়*

## ‘মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা বৃদ্ধি অর্থনৈতিক চাপকে আরও বাড়িয়ে তুলতে পারে’

# দুই চাপে বাংলাদেশের অর্থনীতি



পরিচয় ডেস্ক: মুদ্রাস্ফীতি দুই অংকের দিকে যাওয়া এবং কোয়ার্টারলি জিডিপি প্রবৃদ্ধি বছরের ব্যবধানে প্রায় অর্ধেক হয়ে যাওয়ায় ভোক্তাদের ওপর বাড়ছে চাপ। সেইসঙ্গে সামনে আরও কঠিন সময়ের ইঙ্গিত দিচ্ছেন বিশেষজ্ঞরা।
অর্থনীতিবিদরা বলেছেন যে মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান উত্তেজনা বাংলাদেশের অর্থনীতিতে প্রভাবিত করতে পারে এবং জনগণের ওপর চাপ কমাতে সাবধানতার সঙ্গে অর্থনীতি পরিচালনা করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৩ দশমিক ৭৮ শতাংশে, যা তিন প্রান্তিকের মধ্যে সবচেয়ে ধীরগতির। ম্যানুফ্যাকচারিং ও সেবা খাতে প্রবৃদ্ধির পতনই এর জন্য দায়ী।
২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে জিডিপি প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক শূন্য ৮ শতাংশ এবং ২০২১-২২ অর্থবছরে হয়েছিল ৯ দশমিক ৩ শতাংশ।
গত মার্চে মূল্যস্ফীতি আগের মাসে কমার পর ৯ দশমিক ৮১ শতাংশ বেড়েছে। ফেব্রুয়ারিতে মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ৬৭ শতাংশ। নিত্যপণ্যের উচ্চমূল্য ক্রমাগত ভোক্তাদের ক্রয়ক্ষমতা হ্রাস করছে।
বিশ্বব্যাংকের ঢাকা অফিসের সাবেক প্রধান অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন বলেন, বাংলাদেশের প্রেক্ষাপটে মূল্যস্ফীতি বাড়ছে, অর্থনৈতিক প্রবৃদ্ধি কমছে।
ফলে জনগণের আয়ের সুযোগ ও ক্রয়ক্ষমতা হ্রাস পাচ্ছে, যোগ করেন তিনি।
জাতীয় পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বলছে, ২০২৩ সালের অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকে শিল্পোৎপাদন ৩ দশমিক ২৪ শতাংশ বেড়েছে, যা আগের বছরের একই সময়ে ছিল ১০ শতাংশ।
২০২১-২২ অর্থবছরের একই প্রান্তিকে শিল্প খাতে *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*



# ইরান-ইসরায়েল সংঘাতে নতুন সংকটে বাংলাদেশের পোশাক শিল্প

পরিচয় ডেস্ক: চলমান লোহিত সাগর সংকট ও গাজা যুদ্ধের কারণে ইরান ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা বেড়ে যাওয়ায় বাংলাদেশ থেকে পোশাক রপ্তানি নতুন করে উদ্বেগের মুখে পড়েছে। স্থানীয় পোশাক রপ্তানিকারকরা আশঙ্কা করছেনড়ব্যবসার খরচ আরও বাড়বে। কারণ, এই উত্তেজনা পূর্ণাঙ্গ যুদ্ধের রূপ নিলে বিশ্বব্যাপী তেলের দাম অনেক বেড়ে যেতে পারে। ফলে পণ্যবাহী জাহাজ চলাচলের খরচ বেড়ে যাবে। মধ্যপ্রাচ্য থেকে আসা তেলের সরবরাহ বাধাগ্রস্ত হবে।
সিরিয়ার দামেস্কে ইরানের কনস্যুলেটে ইসরায়েলি হামলার প্রতিশোধ হিসেবে গত রোববার ইরান থেকে ইসরায়েলে সরাসরি ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালানোর পর এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বিদেশি ক্রেতারা ইতোমধ্যে রপ্তানিকারকদের যত তাড়াতাড়ি সম্ভব পণ্য সরবরাহ করতে বলেছেন। কেননা, গত অক্টোবরে লোহিত সাগর সংকটের পর পণ্য পরিবহনে অতিরিক্ত ১৫ দিন সময় দেওয়া হয়েছে। সুয়েজ খালের মাধ্যমে এশিয়া ও ইউরোপের সংযোগকারী লোহিত সাগরে সংকট বৈশ্বিক উত্তেজনার কেন্দ্র হিসেবে দেখা দেওয়ার আগে চট্টগ্রাম থেকে ইউরোপের বন্দরে পণ্য পাঠাতে সাধারণত ৩০ দিন লাগত।
সেই নৌপথে চলাচলকারী জাহাজগুলো লক্ষ্য করে হুতিদের হামলার কারণে পণ্যবাহী জাহাজগুলো দক্ষিণ আফ্রিকার কেপ অব গুড হোপ ঘুরে চলাচল করতে বাধ্য হচ্ছে। ফলে অতিরিক্ত প্রায় সাড়ে তিন হাজার কিলোমিটার ঘুরে যাওয়ার কারণে পণ্য সরবরাহে তিন সপ্তাহ পর্যন্ত দেরি হচ্ছে এবং পরিবহন খরচ বেড়ে যাচ্ছে।
এই সংকটের কারণে বেশ কয়েকটি খুচরা পোশাক বিক্রেতা ও ব্র্যান্ড পণ্য সরবরাহ ব্যবস্থায় বাধা এড়াতে কিছু পণ্যের কার্যাদেশ বাংলাদেশ থেকে তুরস্ক বা ভিয়েতনামে সরিয়ে নিচ্ছে। কার্যাদেশ কমে যাওয়ার এই ঘটনা এমন সময়ে ঘটলো যখন বাংলাদেশের আয়ের সবচেয়ে বড় খাতটি করোনা মহামারি ও রাশিয়া-ইউক্রেন *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*

# বাংলাদেশের রপ্তানি লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার আশঙ্কা



পরিচয় ডেস্ক: ২০২৬ সালে জাতিসংঘের স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হবে বাংলাদেশ। কিন্তু এরপরও চ্যালেঞ্জ রয়েছে বেশকিছু ক্ষেত্রে। পণ্য ও সেবা রপ্তানির শতকরা হিসাবে গত কয়েক বছর ধরে স্বল্পোন্নত বা এলডিসির ৪৬ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান নিচের সারিতে।
মোট দেশজ উৎপাদিত পণ্য ও বাণিজ্যিক সেবা রপ্তানির শতকরা হিসাবে গত কয়েক বছর ধরে স্বল্পোন্নত বা এলডিসির ৪৬ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান নিচের সারিতে। ওয়ার্ল্ড ট্রেড স্ট্যাটিস্টিক্যাল রিভিউ বলছে, স্বল্পোন্নত ৪৬ দেশের মধ্যে বাংলাদেশের রপ্তানি-জিডিপি অনুপাত ৩০তম।
২০২৩-২৪ অর্থবছরের প্রায় তিন ভাগের দুই ভাগ শেষ। কেমন যাচ্ছে বাংলাদেশের রপ্তানির চিত্র? রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্যমতে, দেশের প্রধান রপ্তানিযোগ্য পণ্যগুলো এখন পর্যন্ত লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ। পোশাক, হিমায়িত পণ্য, চিংড়ি, চামড়া, পাট ইত্যাদি পণ্য রপ্তানির যে লক্ষ্যমাত্রা সরকারের ছিল তা পূরণ হয়নি।
ব্যবসায়ীরা বলছেন, ২০২৩-২৪ অর্থবছর শেষেও রপ্তানির লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার শঙ্কাই বেশি। এফবিসিসিআই *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*



# ইরান-ইসরায়েল উত্তেজনায় বিশ্ববাজারে বেড়েছে জ্বালানি তেলের দাম

পরিচয় ডেস্ক: ইসরায়েলি ভূখণ্ডে হামলার প্রতিক্রিয়ায় ইরানে পাল্টা হামলা চালিয়েছে ইসরায়েল। দেশটির কেন্দ্রীয় প্রদেশ ইসফাহানে বিস্ফোরণের খবর ছড়িয়ে পড়ার পর বিশ্ববাজারে বেড়েছে জ্বালানি তেলের দাম। মধ্যপ্রাচ্যের তেল *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*


# এক দশকে বাংলাদেশের গবাদিপশুর উৎপাদন বেড়েছে ১৪২ শতাংশ

পরিচয় ডেস্ক: বাংলাদেশে গবাদি পশুর উৎপাদন বাড়ছে। সফলতা পাওয়ায় বাণিজ্যিকভাবে পশু মোটাতাজাকরণ ব্যবসায় নামছেন নতুন নতুন খামারি। এক দশকে ১৪২ শতাংশের বেশি গবাদিপশুর উৎপাদন বেড়েছে। তবে জমি স্বল্পতা ও চারণভূমির অভাব রয়েছে। যে কারণে পশুর সংখ্যা সীমিত রেখে দুধ ও মাংস উৎপাদন বাড়াতে অগ্রাধিকার দিচ্ছে সরকার। গাড়িয়ালের পথ পানে আর চেয়ে থাকে না কেউ। কারণ, কালের গহ্বরে হারিয়েছে গ্রামীণ বাহন এই গরুর গাড়ি। যন্ত্রের বিকাশে প্রয়োজন ফুরিয়েছে কৃষকের *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*





30 Years of Excellence!



KT KHAN'S TUTORIAL

# POHELA BOISHAKH SALE!

## $300 OFF

**Any Package Over $2,000!**

**Sale ends Sunday April 30th, 2024**

| NY State Exam Prep | NYC Specialized High School Admissions | Regents, SAT, College Admissions Guidance |
|---|---|---|
| Grades 3-6 | Grades 7-8 | High School |

## Visit Us Now!

**Jackson Heights:**
37th Ave & 74th St.
Across Patel Bros.

**Astoria:**
Crescent St. & 30th Ave.

**Jamaica:**
Wexford Terr. & 177 St.
Hillside Ave. & 179 St.

**Brooklyn:**
Church & Dahill Rd.

**Bronx:**
Westchester Ave. & Doris St.

**Ozone Park:**
101 Ave. & 86th St.

**Bellerose - Long Island:**
Hillside Ave. & 258 St.

**New York City - Manhattan:**
5th Ave. & 23rd St.

**Call Now at 718-938-9451 or Visit KhansTutorial.com**

# ইরানে বিদেশ থেকে হামলা হয়নি জানালো তেহরান

পরিচয় ডেস্ক: আকাশে প্রতিরক্ষা ব্যবস্থার কারণে ইরানে বিস্ফোরণ ঘটেছে বলে জানিয়েছেন দেশটির এক কর্মকর্তা। ইসরায়েল এর জন্য দায়ী কিনা তা নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন ইরানের এক ঊর্ধ্বতন কর্মকর্তা। তিনি বলেন, 'ঘটনার বিদেশী সূত্র সম্পর্কে নিশ্চিত হওয়া যায়নি এখনও। আমরা বাহির থেকে কোনো হামলার শিকার হইনি। বর্তমানে আলোচনাটি হামলার থেকে 'অনুপ্রবেশ' দিকে বেশি ঝুঁকছে।'

বৃহস্পতিবার ইসরায়েল যুক্তরাষ্ট্রকে জানিয়েছিল, ২৪ থেকে ৪৮ ঘণ্টার মধ্যে তারা ইরানে হামলা চালাবে। যুক্তরাষ্ট্র ইসরায়েলকে ইরানে ড্রোন হামলার জন্য দায়ী করলেও ইসরায়েলের সরকার ও সেনাবাহিনী এ বিষয়ে এখনও কিছু বলেনি। ইরানের ওই ঊর্ধ্বতন কর্মকর্তা রয়টার্সকে বাকি অংশ ৪২ পৃষ্ঠায়



## ইরানে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের নতুন নিষেধাজ্ঞা

পরিচয় ডেস্ক: ইসরায়েলকে শান্ত করতে মার্কিন যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্য ইরানের উপর নতুন দফা নিষেধাজ্ঞা আরোপ করেছে। বৃহস্পতিবার এ নিষেধাজ্ঞা জারি করা হয়। আল-জাজিরা অনলাইন জানিয়েছে, মার্কিন অর্থ দপ্তর ইরানের ১৬ ব্যক্তি ও দুটি প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এই প্রতিষ্ঠানগুলো ড্রোনের ইঞ্জিন তৈরি করে। গত ১৩ এপ্রিল ইসরায়েলে যেসব ইরানি ড্রোন হামলা বাকি অংশ ৩৩ পৃষ্ঠায়

## ইসরায়েলে পাল্টা হামলা চালানোর পরিকল্পনা নেই ইরানের

পরিচয় ডেস্ক: এই মুহূর্তে ইসরায়েলে পাল্টা হামলা চালানোর পরিকল্পনা নেই বলে জানিয়েছে ইরান। শুক্রবার ইসরায়েলের ড্রোন হামলার পর দেশটির এক জন সিনিয়র কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন। বৃহস্পতিবার (১৮ এপ্রিল) রাতে ইরানে হামলা চালানোর দাবি করেছে ইসরায়েল। শুক্রবার ইরানের রাষ্ট্রীয় সংবাদ মাধ্যমে দেশটির মধ্যাঞ্চলের নগরী ইস্ফাহানের বিমানঘাঁটির কাছে তিনটি ড্রোন ধ্বংস করার বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়

## আন্তর্জাতিক আদালতের গ্রেপ্তারি পরোয়ানার শঙ্কায় নেতানিয়াহু, জরুরি বৈঠক



পরিচয় ডেস্ক: গাজায় আন্তর্জাতিক আইন লঙ্ঘনের কারণে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং অন্যান্য রাজনৈতিক ও সামরিক নেতার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করতে পারে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। এই শঙ্কায় গত মঙ্গলবার ইসরায়েলের প্রধানমন্ত্রীর কার্যালয়ে তিন মন্ত্রী ও বেশ কয়েকজন আইনবিশেষজ্ঞকে জরুরি ভিত্তিতে ডাকা হয়েছিল। গতকাল বৃহস্পতিবার ইসরায়েলি টেলিভিশনে এ তথ্য প্রকাশ করা হয়।

ইসরায়েলি সংবাদমাধ্যম চ্যানেল ১২-এর প্রতিবেদন অনুসারে, বৈঠকে কীভাবে সম্ভাব্য পরোয়ানাগুলো ঠেকানো যায়, তা নিয়ে আলোচনা হয়েছে। কোনো সূত্রের উদ্ধৃতি না দিয়ে প্রতিবেদনে বলা হয়, অদূর ভবিষ্যতে এ ধরনের পরোয়ানা বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়



## ইরানের পারমাণবিক স্থাপনার কোনো ক্ষতি হয়নি- জাতিসংঘ

পরিচয় ডেস্ক: আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা নিশ্চিত করেছে, ইরানের পারমাণবিক গবেষণা কেন্দ্র বা স্থাপনাগুলোতে কোনো ক্ষয়ক্ষতি হয়নি। বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়




## প্যারিস অলিম্পিকের আগে শত শত অভিবাসীকে সরিয়ে নিচ্ছে পুলিশ

পরিচয় ডেস্ক: আগামি জুলাইয়ে প্যারিসে অনুষ্ঠিত হতে যাওয়া অলিম্পিক গেমসের আগে শহরটিতে বসবাসরত অভিবাসীদের সরিয়ে নিতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে প্যারিস পুলিশ। অভিবাসীদের জনসাধারণের দৃষ্টি থেকে সরিয়ে নেয়ার পদক্ষেপের অংশ হিসেবে শহরের অভিবাসী ক্যাম্পগুলো ফাঁকা করা হচ্ছে। তবে মানবাধিকার সংস্থাগুলো আশঙ্কা করছে, এতে করে উচ্ছেদকৃতরা আরও প্রতিকূল পরিস্থিতির মুখোমুখি হতে পারে।

গত বুধবার (১৭ এপ্রিল) অলিম্পিক গেমস শুরু হওয়ার ঠিক ১০০ দিন আগে প্যারিসের পুলিশ শহরের দক্ষিণ উপকণ্ঠের ওভিট্রি-সুখ-সেইন্ন এলাকার একটি বড় অভিবাসী ক্যাম্প উচ্ছেদ করেছে।

একটি পরিত্যক্ত বাস কোম্পানির কার্যালয়ের সামনে বাকি অংশ ৪২ পৃষ্ঠায়



## দুবাইয়ে বন্যা অব্যাহত, বিমানবন্দর আংশিক খোলা


পরিচয় ডেস্ক: ভয়াবহ বন্যায় স্তব্ধ হয়ে গেছিল আরব আমিরাতের দুবাই শহর। বন্ধ করে দেওয়া হয়েছিল বিমানবন্দর। শুক্রবার তা আংশিকভাবে খোলা হয়েছে।

এর আগে এমন ঘটনা ঘটেছে কি না, মনে করতে পারছে না দুবাই। আচমকাই মরুশহরে শুরু হয় বৃষ্টি। সমুদ্রের জল ঢুকে পড়ে শহরের ভিতর। ভেসে যায় গাড়ি। রাস্তাঘাট জল থইথই। কার্যত স্তব্ধ হয়ে যায় দুবাই। বন্ধ করে দিতে হয় বিমানবন্দর। ১৮ এপিল বৃহস্পতিবারও পরিস্থিতির বিশেষ উন্নতি হয়নি। প্রশাসনের তরফে জানানো হয়েছে, এখনো পর্যন্ত একজনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। তবে মৃতের সংখ্যা বাড়ার আশঙ্কা আছে।

১৯ এপ্রিল শুক্রবার সকালেও প্রশাসনের তরফে জানানো হয়েছে, এখনো বহু রাস্তা বন্ধ। কোনো কোনো রাস্তা আংশিকভাবে খোলা হয়েছে। দুবাই থেকে রাজধানী আবু ধাবি যাওয়ার রাস্তাও আংশিকভাবে খোলা হয়েছে।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছেন, ১৬ ও ১৭ এপ্রিল যথাক্রমে মঙ্গল এবং বুধবার মিলিয়ে প্রায় এক হাজার ৪৪টি বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়

## বিদেশি শ্রমিকদের সুখবর দিল কুয়েত



পরিচয় ডেস্ক: বিদেশি শ্রমিকদের জন্য সুখবর দিল কুয়েত। মধ্যপ্রাচ্যের দেশটিতে বিদেশ থেকে শ্রমিক নিয়োগে সব বিধিনিষেধ তুলে দেওয়া হয়েছে। শ্রমিক সংকট দূরীকরণ এবং শ্রমিক নিয়োগের খরচ কমাতে বিধিনিষেধ তুলে দিয়েছে দেশটি। এতে সব ধরনের বাধা কাটল। এমন খবরে আনন্দে ভাসছেন বিদেশি শ্রমিকরা।কুয়েতের সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, কুয়েতের শ্রম বিভাগ সর্বসম্মতিক্রমে আগের পদ্ধতি বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। নতুন নিয়ম কার্যকর হবে আগামী ১ জুন থেকে।

আগের নিয়ম অনুযায়ী, যেসব প্রতিষ্ঠান শ্রমিক নিয়োগ দিত, বিদেশ থেকে তারা যদি কোনো শ্রমিক আনতে চাইত তাহলে কুয়েতে থাকা শ্রমিকদের মধ্য থেকেই শ্রমিক নেওয়ার বাধ্যবাধকতা ছিল। এছাড়া চাহিদার একটি নির্দিষ্ট অংশে শুধু নতুন বিদেশি শ্রমিক নিতে পারত।

এতে শ্রম ব্যয় অনেক বেড়ে যায় দেশটিতে। যার প্রভাব পড়ে ভোক্তা পর্যায়েও। এমন পরিস্থিতিতে শ্রম ব্যয় এবং শ্রমিক সংকট কমাতে এমন উদ্যোগ নিয়েছে দেশটির সরকার।

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-47 164th Street | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 646-982-9938 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |



# ব্যাংক কেলেঙ্কারিঃ ভিয়েতনামে বিচার হয়, বাংলাদেশে কেন ছাড় পায়



**মামুন রশীদ**

আর্থিক খাতে জালিয়াতি বা মালিকপক্ষের লুটপাট নতুন কোনো ঘটনা নয়। আমার আন্তর্জাতিক ব্যাংকিং জীবনে ভারত, ইতালি, মেক্সিকো, এমনকি আরব আমিরাতসহ অনেক দেশেই বিরাট বিরাট আর্থিক জালিয়াতির ঘটনা দেখেছি।

সম্প্রতি আমরা জেনেছি, ভিয়েতনামের নারী ধনকুবের ট্রুং মাই ল্যানকে আর্থিক কেলেঙ্কারির কারণে মৃত্যুদণ্ড দিয়েছেন দেশটির আদালত। ১১ বছর ধরে দেশটির বড় একটি ব্যাংক থেকে কোটি কোটি ডলার লুট করার দায়ে তাঁকে এই সাজা দেওয়া হয়। বলা হচ্ছে, এটিই বিশ্বের সবচেয়ে বড় ব্যাংক জালিয়াতির ঘটনা।

ট্রুং মাই ল্যানের বিরুদ্ধে দেশটির সায়গন কমার্শিয়াল ব্যাংক থেকে ৪ হাজার ৪০০ কোটি মার্কিন ডলার জালিয়াতির মাধ্যমে ঋণ নেওয়ার অভিযোগ আনা হয়েছে। আইনজীবীরা বলছেন, ঋণের ২ হাজার ৭০০ কোটি ডলার পুনরুদ্ধার হওয়ার কোনো সম্ভাবনা নেই। এই মামলায় ২ হাজার ৭০০ জনকে সাক্ষ্য দেওয়ার জন্য ডাকা হয়েছিল। এটির সঙ্গে রাষ্ট্রপক্ষের ১০ জনসহ মোট ২০০ জন আইনজীবী ছিলেন।

এই মামলার প্রমাণ মোট ১০৪টি বক্সে সংরক্ষিত আছে, যার ওজন ৬ টন। মামলায় ট্রুংসহ মোট ৮৫ জনের বিচার চলছে, যাঁদের সবাই নিজেদের বিরুদ্ধে অভিযোগ অস্বীকার করেছেন। তাঁরা এই রায়ের বিরুদ্ধে আপিলও করতে পারেন।

তবে আদালতে আসামিদের সবাইকে দোষী সাব্যস্ত করা হয়েছে। তাঁদের মধ্যে চারজনের যাবজ্জীবন কারাদণ্ড ও অন্যদের শর্ত সাপেক্ষে ৩ থেকে ২০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। এ ছাড়া ট্রুং মাই ল্যানের স্বামীর ৯ বছর ও ভাইয়ের মেয়ের ১৭ বছরের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।

ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক নগুয়েন ফু ট্রংয়ের নেতৃত্বে দুর্নীতিবিরোধী অভিযানে এখন পর্যন্ত এই বিচারকাজ সবচেয়ে নাটকীয়। তিনি মনে করেন, চরম দুর্নীতির কারণে জনগণের ক্ষোভ কমিউনিস্ট পার্টির একচেটিয়া ক্ষমতার জন্য হুমকি। তিনিই ২০১৬ সালে তৎকালীন ব্যবসাবান্ধব প্রধানমন্ত্রীর ক্ষমতাকে টিকিয়ে রাখতে দুর্নীতিবিরোধী অভিযান শুরু করেন।

এই অভিযানের অংশ হিসেবে দুজন প্রেসিডেন্ট ও দুই উপপ্রধানমন্ত্রীকে পদত্যাগ করতেও বাধ্য করা হয়েছে। শতাধিক কর্মকর্তাকে কারাগারে যেতে হয়েছে। এখন তাঁদের সঙ্গে যোগ হলেন ধনকুবের এই নারীট্রুং মাই ল্যান।

মায়ের সঙ্গে প্রসাধনীর ছোট্ট দোকান দিয়ে ট্রুং জীবন শুরু করেছিলেন। ১৯৮৬ সালে কমিউনিস্ট পার্টি অর্থনৈতিক সংস্কারের সূচনা করার পর জমি ও সম্পত্তি কেনা শুরু করেছিলেন, যা ডোই মোই নামে পরিচিত। ১৯৯০-এর দশকে তিনি একটি বড় হোটেল ও রেস্টুরেন্টের মালিক হন।

অন্যান্য ধনী ব্যক্তির মতোই ট্রুং জমি ও আবাসন ব্যবসার মাধ্যমে বিপুল আয় করতে থাকেন। রাষ্ট্রীয় বড় কর্মকর্তাদের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের সুবিধা নিয়ে রাষ্ট্রীয় মালিকানাধীন জমি ব্যবহারের সুবিধা নেন ট্রুং। পরে তাঁকে তিনটি ছোট ব্যাংককে একটি বৃহত্তর সত্তায় একীভূত করার ব্যবস্থার অনুমতি দেয় সায়গন কমার্শিয়াল ব্যাংক।

ভিয়েতনামের আইনে যেকোনো ব্যাংকে ব্যক্তি বা পরিবারের ৫ শতাংশের বেশি শেয়ার থাকার ক্ষেত্রে বিধিনিষেধ রয়েছে। কিন্তু সরকারি কৌঁসুলিরা বলছেন, শত শত শেল কোম্পানি ও তাঁর প্রক্সি হিসেবে কাজ করা ব্যক্তির মাধ্যমে ট্রুং আসলে সায়গন কমার্শিয়াল ব্যাংকের ৯০ শতাংশের বেশি শেয়ারের মালিক হয়ে ওঠেন। শুধু তা-ই নয়, ক্ষমতার অপব্যবহার করে নিজের লোকদের ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দেন তিনি। এরপর নিজের নিয়ন্ত্রণ করা শেল কোম্পানির নেটওয়ার্কে শত শত ঋণ অনুমোদন করার জন্যও আদেশ দেওয়ার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে।

আইনজীবীদের ভাষ্যমতে, ২০১৯ সালের ফেব্রুয়ারি থেকে তিন বছরের মধ্যে তিনি তাঁর গাড়িচালককে দিয়ে ব্যাংক থেকে ৪০০ কোটি মার্কিন ডলার (১০৮ ট্রিলিয়ন ভিয়েতনামি ডং) তুলে তাঁর বেজমেন্টে রাখার নির্দেশ দিয়েছিলেন। আশ্চর্যের ব্যাপার হলো, ভিয়েতনামের সবচেয়ে বড় অঙ্কের ব্যাংক নোটে এই পরিমাণ অর্থের ওজন দুই টন।

ট্রুং যে ঋণ নিয়েছেন, তা কখনো যাচাই-বাছাই করা হয়নি। ঋণ যাচাই-বাছাই না করার জন্য বড় অঙ্কের ঘুষ দিতেন তিনি। এ ঘটনায় *বাকি অংশ ৩৩ পৃষ্ঠায়*



# মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতিতে বাংলাদেশের প্রস্তুতি কী?



**হারুন উর রশীদ স্বপন**

মধ্যপ্রাচ্যে সংকট বাড়লে, যুদ্ধ বিস্তৃত ও দীর্ঘায়িত হলে বাংলাদেশে অর্থনৈতিক সংকট বাড়বে। রপ্তানি খাতে ও মধ্যপ্রাচ্যে বাংলাদেশের শ্রম বাজারেও তার নেতিবাচক প্রভাব পড়ার শঙ্কা বিশ্লেষক এবং ব্যবসায়ীদের।

ছয় মাসেরও বেশি সময় ধরে গাজায় ইসরায়েলের অভিযানে মধ্যপ্রাচ্যে সংকট এমনিতেই ঘনিভূতহচ্ছিল। সিরিয়ার দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার প্রতিশোধ হিসেবে সম্প্রতি ইসরায়েলে ইরানের ড্রোন এবং রকেট হামলায় পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে উঠেছে।

এ নিয়ে বাংলাদেশেও অস্বস্তি তৈরি হয়েছে। বিশেষ করে অর্থনীতি, বৈদেশিক বাণিজ্য এবং জ্বালানি তেল নিয়ে সংকটের আশঙ্কা করা হচ্ছে। বুধবার মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট সব খাতকে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে বলেছেন। সংঘাত দীর্ঘ হলে জ্বালানি তেলসহ যেসব খাতে নেতিবাচক প্রভাব পড়তে পারে সেই সব খাতকে তিনি পরিকল্পনা ও ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন। বাণিজ্যমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ডয়চে ভেলেকে জানান, জ্বালানি, ভোগ্যপণ্য আমদানির ক্ষেত্রে তারা বিকল্প অনুসন্ধান শুরু করেছেন।

যেসব ক্ষেত্রে প্রভাব পড়বে

বাংলাদেশে জ্বালানি তেল আমদানির ক্ষেত্রে মধ্যপ্রাচ্যের ওপর নির্ভরশীল। এলএনজি বা তরলীকৃত প্রাকৃতিক গ্যাসও আসে এই অঞ্চল থেকে। যুদ্ধ বিস্তৃত হলে খাতে নেতিবাচক প্রভাব পড়ার শঙ্কা রয়েছে। এতে বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতে সমস্যা দেখা দেবে, শিল্প উৎপাদন ও পরিবহণ খাত ক্ষতির মুখে পড়তে পারে। নেতিবাচক প্রভাব পড়বে বাংলাদেশের আমদানি ও রপ্তানি বাণিজ্যে। মধ্যপ্রাচ্যে বাংলাদেশের শ্রম বাজারেও এর নেতিবাচক প্রভাব পড়বে বলে মনে করেন বিশ্লেষকেরা। সেইসঙ্গে বাংলাদেশে বিদেশি বিনিয়োগ আরো কমে যেতে পারে।

বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স অ্যাসোসিয়েশনের সহসভাপতি খায়রুল আলম ডয়চে ভেলেকে বলেন, ''সারাবিশ্বে যে জাহাজগুলো জ্বালানি তেল বহন করে তারা চার ভাগের একভাগ হয় হরমুজ প্রণালি দিয়ে। আর আমাদের জ্বালানির জন্য আমরা মধ্যপ্রাচ্য নির্ভর। সৌদি আরব, কুয়েত, কাতার, বাহরাইন, দুবাই থেকে জ্বা লানি তেল আসে। কাতার থেকে আসে এলএনজি। এগুলো পরিবহণের জন্য রয়েছে দুইটি পথ হরমুজ প্রণালি ও লোহিত সাগর (রেড সি)। লোহিত সাগর শুধুমাত্র সৌদি আরবের জন্য কিছুটা সহজ। কিন্তু অন্যদের জন্য হরমুজ প্রণালি। এখন লোহিত সাগরে হুতিদের হামলা আর যুদ্ধ ছড়িয়ে পড়লে হরমুজ প্রণালি বন্ধ হয়ে যাবে। ফলে বাংলাদেশে জ্বালানি তেল ও এলএনজির সংকটে পড়বে। এটা সারাবিশ্বের জন্য সংকট হবে৷

তিনি জানান, দুবাই থেকে বাংলাদেশে নির্মাণ কাজের জন্য বিটুমিন ও পাথর আসে। অন্যদিকে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে প্রবাসীদের জন্য বাংলাদেশ থেকে ভোগ্য পণ্য, শাবসবজি রপ্তানি হয়। সমুদ্রপথে সমস্যা হলে তাও বন্ধ হয়ে যেতে পারে।

তিনি বলেন, ''বাংলাদেশের রিফাইনারিতে সর্বোচ্চ এক মাসের চাহিদা পূরণের তেল রাখা সম্ভব। ফলে বেশি আমদানি করে রাখাও সম্ভব নয়। আর এই তেল-গ্যাসের উপর বিদ্যুৎ, শিল্প কারাখানা নির্ভরশীল৷

পোশাক খাতে উদ্বেগ

যুদ্ধ ছড়িয়ে পড়লে বাংলাদেশের রপ্তানি আয়ের প্রধান খাত তৈরি পোশাক রপ্তানি কমে যেতে পারে। প্রথমত জ্বালানি সংকট তৈরি হলে উৎপাদন কমে যাবে। আবার রপ্তানির পথ ঝুঁকিপূর্ণ হলে লিড টাইম বা গন্তব্য দেশে তা পৌঁছাতে বেশি সময় লাগবে। এর ফলে পোশাকের খরচ বাড়বে। সেই সঙ্গে চাহিদাও কমে যেতে পারে। তৈরি পোশাক রপ্তানিকারকরা জানান, লোহিত সাগরে জাহাজে হুতি বিদ্রোহীদের হামলার কারণে একটি নেতিবাচক প্রভাব পড়েছে। পোশাক সরবরাহের লিড টাইম কোথাও কোথাও বেড়েছে। এখন যুদ্ধ ছড়িয়ে পড়লে পরিস্থিতির আরো অবনতি হবে।

বিজিএমইএ-এর সহ-সভাপতি শহীদুল্লাহ আজিম বলেন, ''আমাদের পোশাক খাতের অবস্থা খারাপ হচ্ছে। অ্যামেরিকার বাজারে পোশাক রপ্তানি ২৪ শতাংশ কমে গেছে। ইউরোপের বাজারেও পোশাক রপ্তানি কমছে। চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে এক দশমিক ২৪ শতাংশ কমেছে। এখন *বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়*


বারী সুপার মার্কেট
BARI SUPERMARKET
1412 Castle Hill Ave, Bronx, NY 10462
Tel: 347-810-0087, 646-427-4867
পার্টি হলে বুকিং নেওয়া হচ্ছে
HALAL FOOD
WE ACCEPT EBT
আমরা ইবিটি ও ফুড স্ট্যাম্প গ্রহণ করি
ria Money Transfer
Munmun Hasina Bari
Chairman
Bari Supermarket
আপনজনদের সেবা করে আয়ের সুবর্ণ সুযোগ নিন
বারী হোম কেয়ার
BARI HOME CARE
Passion of Seniros of NY Inc.
Your Health Our Care
মাসিক ৮০০ ডলার বাড়ী ভাড়ার সুযোগ।
মাসিক ১৭০ ডলার OTC কার্ড এর সুযোগ (CenterLight MLTC)
ফ্রি মোবাইল ও আই প্যাড এর সুযোগ।
চলমান কেস ট্রান্সফার করে বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার সুবর্ণ সুযোগ নিন
Jackson Heights Office:
37-16 73rd St, 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100
Jamaica Office:
169-05 hillside Ave,
2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163
Bronx Office:
2113 Starling Ave.
2nd FL., Suite 201
Bronx, NY 10462
Tel: 718-319-1000
Buffalo Office
977 Sycamore St
2nd Floor,
Buffalo, NY 14212
Tel: 347-272-3973
Long Island Office:
469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901
Ozone Park Office:
33 101 Ave,
Brooklyn, NY 11208
Tel: 718-942-5554
Brooklyn Office:
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Tel: 347-240-6566
Cell: 347-777-7200
Buffalo Office:
59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000
716-400-8711
Asef Bari (Tutul)
C.E.O.
CALL US TODAY:
718-898-7100, 631-428-1901
Fax: 646-630-9581
info@barihomecare.com
www.barihomecare.com

## মতামত




# ছাত্ররাজনীতি, বুয়েট ও ‘স্মার্ট বাংলাদেশ’



**মাহফুজ আনাম**

ক্ষমতাসীন আওয়ামী লীগের ছাত্রসংগঠন ছাত্রলীগ সম্প্রতি সিদ্ধান্ত নিয়েছে, দেশের সেরা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুয়েটে আবারও দলীয় রাজনীতি শুরু করার। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বুয়েট ক্যাম্পাসে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করে দেওয়া নোটিশের ওপর ‘স্থগিতাদেশ’ দিয়েছেন হাইকোর্ট। অপরদিকে, বুয়েটের সাধারণ শিক্ষার্থীরা তাদের ক্যাম্পাসে আবারও ছাত্ররাজনীতি চালুর বিষয়ে তীব্র প্রতিবাদ জানিয়েছেন—যার পেছনে রয়েছে বলিষ্ঠ, বেদনাদায়ক ও যৌক্তিক কারণ।

বুয়েটে ছাত্ররাজনীতির সর্বশেষ বলি ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদ। বুয়েট ছাত্রলীগ নেতারা ক্রিকেট খেলার স্ট্যাম্প দিয়ে তার ওপর রাতভর পাশবিক নির্যাতন চালায়। চিকিৎসকরা জানিয়েছেন, অসহনীয় ব্যথা ও অভ্যন্তরীণ রক্তক্ষরণে মৃত্যু হয়েছে আবরারের।

আবরারের এই মৃত্যু বুয়েট শিক্ষার্থীদের মনে যে দগদগে ঘা তৈরি করেছে, তার আর পুনরাবৃত্তি চায় না তারা।

কুষ্টিয়ায় মায়ের কোল থেকে ক্যাম্পাসে ফিরে আসার কয়েক ঘণ্টা পরেই আবরারের ওপর শুরু হয় নির্যাতন। তার একমাত্র ‘অপরাধ’ ছিল ফেসবুকে সমালোচনামূলক পোস্ট দেওয়া।

এটা কোনো বিচ্ছিন্ন ঘটনা ছিল না। এটা ছিল ছাত্রলীগকে জবাবদিহি ও নজরদারির বাইরে রাখার কারণে তৈরি হওয়া এক সংস্কৃতির ফল। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পাশাপাশি ছাত্রলীগ একটি প্রশাসন তৈরি করে, যার মাধ্যমে নিয়ন্ত্রিত হয় শিক্ষার্থীদের দৈনন্দিন জীবন, বিশেষ করে জুনিয়র শিক্ষার্থীদের। কোনো শিক্ষার্থী হলের সিট পাবে কি না, পেলে কোন হলের কোন সিট পাবে, দলীয় কার্যক্রমে তাদের কতটা অংশগ্রহণ করতে হবে এবং কতবার ও ‘কীভাবে’ নেতাদের ‘সম্মান’ জানাতে হবে, সেটাও নির্ধারণ করে দেয় এই প্রশাসন।

হলের ২০১১ নম্বর কক্ষটি ছিল কার্যত একটি টর্চার সেল, যেখানে অবাধ্য শিক্ষার্থীদের ধরে এনে বাধ্য করা হতো। আমরা হয়তো ভুলে গেছি, যখন বিএনপি ক্ষমতায় ছিল, তখন তাদের ছাত্র সংগঠন ছাত্রদলও একই কাজ করেছে। এ কারণে, সেইসব দিন আবারও ক্যাম্পাসে ফিরে আসার সামান্যতম সম্ভাবনাও সাধারণ শিক্ষার্থীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে।

বুয়েটে যা চলছিল, সেটাকে কি ছাত্ররাজনীতি বলা যায়? এটা কি কোনো দিক থেকে আমাদের ছাত্ররাজনীতির গৌরবান্বিত অধ্যায়ের ধারক বা বাহক, যা নিয়ে আমরা গর্ব করি? এ সময়ের ছাত্রনেতাদের কি আমাদের অতীতের ছাত্ররাজনীতির মশালবাহী বলা যায়? কোথায় সেই দিকনির্দেশনা, আদর্শ ও আত্মত্যাগ? আজ ছাত্ররাজনীতির মুখোশের আড়ালে কেবল ক্ষমতা, সম্পদ ও ব্যক্তিগত স্বার্থসিদ্ধি। ছাত্ররাজনীতির সংস্কার না হলে আমাদের উচ্চশিক্ষার কেন্দ্রগুলোর কি কোনো ভবিষ্যৎ থাকবে?

চল্লিশের দশকের শেষের দিকে (পাকিস্তানের জন্মের পর), পঞ্চাশ ও ষাটের দশক এবং স্বাধীনতা যুদ্ধের প্রস্তুতির সময় (মুক্তিযুদ্ধে ছাত্রদের ভূমিকা আলাদা রাখলে) আমাদের ছাত্ররাজনীতির ভিত্তি ছিল আদর্শ, অঙ্গীকার, আত্মত্যাগ, সততা ও জনগণের সেবা। ভাষা আন্দোলনে শিক্ষার্থীদের ভূমিকা ছিল যেকোনো রাজনৈতিক দলের চেয়ে অনেক বেশি।

একই কথা আইয়ুব ও ইয়াহিয়া বিরোধী আন্দোলনের ক্ষেত্রেও প্রযোজ্য। বঙ্গবন্ধুর ছয় দফা দাবিকে তৃণমূল পর্যায়ে নিয়ে যাওয়ার কৃতিত্বের দাবিদার যতটা আওয়ামী লীগ, ঠিক ততটাই ছাত্রলীগ।

ঊনসত্তরের ১১ দফা কর্মসূচি দিয়েছিল মূলত বামপন্থী ছাত্র সংগঠনগুলো, কিন্তু এর গুরুত্বপূর্ণ অংশ ছিল ছাত্রলীগ। পরবর্তীতে এই আন্দোলন দেশের ইতিহাসে সবচেয়ে উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ ছাত্রআন্দোলন ও গণআন্দোলন হিসেবে পরিচিতি পায়। এই আন্দোলনের মাধ্যমে দীর্ঘ মেয়াদে ও সার্বিকভাবে সমাজে পরিবর্তন আনার বিষয়টি সামনে আসে, যা যেকোনো রাজনৈতিক দলের চিন্তাধারার চেয়ে সুদূরপ্রসারী ছিল।

স্বাধীনতাপূর্ব সময়ে আমাদের ছাত্র আন্দোলনের ইতিহাস ও ঐতিহ্য শুধু গৌরবান্বিত ও অনুপ্রেরণাদায়কই নয়, বরং ছাত্ররা কীভাবে গণতান্ত্রিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারের মতো মৌলিক অধিকারের পাশাপাশি দরিদ্র ও সব ধরনের সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের অধিকার আদায়ের আন্দোলনে নেতৃত্ব দিতে পারে, তার একটি উজ্জ্বল *বাকি অংশ ৩৩ পৃষ্ঠায়*

# ইরানের কারণে কি গাজার পরিস্থিতি আরও খারাপের দিকে যাবে



**এমিল হোকেয়েম**

গত শনিবার রাতে ইসরায়েলের ওপর দীর্ঘ প্রতীক্ষিত ইরানি হামলা ঠুংঠুং আওয়াজ তুলে শুরু হয়েছিল, যা শেষ হয় প্যানপ্যানানি দিয়ে। কয়েক শ ড্রোন ও ব্যালাস্টিক ক্ষেপণাস্ত্র ইসরায়েলে আঘাত হানার আগেই জাতিসংঘে তেহরানের কূটনীতিক বিবৃতি দিয়ে এই পর্বের সমাপ্তি ঘোষণা করেন। ইরান থেকে দ্রুতবেগে নিক্ষিপ্ত এসব অস্ত্রকে ইরাক, সিরিয়া, লেবানন ও ইসরায়েলের আকাশেই রুখে নিষ্ক্রিয় করে দেওয়া হয় একটি আন্তর্জাতিক জোটের মাধ্যমে। কোনো বড় ধরনের ক্ষয়ক্ষতির খবরও পাওয়া যায়নি।

তবে ইসরায়েল-হামাস যুদ্ধ চলাকালে এটা ছিল সবচেয়ে বিপজ্জনক পদক্ষেপ। গত বছরের ৭ অক্টোবরের পর ইরান ও ইসরায়েলের সম্পর্ক ক্রমেই খারাপের দিক যাচ্ছিল। একটি জটিল ও চড়াবাজির ছায়ামুষ্টিযুদ্ধে ইসরায়েল ক্রমাগত ইরানের মুখমণ্ডল রক্তাক্ত করছিল আর ইরান অনেকটা খুঁড়িয়ে খুঁড়িয়ে এ পাশ থেকে ও পাশ কাটাচ্ছিল কোনো মুষ্টাঘাত করা এড়িয়ে।

এটা ইরানের জন্য কঠিন সময়। গাজা যুদ্ধে ইসরায়েলের অবস্থান নিচু হতে থাকা, পশ্চিমা বিশ্বের নৈতিকভাবে বিব্রত হওয়া ও আরবদের ক্ষোভকে তেহরান উপভোগ করছে।

তুলনামূলক সংযত আচরণের মধ্য দিয়ে ইরান প্রতিবেশীদের কাছ থেকে মূল্যবান সুনাম কুড়িয়েছে যা আংশিকভাবে হলেও দেশটিকে দীর্ঘদিন ধরে একঘরে হয়ে পড়া থেকে বের করে এনেছে। তবে এসব অর্জন ভঙ্গুর। ইরানের শাসকগোষ্ঠী ভালো করেই জানে যে ইসরায়েলের সঙ্গে সরাসরি যুদ্ধ বাধলে তা শুধু তাদের আঞ্চলিক অবস্থানকেই নস্যাৎ করে দেবে না, বরং এতে যুক্তরাষ্ট্র জড়িয়ে পড়বে যা আখেরে তাদের ক্ষমতাচ্যুতির কারণ হতে পারে।

শনিবার রাতের আক্রমণ অবশ্য ইরান ও তার অংশীদারদের জন্য যথেষ্ট ভিডিও ফুটেজ বানিয়ে দিয়েছ, যা তারা তাদের প্রচারণায় বেশ খুশির সঙ্গেই ব্যবহার করতে পারবে। কিন্তু এ মাসের প্রথম দিকেই দামেস্কে ইরানি দূতাবাসে ইসরায়েলি হামলার পর অপমানের জবাব দিতে ইরানের এই প্রতিক্রিয়া কৌশলগতভাবে তেমন সন্তোষজনক কিছু হয়নি।

ইরান এখন জঙ্গি সহযোগীদের ওপর নির্ভর করার সীমাবদ্ধতা দেখতে পাচ্ছে। এটা শুরু হয়েছিল গাজায় হামাসের (ইসরায়েলের সঙ্গে) বিরাট এক সংঘাতে জড়িয়ে পড়ার মধ্য দিয়ে আর তা ঘটে ইরানের অজ্ঞাতে। ইসরায়েলের প্রচণ্ড আঘাত ইরানের ঝুঁকি নেওয়ার ক্ষেত্রে স্বল্প মাত্রার আগ্রহের সঙ্গে বহুল আলোচিত ‘প্রতিরোধের অক্ষে’র আগ্রাসী অবস্থানের ব্যাপক অমিল তুলে ধরেছে।

গত কয়েক মাসে সিরিয়া ও লেবাননে ইসলামিক রেভল্যুশন গার্ড কোরের (আইআরজিসি) একাধিক সিনিয়র কমান্ডারকে হত্যা করেছে ইসরায়েল। এসবের কোনো পালটা জবাব না দেওয়া ইরানের উচ্চমর্যাদাসম্পন্ন বাহিনীকে ভীত করেছে বৈকি!

অবশ্য এখন দায়দায়িত্ব ইসরায়েলে কাঁধে এসে পড়েছে। দেশটির আকাশ প্রতিরক্ষাব্যবস্থা বেশ ভালোভাবেই কাজ করেছে, যা জনগণকে আশ্বস্ত করেছে। পাশাপাশি জবাব দেওয়ার জন্য হাতে সময়ও করে দিয়েছে। ইসরায়েলি সেনা কর্মকর্তারা ইতিমধ্যে এক ‘নজীরবিহীন মাত্রা’য় জবাব দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।

প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর জন্য এটা সব যোগ-বিয়োগ শেষে একটি জয় হিসেবেই দাঁড়াচ্ছে। গাজায় নৃশংসতা চালানোর জন্য কয়েক সপ্তাহ ধরে বেড়ে চলা তীব্র সমালোচনার মুখে পড়ার পর এখন ইরানি হামলা তাঁর জন্য পশ্চিমা সমর্থন জোরদার করছে। তবে উদ্বেগের বিষয় হলো এটাই যে ‘এই দফা পার পেয়ে গেছে’, ইসরায়েলের এহেন ভাবনা দেশটির ঝুঁকি এড়ানোর মাত্রা কমিয়ে দিতে পারে। এটাও সম্ভব যে নেতানিয়াহু ওয়াশিংটনকে বলবেন, ‘যদি আমাদের ইরানে হামলা চালাতে না দাও, তাহলে গাজার দক্ষিণে রাফায় অভিযান চালাতে বাধা দিয়ো না।’

কিন্তু ইসরায়েলের এই সাফল্য এসেছে ইরানের যথেষ্ট হুঁশিয়ারি এবং মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জর্দান ও অন্যান্য আরব রাষ্ট্রের সহায়তায়। যেসব মিত্রদেশকে ইসরায়েল গত কয়েক মাসে অপমান করে এসেছে, সেই সব দেশের ওপরই যে তার নিরাপত্তা বহুলাংশে নির্ভরশীল, এ ঘটনায় তা ফুটে উঠেছে। যুক্তরাষ্ট্র প্রশাসক কোনো বড় ধরনের যুদ্ধ চায় না এবং নেতানিয়াহুর রণকৌশল পরিচালনা নিয়ে উদ্বিগ্নও বটে।

আরব নেতারাও স্বল্প মেয়াদে ইরানের চেয়ে ইসরায়েলের *বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়*

# এসাইলাম সেন্টার / স্টপ ডিপোর্টেশন

আমেরিকায় গ্রীনকার্ড/ বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন











## বাংলাদেশ/ইন্ডিয়া/পাকিস্তান/নেপাল/সাউদ আমেরিকা/আফ্রিকা এবং অন্যান্য

একটি রাজনৈতিক/ধর্মীয়/সামাজিক ও নাগরিক অধিকার বিষয়ক এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।

প্রশ্ন হলো, আপনার এই কেইসটি কে তেরী করেছে এবং কে আপনাকে ইমিগ্রেশনে / কোর্টে রিপ্রেজেন্ট করছে?

### কেন আমাদের কাছে আসবেন

- আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)কে TIER (III) জঙ্গী সংগঠন হিসেবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপি'র সর্বাধিক কেইসে আমরাই জয়লাভ করেছি।)
- ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
- আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
- ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ ডিভোর্স /ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
- দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকার JEWISH ATTORNEY দের সাহায্য নিন এবং আমেরিকায় আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
- ফ্রি কন্সালটেন্সি



## লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি

(আমরা নিন্দিত এবং সমালোচিত। কিন্তু আপনার সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়)

৭২-৩২ ব্রডওয়ে স্যুইট ৩০১-২ জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২ ফোন: ৯১৭-৭২২-১৪০৮, ৯১৭-৭২২-১৪০৯

ই-মেইল:LEGALNETWORK.US@GMAIL.COM



# মঙ্গল শোভাযাত্রাকে অসাম্প্রদায়িক বলা কি ঠিক?



ইকতেদার আহমেদ

মোগল সম্রাট আকবরের শাসনামলে বাংলা সম্পূর্ণ কৃষিনির্ভর ছিল। তৎকালীন বাংলায় কর আদায় সহজ করার জন্য সম্রাট আকবরের নির্দেশে জ্যোতির্বিজ্ঞানী আমির ফতুল্লাহ সিরাজী চন্দ্র বর্ষপঞ্জিকে সৌর বর্ষপঞ্জিতে রূপান্তরিত করেন। এর ভিত্তিতে সম্রাট আকবর ৯৯২ হিজরি মোতাবেক ১৫৮৪ সালে হিজরি সৌর বর্ষপঞ্জির প্রচলন করেন। সম্রাট আকবর তার সিংহাসনে আরোহণের বছর থেকে এ পঞ্জিকা প্রচলনের নির্দেশ দেন। এজন্য ৯৬৩ হিজরি সাল থেকে বঙ্গাব্দ গণনা শুরু হয়। ৯৬৩ হিজরি সালের মহররম মাস ছিল বাংলা বৈশাখ মাস। এজন্য বৈশাখ মাস বঙ্গাব্দ বাংলা বর্ষপঞ্জির প্রথম মাস এবং ১ বৈশাখকে নববর্ষ ধরা হয়।

বঙ্গাব্দ প্রচলন পরবর্তী সুদীর্ঘকাল থেকে গ্রাম-বাংলায় ঐতিহ্যগতভাবে পহেলা বৈশাখ মেলা অনুষ্ঠিত হয়ে আসছে। এসব মেলায় আসবাবপত্রসহ গৃহস্থালি ও কৃষি কাজে ব্যবহৃত পণ্যের বিপুল সমারোহ দেখা যায়। এর বাইরে মেলায় মাটি, বাঁশ ও কাঠের তৈরি বিভিন্ন ধরনের খেলনা এবং বিভিন্ন ধরনের মিষ্টিজাতীয় খাবার যেমন জিলাপি, বাতাসা, কদমা, মুড়ি ও চিঁড়ার মোয়া, গুড় মিশ্রিত খই, খাজা, গজা এবং দেশীয় ফলফলাদি প্রভৃতির পসরা বিশেষভাবে লক্ষণীয়। গ্রামীণ অর্থনীতি ক্রমে শহরমুখী হয়ে উঠলে পহেলা বৈশাখকে উপলক্ষ করে শহরের বিভিন্ন স্থানে এরূপ মেলার আয়োজন প্রত্যক্ষ করা যায়। এরূপ মেলায় উল্লিখিত খাবার ছাড়াও চটপটি, ফুসকা, বিভিন্ন ধরনের পিঠা, খিচুড়ি, বিরিয়ানি, বিভিন্ন ভর্তাসমেত পান্তা-ইলিশ প্রভৃতির সমারোহ পরিলক্ষিত হয়।

পহেলা বৈশাখকে উপলক্ষ করে দীর্ঘকাল যাবৎ আমাদের বাংলা অঞ্চলের ব্যবসায়ীরা পুরনো পাওনার হিসাবনিকাশ চুকিয়ে নতুন হিসাব খোলার জন্য যে খাতার প্রচলন করেন সেটি হালখাতা নামে অভিহিত। হালখাতা উৎসবে ব্যবসায়ীরা তাদের দেনাদারদের মিষ্টিমুখ করার ব্যবস্থা রাখেন। ব্যবসায়ীরা সম্পূর্ণ বকেয়া পাওনা আদায়ের উদ্দেশ্যে এ উৎসবের আয়োজন করলেও দেনাদাররা তাদের সামর্থ্য অনুযায়ী দেনা পরিশোধ করে থাকেন। আর তাই নতুন করে হালখাতা খোলা হলেও অনেক ক্ষেত্রে তাতে পুরনো হিসাবের রেশ থেকেই যায়।

সুদীর্ঘকাল যাবৎ বাংলায় মুসলমান ও হিন্দুরা সৌহার্দ্য ও সম্প্রীতির সাথে বসবাস করলেও মাঝে মাঝে রাজনৈতিক কারণে তা বিঘ্নের ঘটনা ঘটেছে। বাংলার জনসাধারণ বাঙালি সংস্কৃতি ধারণ করলেও মুসলিম ও হিন্দুদের ধর্মীয় সংস্কৃতিতে ভিন্নতা রয়েছে। এ দেশের প্রধান ধর্মীয় গোষ্ঠী মুসলিমদের ধর্ম ইসলামে পৌত্তলিকতা অর্থাৎ মূর্তি পূজার কোনো স্থান নেই। মুসলিমরা এক আল্লাহে বিশ্বাসী এবং তাঁর কোনো প্রতিচ্ছবি নেই। হিন্দুরা বহু দেব-দেবীতে বিশ্বাসী এবং তারা এসব দেব-দেবীর মূর্তি বানিয়ে মূর্তির সামনে আরাধনা করে তার কৃপা প্রার্থনা করে।


বিগত শতকের অষ্টম দশকের শেষ বছর অর্থাৎ ১৯৮৯ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের উদ্যোগে ঢাকঢোল বাজিয়ে নেচে-গেয়ে মঙ্গল শোভাযাত্রা নামক একটি উৎসব পালিত হয়ে আসছে। শোভাযাত্রাটিতে শুরু হতেই যেসব প্রতীক ব্যবহৃত হয়ে আসছে এর মধ্যে উল্লেখযোগ্য হলো প্যাঁচা, বাঘ, সিংহ, ময়ূর, ইঁদুর, হাতি, হাঁস, ষাঁড়, প্রজাপতি, সূর্য, বিভিন্ন ধরনের মুখোশ ও মঙ্গল প্রদীপ। এসব প্রতীকের প্রতিটি হিন্দু ধর্মীয় সংস্কৃতির সাথে ওতপ্রোতভাবে জড়িত। অপর দিকে মুসলিম ধর্মীয় সংস্কৃতির সাথে সম্পূর্ণরূপে সম্পর্কহীন।

হিন্দু ধর্মীয় বিশ্বাস অনুযায়ী প্যাঁচা হলো ধনসম্পদ ও ঐশ্বর্যের দেবী লক্ষ্মীর বাহন। একই ধর্মীয় বিশ্বাস অনুযায়ী দেবী দুর্গার বাহন হচ্ছে বাঘ ও সিংহ। ধর্মীয় রীতি অনুযায়ী দেব সেনাপতি কার্তিকের বাহন হচ্ছে ময়ূর। হিন্দু ধর্মীয় দেবতা দুর্গার ছেলে গণেশের বাহন হচ্ছে ইঁদুর। ধর্মীয়শাস্ত্র মতে, গণেশের মুখাবয়ব হাতির সদৃশ। হিন্দু ধর্মীয় প্রথা ও বিশ্বাস অনুযায়ী হাঁস হচ্ছে বিদ্যাদেবী সরস্বতীর বাহন। হিন্দু ধর্মীয় দেবতা শিবের বাহন হলো ষাঁড়। হিন্দু ধর্মীয় রীতি ও সংস্কৃতি অনুযায়ী প্রজাপতি হলো বিয়ের দেবতা। হিন্দু ধর্মশাস্ত্রে সূর্যকে বলা হয় সৌরদেবতা। হিন্দু ধর্মীয় বিবরণ অনুযায়ী সূর্যই হলো একমাত্র দেবতা যার উপস্থিতি প্রতিদিন প্রত্যক্ষ করা যায়। শোভাযাত্রায় যেসব মুখোশ ব্যবহৃত হয় সেগুলো মানুষসহ দৈত্যদানব ও বিভিন্ন জীবজন্তুর প্রতিচ্ছবি। হিন্দু ধর্মাবলম্বীদের বিভিন্ন অনুষ্ঠানের মঙ্গল ও শুভ কামনায় প্রদীপ জ্বালিয়ে যে বিশেষ আনুষ্ঠানিকতা পালন করা হয় সেটিকে বলা

*বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়*



# ইসরায়েলের পাতা ফাঁদে পা দিয়েছে ইরান



সিমন টিসডল

ইরান থেকে ছোড়া মিসাইল ও ড্রোন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে বিশেষ একটা সুযোগ করে দিল। এ সুযোগের অপেক্ষাতেই ছিলেন তিনি। এই হামলা ইরানকে সরাসরি আক্রমণের বৈধতা দিল। ইরান বহু বছর ধরেই ইসরায়েলের ঘোরতর শত্রু ও সম্ভাব্য ধ্বংসকারী হিসেবে বিবেচিত হয়ে আসছে।

এখন প্রশ্ন হলো, ইসরায়েল যে তাৎপর্যপূর্ণ জবাব দেওয়ার কথা বলছে, তার ধরন কী হবে। ইরানও পাল্টা হামলা চালাবে কি না, সেই প্রশ্নও আছে জনমনে। ইসরায়েলি মন্ত্রী বেনি গানজ তো বলেছেন, আঞ্চলিক জোট গঠন করে ইসরায়েল ইরানে হামলা চালাবে, সময় ও ইচ্ছেমতো।

যুক্তরাষ্ট্র, ব্রিটেন ও ইসরায়েলের অন্য মিত্রদেশগুলোর উচিত নেতানিয়াহুকে সোজাসুজি বলে দেওয়া যে সামরিক, কূটনৈতিক ও রাজনৈতিক যে সমর্থন, সেটি শর্তসাপেক্ষ। শুধু বৈধ এবং সমানুপাতিক প্রতিক্রিয়া দেখালেই এই মিত্রদের ইসরায়েল কাছে পাবে। ইসরায়েল যদি পাল্টা আক্রমণ না করে, সেটাই সবচেয়ে ভালো। ইরান গুরুতর কোনো ক্ষতি করতে ব্যর্থ হয়েছে। ইসরায়েল জানিয়েছে, তারা ৯৯ শতাংশ মিসাইল ও ড্রোন ধ্বংস করেছে। ক্ষয়ক্ষতি সামান্যই। তেহরান এখন বলছে, এই পর্বের সমাপ্তি এখনই। কিন্তু হামলা হলে পাল্টা হামলার ঘোষণাও দিয়ে রেখেছে তারা।

চলমান এই সংকটের মধ্যে নেতানিয়াহু ও তাঁর যুদ্ধকালীন মন্ত্রিসভার বেপরোয়া কর্মকাণ্ডের কথা ভুলে গেলে চলবে না। ইসরায়েলের প্রধানমন্ত্রী এক দশকের বেশি সময় ধরে ইরানের সঙ্গে ছায়াযুদ্ধ চালিয়ে যাচ্ছেন। হত্যা ও হামলার বহু ঘটনা ঘটিয়েছেন। পরমাণুবিজ্ঞানী ও ইরানের ভাড়াটে বাহিনীর সৈন্যদের খুনের দায় স্বীকার না করলেও গুপ্ত হত্যা চলেছে অবাধে।

কিন্তু ৭ অক্টোবরের পর ইসরায়েলের এই তালিকার ব্যাপ্তি আরও বেড়েছে। উদাহরণস্বরূপ ইরানের জ্যেষ্ঠ সেনা কর্মকর্তা সৈয়দ রাজি মৌসাভি দামেস্কে খুন হন। ইরানের প্রতিক্রিয়া তখনো ছিল পরোক্ষ ও দুর্বল। সিরিয়ার রাজধানীতে ইরান দূতাবাসের বর্ধিত অংশে বোমা হামলার পর দেশটির প্রতিক্রিয়ার ধরন বদলে দেয়। ওই হামলায় দেশটির বেশ কয়েকজন শীর্ষ সামরিক কর্মকর্তা খুন হন। সার্বভৌমত্বে নির্লজ্জ আঘাত হানার জন্য ইরান ইসরায়েলকে দায়ী করেন। ফলে যুদ্ধ এখন আর ছায়াযুদ্ধ থাকছে না, এই যুদ্ধ প্রকাশ্য। আর এই যুদ্ধ বাধিয়েছেন নেতানিয়াহু। তিনি জানতেন তেহরান ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানাবে। আপাতদৃষ্টে মনে হয়, তিনি তাঁর মার্কিন মিত্রদের এই হামলা সম্পর্কে আগে থেকে অবহিত করেননি। হয়তো মার্কিন প্রশাসন আগে জানলে হামলায় ভেটো দিত।

ধরন দেখে মনে হয়, নেতানিয়াহু দেশের ভেতর তাঁর রাজনৈতিক অবস্থান ধরে রাখা, মার্কিনদের অন্ধ সমালোচনাকে দমানো এবং ইসরায়েলকে অস্ত্র সরবরাহ বন্ধে আন্তর্জাতিক চাপকে থামিয়ে দিতে এই হামলা চালিয়েছেন।

নেতানিয়াহুর কূটকৌশল কাজে লেগেছে। রাতারাতি গাজা পরিস্থিতি নিয়ে ওয়াশিংটনের যে বিরক্তি, তা মিলিয়ে গেছে। যুক্তরাজ্যে গাজায় যুদ্ধবিরতি কিংবা ইসরায়েলি জোটের প্রতি শর্তহীন সমর্থন প্রত্যাহারে চাপ বাড়ছিল। সেটাও মিইয়ে যেতে সময় লাগবে না। যুক্তরাজ্য বরং সিরিয়া ও ইরাকের আকাশে সামরিক সহযোগিতা দিয়েছে। তার চেয়েও বড় কথা, দামেস্কের হামলার পর ইরান নিজেকে প্রকাশ করে ফেলেছে।

তেহরান এখন আর লেবাননের হিজবুল্লাহ কিংবা ইয়েমেনের হুতিদের পেছনে লুকিয়ে থাকতে পারবে না। নেতানিয়াহু তেহরানকে একরকম মল্লযুদ্ধে ডেকে এনেছেন। তেহরানের জবাব না দেওয়া
ছাড়া আর কোনো উপায় নেই। তবে এই বিশ্বাসও ভুল। নেতানিয়াহুর মতো খামেনি এবং ইরানের কট্টরপন্থী প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির হাতে আরও বিকল্প ছিল। ইরান তার এই ক্ষোভের কথা জাতিসংঘে কিংবা হেগের আন্তর্জাতিক বিচারালয়ে তুলতে পারত। তারা জিটোয়েন্টি কিংবা ব্রিকসে তাদের মিত্রদের সহযোগিতা নিতে পারত। ইরান পাল্টা হামলার হুমকি দিয়েও চুপ করে থাকতে পারত। এভাবে তারা বৈশ্বিক দক্ষিণের পশ্চিমা বিরোধী দেশগুলো, যেমন চীন ও রাশিয়ার সহযোগিতা পেতে পারত।

এর বদলে ইরানের নেতারা নেতানিয়াহুর ফাঁদে পা

*বাকি অংশ ৩০ পৃষ্ঠায়*

# SECI
Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.



## বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

শনিবার সকল শাখা খোলা, রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা পাশাপাশি সোনালী ব্যাংক থেকে সকল ব্যাংকের একাউন্টে আরও ৩.৫০% প্রণোদনা পাবার নিশ্চয়তা

৬% বোনাস

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange App.

ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

**সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক**

**SONALI EXCHANGE CO. INC.**

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন



KARNAFULLY TAX SERVICES INC.

# কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
# KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS **CPA & Enrolled Agent** এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

**ইনকাম ট্যাক্স**
- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

**একাউন্টিং**
- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

**NEW BUSINESS SETUP**
- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

**ইমিগ্রেশন**
- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

AUTHORIZED IRS e-file PROVIDER · Direct Deposit · ADMITTED TO PRACTICE BEFORE THE IRS · ENROLLED AGENT

Members: NSA · NATP · Member of AICPA · naea · NOTARY PUBLIC

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ **CPA & Enrolled Agent**

**Special Price for W2 File**



**Mohammed Hasem, EA, MBA**
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
Admitted to Practice before the IRS

Office Hours:
Monday - Saturday
10 am - 9 pm
Sunday 7 pm

**Phone: 718-205-6040**
**718-205-6010**
**Fax : 718-424-0313**

Tax Preparation fee pay by Cradit card

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com


**37-20 74th Street, 2nd Floor, Jackson Heights**



PREMIUM SUPERMARKET
HALAL
Sales Promotion Valid from Friday to Thursday (April 19 - 25, 2024) | Promo Code : PSP66
WE ACCEPT EBT & OTC
SALE $3.49/LB Minimum purchase of 10 lb CUT OFF FROZEN GOAT
SALE $15.99/EA 4 IN ONE 1400 GM, EACH BAG EURO HILSHA
SALE $6.99/LB SIZE 8/10 EURO HILSHA
SALE $3.99/LB 1 KG KORAL
SALE $2.99/LB 1 KG PANGASH
SALE $2.99/LB 1 KG TILAPIA WHOLE
SALE $6.99/EA 500 GM EURO LOOSE BAILA
SALE 2/$5.00 EURO KOI BLOCK
SALE 3/$5.00 EACH $1.99 KESKI TRAY (HAOR)
SALE 2/$14.99 25 PCS FAMILY PACK KAWAN PARATHA
SALE 2/$8.00 24 OZ LAXMI GINGER GARLIC PASTE
SALE $6.99/EA 7 OZ NESCAFE COFFEE
SALE $21.99/EA 20 LB ROYAL BASMATI RICE
SALE $19.99/EA 20 LB KRISHOK PARBOILED BASMATI RICE
SALE $25.99/EA 50 LB RICELAND RICE EXTRA LONG GRAIN RICE
SALE $16.99/EA 10 LB EMPIRE EXTRA LONG BASMATI RICE
SALE $13.99/EA 5 LTR ZER CORN OIL
SALE $11.99/EA 5 LTR ZER SUNFLOWER OIL
SALE $11.99/EA 2 LTR OLIO VILLA BLENDED POMACE OIL
SALE $31.99/EA 35 LB SUPER CHEF VEGETABLE / CANOLA OIL
SALE 2/$6.99 1 LTR RAJDHANI MUSTARD OIL
SALE $3.99/EA 4 LB LAXMI MASOOR DAL / CHANA DAL
SALE 2/$8.99 1 KG EACH $4.49 MAGGI HOT N SWEET SAUCE
SALE 2/$13.99 BULDAK NOODLES
PREMIUM SUPERMARKET
CONTACT
WhatsApp Number
168-13 HILLSIDE AVE, JAMAICA, NY 11432 ........ 347-626-8798
256-11 HILLSIDE AVE, GLEN OAKS, BELLEROSE, NY 11004 ........ 347-657-8911
1196 LIBERTY AVE, BROOKLYN, NY 11208 ........ 347-658-0972
74-18, 37TH AVE, JACKSON HEIGHTS, NY 11372 ........ 347-658-4362
FREE PARKING IN BELLEROSE STORE
WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE" STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER. THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. PREMIUM STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.




ADI'S The Halal Supermarket
ADI'S SUPERMARKET
1375 CASTLE HILL AVE, BRONX, NY 10462 TEL: 718-684-2135
Sales Promotion Valid from Friday to Thursday (April 19 - 25, 2024) | Promo Code : PSP28
EVERY TUESDAY $100 PURCHASE GET $10 OFF
WE ACCEPT EBT & OTC
SALE $2.99/LB CUT OFF FROZEN GOAT
SALE 79¢/LB NO CUT NO CLEAN CHICKEN QUATER LEG
SALE $22.99/EA SIZE 1000/1200 HILSHA
SALE $15.99/EA 4 IN ONE 1400 GM, EACH BAG EURO HILSHA
SALE $15.99/EA SIZE 8/10 EURO HILSHA
SALE $13.99/EA 3 KG ROHU
SALE $2.99/LB PANGASH WHOLE
SALE $2.99/LB FROZEN GOLDEN POMPANO
SALE $2.99/LB TILAPIA FILLET
SALE $18.99/EA SIZE 1/2 GOLDA SHRIMP
SALE $9.99/EA BLUE SEA SHELL ON - EZ-PEEL 31/40-2 LB BAG RAW SHRIMP
SALE $6.99/EA 7 OZ NESCAFE COFFEE
SALE $13.99/EA 20 LB CAROLINA PARBOILED RICE
SALE $21.99/EA 20 LB ROYAL BASMATI RICE
SALE $19.99/EA 20 LB KRISHOK PARBOILED BASMATI RICE
SALE $24.99/EA 50 LB RICELAND RICE EXTRA LONG GRAIN RICE
SALE $13.99/EA 5 LTR ZER CORN OIL
SALE $11.99/EA 5 LTR ZER SUNFLOWER OIL
SALE $10.99/EA 2 LTR OLIO VILLA BLENDED POMACE OIL
SALE $30.99/EA 35 LB SUPER CHEF VEGETABLE / CANOLA OIL
SALE 2/$13.99 25 PCS FAMILY PACK KAWAN PARATHA
SALE 2/$8.00 24 OZ LAXMI GINGER GARLIC PASTE
SALE 2/$8.99 1 KG EACH $4.49 MAGGI HOT N SWEET SAUCE
SALE 2/$13.99 BULDAK NOODLES
WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE" STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER. THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. ADI'S STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.



ছবি : আইরিশ ক্যান্সার সোসাইটি

## শুরুতে শনাক্ত হওয়া ও সঠিক চিকিৎসায়

# ক্যান্সার নিরাময় সম্ভব

পরিচয় ডেস্ক: মানবদেহের রক্তের কণিকাগুলোর অনিয়ন্ত্রিত ও অকার্যকর বৃদ্ধির ফলে রক্তের যে অবস্থার সৃষ্টি হয় তাকেই বলে রক্তের ক্যান্সার। দেহের অন্যান্য অংশের ক্যান্সারের মতো ব্লাড ক্যান্সার হলেও এর একটি বিশেষ বৈশিষ্ট্য রয়েছে। রক্ত যেহেতু দেহের সর্বত্রই প্রবাহিত তাই রক্তের ক্যান্সার শুরুতেই দেহের সবখানে ছড়িয়ে পড়ে। শুরু থেকেই দেহের প্রতিটি অংশই রক্তের ক্যান্সারের কারণে ক্ষতিগ্রস্ত হয়।

আমাদের দেশে রক্তের ক্যান্সারের সঠিক কোনো তথ্য খুব একটা পাওয়া যায় না। সীমিত তথ্যে দেখা যায়, সব ধরনের ক্যান্সারের মধ্যে রক্তের ক্যান্সার ১৫ শতাংশ। বিভিন্ন রকমের ব্লাড ক্যান্সার আমরা দেখতে পাই। বড়দের এবং ছোটদের ক্ষেত্রে এর কিছুটা পার্থক্য হয়, ছোটদের সবচেয়ে কমন ব্লাড ক্যান্সার হচ্ছে এ.এল.এল., এরপরে এ.এম.এল., এবং লিম্ফোমা। বড়দের ক্ষেত্রে সবচেয়ে বেশি দেখা যায় সি.এল.এল. ও সি.এম.এল.। এরপরে এ.এম.এল. এ.এল.এল. এবং লিম্ফোমা ও মাল্টিপল মায়োলমা। একেক ক্যান্সারের লক্ষণ একেক রকম। মোটা দাগে অ্যাকিউট ব্লাড ক্যান্সারগুলো শুরুতেই খুব মারাত্মক লক্ষণ দিয়ে প্রকাশ পায়, যেমন শরীরের বিভিন্ন অংশে চামড়ায় রক্তের ছোট ফুসকুড়ি থেকে চাকা চাকা জমাট বাঁধা রক্ত, দাঁতের মাড়ি বা নাক দিয়ে, কখনো কখনো প্রস্রাব বা পায়খানার রাস্তা দিয়ে তাজা রক্তক্ষরণ, প্রচণ্ড জ্বর, রক্তাল্পতার কারণে মাথা ঘোরা, অতিরিক্ত অবসাদ বা বিভিন্ন ইনফেকশনের লক্ষণ। অন্যদিকে ক্রনিক ব্লাড ক্যান্সারগুলো অনেক বছর ধরে অল্প অল্প মাত্রায় অগ্রসর হয়। বেশির ভাগ ক্ষেত্রেই রোগীরা বুঝতে পারে না। একদম অ্যাডভান্স স্টেজে এ রোগগুলো নিয়ে রোগীরা ডাক্তারের শরণাপন্ন হয়। যারা নিয়মিত হেলথ চেকআপ করে তারা শুধু শুরুতেই এ রোগগুলো ধরতে পারে।

### রক্তের ক্যান্সার নির্ণয়ের পরীক্ষা

রক্তের ক্যান্সার আছে কিনা এ ব্যাপারে প্রাথমিক ধারণা পাওয়ার জন্য খুব কম খরচের একটি সিবিসি বা কমপ্লিট ব্লাড কাউন্টই যথেষ্ট, যেটি কিনা ডায়াগনস্টিক সেন্টারগুলোয় সবচেয়ে কমন একটি টেস্ট। সবচেয়ে ভালো হয়, ভালো ডায়াগনস্টিক সেন্টার যেখানে ভালো সি.বি.সি. করার সেল কাউন্টার মেশিন আছে এবং আরো বেশি ভালো হওয়ায় যদি সেই রিপোর্টটি একজন রক্তরোগ বিশেষজ্ঞ বা হেমাটোলজিস্ট কর্তৃক *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*




# ব্লাড ক্যান্সার লিউকেমিয়ায় থাকে যেসব লক্ষণ

পরিচয় ডেস্ক: রক্ত ও অস্থিমজ্জার মরণঘাতী ক্যান্সার লিউকেমিয়া। আমরা জানি, রক্তকোষ তৈরি হয় অস্থিমজ্জায়। এরপর ধাপে ধাপে পরিপক্ক হয়ে এটি রক্তে আসে। কোনো কারণে মাত্রাতিরিক্ত হারে ও অস্বাভাবিকভাবে এ রক্তকোষ তৈরি হলে সেগুলো পরিপক্ক হতে পারে না। তখন প্রচুর অপরিপক্ক, অকর্মণ্য ও অস্বাভাবিক রক্তকোষ রক্তপ্রবাহে চলে আসে। এ অস্বাভাবিক রক্তকোষ সুস্থ রক্তকোষের স্থান দখল করে রক্তের কার্যক্রমে ব্যাঘাত ঘটায়, যাকে লিউকেমিয়া বা ব্লাড ক্যান্সার বলে।

লিউকেমিয়ার প্রকারভেদ: লিউকেমিয়া প্রধানত চার প্রকার।

অ্যাকিউট লিম্ফোব্লাস্টিক, লিউকেমিয়া অ্যাকিউট মায়েলয়েড লিউকেমিয়া , লিম্ফোব্লাস্টিক লিউকেমিয়া ও ক্রনিক মায়েলয়েড লিউকেমিয়া।

ঝুঁকির কারণ : প্রাকৃতিক ও কৃত্রিম তেজস্ক্রিয় পদার্থের বিকিরণ। রাসায়নিক বর্জ্য। কিছু ভাইরাস যেমন হিউম্যান লিম্ফোট্রপিক ভাইরাস ও কিছু কেমিক্যাল যেমন বেনজিন। তামাকের ব্যবহার অ্যাকিউট মায়েলয়েড লিউকেমিয়ার ঝুঁকি বাড়িয়ে দেয়। চুলে ডাইয়ের ব্যবহার। কৃত্রিম রঙ। কীটনাশক। উচ্চ চৌম্বকীয় ক্ষেত্র শিশুদের লিউকেমিয়ার ঝুঁকি বাড়ায়। গর্ভাবস্থায় মায়ের লিউকেমিয়া থাকলে শিশুরও হওয়ার আশঙ্কা থেকে যায়।

লিউকেমিয়ার উপসর্গ

ক্লান্তি ও দুর্বলতা: লিউকেমিয়ার সবচেয়ে দৃশ্যমান ও সাধারণ উপসর্গ ক্লান্তি ও দুর্বলতা। লোহিত রক্তকণিকার ঘাটতির কারণে এ লক্ষণ দেখা যায়।

ফ্যাকাসে ত্বক: একই কারণে তথা লোহিত রক্তকণিকার ঘাটতির ফলে ত্বকে ফ্যাকাসে ভাব চলে আসে।

অল্পতেই রক্তপাত: সামান্য আঘাতেই রক্তপাত বা রক্ত জমার মতো সমস্যা দেখা দেয়। যেমন দাঁত ব্রাশের সময় দাঁতের গোড়া বা মাড়ি দিয়ে রক্তপাত হওয়া।

ত্বকের নিচে লাল বিন্দু: ত্বকের নিচে রক্তক্ষরণজনিত ছোট ছোট লাল বিন্দু দেখা যেতে পারে।

সহজেই সংক্রমিত হওয়ার প্রবণতা: জীবনযাপনে একটু এদিক-ওদিক হলে সহজেই অসুস্থ হয়ে যাওয়া।

স্ফীত ও বর্ধিত মাড়ি: *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*

# লিভার সুস্থ রাখবেন কীভাবে



পরিচয় ডেস্ক: আমাদের শরীরের খুবই গুরুত্বপূর্ণ ও বৃহৎ একটি অঙ্গ লিভার বা যকৃৎ। আজ ১৯ এপ্রিল বিশ্ব যকৃৎ দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য, 'সতর্ক থাকুন, নিয়মিত লিভার চেকআপ করুন এবং ফ্যাটি লিভার প্রতিরোধ করুন'।

পরিপাকতন্ত্রের প্রধান অঙ্গ লিভার। আমরা খাবার বা ওষুধ, যা কিছু খাই বা পান করি, সব পরিপাক হওয়ার পর রক্তের মাধ্যমে বিপাকের জন্য লিভারে যায়। লিভারের প্রধান কাজ পুষ্টি উপাদানগুলো ভেঙে শরীরে এনার্জি বা শক্তি উৎপাদন করা এবং বাড়তি পুষ্টি উপাদানগুলো গ্লুকোজ আকারে সঞ্চিত করে রাখা। এ ছাড়া এটি পিত্ত তৈরি করে খাবারের চর্বি ভাঙতে সাহায্য করে। কিছু গুরুত্বপূর্ণ প্রোটিন ও রক্তের উপাদান লিভারে তৈরি হয়। লিভারের কয়েকটি সাধারণ সমস্যাড়্জন্ডিস, পিত্তথলিতে পাথর, লিভার সিরোসিস, লিভার ক্যানসার, উইলসন্স ডিজিজ ও ফ্যাটি লিভার।

### লিভার খারাপ হওয়ার কারণ

স্বাস্থ্যকর জীবনযাপনই লিভারকে সুস্থ রাখে। লিভারের ক্ষতির একটা কারণ অতিরিক্ত মদ্যপান।

অকারণে অতিরিক্ত ওষুধ খাওয়াতেও লিভার কর্মক্ষমতা হারায়। এমনকি ঠান্ডা ও জ্বরের জন্য বহুল ব্যবহৃত ওষুধ, ব্যথানাশক, ঘুমের ওষুধ ইত্যাদি লিভারের ক্ষতি করতে পারে।

সিগারেটের উপাদানগুলো সরাসরি লিভারের কোষ-কলার ক্ষতি করে।

পর্যাপ্ত ঘুম না হলে অক্সিডেটিভ স্ট্রেস তৈরি হয়। যাঁরা রাতে ঘুমান না, তাঁরা স্থূলতা, ডায়াবেটিস, হৃদ্রোগের পাশাপাশি লিভার-সংক্রান্ত সমস্যায়ও ভোগেন।

পুষ্টিকর খাবারের অভাব, খাবারে অনিয়মও লিভারের ক্ষতি করে। সকালে না খাওয়া, খারাপ তেল বা অতিরিক্ত তৈলাক্ত খাবার, পোড়া তেলের খাবার, অতিরিক্ত ফাস্ট ফুড, জাঙ্ক ফুড খাওয়ায় লিভারের মারাত্মক ক্ষতি হয়।

কেমিক্যালসমৃদ্ধ যেকোনো খাবারই ক্ষতিকর। প্রিজারভেটিভ, আর্টিফিশিয়াল ফুড কালার, আর্টিফিশিয়াল চিনিযুক্ত খাবারও ক্ষতিকর।

বিভিন্ন ধরনের ভাইরাস, পরজীবী সংক্রমণ, ইমিউন সিস্টেমের অস্বাভাবিকতা, বংশগত কারণ কিংবা ক্যানসারের কারণেও ক্ষতিগ্রস্ত হয় লিভার।

মারিজুয়ানা, কোকেন- *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*



# কিডনির সুরক্ষায় সস্তার যেসব খাবার খেতেই হবে

পরিচয় ডেস্ক: কিডনি মানুষের দেহের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঙ্গ। এই অঙ্গটি ঠিকমতো কাজ না করলে নানা সমস্যা তৈরি হয়। তাই কিডনির স্বাস্থ্যের প্রতি খেয়াল রাখতেই হয়। কিন্তু কীভাবে রাখবেন কিডনির খেয়াল? উত্তর হলো, সহজলভ্য এবং সস্তার কিছু খাবার রয়েছে যা কিডনিকে সুস্থ রাখে।

চিকিৎসা বিজ্ঞান জানাচ্ছে, কিডনি হলো দেহের ছাঁকনি। এই অঙ্গটির মাধ্যমেই রেচন কার্য সম্পূর্ণ হয়। কিডনি ক্ষতিকারক সব পদার্থ দেহ থেকে বের করে দেয়। এটাই এর মূল কাজ। এছাড়া এই অঙ্গটি বিভিন্ন হরমোন তৈরি করে। সেই হরমোন দেহের নানাবিধ কাজে অংশগ্রহণ করে।

আবার ব্লাড প্রেশার নিয়ন্ত্রণেও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে কিডনি। তবে ডায়াবেটিস, ব্লাড প্রেশারের মতো অসুখ এবং মানুষের জীবনযাত্রা, খাদ্যাভ্যাসের ভুলত্রুটি কিডনিকে সমস্যায় ফেলছে। হচ্ছে কঠিন কিছু অসুখ। এই তালিকায় ক্রনিক কিডনি ডিজিজ বা সিকেডি রয়েছে।


তাই গুরুত্বপূর্ণ এই অঙ্গটিকে বিভিন্ন অসুখ থেকে বাঁচতে অবশ্যই এই সস্তার খাবারগুলো পাতে রাখতেই হবে। চলুন তবে জেনে আসি সেই খাবারগুলো সম্পর্কে।

## পর্যাপ্ত পানি পান

আমরা গ্রীষ্মপ্রধান দেশে বাস করি। তাই এপ্রিল পড়তেই ঘরের বাইরে পা দিলে গলদঘর্ম অবস্থা। এই পরিস্থিতিতে আপনি যদি পর্যাপ্ত পরিমাণে পানি পান না করেন, তাহলে গুরুতর সমস্যা তৈরি হতে পারে। এমনকি কিডনির ক্ষতি হয়। তাই এই সময় পানি পান বাড়ান। পর্যাপ্ত পরিমাণে পানি পান করলেই কিডনি নিজের কাজ ঠিকমতো করতে পারে। এক্ষেত্রে দিনে অন্তত্পক্ষে তিন লিটার পানি পান করুন। যেহেতু রমজান মাস চলছে, যারা রোজা রাখেন তারা ইফতার ও সেহরির সময়ে বেশি করে পানি এবং পানি জাতীয় ফল খাওয়ার চেষ্টা করুন।

## মিষ্টি আলু

আমাদের দেশে পর্যাপ্ত পরিমাণে মিষ্টি আলু চাষ হয়। বাজারে দামেও সস্তা। সস্তা হলেও *বাকি অংশ ৩০ পৃষ্ঠায়*




# ভুলে যাওয়ার রোগ ডিমেনশিয়া


পরিচয় ডেস্ক: আপনার পরিবারের প্রবীণ সদস্যের আচরণে পরিবর্তন এসেছে এবং তিনি দিনের কথা দিনেই ভুলে যাচ্ছে এরকম মনে হচ্ছে কি? এই সমস্যাটির নাম ডিমেনশিয়া।

ডিমেনশিয়া কী, এর লক্ষণ, প্রতিরোধ, চিকিৎসা ও সচেতনতা সম্পর্কে বিস্তারিত জেনে নিন ঢাকার জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালের সহযোগী অধ্যাপক ডা. হেলাল উদ্দিন আহমেদের কাছ থেকে।

ডিমেনশিয়া কী

ডিমেনশিয়া মস্তিষ্কের একটি ক্ষয়জনিত রোগ। এ রোগে মানুষের বুদ্ধিবৃত্তি, স্মৃতিশক্তি এবং ব্যক্তিত্বের ধরন পরিবর্তন হয়ে যায়। সাধারণত ৬৫ বছর বয়সের পর ডিমেনশিয়া সমস্যাটি শুরু হয় বলে জানান ডা. হেলাল উদ্দিন।

অনেক ধরনের ডিমেনশিয়া রয়েছে, যার মধ্যে আলঝেইমার্স ডিজিজ সবচেয়ে *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*



# দিনে কতটা পানি পান করা উচিত?

পরিচয় ডেস্ক: আপনি ক্লান্ত থাকুন বা আপনার ত্বক শুষ্ক হোক এক্ষেত্রে নিরাময় হিসেবে আপনাকে সম্ভবত আরো পানি পান করতে বলা হয়েছে। কিন্তু এটি কতটা সঠিক পরামর্শ?

বিশেষজ্ঞরা বলছেন যে কেউ যদি সবসময় নিজের সাথে পুনঃব্যবহারযোগ্য পানির বোতল বহন করেন তাহলে অভ্যাসবশত দেখা যায় তিনি তার শরীরের প্রয়োজনের চেয়ে বেশি পানি পান করছেন। এক সময় মানুষকে বিশুদ্ধ পানির অভাবে তৃষ্ণা নিয়ে বাঁচতে হয়েছে।

তবে বিশেষজ্ঞরা মনে করেন এখন এমন সময় এসেছে যে মানুষ প্রয়োজনের তুলনায় বেশি পানি পান করে। সেটা বোতলজাত পানি বিক্রি বেড়ে যাওয়া থেকেই আন্দাজ করা যায়। বেশি বেশি পানি পানের আরেকটি বড় কারণ পানি সংক্রান্ত বিভিন্ন তথ্য ছড়ানো।

যেমন: প্রতিদিন বেশি বেশি পান করা সুস্বাস্থ্য, শক্তি এবং ত্বকের উজ্জ্বলতা ধরে রাখার গোপন রহস্য, বেশি বেশি পানি খেলে ওজন কমবে এবং ক্যান্সারের ঝুঁকি হ্রাস পাবে। পানির চাহিদা পূরণে ৮*৮ নিয়মটি বেশ জনপ্রিয়। এর মানে প্রতিদিন আটবার পানি পান করা এবং প্রতিবার ২৪০ মিলিলিটার পানি গ্রহণ।

এতে সারাদিনে দুই লিটারের মতো পানি খাওয়া হয়। তবে এই নিয়মকে বিজ্ঞান সমর্থন করে *বাকি অংশ ৩০ পৃষ্ঠায়*

# রান্নাবান্না

## চিংড়ির কোরমা



পরিচয় ডেস্ক: কোরমা মানেই ভিন্ন স্বাদ। মাংস, ডিম, সবজি কিংবা বিভিন্ন মাছ দিয়েও তৈরি করা যায় সুস্বাদু কোরমা। ঝটপট এর কোনো পদ তৈরি করতে চাইলে বেছে নিন চিংড়ি। চিংড়ি পছন্দ করেন না, এমন লোক হাতে গোনা। কারও পছন্দ গরম তেলে ভাজা কড়কড়ে কুচো চিংড়ি, কারও আবার শুকনা চিংড়ির বালাচাও। একেক ধরনের চিংড়ির বৈশিষ্ট্য একেক রকম, সেই অনুযায়ী রান্নার পদও হয় আলাদা। তবে পোলাওয়ের সঙ্গে নানান পদের কোরমা হলে জমে বেশ।

পোলাওয়ের সঙ্গে খেতে পারেন চিংড়ির কোরমাও। এদিকে চিংড়ি দিয়ে যেকোনো খাবারই তৈরি করা যায় দ্রুত। কেমন হয় যদি ঝটপট চিংড়ির কোরমা তৈরি করে ফেলেন? বাড়িতে হঠাৎ অতিথি এলে কিংবা খুব অল্প সময়ে কিছু রান্না করতে চাইলে চিংড়ির কোরমা করতে পারেন। চলুন জেনে নেওয়া যাক চিংড়ির সুস্বাদু কোরমা রেসিপি:

উপকরণ : মাঝারি মাপের চিংড়ি ১৪/১৫টি, দই ১৫০ গ্রাম, আদা বাটা ১/২ চা চামচ, রসুন বাটা ১ চা চামচ, হলুদ গুঁড়া ১/৪ চা চামচ, ধনিয়া গুঁড়া চা চামচ, পোস্ত বাটা ১ বড় চামচ, কাজুবাদাম বাটা ১ বড় চামচ, কাঁচা মরিচ ৪/৫টি, ধনিয়াপাতা কুচি পরিমাণমতো ও ঘি অথবা তেল ২ টেবিল চামচ।

প্রণালি : একশো গ্রাম দই, আদা, রসুন বাটা, হলুদ গুঁড়া এবং সামান্য লবণ দিয়ে চিংড়ি মাছ মেখে রাখুন কিছুক্ষণ। এরপর রান্নার কড়াইতে ঘি অথবা তেল দিন। গরম হলে কাজুবাদাম, ধনিয়া, পোস্তবাটা দিয়ে হালকা বাদামি করে ভেজে চিংড়ি মাছ মাখাটা দিন। সঙ্গে দিন কাঁচা মরিচ ও লবণ। এবার দু চামচ দই ফেটিয়ে মিশিয়ে দিন। ৫/৭ মিনিট রান্না করুন। পরিবেশন করার আগে ধনিয়াপাতা কুচি আর কাজু কুচি ওপরে ছাড়িয়ে দিন।

## মুরগির মাংসের তেহারি



পরিচয় ডেস্ক: বাড়িতে ঝটপট তেহারি রান্না করতে চাইলে বেছে নিতে পারেন মুরগির মাংসের তেহারি। এটি খেতে সুস্বাদু আবার তৈরি করতে সময়ও লাগে কম।

তৈরি করতে যা লাগবে : মুরগির মাংস- দেড় কেজি, চাল- ১ কেজি, আদা বাটা- ১ টেবিল চামচ, রসুন বাটা- ১ টেবিল চামচ, পেঁয়াজ বাটা- আধা কাপ, হাড় ছাড়া মুরগির মাংসের কিউব- ২ টুকরা, কাঁচা মরিচ- ১৪-১৫টা, সাদা গোলমরিচ- আধা চা চামচ, সয়াবিন তেল- ১ কাপ, লবণ- পরিমাণমতো, দারুচিনি- এলাচ ৪টি করে,টক দই- ১ কাপ, কেওড়ার পানি- ২ টেবিল চামচ,দারুচিনি, এলাচ, জায়ফল ও জয়ত্রি গুঁড়া- ২ চা চামচ।

যেভাবে তৈরি করবেন : জায়ফল, জয়ত্রি, এলাচ, দারচিনি, গোলমরিচ হালকা ভেজে গুঁড়ো করে রাখতে হবে। মুরগি আদা, রসুন, পেঁয়াজ, লবণ, দই ও পাঁচটি কাঁচা মরিচ দিয়ে ১০ মিনিট ম্যারিনেট করে রাখতে হবে। পাত্রে আধা কাপ তেল দিয়ে মাখানো মুরগি মাঝারি আঁচে রান্না করতে হবে। মুরগির পানিতেই মুরগি সেদ্ধ হবে। যদি প্রয়োজন হয় তবে পানি দিতে হবে। পানি শুকিয়ে তেলের ওপর উঠলে গুঁড়া মসলা দিয়ে নেড়ে নামিয়ে ঢেকে রাখতে হবে। হাঁড়িতে চালের দেড় গুণ পানি ফুটিয়ে এলাচ, দারুচিনি বাটা আধা কাপ তেল, লবণ মাংসের কিউব ও ১০ মিনিট আগে ভেজানো চাল দিয়ে নেড়ে দিতে হবে। পানি ও চাল সমান হলে অল্প আঁচে দমে বসিয়ে কাঁচা মরিচ দিতে হবে। ১০ মিনিট পর রান্না করা মুরগি পোলাওর ওপর দিয়ে কাঠের চামচ দিয়ে ভালোভাবে মিশিয়ে ওপরে কেওড়াজল ছিটিয়ে দিতে হবে। ১৫ মিনিট দমে রেখে নামিয়ে পরিবেশন করতে হবে।

জ্যাকসন হাইটসে বাঙালি খাবারের সেরা রেঁস্তোরা



সীমিত আসন, টেকআউট, ক্যাটারিং এবং ডেলিভারীর জন্য খোলা



ইত্যাদি
Ittadi
ITTADI GARDEN & GRILL
73-07 37th Road Street, Jackson Heights
NY 11372, Tel: 718-429-5555

পরিচয় ডেস্ক: নারিকেলের দুধ ব্যবহার করলে খাবারের স্বাদ আরও বেড়ে যায়। তাই বলে সব খাবারের সঙ্গে কিন্তু নারিকেলের দুধ ব্যবহার করা যায় না। বিভিন্ন ধরনের কোরমা রান্নায় আপনি নিশ্চিন্তে ব্যবহার করতে পারবেন নারিকেলের দুধ। ইলিশ মাছের কোরমা তৈরিতে নারিকেলের দুধ ব্যবহার করতে পারেন। এর স্বাদে আপনি মুগ্ধ হয়ে যাবেন। ঝরঝরে পোলাওয়ের সঙ্গে এই কোরমা খেতে বেশ লাগে।

তৈরি করতে যা লাগবে : ইলিশ মাছ- ৬ টুকরা, পেঁয়াজ বাটা- ১-৩ কাপ, আদা বাটা- ১ টেবিল চামচ, রসুন বাটা- ১ টেবিল চামচ, চিনি- ১ চা চামচ, কাঁচা মরিচ- ৪-৫টি, লবণ- স্বাদমতো, তেল- আধা কাপ, লেবুর রস- ১ চা চামচ, নারিকেলের দুধ- আধা কাপ, টেস্টিং সল্ট- কোয়ার্টার চা চামচ, জায়ফল ও জয়ত্রী গুঁড়া- কোয়ার্টার চা চামচ, টক দই- আধা কাপ, জিরা গুঁড়া- আধা চা চামচ, এলাচ ও দারুচিনি- তিনটি করে. কেওড়া জল- কোয়ার্টার চা চামচ।

যেভাবে তৈরি করবেন : মাছের টুকরাগুলো ভালো করে ধুয়ে নিন। কড়াইয়ে তেল গরম করে এলাচ, দারুচিনি ভেজে পেঁয়াজ বাটা হালকা ভেজে নিন। এর পর আদা-রসুন বাটা ও জিরা গুঁড়া ও লবণ দিয়ে মসলা ভালো করে ভেজে নিন। এবার দই, কাঁচামরিচ, স্বাদমতো লবণ ও চিনি দিয়ে কিছুক্ষণ কষিয়ে নিন। ইলিশ মাছ দিয়ে নেড়ে নারিকেলের দুধ ও জায়ফল-জয়ত্রী গুঁড়া এবং কেওড়া জল দিয়ে মৃদু আঁচে ঢেকে দিন। ১০ মিনিট রান্না করে মাছ মাখা মাখা হয়ে এলে লেবুর রস দিয়ে নামিয়ে পরিবেশন করুন।



## নারিকেল দুধে ইলিশ মাছের কোরমা



## মটরশুঁটির ভুনা খিচুড়ি

পরিচয় ডেস্ক: খিচুড়ি খেতে ভালোবাসেন না এমন বাঙালির সংখ্যা কমই হবে। বিভিন্ন উপলক্ষে আমরা খিচুড়ি রেঁধে খাই। এমনকী বৃষ্টি হলেও চুলায় খিচুড়ি চাপিয়ে দিই। শুধু কি বৃষ্টির দিন? শীতের এই সময়েও খিচুড়ির আবেদন একটুও কমে না।

সবুজ রঙের মটরশুঁটি নানা পুষ্টিগুণে ভরা। এতে উপস্থিত অ্যান্টিইনফ্লামেটরি ও অ্যান্টিঅক্সিড্যান্ট উপাদান শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। মটরশুঁটির অ্যান্টিইনফ্লামেটরি উপাদান শরীরের টক্সিন দূর করে ক্যান্সারের ঝুঁকিও কমাতে কাজ করে।


মটরশুঁটি খেলে তা রক্তে খারাপ কোলেস্টেরল জমতে দেয় না। যে কারণে হৃদরোগ থেকে দূরে থাকা সহজ হয়। উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণেও এর ভূমিকা রাখে মটরশুঁটি। এসময় আপনার খাবারের তালিকায় মটরশুঁটি যোগ করুন।

তৈরি করতে যা লাগবে : পোলাওয়ের চাল- ৪ কাপ, মটরশুঁটি- ১ কাপ, ভাজা মুগডাল- ২ কাপ, পেঁয়াজ কুচি- আধা কাপ, আদা বাটা- ১ টেবিল চামচ, রসুন বাটা- আধা টেবিল চামচ, হলুদ গুঁড়া- ১ চা চামচ, জিরা গুঁড়া- ১ চা চামচ, কাঁচা মরিচ- ১০টি, এলাচ- ৫টি, দারুচিনি- ৪ টুকরা, তেজপাতা- ৪টি, লবঙ্গ- ৫টি

আস্ত কালো গোলমরিচ- ৫টি, লবণ- ১ চা চামচ,ঘি- আধা কাপ, তেল- ১ কাপের চার ভাগের এক ভাগ, গরম পানি- ১২ কাপ।

যেভাবে তৈরি করবেন : মুগডাল ভেজে ধুয়ে ভিজিয়ে রাখুন দুই ঘণ্টা। চাল ধুয়ে ৩০ মিনিট ভিজিয়ে নিন। এবার ডাল ও চাল থেকে পানি ঝরিয়ে নিন। সসপ্যানে ঘি ও তেল একত্রে ঢেলে গরম করে তাতে পেঁয়াজ কুচি ও তেজপাতা দিয়ে ভাজুন। বাদামি রং হলে এর মধ্যে আদা, রসুন বাটা, গুঁড়া মসলা ও গরম মসলা দিন। এরপর ২ টেবিল চামচ পানি দিয়ে কষিয়ে নিন।

এবার কষানো মসলায় ডাল, চাল ও মটরশুঁটি দিয়ে ৭ থেকে ৮ মিনিট ভেজে বাকি গরম পানি ও লবণ দিয়ে নেড়ে ঢেকে দিন। চাল পানি সমান সমান হয়ে গেলে কাঁচা মরিচ দিয়ে আবার নেড়ে ঢেকে দিন। হাঁড়ির নিচে একটি তাওয়া দিয়ে তার ওপর হাঁড়ি বসিয়ে মৃদু আঁচে ২০ মিনিট রেখে দিন। নামিয়ে গরম গরম পরিবেশন করুন।


ঘরোয়া স্পেশাল কাচ্চি বিরিয়ানি

সুস্বাদু খাবারের ঘরোয়া আয়োজন

G HALAL
Ghoroa
Sweets & Restaurant
the taste of home
www.ghoroa.com, email: ghoroa@yahoo.com
Jamaica Location:
168-41 Hillside Avenue,
Jamaica, NY 11432,
Tel: 718-262-9100
718-657-1000
Brooklyn Location:
478 McDonald Ave,
Brooklyn, NY 11218
Tel: 718-438-6001
718-438-6002

## এক দশকে বাংলাদেশের গবাদিপশুর

১০ পৃষ্ঠার পর

লাঙ্গল, জোয়াল, মই ও হালের গরুর। কৃষি অর্থনীতির এ বাহনটি জৌলুস হারালেও কমেনি গোমাংসের চাহিদা। তাই তো গৃহস্থের গোয়াল থেকে গরুর স্থান এখন খামারে। বিদেশফেরত শুক্কুর আলী কয়েক বছর আগে একটি গাভি নিয়ে যাত্রা শুরু করেন। এখন তার খামারে ছোট-বড় মিলিয়ে ৭টি গরু রয়েছে। এদের নিয়েই সুদিনের স্বপ্ন দেখেন তিনি।

শুক্কুর আলী বলেন, ‘প্রতিদিন ৩ হাজার টাকার দুধ বিক্রি করি। অর্ধেক টাকা দিয়ে গরুর খাবার কিনতে হয়। বাকি টাকা দিয়ে আমার সংসার চলে যায়। আর বছর শেষে ভালো দামে গরুও বিক্রি করা যায়।’

দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে গরু পালন ব্যবসা। স্থাপন হচ্ছে আধুনিক খামার। এই যেমন, দুই একর জায়গা নিয়ে ঢাকার কেরানীগঞ্জে ফিট অ্যান্ড ফ্রেশ এগ্রো গড়ে উঠেছে। যেখানে ২০১৬ সালে পরীক্ষামূলকভাবে ২টি গরু নিয়ে খামার শুরু হলেও এখন সেখানে ৬শ’র বেশি গরু রয়েছে।

গবাদি পশুর দুধ ও মাংসের উৎপাদন বাড়াতে দেশি গরুকে উন্নত জাতের বীজ দেয়া হয়, জন্ম নেয় সংকর জাতের গরু। যাদের কয়েক ধাপে মোটাতাজা করা হয়। শুধু ঢাকার কেরাণীগঞ্জ উপজেলায় ছোট-বড় মিলিয়ে দুই হাজার খামার রয়েছে। আর সারাদেশে গবাদিপশুর খামারের সংখ্যা প্রায় ১০ লাখ।

প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১০ বছরের ব্যবধানে দেশে গবাদিপশুর সংখ্যা বেড়েছে ৪৪ লাখ। অন্যদিকে দশ বছর আগে মাংস উৎপাদন ছিল ৪৫ লাখ টন, এখন সে পরিমাণ ৮৭ লাখ টন। সে হিসাবে এক দশকে দেশে মাংস উৎপাদন ৪২ লাখ টন বেড়েছে। অর্থাৎ পশুর সংখ্যার চেয়ে বেশি বাড়ছে পশুর মাংস উৎপাদনের পরিমাণ। যার বড় অংশই গরু থেকে আসছে।

পশু পালনের অন্যতম চ্যালেঞ্জ জমির স্বল্পতা। তাই পশুর সংখ্যা সীমিত রেখেই জাত উন্নয়নের মাধ্যমে কয়েকগুণ দুধ ও মাংস উৎপাদন বাড়াতে উদ্যোগ নিচ্ছে সরকার। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশকে তিন হাজার ৮৮৫ কোটি টাকার ঋণ সহায়তা দিয়েছে বিশ্বব্যাংক।

প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের প্রধান কারিগরি সমন্বয়ক ড. গোলাম রাব্বানী বলেন, ‘নিরাপদ প্রাণিজ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাত, বিপণন এবং উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি, মাংসের উৎপাদন বাড়াতে গুরুত্ব দেয়া হচ্ছে।’

এতো চেষ্টা, বাড়তি উৎপাদনসহ নানা সূচকে এগিয়ে থাকলেও বাজারে তার প্রভাব নেই। বেশি দামেই গরুর মাংস কিনতে হয় ভোক্তাদের। বিশেষজ্ঞরা এক্ষেত্রে জোর দেন উৎপাদন খরচ কমানো ও মাংসের পরিমাণ বৃদ্ধির ওপর। ভুষি, খৈল, চিটাগুড়, লবণ-ভিটামিন মিশ্রণসহ একটি সুষম খাদ্য তালিকা মেনে চলা জরুরি। তবে দানাদার খাবারের চেয়ে আঁশজাতীয় খাবার বেশি স্বাস্থ্যসম্মত। কাঁচা ঘাস খাওয়ালে খরচও কম হয়।

জনবহুল দেশে মানুষের খাবার উৎপাদনের প্রতিযোগিতায় গবাদিপশুর জন্য ৭০ শতাংশ ঘাস উৎপাদন করা বড় চ্যালেঞ্জ। তাই সাধারণ ঘাস চাষ না করে অধিক উৎপাদনশীল ঘাস, ভুট্টা ও সাইলেজের চাষাবাদ বাড়লে, কমবে পশুর উৎপাদন খরচ। তখনই কম দামে মাংস সরবরাহ সম্ভব হবে। তবে মধ্যস্বত্তভোগীদের প্রভাব কাটিয়ে বিক্রি নিশ্চিত করাটা এক্ষেত্রে জরুরি বলে মনে করেন খামারি ও ভোক্তারা। ঢাকা টাইমস

## দুই চাপে বাংলাদেশের অর্থনীতি

১০ পৃষ্ঠার পর

প্রবৃদ্ধি হয়েছে ১৪ দশমিক ৫০ শতাংশ। এমনকি চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে এ খাতে প্রবৃদ্ধি হয়েছে ৯ দশমিক ৬৩ শতাংশ।

চলতি অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে উৎপাদনে প্রবৃদ্ধি কমেছে শূন্য দশমিক ৪৫ শতাংশ। অন্যদিকে জিডিপির অর্ধেক অবদান রাখা সেবা খাত ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে ৩ দশমিক শূন্য ৬ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে, যা গত অর্থবছরের একই সময়ে ৬ দশমিক ৬২ শতাংশ বেড়েছে।

তবে অক্টোবর-ডিসেম্বর সময়ে কৃষি উৎপাদন বেড়েছে ৪ দশমিক ৬৫ শতাংশ, যা আগের বছর ছিল ৪ দশমিক ২২ শতাংশ।

অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন, কেন্দ্রীয় ব্যাংকের বিধিনিষেধের কারণে আমদানি আরও কঠিন হয়ে পড়ায় উৎপাদন খাতের প্রবৃদ্ধি কমে যেতে পারে। যন্ত্রপাতি আমদানি করতে না পারলে উৎপাদনের গতি ধরে রাখা কঠিন।

তিনি বলেন, দেশের উৎপাদন খাত রপ্তানিমুখী এবং অভ্যন্তরীণ-উভয়মুখী। তিনি বলেন, মানুষের ক্রয়ক্ষমতা কমে যাওয়ায় চাহিদার অভাবে দেশীয় বাজারে উৎপাদন কমেছে। জাহিদ অর্থনৈতিক প্রবৃদ্ধির সামগ্রিক পতনের পেছনে তিনটি কারণ চিহ্নিত করেছেন: সামষ্টিক অর্থনৈতিক অব্যবস্থাপনা, আমদানি বিধিনিষেধ এবং দুর্দশাগ্রস্ত আর্থিক খাত। তিনি বলেন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা না যাওয়ায় সামষ্টিক অর্থনৈতিক অব্যবস্থাপনা প্রকট হয়ে উঠেছে, যার ফলে মানুষের ক্রয়ক্ষমতা কমে গেছে। এছাড়া বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংকটের কারণে আমদানি সীমিত করতে হয়েছে উল্লেখ করে তিনি বলেন, বৈদেশিক মুদ্রার বাজার ব্যবস্থাপনা সঠিক না হওয়ায় এ ধরনের সংকট কাটিয়ে ওঠা সম্ভব হচ্ছে না। এছাড়া ভালো ঋণগ্রহীতারা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ পান না। পরিবর্তে, ঋণখেলাপিরা ঠিকই তাদের প্রয়োজন অনুযায়ী সেটি পাচ্ছেন, তিনি বলেন। সেন্টার ফর পলিসি ডায়ালগের সম্মানীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানও একই কথা বলেন। তিনি বলেন, উচ্চ মুদ্রাস্ফীতি, কম বিনিয়োগ এবং আমদানি বিধিনিষেধ দেশের অর্থনীতিতে বিশেষ করে উৎপাদন ও সেবা খাতের ওপর বিরূপ প্রভাব ফেলেছে। তিনি বলেন, 'অর্থনৈতিক প্রবৃদ্ধির শ্লথগতির পেছনে বাইরের কারণের চেয়ে দেশীয় কারণই বেশি দায়ী।'

তিনি আরও বলেন, দেশের রপ্তানি এবং অভ্যন্তরীণ রেমিট্যান্স কিছুটা ঘুরে দাঁড়াচ্ছে, তবে মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা বৃদ্ধি বাংলাদেশের অর্থনৈতিক চাপকে আরও বাড়িয়ে তুলতে পারে।

ইতোমধ্যে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম বাড়তে শুরু করেছে। জ্বালানি তেলের দাম বাড়লে শিপিং খরচসহ অন্যান্য পণ্যের দামও বাড়বে, বলেন তিনি। তিনি বলেন, উত্তেজনা কতদিন থাকবে তার ওপর বাংলাদেশের অর্থনীতি কতটা ক্ষতিগ্রস্ত হবে তা নির্ভর করছে। এ প্রেক্ষাপটে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ সরকারকে পদক্ষেপ জোরদার করতে হবে এবং বিনিয়োগ উৎসাহিত করতে হবে।রেজাউল করিম বায়রন / ডেইলি ষ্টার

## ইরান-ইসরায়েল উত্তেজনায় বিশ্ববাজারে

১০ পৃষ্ঠার পর

সরবরাহে ব্যাঘাত ঘটতে পারে এমন আশঙ্কায় শুক্রবার জ্বালানি তেলের দাম ব্যারেলপ্রতি ৩ মার্কিন ডলার পর্যন্ত বেড়ে গেছে।

ইরানে হামলার পর শুক্রবার আন্তর্জাতিক বেঞ্চমার্ক ব্রেন্ট ক্রুডের দাম ২.৬৩ ডলার বা ৩ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি ৮৯.৭৪ ডলারে বিক্রি হচ্ছে। অন্যদিকে আমেরিকান বেঞ্চমার্ক ওয়েস্ট টেক্সেস ইন্টারমিডিয়েট বা ডব্লিউটিআই ক্রুডের দাম ২.৫৬ ডলার বেড়ে ব্যারেলপ্রতি ৮৪.৬৬ ডলারে পৌঁছেছে।

এদিন সকালে মার্কিন সম্প্রচারমাধ্যম এবিসি নিউজ জানিয়েছে, ইরানের একটি লক্ষ্যবস্তুতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইসরায়েল। পরে ইরানের সরকারি গণমাধ্যম বলেছে, দেশটির নিরাপত্তা বাহিনী কয়েকটি ড্রোন ধ্বংস করেছে। ইসরায়েলে ইরানের হামলার কয়েক দিন পরই এই পাল্টা হামলা চালিয়েছে ইসরায়েল। ইরানের বার্তা সংস্থা ফারস জানিয়েছে, মধ্যাঞ্চলের শহর ইস্পাহানের একটি সেনাঘাঁটির কাছাকাছি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। ইরানের এক কর্মকর্তা রয়টার্সকে বলেছেন, এটা কোনো ক্ষেপণাস্ত্র হামলা নয়। ইরানের প্রতিরক্ষাব্যবস্থা সক্রিয় হওয়ার কারণেই এই বিস্ফোরণের ঘটনা ঘটেছে। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে বলা হয়েছে, মধ্যরাতের একটু পরেই ইস্পাহানের আকাশে তিনটি ড্রোন দেখা যায়। সঙ্গে সঙ্গে আকাশ প্রতিরক্ষাব্যবস্থা সক্রিয় করা হয়। আর এর ফলে ড্রোনগুলো আকাশেই ধ্বংস করে ফেলা হয়। গত ১ এপ্রিল ইরানের কনস্যুলেটে ইজরায়েলি হামলার পর আন্তর্জাতিক বাজারে তেলের দাম বাড়তে শুরু করে। ইসরায়েলের হামলার প্রতিশোধ নিতে শনিবার (১৩ এপ্রিল) ইসরায়েলে নজিরবিহীন ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইরান। ইসরায়েলও পাল্টা হামলা চালাতে পারে এই আশঙ্কায় শুক্রবার (১৯ এপ্রিল) বৈশ্বিক বেঞ্চমার্কে প্রতি ব্যারেল ক্রুড তেলের দাম উঠেছিল ৯২.১৮ ডলারে। যা অক্টোবরের পর থেকে সর্বোচ্চ। ইরান ও ইসরায়েল যদি পাল্টাপাল্টি হামলা চালাতে থাকে তাহলে পরিস্থিতি জটিল আকার ধারণ করবে। ইরান ইসরায়েল সংঘাত হলে বিশ্বব্যাপী জ্বালানি তেলের সরবরাহ ব্যাপকভাবে বিঘ্নিত হবে।

বিশ্বে প্রতিদিন যে জ্বালানি তেলের চাহিদা রয়েছে তার বেশিরভাগ সরবরাহ হয় মধ্যপ্রাচ্য থেকে। ইরান নিজেও একটি বৃহৎ জ্বালানি তেল সরবরাহকারী দেশ। মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ থেকে বিশ্ববাজারে যে জ্বালানি তেল সরবরাহ হয়ে থাকে তার একটি বিরাট অংশ যায় ইরানের নিয়ন্ত্রণাধীন এবং এর পার্শ্ববর্তী জলপথ দিয়ে। ইরান ইসরায়েল সংঘাত হলে এসব সরবরাহ চ্যানেল বন্ধ করে দেবে ইরান। ফলে বিশ্বব্যাপী জ্বালানি তেলের সরবরাহ ব্যাপকভাবে বিঘ্নিত হবে। ইরান ও ইসরায়েল পাল্টাপাল্টি হামলা চালাতে থাকলে দেশ দুটি মুখোমুখী সংঘর্ষে জড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। তেমনটি ঘটলে সমগ্র অঞ্চলে সেই সংঘাত ছড়িয়ে পড়তে পারে বলেও আশঙ্কা প্রকাশ করছেন অনেকে। খবর রয়টার্সের


কলাম্বিয়া ইউনিভার্সিটি ল’ গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্ক- এর বিভিন্ন ল’ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



**অশোক কুমার কর্মকার**
**এ্যাটর্নী এ্যাট ল’**

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি ও আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ সরাসরি গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার L Visa’র সুবিধা নিতে পারেন এবং দু’বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্রাক্টিস, ডিভোর্স, পারিবারিক, লিগালাইজেশনসহ সকল ধরণের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম - শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারেন।
- আপনার সম্পত্তি ব্যাবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

**Law Offices of Ashok K. Karmaker, P.C.**

**Queens Main Office:**
143-08 Hillside Avenue, Jamaica, NY 11435, Tel: (212) 714-3599, Fax: (718) 408-3283, ashoklaw.com

**Bronx Office: Karmaker & Lewter, PLLC**
1506 Castlehill Avenue, Bronx, NY 10462, Tel: (718) 662-0100, ashok@ashoklaw.com

**Dhaka Office: US-Bangladesh Global Law Associates, Ltd.**
Dream Apartments, Apt. C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711


CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA
আপনি কি
ট্যাক্স ও অডিট নিয়ে চিন্তিত?
আপনার ব্যক্তিগত,
ব্যবসায়িক ট্যাক্স ও
অডিট সংক্রান্ত
যাবতীয় প্রয়োজনে
আমাদের দক্ষ সেবা নিন
২০ বছরের অভিজ্ঞতা
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
AUTHORIZED IRS e-file PROVIDER
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com


যেসব বিষয়ে পরামর্শ দিই
ASYLUM Cases
Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
PERM Labor Certification (Employment based Green Card)
Family Petition
Deportation
Cancellation of Removal
Visas for physicians, nurses, extra-ordinary ability cases
Appeals
All other immigration matters
Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law
ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে
বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী
ডিটেইনির মামলা পরিচালনা করছি।
আপনাদের সুবিধার্থে আমাদের
বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214
Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com
C&A
CHHETRY & ASSOCIATES P.C.
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116


York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business
Zakir H. Chowdhury
President
Now Hiring Sales Persons
Free Training (Free course fees for selected people)
Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372


DEBNATH ACCOUNTING INC.
SUBAL C DEBNATH, MAFM
MS in Accounting & Financial Management, USA
Concentration: Certified Public Accounting (CPA)
Member of National Directory of Registered Tax Professional.
Notary Public, State of New York
NOTARY PUBLIC
TAX FILING
NOTARY PUBLIC
IMMIGRATION
TRAVEL SERVICES
AUTHORIZED e-file PROVIDER
37-53, 72nd Street
Jackson Heights, NY 11372
E-mail: subalcdebnath@yahoo.com
Ph: (917) 285-5490
OPEN 7 DAYS A WEEK


JAMAICA HALAL WINGS
• PIZZA • CHICKEN • BURGER
حلال
HALAL
100% Quality Food
HERO-GYRO-BURGERS
SEAFOOD-SALADS
আমরা ৭ দিন। ২৪ ঘন্টা খোলা
আমরা ক্যাটারিং এবং ডেলিভারী করে থাকি
Call for Pickup
347-233-4709
Get your order delivered!
GRUBHUB UBER eats DOORDASH
PayPal
JAMAICA HALAL WINGS
167-19 Hillside Avenue, Jamaica, NY 11432

## ক্যান্সার নিরাময় সম্ভব

২২ পৃষ্ঠার পর

ভেরিফায়েড হয়। সি.বি.সি.তে সমস্যা থাকলে সঙ্গে সঙ্গে পেরিফেরাল ব্লাড ফিল্ম বা পি.বি.এফ. করে আরো ভালো ধারণা পাওয়া যায় যা কিনা রক্তরোগ বিশেষজ্ঞ বা হেমাটোলজিস্টরাই সবচেয়ে ভালো দেখে থাকেন। প্রতি বছর একটি ভালো জায়গা থেকে সিবিসি ও পিবিএফ করার মাধ্যমেই রক্তের ক্যান্সারের রুটিন স্ক্রিনিং করা যেতে পারে। এরপর রক্তের ক্যান্সার প্রাথমিকভাবে ধরা পড়লে একেক ক্যান্সার নিশ্চিত করার জন্য একেক রকমের পরীক্ষার প্রয়োজন হয়। যেমন অ্যাকিউট লিউকেমিয়া শনাক্ত করার জন্য ফ্লো সাইটোমেট্রি একটি অতিগুরুত্বপূর্ণ পরীক্ষা। শুধু ঢাকার কয়েকটি সেন্টার ছাড়া আর কোথাও এ পরীক্ষা হয় না। এছাড়া বোনম্যারো স্টাডি, বোন ম্যারো বায়োপসি বা ট্রিফাইন স্টাডি, রক্তের বিভিন্ন বায়োকেমিক্যাল পরীক্ষা, সর্বোপরি রক্তের সব ধরনের ক্যান্সার সম্পর্কে সঠিক ধারণা পাওয়ার জন্য সাইটোজেনেটিক ও কেরিওটাইপিং খুবই প্রয়োজনীয় টেস্ট। আমাদের দেশে শেষোক্ত এ দুটি পরীক্ষার ব্যাপারে যথেষ্ট ঘাটতি রয়েছে। বেশির ভাগ ক্ষেত্রেই স্যাম্পলগুলো বিদেশে পাঠানো হয়। তবে কিছু কিছু জায়গায় এ পরীক্ষাগুলো এখন শুরু হয়েছে। বিশেষ করে ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন আগারগাঁওয়ে উন্নত পরীক্ষা পদ্ধতি কিছু কিছু চালু হয়েছে এবং শিগগিরই বাকি পরীক্ষাগুলোও চালু হবে বলে আশা করা যাচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে নেক্সট জেনারেশন সিকোয়েন্সিং যা কিনা সারা বিশ্বের ক্যান্সার ধরার ক্ষেত্রে সবচেয়ে উত্তম ও কার্যকর পরীক্ষা। এছাড়া রক্তের লিম্ফোমা ক্যান্সার সুনিশ্চিত করার জন্য ভালো বায়োপসি ও ইমিউনোহিস্টোকেমিস্ট্রি খুবই গুরুত্বপূর্ণ। আমাদের দেশে অনেক জায়গায়ই ইমিউন কেমিস্ট্রি হয় কিন্তু তা খুবই ব্যয়বহুল এবং অনেক ক্ষেত্রেই রিপোর্টিংয়ের মান ভালো হয় না। অনেক সময় শরীরের বাইরের দিকে কোনো লিম্ফনোড পাওয়া না গেলে শরীরের ভেতরের লিম্ফনোড বা সন্দেহজনক টিস্যু থেকে কোর নিডেল বায়োপসি করতে হয় যে ব্যাপারে পারদর্শী বিশেষজ্ঞের এ দেশে যথেষ্ট অভাব রয়েছে।

যেহেতু রক্তের ক্যান্সারও অনেক রকম হয়। একেক রক্তের ক্যান্সারের চিকিৎসা একেক রকম এবং যেহেতু বেশির ভাগ রক্তের ক্যান্সারই প্রাণঘাতী তাই সঠিকভাবে ক্যান্সার শনাক্তকরণ এবং তার স্বরূপ চিহ্নিতকরণসহ শরীরের কতটুকু ক্ষয়ক্ষতি সাধন করেছে সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে না পারলে ক্যান্সারের চিকিৎসা করে কোনো ফায়দা হয় না উপরন্তু অর্থের অপচয় হয়। এ কারণে রক্তের ক্যান্সার শনাক্তকরণ করার পর তার সুনিশ্চিতকরণ এবং সঠিক গাইডলাইন অনুযায়ী উন্নত বিশ্বে যে ধরনের চিকিৎসা ব্যবহার করা হয় তা নিশ্চিত করার মাধ্যমেই রক্তের ক্যান্সার থেকে নিষ্কৃতি পাওয়া সম্ভব। একটি বিষয় আমাদের সবার খেয়াল রাখতে হবে যে প্রায় সব ধরনের ক্যান্সারই নিরাময় করা সম্ভব যদি তা তাড়াতাড়ি শনাক্ত করা যায় এবং সঠিক মাত্রার চিকিৎসা প্রয়োগ করা সম্ভব হয়, কিন্তু আমাদের দেশে বেশির ভাগ ক্ষেত্রেই রোগীদের অসচেতনতা, বিশেষজ্ঞের অভাব, মানসম্পন্ন পরীক্ষার অপ্রতুলতার কারণে রোগের যথাযথ নির্ণয়ে অনেক সময়ক্ষেপণ হয় উপরন্তু আমাদের দেশে চিকিৎসকদের মধ্যে রেফারেল প্র্যাকটিস কম থাকার কারণেও রোগী অনেক হেনস্থা হয়।

### চিকিৎসা

আমরা আগেই বলেছি, একেক রক্তের ক্যান্সারের চিকিৎসা একেক রকম। যে ক্যান্সারের চিকিৎসা যে রকম সর্বজনগ্রাহ্য গাইডলাইন অনুযায়ী সেই চিকিৎসা না দিতে পারলে ওই ক্যান্সার ভালো হওয়া সম্ভব না। ক্যান্সারের চিকিৎসা এমনিতেই ব্যয়বহুল। আমাদের দেশে উপরন্তু চিকিৎসার খরচ রোগীকে নিজেরই বহন করতে হয়। এ দেশে হেলথ ইন্স্যুরেন্সের সুবিধা বা প্র্যাকটিস নেই বললেই চলে। সেহেতু রোগীরা যদি চিকিৎসা খরচ শেষ পর্যন্ত বহন করতে না পারে তাহলে অর্থের অভাবে চিকিৎসার মাঝখানে বন্ধ করার চেয়ে স্ট্যান্ডার্ড খরচের চিকিৎসা শুরু না করাই ভালো। এ ধরনের রোগীদের আত্মীয়স্বজনের সঙ্গে পরামর্শ সাপেক্ষে পেরিয়েটিভ বা ঠেকা কাজ চালানোর মতো চিকিৎসা করা হয় যাতে সে কম কষ্টে, কম খরচে ধীরে ধীরে মৃত্যুবরণ করতে পারে। শুনতে খারাপ লাগলেও এটিই বাস্তবতা। বেঁচে থাকতে কে না চায়। কিন্তু খরচের চিকিৎসা শুরু করে ঘরবাড়ি, ভিটে বিক্রি করে, সুদে ধারকর্য করে, চিকিৎসা শেষ পর্যন্ত সম্পূর্ণ না করার কারণে রোগী মৃত্যুবরণ করলে আর এতে যদি তার পরিবার-পরিজন, ছেলেমেয়ে তার মৃত্যুর পরে পথের ফকির হয়ে যায় তাহলে কার লাভ? সেহেতু চিকিৎসার শুরুতে চিকিৎসকদের এ বাস্তবতাগুলো অবশ্যই মাথায় রাখতে হয়।

ব্লাড ক্যান্সারের চিকিৎসা মূলত কেমোথেরাপি, এছাড়া বিভিন্ন রকমের ইমিউনোথেরাপি রয়েছে। ইমিউনোথেরাপি বা বায়োলজিকস ওষুধগুলোর খরচ অনেক বেশি। যদিও বেশির ভাগ ওষুধই আমাদের দেশে তৈরি হয় এবং এদের মান যথেষ্ট ভালো। এছাড়া কোনো কোনো ক্ষেত্রে রক্তের ক্যান্সার থেকে সম্পূর্ণ ভালো হওয়ার জন্য বোনম্যারো ট্রান্সপ্লান্টেশন প্রতিস্থাপনে প্রয়োজন হয় এটি খুবই ব্যয়বহুল। একটি চিকিৎসা আমাদের দেশে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল রক্ত রোগ বিভাগ ও ঢাকা সিএমএইচসহ কয়েকটি প্রাইভেট সেন্টারে বেশ ভালোভাবেই শুরু হয়েছে। এর মধ্যে এভারকেয়ার হসপিটাল, আজগর আলী হসপিটাল, ইউনাইটেড হসপিটাল উল্লেখযোগ্য।

### পরামর্শের ঠিকানা

পৃথিবীতেই রক্ত রোগ বিশেষজ্ঞ বা হেমাটোলজিস্টরাই রক্তের ক্যান্সারের চিকিৎসা করার ক্ষেত্রে অগ্রবর্তী ভূমিকা পালন করেন। তবে লিম্ফোমাজাতীয় ক্যান্সার রক্ত রোগ বিশেষজ্ঞদের পাশাপাশি ক্যান্সার বিশেষজ্ঞ বা অনকোলজিস্টরাও চিকিৎসা দিয়ে থাকেন। বোনম্যারো ট্রান্সপ্লান্টেশন একটি টিমওয়ার্ক। এতে হেমাটোলজিস্টের পাশাপাশি ব্লাড ট্রান্সফিউশন স্পেশালিস্ট, ইন্টারনাল মেডিসিন স্পেশালিস্ট, ক্রিটিক্যাল কেয়ার স্পেশালিস্টসহ একটি বড় টিমের প্রয়োজন হয়। এ কারণে এর খরচ আকাশছোঁয়া।

ক্যান্সার একটি জীবনঘাতী রোগ হলেও সূচনাতেই রোগটি ধরা পড়লে এবং সঠিক চিকিৎসা করা গেলে বেশির ভাগ ক্ষেত্রেই ক্যান্সার সম্পূর্ণ নিরাময়যোগ্য। আমাদের দেশের যদিও সঠিক তথ্য নেই, কিন্তু অন্যান্য ক্যান্সারের মতো রক্তের ক্যান্সারও দিন দিন বেড়ে যাচ্ছে বলে আমাদের ধারণা। অনেক ক্যান্সারের সঙ্গে পারিবারিক বা বংশগতির যোগসূত্র থাকলেও বেশির ভাগ ক্ষেত্রেই এ ক্যান্সার কেন হচ্ছে তা আমরা জানি না। এ ব্যাপারে আমাদের দেশে কোনো গবেষণা নেই। তবে পরিবেশ দূষণ ও খাদ্যের যথেষ্ট ভেজাল একটি বড় কারণ হতে পারে বলে বিশেষজ্ঞদের দৃঢ় সন্দেহ রয়েছে। তাই নিরাপদ ও পরিমিত খাদ্যাভ্যাস, স্বাস্থ্যসচেতনতা, নিয়মিত ক্যান্সার স্ক্রিনিংই হতে পারে এ রোগ থেকে বেঁচে থাকার উপায়।

ডা. এ যুবায়ের খান সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, হেমাটোলজি বিভাগ ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন অ্যান্ড রেফারেল সেন্টার (এনআইএলএমআরসি), ব্লাড ক্যান্সার ও থেলাসিমিয়া বিশেষজ্ঞ। বণিকবার্তার সৌজন্যে

## ব্লাড ক্যান্সার লিউকেমিয়ায়

২২ পৃষ্ঠার পর

জিনজিভাল হাইপারপ্লাসিয়া তথা মাড়ির আকার বৃদ্ধি পাওয়া লিউকেমিয়ার উল্লেখযোগ্য উপসর্গ।

ক্ষুধামান্দ্য ও ওজন কমে যাওয়া: লিউকেমিয়ার ক্ষেত্রে কিছু ক্যান্সার কোষ হজম প্রক্রিয়াকে (মেটাবোলিজমকে) ক্ষতিগ্রস্ত করে। তাই হঠাৎ দ্রুত ওজন কমে যেতে পারে।

লসিকাগ্রন্থি ফুলে যাওয়া: ঘাড়, বগল ও কুঁচকিতে উল্লেখযোগ্য স্ফীত ও ব্যথাবিহীন লসিকাগ্রন্থি থাকতে পারে।

পেট ভরা বা পেট ফাঁপা অনুভূতি: দীর্ঘ সময় পেট ভরা বা পেট ফাঁপা অনুভূত হলে লিউকেমিয়ার আশঙ্কা থেকে যায়।

বাম পাঁজরের নিচের দিকে ব্যথা: লিউকেমিয়ার ক্ষেত্রে প্লিহা অস্বাভাবিক বড় হয়ে যায়। ফলে বুকের পাঁজরের বাম দিকে ব্যথা হতে পারে।

রাতে ঘাম হওয়া: রাতের বেলায় হুট করে শরীরের তাপমাত্রা বেড়ে যেতে পারে। ফলে প্রচুর পরিমাণে ঘাম হতে পারে। অতিরিক্ত ঘামে শরীর ও বিছানার চাদর ভিজে যেতে পারে।

ত্বকে র‍্যাশ: লিউকেমিয়ার সঙ্গে সম্পৃক্ত র‍্যাশের আকার-আকৃতি যেমনই হোক, এগুলোর মধ্যে একটি অভিন্ন বিষয় রয়েছে। তা হলো এগুলো বিকশিত হয় এবং ছড়াতে থাকে।

অধ্যাপক ডা. এম. এ. খান সিনিয়র কনসালট্যান্ট, হেমাটোলজি অ্যান্ড হেমাটো-অনকোলজি, ল্যাবএইড ক্যান্সার হসপিটাল অ্যান্ড সুপার স্পেশালিটি সেন্টার

## লিভার সুস্থ রাখবেন কীভাবে

২২ পৃষ্ঠার পর

জাতীয় ড্রাগ লিভারের জন্য মারাত্মক ক্ষতি ডেকে আনে।

যেভাবে লিভারের সুস্থতা

লিভারের ফ্যাট কমাতে আগে ওজন কমাতে হবে। এ ছাড়া উচ্চ ক্যালরিযুক্ত খাবার, স্যাচুরেটেড ফ্যাট, পরিশোধিত কার্বোহাইড্রেট, যেমন সাদা পাউরুটি, পাস্তা ও চিনি এড়িয়ে চলতে হবে।

কাঁচা ও আধা সেদ্ধ মাছ-মাংস খাওয়া বাদ দেওয়া উচিত।

প্রতিদিনের খাবারে তাজা ফল, শাকসবজি, লাল চাল ও সিরিয়াল রাখতে পারেন।

রসুন, জাম্বুরা, গাজর, গ্রিন টি, অ্যাভোকাডো, আপেল, অলিভ অয়েল, লেবু, বাঁধাকপি ও হলুদ লিভারের জন্য বেশ উপকারী। নিয়মিত ব্যায়াম বা পরিশ্রম করলে লিভার ভালো থাকবে।


Law Office of Mahfuzur Rahman



Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহ্ফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)
সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)
ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টিডি, এলিমনি।

- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইলস্
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736
JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com




বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
জিন্দাবাদ
কাউন্সিল ২০২৪
সফল ও স্বার্থক হোক
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপি (যুক্তরাষ্ট্র)
নির্বাচনের তারিখ: ২১ শে এপ্রিল ২০২৪ রবিবার
ভোটগ্রহন: দুপুর ১২.০০টা থেকে বিকাল ৪:৩০ মিঃ
স্থান: Five Star Banquet
13-05 43rd Avenue, Long Island City, Queens, NY
৫টি পদে নির্বাচনে অংশগ্রহনকারী প্রার্থীদের তালিকা
হাবিবুর রহমান সেলিম রেজা
Md Habibur Howlader
সভাপতি প্রার্থী
মোহাম্মদ খলকুর রহমান
Mohammed Khalkur Rahman
সভাপতি প্রার্থী
মোহাম্মদ রিপন মিয়া
Mohammad Ripon Meah
সিঃ সহ সভাপতি প্রার্থী
মোহাম্মদ সোহরাব হোসেন
Mohammad Sohrab Hossain
সিঃ সহ সভাপতি প্রার্থী
মোঃ বদিউল আলম
Md Badiul Alam
সাধারণ সম্পাদক প্রার্থী
Saidur Khan Duke
সাধারণ সম্পাদক প্রার্থী
মোহাম্মদ আব্দুল মান্নান হোসাইন
Mohammad Abdul Mannan Hossain
যুগ্ম সাধারণ সম্পাদক প্রার্থী
জিয়াউল হক মিশন
Ziaul Haque Mission
যুগ্ম সাধারণ সম্পাদক প্রার্থী
Alamgir Hossain (Mridha)
সাংগঠনিক সম্পাদক প্রার্থী
নুরে আলম
Nure Alam
সাংগঠনিক সম্পাদক প্রার্থী
নির্বাচন কমিশনারবৃন্দ
প্রধান নির্বাচন কমিশনার
এমলাক হোসেন ফয়সল
৬৪৬-৩০২-১৫৮১
নির্বাচন কমিশনার
আরিফ চৌধুরী
৯১৭-২১৩-১৩২৬
নির্বাচন কমিশনার
মোঃ নাছির উদ্দিন
৯১৭-৯৫৭-৮৯৪১
নির্বাচন কমিশনার
জোহরা বেগম
৩৪৭-৪৪৬-৪২৪০
প্রচারে: নির্বাচন কমিশন ২০২৪। নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপি, যুক্তরাষ্ট্র।


মর্টগেজ
নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
★ যারা হোম কেয়ারে কাজ করেন তাদের বিশেষ সুবিধা
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

# দিনে কতটা পানি পান করা উচিত?

২৩ পৃষ্ঠার পর

না। একজন মানুষকে দিনে কতটা পানি পান করতে হবে সে সম্পর্কে এত অস্পষ্ট তথ্য কেন? সম্ভবত, কয়েক দশক আগের দুটি ভুল নির্দেশনা থেকে এই ভুল ব্যাখ্যা এসেছে।

১৯৪৫ সালে ন্যাশনাল রিসার্চ কাউন্সিলের ইউএস ফুড অ্যান্ড নিউট্রিশন বোর্ড প্রাপ্তবয়স্কদের প্রতি ক্যালোরি খাবারের জন্য এক মিলিলিটার তরল খাওয়ার পরামর্শ দেয়।

অর্থাৎ কেউ যদি দৈনিক দুই হাজার ক্যালরি ডায়েট করে তাহলে দুই হাজার মিলিলিটার অর্থাৎ দুই লিটার পানি খেতে হবে।

তবে এই পানির মধ্যে অন্য পানীয় অন্তর্ভুক্ত থাকে। সেইসাথে যেসব ফল এবং শাকসবজিতে প্রচুর পানি থাকে সেগুলোও যোগ হবে।

দিনে কত পানি পান করা উচিত?

প্রতিদিন আট গ্লাস বা প্রায় দুই লিটার পানি পান করলে আমাদের শরীর প্রয়োজনের চেয়ে বেশি আর্দ্র থাকে, সাম্প্রতিক গবেষণা বলছে।

এর পরিবর্তে, আপনার প্রতিদিন দেড় লিটার থেকে এক লিটার ৮০০ মিলিলিটার পানি পান করা উচিত।অর্থাৎ ছয় গ্লাস থেকে সাত গ্লাস কিংবা তার সামান্য কিছু বেশি।

৮*৮ নিয়ম অনুসরণ করার পরিবর্তে আপনার শরীরের তাপমাত্রা, স্বাস্থ্য পরিস্থিতি, পরিবেশ ও আবহাওয়া বিবেচনায় কতোটুকু পানি পান করা উচিত সেটা বের করে নিন।

এই পানি গ্রহণের পরিমাণ একেকজনের ক্ষেত্রে একেকরকম হবে।

যারা গরম এবং আর্দ্র পরিবেশে এবং উঁচু কোথাও বাস করেন, সেইসাথে ক্রীড়াবিদ এবং গর্ভবতী এবং বুকের দুধ খাওয়ানো নারীদের অন্যদের তুলনায় বেশি পানি পান করতে হবে, বলেছেন বিশেষজ্ঞরা।

১৯৭৪ সালে, পুষ্টিবিদ মার্গারেট ম্যাকউইলিয়ামস এবং ফ্রেডেরিক স্টেয়ারের মতে, প্রাপ্তবয়স্করা দিনে ছয় থেকে আট গ্লাস পানি পান করে।

তবে, এরমধ্যে ফল এবং সবজিতে থাকা পানি, ক্যাফিনযুক্ত এবং কোমল পানীয় অন্তর্ভুক্ত থাকতে পারে।

হাইড্রেশনের বিজ্ঞান

পানি, অবশ্যই, গুরুত্বপূর্ণ। আমাদের শরীরের ওজনের প্রায় দুই-তৃতীয়াংশ পানি।

এই পানি আমাদের শরীরে খাবারের পুষ্টিগুণ ছড়িয়ে দেয়, বর্জ্য পদার্থ বহন করে, আমাদের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে, আমাদের জয়েন্টগুলোয় লুব্রিকেন্ট সরবরাহ করে যেন যেকোনো শক শোষণ করতে পারে।

সেইসাথে শরীরের ভেতরে বেশিরভাগ রাসায়নিক বিক্রিয়াতে ভূমিকা পালন করে এই পানি।

আমরা ক্রমাগত ঘাম, প্রস্রাব এবং শ্বাসের মাধ্যমে পানি হারাচ্ছি। পর্যাপ্ত পানি পান করা প্রয়োজন এই কারণে যেন আমাদের শরীর পানি হারানোর ফলে শুষ্ক না হয়ে যায়।শরীরে যেন পানি গ্রহণ ও হারানোর একটা ভারসাম্য থাকে।

পানিশূন্যতার লক্ষণগুলি শনাক্ত করা যায় যখন আমরা আমাদের শরীরের এক থেকে দুই শতাংশ পানি হারিয়ে ফেলি।

যতক্ষণ না আমরা পুনরায় পানি খেয়ে সেই ঘাটতি পূরণ করছি ততক্ষণ পর্যন্ত আমাদের পানিশূন্যতা বাড়তেই থাকে এবং তা মারাত্মক হতে পারে।

৮*৮ নিয়মের কারণে বছরের পর বছর ধরে বিভিন্ন অপ্রমাণিত দাবি বিশ্বাস করতে হয়েছে।

যার মধ্যে একটি হল তৃষ্ণা অনুভব করা মানে আমরা ইতোমধ্যেই বিপজ্জনকভাবে পানিশূন্য হয়ে গেছি।

কিন্তু বিশেষজ্ঞরা অনেকাংশে সম্মত হয়েছেন যে আমাদের শরীর যে পরিমাণ পানি পানের জন্য সঙ্কেত দেয়, তার চেয়ে বেশি তরল আমাদের প্রয়োজন হয় না।

ম্যাসাচুসেটসের ইউনিভার্সিটির নিউরোসায়েন্স অ্যান্ড এজিং ল্যাবরেটরির সিনিয়র বিজ্ঞানী ইরউইন রোজেনবার্গ, 'শরীরের আর্দ্রতা নিয়ন্ত্রণের বিষয়টি আমরা বিবর্তনের মাধ্যমে রপ্ত করেছি। পর্যাপ্ত আর্দ্রতা বজায় রাখার জন্য আমরা প্রচুর কৌশল ব্যবহার করি।'

শরীর পানিশূন্য হয়ে যাচ্ছে কি না এটি একটি সুস্থ শরীরে ও মস্তিষ্ক শনাক্ত করতে পারে। পানিশূন্যতা দেখা দিলেই তৃষ্ণার অনুভূতি জেগে ওঠে। যেন মানুষ পানি পান করে।

এটি একটি হরমোনও নিঃসরণ করে যা কিডনিকে প্রস্রাব ঘন করে জল সংরক্ষণ করার জন্য সঙ্কেত দেয়।

স্পোর্টস মেডিসিন, এক্সারসাইজ অ্যান্ড হেলথ অ্যান্ড ইউসিএল-এর কনসালট্যান্ট স্পোর্টস ফিজিশিয়ান এবং প্রিন্সিপাল ক্লিনিকাল টিচিং ফেলো এবং ব্লেনহেইম অ্যান্ড লন্ডন ট্রায়াথলনসের মেডিক্যাল ডিরেক্টর কোর্টনি কিপস বলেছেন, 'আপনি যদি আপনার শরীরের কথা শোনেন, তাহলে এটি আপনাকে বলে দেবে আপনি কখন তৃষ্ণার্ত।'

পানীয় হিসেবে পানি সবচেয়ে স্বাস্থ্যকর। কারণ এতে কোনো ক্যালোরি নেই। অন্য পানীয়গুলো শরীরকে আর্দ্র করে ঠিকই। কিন্তু চা, কফি বা ক্যাফেইনজাতীয় পানীয় সেইসাথে অ্যালকোহলযুক্ত পানীয় হালকা মূত্রবর্ধক হয়ে থাকে।

ফলে এতে শরীর আর্দ্র যেমন হবে, তেমনি দ্রুত সেই আর্দ্রতাও বেরিয়ে যাবে।

বেশি পানি পান করলে কি ওজন কমবে?

আমাদের শরীর যতোটা পানি পানের সঙ্কেত দেয়, তার চেয়ে বেশি পানি পান করলে পানিশূন্যতা এড়ানোর বাইরেও অনেক সুবিধা হবে, এই তথ্যের মূলত কোনো প্রমাণ নেই।

তবে গবেষণায় দেখা গেছে, কেউ যদি কোনো অবস্থাতে শরীরকে পানিশূন্য হওয়া থেকে বাঁচাতে পারে এর কিছু গুরুত্বপূর্ণ সুবিধা রয়েছে।

বেশ কয়েকটি গবেষণায় পাওয়া গেছে, পানিশূন্যতা এড়াতে যথেষ্ট পানীয় খেলে মস্তিষ্কের কার্যকারিতা ঠিক থাকে।

২০২৩ সালের একটি গবেষণায় দেখা গেছে যে সঠিকভাবে আর্দ্র থাকলে বার্ধক্যের ছাপও দেরিতে পড়ে। হৃদরোগ এবং ফুসফুসের রোগ এড়ানো যায়।

কিছু গবেষণায় দেখা গেছে, পর্যাপ্ত পানি পান ওজন নিয়ন্ত্রণে সাহায্য করে।

ভার্জিনিয়া পলিটেকনিক ইন্সটিটিউট এবং স্টেট ইউনিভার্সিটির মানব পুষ্টি, খাদ্য এবং ব্যায়ামের অধ্যাপক ব্রেন্ডা ডেভি পানি গ্রহণ এবং ওজন নিয়ে গবেষণা করেছেন।

এই গবেষণায় তিনি দুটি দলের ওপর পরীক্ষা চালান। দুটি গ্রুপকে তিন মাসের জন্য স্বাস্থ্যকর ডায়েট অনুসরণ করতে বলা হয়।

তবে শুধুমাত্র একটি গ্রুপের সদস্যদের বলা হয় প্রতিটি খাবার খাওয়ার আধা ঘণ্টা আগে ৫০০ মিলিলিটার বা দুই গ্লাসের মতো পানি খেতে।

যে দলটি খাবার খাওয়ার আগে পানি পান করেছে তাদের ওজন অন্য দলের চেয়ে বেশি কমেছে।

উভয় গ্রুপকে দিনে ১০ হাজার কদম হাটতে বলা হয়েছিল এবং যারা পানি পান করেছে তারা এই হাঁটার কাজটা আরো ভালোভাবে করতে পেরেছে।

ডেভির মতে, এক থেকে দুই শতাংশ হালকা পানিশূন্যতা বেশ সাধারণ এবং অনেক মানুষ বুঝতে পারে না কখন তাদের পানির ঘাটতি হয়েছে।

অথচ পানিশূন্যতার হালকা স্তরটি আমাদের মেজাজ এবং শক্তির স্তরকে প্রভাবিত করতে পারে।

পানিশূন্যতা হয়েছে কীভাবে বুঝবেন

পানিশূন্যতা মানে আপনি যত বেশি তরল গ্রহণ করছেন তার চেয়ে বেশি তরল হারাচ্ছেন।

ব্রিটেনের জাতীয় স্বাস্থ্যসেবা বিভাগের তথ্য মতে, পানিশূন্যতার লক্ষণগুলোর মধ্যে রয়েছে গাঢ় হলুদ প্রস্রাব; ক্লান্তিবোধ, হালকা মাথা ব্যথা বা মাথা ঘোরানো অনুভূতি, মুখ, ঠোঁট এবং চোখ শুষ্ক লাগা এবং দিনে চারবারের কম প্রস্রাব করা।

কিন্তু সবচেয়ে সাধারণ উপসর্গ হলো বার বার তৃষ্ণা পাওয়া।

তবে ইউনিভার্সিটি কলেজ লন্ডনের ইনটেনসিভ কেয়ার মেডিসিনের অধ্যাপক বারবারা রোলস বলেছেন যে পানীয় জাতীয় খাবার খেলে ওজন কমার সম্ভাবনা বেশি থাকে। তবে সেটা অবশ্যই কোনো চিনিযুক্ত পানীয় নয়।

"আরকটি ধারণা আছে যে খাওয়ার আগে পেট ভরে পানি খেয়ে নিলে ওজন কমে যাবে। তবে এই ধারণাটি সঠিক নয়, কেননা পানি নিজেই খালি পেট থেকে দ্রুত বের হয়ে যায়।"

তিনি বলেন, 'কিন্তু আপনি যদি খাবারের মাধ্যমে বেশি পানি পান করেন, যেমন স্যুপ। সেটা আপনার শরীরের পানি-স্বল্পতা পূরণে যেমন কাজ করবে। তেমনি এই পানি যেহেতু খাবারের সাথে যুক্ত থাকে সেটাও পেটে বেশিক্ষণ থাকবে।'

বেশি পানি পান করার আরেকটি কথিত স্বাস্থ্য উপকারিতা হলো ত্বকের রং উজ্জ্বল হবে এবং ত্বকের আর্দ্রতা ভালো হবে।

কিন্তু এর পিছনে বিশ্বাসযোগ্য বৈজ্ঞানিক তথ্য প্রমাণের অভাব রয়েছে।

আপনি কি খুব বেশি পানি পান করতে পারেন?

আমরা যারা প্রতিদিন আট গ্লাস পানি খাওয়ার লক্ষ্য রাখি তারা নিজেদের কোনো ক্ষতি করছি কি না তা জেনে রাখা প্রয়োজন।

যে বিশ্বাসের জন্য আমরা শরীরের দেয়া সঙ্কেতের চেয়ে বেশি বেশি পান করি কখনো কখনো তা বিপজ্জনক হয়ে উঠতে পারে।

অত্যধিক তরল গ্রহণ গুরুতর হয়ে উঠতে পারে যখন এটি রক্তে সোডিয়ামের তরলীকরণ ঘটায়।

এর ফলে মস্তিষ্ক এবং ফুসফুসে পানি জমে যায়। কারণ রক্তের সোডিয়ামের ভারসাম্য বজায় রাখার জন্য অতিরিক্ত তরল বিভিন্ন জায়গায় জমা করা হয়।

একটি ক্রীড়া ইভেন্টের সময় অতিরিক্ত আর্দ্রতার কারণে অন্তত ১৫ জন ক্রীড়াবিদ মারা গিয়েছিলেন। তার পর থেকে গত এক দশক বা তারো বেশি সময় ধরে সতর্ক আছে কিপস।

তার মতে, এর আংশিক কারণ আমরা নিজেদের তৃষ্ণার অনুভূতির প্রতি আস্থা রাখতে পারছি না এবং আমরা মনে করি যে আমাদের শরীর পানিশূন্যতা এড়াতে যতটা পানি চাইছে, আমাদের তার চেয়ে বেশি পানি পান করা দরকার।

তিনি বলেন, 'হাসপাতালের নার্স এবং ডাক্তাররা ভীষণ পানিশূন্যতায় আক্রান্ত রোগীদের দেখতে পান যাদের অবস্থা খুব খারাপ। যারা কয়েকদিন ধরে পান করতে পারছেন না। তবে এই ঘটনার সাথে ম্যারাথনের সময় মানুষ পানিশূন্যতা নিয়ে যে উদ্বিগ্ন হয় তার থেকে একদমই আলাদা।'

জোহানা পাকেনহ্যাম ২০১৮ সালের লন্ডন ম্যারাথনে দৌড়েছেন, ওই সময় রেকর্ড পরিমাণে গরম পড়েছিল।

কিন্তু তিনি এর বেশিরভাগই মনে করতে পারেন না কারণ তিনি দৌড়ের সময় এত বেশি পানি পান করেছিলেন যে তিনি ওভারহাইড্রেশন তৈরি করেছিলেন, যা হাইপোনাট্রেমিয়া নামে পরিচিত। ওই দিন তাকে হাসপাতালে নিয়ে যেতে হয়েছিল।

তিনি বলেন, 'আমার বন্ধু এবং সঙ্গী ভেবেছিল যে আমি পানিশূন্য হয়ে গেছি এবং তারা আমাকে একটি বড় গ্লাসে করে পানি দেয়। আমি হঠাৎ অজ্ঞান হয়ে যাই এবং আমার হৃদপিণ্ড বন্ধ হয়ে যায়।'

তিনি বলেন, 'আমাকে হেলিকপ্টারে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। রোববার সন্ধ্যা থেকে পরের মঙ্গলবার পর্যন্ত এবং অচেতন ছিলাম তিনি বলেন। পাকেনহ্যাম, যিনি এই বছর আবার ম্যারাথন করার পরিকল্পনা করেছেন, তিনি বলেছেন যে বন্ধুদের এবং ম্যারাথন পোস্টারে দেয়া একমাত্র স্বাস্থ্য পরামর্শ ছিল প্রচুর পানি পান করা।

তিনি বলেন, 'ঠিক থাকার জন্য আমার যা লাগবে তা হলো কয়েকটি ইলেক্ট্রোলাইট ট্যাবলেট খাওয়া, যা আপনার রক্তে সোডিয়ামের মাত্রা বাড়াবে। আমি এর আগে কয়েকটি ম্যারাথন দৌড়েছি এবং আমি তা জানতাম না'।

জোহানা পাকেনহ্যামর বলেন, 'আমি সত্যিই চাই যে মানুষ জানুক যে এত সাধারণ বিষয়টি কতোটা মারাত্মক হতে পারে।'

আপনার কতটা পানি প্রয়োজন?

আমাদের মধ্যে অনেকেই আছেন যার ক্রমাগত আর্দ্র থাকতে যেখানেই যান, সাথে করে পানি নিয়ে যান এবং তাদের শরীরের প্রয়োজনের চেয়ে বেশি পান করেন।

লন্ডনের ইন্সটিটিউট ফর স্পোর্ট, এক্সারসাইজ অ্যান্ড হেলথের গবেষণা পরিচালক হিউ মন্টগোমারি বলেছেন,'মরুভূমির মাঝখানে সবচেয়ে বেশি উত্তাপে একজন ব্যক্তি এক ঘণ্টায় দুই লিটার ঘামতে পারে, তবে এটি সত্যিই কঠিন।'

আমাদের বয়স বাড়ার সাথে সাথে আমাদের প্রাকৃতিক তৃষ্ণার প্রক্রিয়া কম সংবেদনশীল হয়ে ওঠে এবং আমরা অল্পবয়সী লোকদের তুলনায় বেশি পানিশূন্য প্রবণ হয়ে পড়ি, বলেছেন ব্রেন্ডা ডেভি।

যারা বাস, মেট্রো বা গাড়িতে ১৫-২০ মিনিটের যাত্রার জন্য ৫০০ মিলিলিটার পানি বহন করেন তাদের ওইটুকু যাত্রায় এতোটা পানির প্রয়োজন নেই। এমনকি ঘামলেও না।

এক্ষেত্রে ব্রিটেনের স্বাস্থ্য সেবা বিভাগ দিনে ছয় থেকে আট গ্লাস পানি পান করার পরামর্শ দিয়েছেন, যার মধ্যে চা এবং কফি, দুধ এবং চিনি-মুক্ত পানীয় অন্তর্ভুক্ত হবে।

আবার এটি মনে রাখাও গুরুত্বপূর্ণ যে আমাদের তৃষ্ণার অনুভূতি ৬০ বছর বয়সের পর তেমন একটা সংবেদনশীল থাকে না।

গবেষকরা ২০২২ সালের ফলাফল প্রকাশ করে দেখিয়েছে যে এর ফলে পানিশূন্যতার লক্ষণগুলি প্রায়শই উপেক্ষিত থাকে।

ডেভি বলেছেন, 'বয়সের সাথে সাথে, আমাদের প্রাকৃতিক তৃষ্ণার অনুভূতি কম সংবেদনশীল হয়ে ওঠে এবং আমরা অল্পবয়সী মানুষদের তুলনায় বেশি পানিশূন্য প্রবণ হয়ে পড়ি। আমাদের বয়স বাড়ার সাথে সাথে আর্দ্র থাকার জন্য আমাদের তরল খাওয়ার অভ্যাসের প্রতি আরো মনোযোগী হতে হবে।'

বেশিরভাগ বিশেষজ্ঞ একটি বিষয়ে সম্মত হয়েছেন যে কার কতোটা তরল প্রয়োজনীয় সেটা একজন ব্যক্তির বয়স, শরীরের গড়ন, লিঙ্গ, পরিবেশ এবং শারীরিক কার্যকলাপের স্তরের ওপর নির্ভর করে পরিবর্তিত হয়।

রোজেনবার্গ বলেছেন, '৮*৮ নিয়মের বড় একটি বিভ্রান্তির জায়গা হলো, আমরা আমাদের তরলের প্রয়োজনীয়তাকে শক্তির প্রয়োজনের মতোই ভাবতে শুরু করেছি।'

২০২২ সালে, অ্যাবারডিন বিশ্ববিদ্যালয়ের গবেষকরা জানিয়েছেন যে মানুষের প্রতিদিন দেড় লিটার থেকে এক লিটার ২৮ মিলিলিটার পানির প্রয়োজন। প্রস্তাবিত দুই লিটার বা আট গ্লাস নয়।

মানুষকে আর্দ্র রাখার জন্য প্রয়োজনীয় পানির পরিমাণ ঠিক করতে ২৩টি বিভিন্ন দেশের বিজ্ঞানীদের সাথে সমন্বয় করে তারা এই পানির পরিমাপের বিষয়টি দাঁড় করিয়েছেন।

গবেষকরা দেখেছেন যে, যারা গরম এবং আর্দ্র পরিবেশে এবং উচ্চ উচ্চতায় বাস করেন, সেইসাথে ক্রীড়াবিদ এবং গর্ভবতী এবং স্তন্যপান করান যেসব নারী, তাদের অন্যদের তুলনায় বেশি পানি পান করতে হবে।

একজনের কতটা পানি প্রয়োজন তার জন্য সবচেয়ে বড় মাপকাঠি হল তিনি কতটা শক্তি ক্ষয় করেন। সবার ক্ষেত্রে একই পরিমাণ পানি খাওয়ার পদ্ধতি সঠিক নয়।

বেশিরভাগ বিশেষজ্ঞই একমত হন যে আমাদের প্রতিদিন হিসাব নিকাশ ছাড়া যে পরিমাণ পানি খাই তা নিয়ে উদ্বিগ্ন হওয়ার দরকার নেই।

যখন আমরা তৃষ্ণার্ত থাকি তখন আমাদের দেহ আমাদেরকে সঙ্কেত দেয়, যেমনটি ক্ষুধার্ত বা ক্লান্ত থাকলে হয়।

আপনার প্রয়োজনের চেয়ে বেশি পান করার একমাত্র স্বাস্থ্য উপকারিতা হল এর ফলে আপনাকে বার বার টয়লেটে যেতে হয়। এর চেয়ে বেশি কিছু না।সূত্র : বিবিসি

# কিডনির সুরক্ষায় সস্তার যেসব খাবার

২৩ পৃষ্ঠার পর

এই আলুর কিন্তু অনেক গুণ। চিকিৎসকরা জানাচ্ছেন, মিষ্টি আলু খেলে সুগার বাড়ে না। তাই ডায়াবেটিসের রোগীরাও চাইলে অল্প পরিমাণে খেতে পারেন।

মিষ্টি আলুতে রয়েছে ভিটামিন ও মিনারেলের ভাণ্ডার। এতে থাকা পটাশিয়াম শরীরে সোডিয়ামের লেভেল নিয়ন্ত্রণ করে। তাই কিডনি সুস্থ থাকে। তবে ইতোমধ্যে যদি আপনি কিডনির সমস্যায় ভুগে থাকেন, তবে মিষ্টি আলু কম পরিমাণে খান।

## সবুজ শাক-পাতা

আমাদের শস্য শ্যামলা বাঙলা। এখানে শাকের কোনো অভাব নেই। গ্রামে তো এখনো বাড়ির পাশেই শাক পাওয়া যায়। শহরে সেই সুযোগ না থাকলেও এক পা বেরোলেই শাক কিনতে পারবেন। এই শাকপাতা শরীরের জন্য উপকারী।

বিশেষ করে, পালং শাক, ডাটা শাক, কলমি শাকসহ যত ধরণের সবুজ শাক রয়েছে, সেগুলো কিডনিকে সুস্থ রাখতে সাহায্য করে। এসব শাকে ভিটামিন, মিনারেল, ফাইবার ও অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে। যা কিডনিকে সুস্থ রাখে। তাই নিয়মিত শাকপাতা থাকুক ডায়েটে।

প্রতিদিন একটা আপেল

সন্ধ্যার নাস্তায় ভাজা-পোড়া বাদ দিয়ে বরং একটা আপেল রাখাই স্বাস্থ্যকর। এতে রয়েছে পেকটিন নামক একটি উপাদান। এই উপাদান কিডনি ড্যামেজ থেকে রক্ষা করে। ব্লাড সুগার লেভেল এবং কোলেস্টেরলও কমায়। তাই রোজা বাদেও প্রতিদিন একটা আপেল খেতেই পারেন।

আরও যা খেতে পারেন

এছাড়া খেতে পারেন ফ্যাটি ফিশ। সাধারণত বিদেশি সামুদ্রিক মাছে ওমেগা থ্রি থাকে। এই ফ্যাট কিন্তু কিডনি সুস্থ রাখে। বাজারে নানা ধরনের সামুদ্রিক মাছ পাওয়া যায়। এক্ষেত্রে টুনা, সার্ডিন, স্যামলন খেতে পারেন।

এছাড়া বিদেশি বেরি জাতীয় ফলে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট কিডনির জন্য উপকারী। তাই এই ফলও খাওয়া যায়। তবে এ সকল খাবারের দাম বড্ড বেশি। তাই পকেট সায় দিলে তবেই এ দিকে হাত বাড়ান। নইলে সস্তার শাকপাতা, মিষ্টি আলু আর পানিতেই ভরসা রাখুন।

# ইসরায়েলের পাতা ফাঁদে পা দিয়েছে ইরান

১৮ পৃষ্ঠার পর

দিলেন। আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে ইরান এখন একঘরে। পাশাপাশি ইরানের মানুষকেও এখন ইসরায়েলের প্রতিক্রিয়ার অপেক্ষায় থাকতে হবে। যত তীব্র হবে সেই প্রত্যাঘাত, ততই অজনপ্রিয় হয়ে উঠবে ইরানের সরকার। এমনকি গণ-অভ্যুত্থানও ঘটতে পারে। সিমন টিসডল বৈদেশিক সম্পর্কবিষয়ক ভাষ্যকার ও কলাম লেখক, গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্ত অনুবাদ


Immigrant Elder Home Care LLC.
হোম কেয়ার
বিস্তারিত জানতে চলে আসুন জ্যামাইকা অফিসে
নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শশুড়-শাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
ঘরে বসেই প্রিয়জনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
সর্বোচ্চ পেমেন্ট
নিম্মি নাহার, ভাইস প্রেসিডেন্ট
মোবাইল
৬৪৬-৯৮২-৯৯৩৮
৯২৯-২৩৮-২৪৫৭
87-47 164th Street Jamaica, NY 11432
ই-মেইল: nimmeusa@gmail.com, Web. immigrantelderhomecare.com


GLOBAL MULTI SERVICES INC.
Quick Refund
IRS Authorized Agent
Our Services
TAX (Federal & State)
IMMIGRATION
CORPORATION
BUSINESS SERVICES
CONSULTING
Tareq Hasan Khan
CEO
Open 7 Days A Week
IRS e-file
37-18 74th Street, Suite 202, Jackson Heights, NY 11372
Tel: 718-205-2360, Email: globalmsinc@yahoo.com

## বাংলাদেশের রপ্তানি লক্ষ্যমাত্রা পূরণ না

১০ পৃষ্ঠার পর

ভাইস প্রেসিডেন্ট খায়রুল হুদা চপল বলেন, “চেম্বার কানাডার কর্মকর্তারা আসছে। বাংলাদেশের সঙ্গে ব্যবসা বৃদ্ধি করার জন্য তারা খুব আগ্রহী। আমরা এফবিসিসিআই’র পক্ষ থেকে চেষ্টা করছি আমাদের লক্ষ্যমাত্রা পূরণ করার। এক্সপোর্ট না বাড়লে দেশের অর্থনীতি ভালো হবে না।”

বাংলাদেশ বহুমুখী পাটপণ্য উৎপাদক ও রপ্তানিকারক সমিতির প্রেসিডেন্ট রাশেদুল করিম মুন্না বলেন, “আমার মনে হয় না লক্ষ্যমাত্রা পূরণ হবে। কারণ সেলস ভ্যালু ৩০ থেকে ৪০ শতাংশ কমে গেছে। স্বাভাবিকভাবেই আমরা যেহেতু জুট সেক্টর থেকে ম্যাটেরিয়াল এক্সপোর্ট করে থাকি এখানে যারা ম্যানুফ্যাকচারার আছে তাদের উৎপাদন কমিয়ে দিয়েছে।”

দেশে ব্যবসায়িক প্রতিযোগিতা থাকলেও ব্যবসার পরিবেশ অনুকূলে নেই বলে মনে করছেন অর্থনীতিবিদরা। তাদের মতে, দেশের রপ্তানিমুখী পণ্যে বৈচিত্র্য নেই। এতে বিদেশি ক্রেতা হারাচ্ছে দেশ।

সিপিডির সম্মানীয় ফেলো ড. মোস্তাফিজুর রহমান বলেন, “আমাদের এই ৮ মাসে ৩.৭ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে যা লক্ষ্যমাত্রা থেকে খুবই কম, যদি আমি রেডিমেড গার্মেন্টসের কথা বলি। সব মিলিয়ে বললে ৩ শতাংশের কাছাকাছি। বিশেষ করে রেডিমেড গার্মেন্টসের ৮৪ থেকে ৮৫ শতাংশ আমদানিকারক দেশ। সার্বিকভাবে আমাদের উৎপাদনশীলতা বাড়িয়ে প্রতিযোগিতা সক্ষমতা বাড়িয়ে চাহিদামাফিক রপ্তানিমুখী পণ্যে বৈচিত্র্য নেই বলে রপ্তানির ওপর একটা প্রভাব পড়েছে।”

এদিকে পণ্য রপ্তানির যে ঘাটতি রয়েছে তা অর্থবছর শেষ হওয়ার আগেই পূরণ হবে বলে আশাবাদী সরকার। এছাড়া পিছিয়ে পড়া পণ্যগুলোকে কীভাবে আরও বেশি রপ্তানিযোগ্য করা যায় তা নিয়েও কাজ চলছে বলে জানালেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু।

প্রতিমন্ত্রী বলেন, “তিন মাসে ৫ বিলিয়নের ওপরে গার্মেন্টস রপ্তানি করা হয়েছে। গত বছর শেষ তিন মাসের থেকে ৪.৫ শতাংশ বেশি হয়েছে। তাই গার্মেন্টস শর্টফল হওয়ার কোনো কারণ নেই। যদি হয়েও থাকে তা আলোচনার মাধ্যমে সমাধান করা হবে।”

এছাড়া রপ্তানি বাড়াতে বিশ্বের বিভিন্ন দেশে কমার্শিয়াল উইং সম্প্রসারণে কাজ চলছে বলেও জানান তিনি।

এদিকে ২০২৩-২৪ অর্থবছরের প্রায় তিন ভাগের দুই ভাগ শেষ হলেও দেশের প্রধান রপ্তানিযোগ্য পণ্যগুলো এখনো লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেনি।

## ইরান-ইসরায়েল সংঘাতে নতুন সংকটে

১০ পৃষ্ঠার পর

যুদ্ধের কারণে মারাত্মক বিপর্যয় থেকে জেগে উঠার চেষ্টা করছে। পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান উর্মি গার্মেন্টস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আসিফ আশরাফ বলেন, কিছু কিছু ক্ষেত্রে কাছাকাছি জায়গা থেকে পণ্য নেওয়া হচ্ছে। এসব কার্যাদেশ বাংলাদেশে আসার কথা থাকলেও অনেক ক্রেতা তুরস্ককে দিচ্ছেন, কারণ সময়মতো পণ্য সরবরাহ নিশ্চিত করা ক্রেতাদের জন্য জরুরি। বৈশ্বিক পোশাক বাণিজ্যে অনেক প্রতিষ্ঠানকে এক সঙ্গে প্রতিযোগিতায় নামতে হয় বলে কম সময়ের মধ্যে পণ্য বাজারে আনার বিষয়টি বেশ গুরুত্বপূর্ণ। সংশ্লিষ্টরা বলছেন, আন্তর্জাতিক খুচরা বিক্রেতা ও ব্র্যান্ডগুলোর পণ্যের দাম বাড়লে বাংলাদেশের মতো দেশগুলো থেকে আমদানি করা পণ্যের দাম কমে যায়। এটি শেষ পর্যন্ত রপ্তানিকারকদের মুনাফা কমিয়ে দেয়।

বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সহসভাপতি মো. নাসির উদ্দিন ডেইলি স্টারকে বলেন, লোহিত সাগর সংকটের কারণে বিদেশি ক্রেতারা রপ্তানিকারকদের কম দাম দিয়ে জাহাজ পরিচালনার খরচ তুলে নিচ্ছে। রপ্তানিকারকরা বলছেন, যদিও আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো জাহাজ চলাচলের খরচ বহন করে তবু অনেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রপ্তানিকারকদের ওপর খরচ চাপিয়ে দেন। ৯৫ শতাংশেরও বেশি ক্ষেত্রে ক্রেতারা ফ্রেইট অন বোর্ড পদ্ধতিতে পণ্য কেনায় জাহাজের খরচ দিয়ে থাকেন। রপ্তানিকারকরা পাঁচ শতাংশেরও কম ক্ষেত্রে পরিবহন খরচ দেন। আশরাফ ও নাসির উভয়ের মতে, ক্রেতারা যেকোনো অতিরিক্ত খরচ রপ্তানিকারকদের ওপর চাপিয়ে দেন।

কারখানার মালিকরা আশঙ্কা করে বলছেন, ইরান-ইসরায়েল সংঘাত বাড়লে তা বাংলাদেশের পোশাক রপ্তানিতে প্রভাব ফেলবে। তেলের দাম বাড়লে জাহাজ চলাচলের খরচ বেড়ে যাবে। এটি উত্‌পাদন ও পণ্য পরিবহন খরচ বাড়িয়ে তুলবে। দীর্ঘ সময় মধ্যপ্রাচ্য সংকট চললে সৌদি আরব, কুয়েত, ইরাক ও ইরানের মতো উদীয়মান বাজারগুলোয় পোশাক বিক্রি ততটা সহজ হবে না যতটা অনেকে আশা করছিলেন। বিজিএমইএ'র সাবেক সভাপতি সিদ্দিকুর রহমান ডেইলি স্টারকে বলেন, লোহিত সাগর সংকট শুরুর পর ঢাকা থেকে ইউরোপে পণ্য পরিবহনে খরচ বেড়ে গেছে। ইরান-ইসরায়েল সংঘাতের কারণে তা আরও বাড়তে পারে। বর্তমানে ঢাকা থেকে ইউরোপের বিমানবন্দরগুলোয় এক কেজি পণ্য পরিবহনে এয়ারলাইনসগুলো আড়াই ডলারের বেশি চার্জ করে। সমুদ্রপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে একই গন্তব্যে ৩০ মার্কিন সেন্টের চেয়ে বেশি দরকার হয়।

## ভুলে যাওয়ার রোগ ডিমেনশিয়া

২৩ পৃষ্ঠার পর

বেশি হয়ে থাকে। মস্তিষ্কের যে স্নায়ুকোষগুলো আছে তার মধ্যে এক ধরনের প্রোটিন জমা হয়, এক ধরনের অনাকাঙ্ক্ষিত বস্তু প্লাক বসে। ফলে মানুষের ভেতরে চিন্তার ক্ষমতা, আচরণ, ব্যক্তিত্ব এবং ভুলে যাওয়ার লক্ষণ দেখা যায়। ৬৫ বছর বয়সের আগের সাধারণত ডিমেনশিয়া হয় না বলে জানান ডা. হেলাল উদ্দিন।

ডিমেনশিয়ার কারণ

ডিমেনশিয়ার সঠিক কারণ এখনও জানা যায়নি। তবে যাদের পরিবারে ডিমেনশিয়া আছে তাদের হতে পারে। যাদের উচ্চ রক্তচাপ আছে, ধূমপান করেন, অতিরিক্ত মদ্যপান করেন, এ ছাড়া থাইরয়েডের সমস্যা যদি কারো থাকে তাদের ডিমেনশিয়া হওয়ার ঝুঁকি রয়েছে। বুদ্ধিবৃত্তিক কার্যক্রম থেকে যারা দূরে আছেন তাদের হতে পারে। তবে এগুলো সরাসরি ডিমেনশিয়ার কারণ না, এগুলোকে ঝুঁকি বলা হয় বলে জানান ডা. হেলাল উদ্দিন।

প্রথমত, ভুলে যাওয়ার প্রবণতা হবে, নিকটবর্তী স্মৃতি কমে যাবে। যেমন আজকে সকালে কী খেয়েছেন মনে করতে পারবেন না, গতকাল রাতে কী করেছেন মনে করতে পারবেন না, একই কথা বারবার বলতে থাকবেন, একই কাজ বারবার করতে থাকবেন। কারণ তিনি ভুলে যাচ্ছেন।

দূরবর্তী স্মৃতিশক্তিগুলো, যেগুলো মস্তিষ্কে ইতোমধ্যে সঞ্চিত আছে সেগুলো থাকবে। ১০ বছর আগে কী হয়েছিল, ২০ বছর আগে কী হয়েছিল সেগুলো মনে থাকবে। কিন্তু একদম নিকটবর্তী স্মৃতি ধ্বংস হবে। সাম্প্রতিক কিছু মনে রাখতে পারবেন না।

দ্বিতীয়ত, ডিমেনশিয়ার কারণে বুদ্ধিবৃত্তিক কার্যক্রম, চিন্তা করার প্রবণতা, যুক্তি দিয়ে কিছু করার প্রবণতা, সাধারণ যোগ বিয়োগ করার প্রবণতা, কোনো কিছুকে দেখে সেটাকে আবার তৈরি করার প্রবণতা, অন্যকে অনুকরণ করা ইত্যাদির প্রবণতা কমতে থাকবে।

তৃতীয়ত, তার ব্যক্তিত্বের পরিবর্তন ঘটবে। ডিমেনশিয়া হওয়ার পর আগে যে ব্যক্তিত্ব ছিল সেটির পরিবর্তন ঘটবে, আচরণজনিত সমস্যা হবে। ডিমেনশিয়া প্রতিরোধের উপায় হচ্ছে স্বাস্থ্যকর জীবনযাপন করা, ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখা, হাইপারটেনশন নিয়ন্ত্রণে রাখা, বিভিন্নভাবে মস্তিষ্ককে সক্রিয় রাখা। সক্রিয় মস্তিষ্কের মানুষের ডিমেনশিয়া কম হয় জানান ডা. হেলাল উদ্দিন।

ডিমেনশিয়ার চিকিৎসা

ডিমেনশিয়া হয়ে গেলে সেটাকে ভালো করা যায় না। তবে ডিমেনশিয়ার যে ন্যাচারাল কোর্স, তার দ্রুত গতিটাকে কমিয়ে রাখা যায় বলে জানান ডা. হেলাল উদ্দিন। এর জন্য কিছু ওষুধ রয়েছে, লাইফস্টাইল মোডিফিকেশন আছে, মনস্তাত্ত্বিক থেরাপি আছে। এগুলোর মাধ্যমে ডিমেনশিয়ার গতিটাকে কমানো যায়, কিন্তু রোগটি সম্পূর্ণ নিরাময় করা সম্ভব হয় না।

ডিমেনশিয়া রোগীদের জন্য স্নায়ুরোগ বিশেষজ্ঞ বা নিউরোলজিস্ট এবং মানসিক রোগ বিশেষজ্ঞ উভয়েরই সম্মিলিত চিকিৎসার প্রয়োজন আছে বলে জানান ডা. হেলাল উদ্দিন।


বাসায় রুম ভাড়া
জ্যামাইকা হিলসাইজে ১৬৯ সাবওয়ের খুব কাছে একটি প্রাইভেট হাউসের বাসায় একরুম একজনকে সাবলেট দেয়া হবে । ভাড়া মাসে $900 (মহিলা অগ্রাধিকার) টয়লেট, কিচেন শেয়ার। যোগাযোগ মোবাইল : 970-817-7657









এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
একটি অভিজ্ঞ ও নির্ভরশীল প্রতিষ্ঠান • IRS E-file Provider



একাউন্টিং
- ইনকামট্যাক্স, ব্যক্তিগত (All States) কর্পোরেশন
- পার্টনারশীপ ট্যাক্স দক্ষতার সহিত নির্ভূলভ ও
- আইন সংগতভাবে প্রস্তুত করা হয়।
- বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন করা হয়।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এফিডেভিট অব সাপোর্ট সহ যাবতীয় ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে কাজ করা হয়। এছাড়াও নোটারী পাবলিক, ফ্যাক্স সার্ভিস, দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন ষ্টেটের কাষ্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

আমাদের রয়েছে ২২ বৎসরের অভিজ্ঞতা এবং কাষ্টমারদের অভিযোগমুক্ত সন্তুষজনক সেবা

যোগাযোগ: এম.এ.কাইয়ুম
আমরা সপ্তাহে ৫ দিন সোম থেকে শুক্রবার পুরো বছর সার্ভিস দিয়ে থাকি
৩৫-৪২ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০
ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১, Email: snsmaq@aol.com

## ছাত্ররাজনীতি, বুয়েট ও ‘স্মার্ট বাংলাদেশ’

১৬ পৃষ্ঠার পর

উদাহরণ। সেইসময়ে রাজনৈতিক দলগুলোর ভূমিকা পালন করেছে ছাত্ররাজনীতি এবং রাজনীতিবিদরা বাধ্য হয়েছে শিক্ষার্থীদের কর্মসূচিগুলোকে গ্রহণ করতে। বাস্তবতা হলো, এখন আর এর কিছুই নেই।

তিন বছর আগে আমরা স্বাধীনতার ৫০তম বার্ষিকী উদযাপন করেছি। অনেক কিছুরই পরিবর্তন হয়েছে, বিশেষ করে অর্থনীতি ও অবকাঠামোতে। সেতু, সড়ক, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, মেট্রোরেল, বন্দর, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও অন্যান্য জরুরি স্থাপনা নির্মাণ করা হয়েছে। এই মুহূর্তে কোন ধরনের ছাত্ররাজনীতি প্রয়োজন, তা নির্ধারণের কাজটি শুরু হতে পারে প্রধানমন্ত্রীর সর্বশেষ আহ্বান থেকে‘ডিজিটাল বাংলাদেশ’ থেকে‘স্মার্ট বাংলাদেশে’ রূপান্তর। ‘স্মার্ট বাংলাদেশে’ স্মার্ট শিক্ষার্থী প্রয়োজন। স্মার্ট শিক্ষার্থীদের প্রয়োজন স্মার্ট শিক্ষক এবং স্মার্ট শিক্ষকদের প্রয়োজন স্মার্ট বিশ্ববিদ্যালয়। যাতে তারা মুক্ত, সৃজনশীল ও গবেষণাবান্ধব পরিবেশে কাজ করতে পারেন এবং পরবর্তী প্রজন্মের বুদ্ধিজীবী, গবেষক, লেখক, সমালোচক, উদ্ভাবক, উদ্যোক্তা ও নেতা তৈরি করতে পারেন। তারা পারবেন একুশ শতকের হাত ধরে আসা সব ধরনের সুযোগকে বাস্তবতায় রূপান্তর করে আমাদের দোরগোড়ায় নিয়ে আসতে।

ছাত্ররাজনীতির বর্তমান প্রেক্ষাপটে এ ধরনের সৃজনশীলতার বিকাশ ঘটানোর মতো পরিবেশ সৃষ্টির সম্ভাবনা কী আমরা কল্পনাও করতে পারি?

বেশিরভাগ সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে, বিশেষত বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি শিক্ষকদের রাজনীতির একটি গুরুত্বপূর্ণ অংশে পরিণত হয়েছে। সেখানে শিক্ষকরা শিক্ষার্থীদের রাজনৈতিক দিকনির্দেশনা দেন না, বরং শিক্ষার্থীরাই শিক্ষকদের প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থনে তাদের রাজনৈতিক সংগঠনের নির্বাচন কীভাবে হবে, তা নির্ধারণ করে দেয়।

আমাদের শিক্ষাব্যবস্থায় রাজনীতিকরণের অবশ্যম্ভাবী ও ক্ষতিকারক প্রভাব হিসেবে প্রকৃত শিক্ষাবিদের স্থলাভিষিক্ত হয়েছেন‘রাজনৈতিক’ শিক্ষাবিদরা। চাকরিতে নিয়োগ, পদোন্নতি, লাভজনক পদায়ন, বৃত্তি, বিদেশ সফর, সরকারের সুরে সুর মেলানো‘পলিটিকালি কারেক্ট’ শিক্ষাবিদদের লেখা বইয়ের প্রচারণাড়সবকিছু মিলে সার্বিকভাবে আমাদের সৃজনশীলতাকে শ্বাসরুদ্ধ করে ফেলা হয়েছে। যার ফলে‘জ্ঞানের বিশ্বে’ উল্লেখযোগ্য প্রভাব ফেলতে যে ধরনের উচ্চ পর্যায়ের শিক্ষা বা স্বীকৃতি প্রয়োজন, তা খুব কম মানুষই অর্জন করতে সক্ষম হয়।

এই সার্বিক পরিস্থিতির কারণেই সুনির্দিষ্ট প্রশ্ন উঠছে বুয়েট নিয়ে, যেটি আমাদের একমাত্র এমন প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ক শিক্ষাপ্রতিষ্ঠান, যার কথা আমরা বড় গলায় বলতে পারি। এটাই আমাদের একমাত্র শিক্ষাপ্রতিষ্ঠান, যার সঙ্গে ভারতের আইআইটির (ইন্ডিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজি) তুলনা চলে। আমরা জানি, সারা বিশ্বে ভারতের নাম ছড়িয়ে দিতে আইআইটি কতটা অবদান রেখেছে।

বিশ্বের সব সুপরিচিত বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি রয়েছে, যা শিক্ষার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষায় কার্যকর ভূমিকা পালন করে। নির্বাচিত শিক্ষার্থী প্রতিনিধিদের মাধ্যমে তারা কার্যক্রম পরিচালনা করে। প্রতিনিধিরা নিয়মিত ও নির্ধারিত সময়ে নির্বাচিত হন এবং নির্ধারিত মূলনীতি ও আইন মেনে চলেন। এই প্রতিনিধিরা শিক্ষার্থীদের স্বার্থ রক্ষায় শিক্ষক, ডিন ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে নিয়মিত ও কার্যকর আলোচনা করেন।

আমাদেরকেও যদি বিশ্বজুড়ে সমাদৃত শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলতে হয়, তাহলে অন্যান্য বিষয়ের পাশাপাশি শিক্ষক ও শিক্ষার্থীদের রাজনীতির বিষয়টি নিয়ে আবারও চিন্তা করতে হবে এবং একে ঢেলে সাজাতে হবে। বিশ্বে সুপরিচিত বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাজনীতি কেবলমাত্র শিক্ষার্থীদের স্বার্থ রক্ষায় কাজ করে গেলেও আমাদের দেশে ছাত্ররাজনীতি তাদের মূল রাজনৈতিক দলের স্বার্থে নিবেদিত। এটাই মূল সমস্যা। এখানে এসেই আমাদের ছাত্ররাজনীতি আধুনিকায়নের চিন্তাগুলো ক্ষমতাসীন রাজনৈতিক দলের স্বল্পমেয়াদি স্বার্থের কাছে হেরে যায়। আমরা উন্নয়নশীল দেশের কাতারে যোগ দিতে যাচ্ছি। যার ফলে শিগগির দেশে যোগ্য মানবসম্পদের চাহিদা বড় আকারে বাড়বে। আমাদের কি সেই ধরনের জ্ঞানচর্চাকেন্দ্র আছে, যেখান থেকে আমাদেরকে সামনে এগিয়ে নিয়ে যেতে সক্ষম শিক্ষাবিদ তৈরি হবে?

বুয়েটকে আরও উন্নত শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হবে। একইসঙ্গে, আমাদেরকে প্রয়োজন অনুযায়ী মানবসম্পদ সরবরাহ করার জন্য একইমানের আরও কয়েক ডজন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলতে হবে।

এখন যে ধারার ছাত্ররাজনীতি চলছে, সেটা আমাদেরকে ভবিষ্যতের দিকে এগিয়ে নিতে পারবে না। যেহেতু বুয়েটে আবারও ছাত্ররাজনীতি চালু হতে যাচ্ছে, আমরা কি ভবিষ্যতের কথা ভেবে সেখানে এমন কিছুর সূত্রপাত করতে পারি, যা বিশ্বের অন্যান্য বিখ্যাত শিক্ষাপ্রতিষ্ঠানে ইতোমধ্যে চালু আছে?

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ অনুযায়ী, হাইকোর্টের সংক্ষিপ্ত আদেশের পর কার্যত বুয়েটে ছাত্ররাজনীতি চালু করতে আর কোনো বাধা নেই। এখন আমাদের প্রবল ও আন্তরিক আশা হলো, পূর্ণাঙ্গ রায়ে ছাত্ররাজনীতির নামে কী করা যাবে, আর কী করা যাবে নাড়সে বিষয়ে যেন সুস্পষ্ট নির্দেশনা থাকে।

রাজনীতিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের অধিকার সমুন্নত রাখার পাশাপাশি হাইকোর্ট তার পূর্ণাঙ্গ রায়ের মাধ্যমে শিক্ষার্থীদের ভয়-ভীতি প্রদর্শন, মৌখিক ও শারীরিক নির্যাতন এবং যেকোনো ধরনের সহিংসতার বিষয়ে সাবধান করে দিতে পারে। তেমনটি হলে শিক্ষার্থী ও শিক্ষক উভয়ে পক্ষের বহুল প্রতীক্ষিত ক্যাম্পাস রাজনীতির সংস্কার শুরু হতে পারে।

এখনই সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি বিষয় নিয়ে নতুন করে চিন্তা শুরু করার, সেটি হচ্ছে আমাদের ভবিষ্যৎ। মাহফুজ আনাম: সম্পাদক ও প্রকাশক, দ্য ডেইলি স্টার । ইংরেজি থেকে অনুবাদ করেছেন মোহাম্মদ ইশতিয়াক খান




## ব্যাংক কেলেঙ্কারি: ভিয়েতনামে বিচার হয়,

১৪ পৃষ্ঠার পর

অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে একজন হলেন কেন্দ্রীয় ব্যাংকের সাবেক প্রধান পরিদর্শক। বর্তমানে তিনি ৫০ লাখ ডলার ঘুষ নেওয়ার অপরাধে যাবজ্জীবন কারাদণ্ডাদেশ পেয়েছেন। বাংলাদেশে আমরা যখন পত্রপত্রিকায় বেশ কিছু দুর্বল বাণিজ্যিক ব্যাংককে অপেক্ষাকৃত সবল ব্যাংকের সঙ্গে আত্তীকরণের সংবাদ পাচ্ছি, তার পেছনের কারণ হিসেবে প্রায় সব বিশ্লেষকই দুর্বল হিসেবে বিবেচিত ব্যাংকগুলোয় একই ধরনের বেনামি ঋণ, মালিকপক্ষের বা এক-দুটি পরিবারের একচ্ছত্র প্রভাব, বিরাট অঙ্কের মন্দ ঋণ, মালিকদের আত্মীয়স্বজনের গুরুত্বপূর্ণ পদে চাকরি বা পদায়ন এবং ব্যাপক পরিচালনগত অনিয়মের কথা বলছেন। এমনকি কেন্দ্রীয় ব্যাংকের এই উদ্যোগের পেছনে সরকারের ওপর মহলেরও ‘অনেক হয়েছে, আর নয়’ গোছের নির্দেশ রয়েছে বলে জানা গেছে।

পত্রপত্রিকায় বিডিবিএল আর কৃষি ব্যাংক ছাড়াও বারবার বেসিক ব্যাংক, পদ্মা ব্যাংক ও ন্যাশনাল ব্যাংকের চেয়ারম্যান বা মালিকপক্ষের ব্যাপক জালিয়াতি আর অনিয়মের শিরোনাম হয়েছে। অনেক ব্যাংকেই মালিকপক্ষের নির্দেশে অনুমোদিত সময়ের বাইরে মোটা অঙ্কের ক্যাশ বা নগদ লেনদেন হয়েছে। আত্মীয়স্বজনের নামে-বেনামে ঋণ অনুমোদিত হয়েছে। এমনকি প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াই বিদেশেও টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে। একই মালিকের বা পরিবারের নিয়ন্ত্রণাধীন কতিপয় ইসলামি ব্যাংকের বিষয়ে এখনো যদিও আত্তীকরণের কথা শোনা যায়নি, তারপরও ব্যাপক অনিয়মের তথ্য বাজারে চাউর রয়েছে। আমাদের বিচারব্যবস্থাও এ ধরনের ইচ্ছাকৃত ঋণখেলাপি সংস্কৃতি, বেনামি ঋণ, মালিকপক্ষের দোর্দণ্ড প্রতাপ ও অনিয়ম, পরিচালনগত ব্যর্থতা এবং জালিয়াতির ব্যাপারে মাঝেমধ্যে জোরালো ও কঠিন মন্তব্য করেছে। তবে শেষমেশ অভিযুক্ত পক্ষ বা শক্তিশালী মালিকপক্ষ বা বিরাট বিরাট ঋণখেলাপি এখনো নিজেদের বিচারের বাইরে রাখতে পেরেছেন। সামাজিক অভিযোগ বা মিডিয়া ট্রায়ালে তেমন কাজ হয়নি।

তবে আমাদের পুরোপুরি হতাশ হওয়া উচিত হবে না। কে জানে, একদিন ভিয়েতনামের মতো আমাদের সরকার বা বিচারব্যবস্থাও হয়তো জেগে উঠবে। ব্যাংকিং ব্যবস্থায় আস্থা ফেরানোর মাধ্যমে সাধারণ আমানতকারী, সৎ উদ্যোক্তা আর জনগণের স্বার্থ হবে উচ্চকিত। মামুন রশীদ ব্যাংকার ও অর্থনীতি বিশ্লেষক। দৈনিক প্রথম আলোর সৌজন্যে

## ইরানে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের নতুন

১২ পৃষ্ঠার পর

চালিয়েছিল সেগুলোর ইঞ্জিন এসব প্রতিষ্ঠান তৈরি করেছিল।

এছাড়া যুক্তরাজ্য ইরানের ড্রোন এবং ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শিল্পের সাথে জড়িত বেশ কয়েকটি সামরিক সংস্থা, ব্যক্তি এবং সংস্থাকে লক্ষ্য করে নিষেধাজ্ঞা জারি করেছে। আরও নিষেধাজ্ঞা আরোপ করা হবে উল্লেখ করে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, ‘আমাদের মিত্র ও অংশীদাররা ইরানের অস্থিতিশীল সামরিক কর্মসূচি সীমিত করার জন্য অতিরিক্ত নিষেধাজ্ঞা ও পদক্ষেপ জারি করেছে বা করবে।...আমি অর্থ দপ্তরসহ আমার দলকে ইরানের সামরিক শিল্পকে আরও অবনমিত করে এমন নিষেধাজ্ঞা আরোপ করা চালিয়ে যেতে নির্দেশ দিয়েছি।’

## মঙ্গল শোভাযাত্রাকে অসাম্প্রদায়িক বলা কি

১৮ পৃষ্ঠার পর

হয় মঙ্গলপ্রদীপ।

১৯৮৯ সাল-পূর্ববর্তী আমাদের বাংলাদেশের কোথাও মঙ্গল শোভাযাত্রা পালনের ঘটনা প্রত্যক্ষ করা যায়নি। ১৯৮৯ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউট হতে যে মঙ্গল শোভাযাত্রার সূচনা সময় ও যুগের পরিক্রমায় বিভিন্ন জেলা শহরে এর বিস্তৃতি ঘটেছে। মঙ্গল শোভাযাত্রার যারা আয়োজক এবং এ শোভাযাত্রায় যারা অংশগ্রহণ করেন তারা সবসময় নিজেদের অসাম্প্রদায়িক এবং উৎসবটিকে সর্বজনীন দাবি করেন। কিন্তু প্রশ্ন দেশের বৃহত্তর ধর্মগোষ্ঠীর ঐতিহ্য ও সংস্কৃতির অনুপস্থিতিতে মঙ্গল শোভাযাত্রাইবা কেন এবং তথায় একটি বিশেষ ধর্মাবলম্বীদের ধর্মীয় সংস্কৃতির দেবদেবীর বাহন হিসেবে ব্যবহৃত প্রাণীগুলোর প্রতীকের উপস্থিতিইবা কেন?

ধর্মীয় নিষেধাজ্ঞার কারণে আমাদের দেশের মুসলিম জনগোষ্ঠী শূকর, কচ্ছপ, কুচে মাছ প্রভৃতির মাংস ভক্ষণ করে না। অনুরূপভাবে ধর্মীয় নিষেধাজ্ঞার কারণে হিন্দু জনগোষ্ঠী গরুর গোশত ভক্ষণ করে না। আমাদের দেশে মুসলিম বা হিন্দু সম্প্রদায়ের কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক আয়োজিত কোনো সামাজিক বা পারিবারিক অনুষ্ঠানে অপর ধর্মাবলম্বীদের দাওয়াত করা হলে অনুষ্ঠানের আয়োজক খাবার পরিবেশনের সময় ধর্মীয় সংস্কৃতি যেন কোনোভাবে ব্যাহত না হয় সে বিষয়ে সচেষ্ট থকেন। মুসলমান ও হিন্দুদের ধর্মীয় অনুষ্ঠানে অতীতে কখনো এক সম্প্রদায়ের লোক অপর সম্প্রদায়ের লোককে জোরপূর্বক নিজ ধর্মে নিষিদ্ধ এমন কিছু খেতে বাধ্য করেছে এমন দৃষ্টান্ত বিরল। কিন্তু এর অর্থ এই নয় যে, এক সম্প্রদায়ের লোক যেটি ভক্ষণ করে না অন্য সম্প্রদায়ের উপস্থিতি বা প্রবেশ বারিত নয় এমন স্থানে এরূপ খাবার নিষিদ্ধ থাকবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলার শিক্ষক ও শিক্ষার্থীদের এক বড় অংশ নিজেদের অসাম্প্রদায়িক বলে দাবি করেন। কোনো এক বছর মঙ্গল শোভাযাত্রা সমাপ্ত হওয়া পরবর্তী চারুকলার ক্যান্টিন হতে শিক্ষক ও শোভাযাত্রায় অংশগ্রহণকারীদের একটি অংশের জন্য যে খাবার সরবরাহ করা হয় তা গরুর গোশতের তৈরি তেহারি ছিল এবং হিন্দু ধর্মাবলম্বীদের না জানিয়ে খাওয়ানো হয়েছে দাবি করে তারা ক্যান্টিনের মালিক ও ম্যানেজারকে বেধড়ক মারধর ও ক্যান্টিনের আসবাবপত্র ভাঙচুর করে। এ বিষয়ে চারুকলার ডিন ও মঙ্গল শোভাযাত্রার আহ্বায়কের ভাষ্য গরুর গোশতের তেহারি সরবরাহের প্রশ্নই ওঠে না, কারণ বিগত কয়েক বছর যাবৎ চারুকলার ক্যান্টিনে গরুর গোশত রান্না নিষিদ্ধ। এ প্রসঙ্গে ক্যান্টিন মালিক ও ম্যানেজারের নিকট জানতে চাওয়া হলে তারা বলেন, সেদিন ক্যান্টিনে হিন্দুদের জন্য মোরগ-পোলাও, মুসলিমদের জন্য গরুর গোশতের তেহারি এবং নিরামিষভোজীদের জন্য খিচুড়ি ও সবজির ব্যবস্থা করা হয়েছিল। ক্যান্টিন মালিক ও ম্যানেজারের ভাষ্য মতে, মঙ্গল শোভাযাত্রা আয়োজনের সাথে সম্পর্কিত কিছু নেতা বিনা পয়সায় কয়েক শ’ খাওয়ার প্যাকেট নিতে ব্যর্থ হওয়ার কারণেই এ অপবাদ, মারধর ও ভাঙচুর।

চারুকলা ইনস্টিটিউট ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন একটি শিক্ষাপ্রতিষ্ঠান। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে যারা অধ্যয়ন করেন তারা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হলে বসবাস করেন। হিন্দু ধর্মাবলম্বীদের জন্য জগন্নাথ হল নামক একটি আবাসিক হল রয়েছে। এ হলটিতে হিন্দু ধর্মে নিষিদ্ধ গরুর গোশত কখনো রান্না করা হয় না। অপর দিকে এটিতে হিন্দু ধর্মে নিষিদ্ধ নয় এমন সব ধরনের প্রাণীর মাংসের রান্নার প্রচলন রয়েছে। অপরাপর আবাসিক হলগুলোতে প্রধানত মুসলিম শিক্ষার্থীদের বসবাস এবং এসব আবাসিক হলের ক্যান্টিন ও ডাইনিং হলে ইসলাম ধর্মে নিষিদ্ধ নয় এমন সব প্রাণীর গোশত রান্না হয়ে থাকে। কোনো হিন্দু ধর্মাবলম্বী শিক্ষার্থী এসব হলে বসবাস করতে চাইলে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী বাধা না থাকলেও সচরাচর কাউকে আগ্রহী হতে দেখা যায় না। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে ও ইনস্টিটিউটে যেসব ক্যান্টিন রয়েছে এগুলোতে দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের খাবার হিসেবে নিষিদ্ধ নয় গরুর গোশত রান্না ও পরিবেশনা বারিত নয়। চারুকলা ঢাকা বিশ্ববিদ্যালয়স্থ প্রতিষ্ঠান হয়ে থাকলে এখানকার ক্যান্টিনে গরুর গোশত রান্না এবং এটির পরিবেশনা বারিত হওয়ার কোনো অবকাশ নেই। চারুকলার ক্যান্টিন মালিক ও ম্যানেজার দাবি করেন ইনস্টিটিউটটির যেসব হিন্দু শিক্ষার্থী তাকে গরুর গোশতের তেহারি রান্নার জন্য মারধর ও তার ক্যান্টিন ভাঙচুর করেছে এর আগে তারাই তার ক্যান্টিনে তাদের জন্য শূকরের মাংস রান্না করতে বাধ্য করেছিল।

চারুকলার ডিন ও মঙ্গল শোভাযাত্রার আহবায়কের দাবি অনুযায়ী, প্রকৃতই চারুকলায় গরুর গোশত রান্না ও পরিবেশনা নিষিদ্ধ হয়ে থাকলে তা ইনস্টিটিউটটিতে অধ্যয়নরত হিন্দু সম্প্রদায়ভুক্ত শিক্ষার্থীদের ধর্মীয় বিধানের প্রতি শ্রদ্ধার বহিঃপ্রকাশে করা হয়েছে। ইনস্টিউটটিতে যে সংখ্যক হিন্দু ধর্মাবলম্বী শিক্ষার্থী পড়াশোনা করে মুসলিম শিক্ষার্থীর সংখ্যা তাদের চেয়ে কম নয়। এমতাবস্থায় মুসলিম শিক্ষার্থীদের মধ্যে যারা ইনস্টিটিউটে অবস্থানকালীন নামাজ আদায় করতে চায় তাদের ধর্মীয় বিধান পালনে সহায়তায় ইনস্টিটিউট কর্তৃপক্ষ কি তথায় নামাজ আদায়ের জন্য কোনো পৃথক কক্ষের ব্যবস্থা করেছে? আর করে না থাকলে আমরা কি করে বলি ইনস্টিটিউট কর্তৃপক্ষ এবং ইনস্টিটিউটটিতে অধ্যয়নরত শিক্ষার্থীরা অসাম্প্রদায়িক?

পহেলা বৈশাখ যে মঙ্গল শোভাযাত্রার আয়োজন গত প্রায় তিন দশক ধরে আমাদের দেশে চারুকলা ইনস্টিটিউটের ব্যবস্থাপনায় চলে আসছে এটির আনুষ্ঠানিকতা পুরোপুরি হিন্দু ধর্মাবলম্বীদের সংস্কৃতি ও বিশ্বাসের সাথে ওতপ্রোতভাবে জড়িত। এটি বাঙালি মুসলিম বা সর্বজনীন বাঙালি সংস্কৃতি নয়। হিন্দু ধর্মাবলম্বীদের মতে শ্রীকৃষ্ণের জন্ম হয়েছে অশুভ শক্তিকে বিনাশ করতে। তাই হিন্দু ধর্মাবলম্বীরা অশুভ শক্তিকে তাড়াতে শ্রীকৃষ্ণের জন্মদিনে তথা জন্মাষ্টমীতে প্রতি বছর বাংলাদেশে মঙ্গল শোভাযাত্রার আয়োজন করে।

হিন্দু ধর্মাবলম্বীদের শ্রীকৃষ্ণের জন্মকে উপলক্ষ করে মঙ্গল শোভাযাত্রা পালনের সাথে পহেলা বৈশাখ সর্বজনীনভাবে হিন্দুদের দেব-দেবীর বাহন হিসেবে খ্যাত বিভিন্ন পশুপাখির প্রতীক এবং অশুভ শক্তির বিনাশে দানবের প্রতীকী উপস্থাপনে মানুষসহ বিভিন্ন জীবজন্তুর বিকৃত মুখোশের ব্যবহারে মঙ্গল শোভাযাত্রার আয়োজন দেশের প্রধান ধর্মাবলম্বী মুসলমানদের ধর্মবিশ্বাস ও সংস্কৃতির সাথে কোনোভাবেই সম্পৃক্ত নয়।

আমাদের দেশে বিগত বেশ কিছু বছর যাবৎ পহেলা বৈশাখকে উপলক্ষ করে বিভিন্ন শ্রেণীপেশার মানুষের মধ্যে নিজ নিজ সামর্থ্য অনুযায়ী নতুন কাপড় পরিধান ও বাঙালি সংস্কৃতির সাথে সম্পর্কিত খাবারের আয়োজনের প্রচলন দেখা দিয়েছে। পৃথিবীর অন্যান্য জাতির মধ্যেও বছরের প্রথম দিন উৎসবমুখর পরিবেশে পালনের প্রচলন রয়েছে। আমাদের দেশের সরকারি কর্মচারীরা পহেলা বৈশাখ যাতে উৎসবমুখর পরিবেশে উদযাপন করতে পারে সে লক্ষ্যে সর্বশেষ ঘোষিত অষ্টম জাতীয় বেতন স্কেলে বৈশাখী ভাতার প্রবর্তন করা হয়েছে। সরকারের এ পদক্ষেপটি ধন্যবাদার্হ্য। সরকারের পদাঙ্ক অনুসরণ করে গুটি কয়েক বেসরকারি প্রতিষ্ঠানে বৈশাখী ভাতা চালু হলেও অধিকাংশ বেসরকারি প্রতিষ্ঠানের মালিক এটি দিয়ে অনীহ। এসব অনীহ প্রতিষ্ঠানের মালিক ভবিষ্যতে বৈশাখী ভাতা প্রদানে ব্যর্থ হলে তা যে শ্রমিক ও কর্মচারীদের অসন্তোষের কারণে শান্তিশৃঙ্খলা ও স্থিতিশীলতা বিঘ্নের কারণ হয়ে দেখা দেবে সে প্রশ্নে কোনো সংশয় নেই।

পহেলা বৈশাখ আমাদের দেশের সব শ্রেণীপেশার মানুষের মধ্যে দেশে উৎপাদিত নতুন কাপড় পরিধান করার যে প্রবণতা তা দেশের অর্থনীতির জন্য ইতিবাচক। পহেলা বৈশাখে আমাদের দেশের নারীদের শাড়ি ও পুরুষদের মধ্যে পায়জামা-পাঞ্জাবি পরার প্রচলন অধিক। শাড়ি বাঙালি সংস্কৃতির অংশ হলেও পায়জামা-পাঞ্জাবির চেয়ে বাঙালি মুসলিম পুরুষদের জন্য লুঙ্গি ও ফতুয়া এবং বাঙালি হিন্দু পুরুষদের জন্য ধুতি ও ফতুয়ার সম্পর্ক নিবিড়তর। আমরা অবশ্যই উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষের প্রথম দিন পহেলা বৈশাখ পালন করব। আর সেটি হতে হবে বাঙালি মুসলিম ও হিন্দু সংস্কৃতির সাথে সম্পর্কহীন সর্বজনীন বাঙালি সংস্কৃতির উৎসব। সে উৎসবে একান্তই যদি শোভাযাত্রা বের করতে হয় তাতে থাকবে জাতি, ধর্ম, বর্ণ নির্বিভেদে কুলা, ডালা ও মাটির বাসন প্রভৃতিতে শুভনববর্ষ বাণী সংবলিত বার্তাবহন। সাবেক জজ, সংবিধান, রাজনৈতিক ও অর্থনৈতিক বিশ্লেষক। দৈনিক নয়াদিগন্ত-র সৌজন্যে

## ইরানের পারমাণবিক স্থাপনার কোনো

১২ পৃষ্ঠার পর

জাতিসংঘের এই সংস্থাটির মহাপরিচালক রাফায়েল মারিয়ানো গ্রসি শুক্রবার (১৯ এপ্রিল) সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে বলেছেন, পারমাণবিক স্থাপনাগুলো সামরিক সংঘাতের লক্ষ্য হওয়া উচিৎ নয়। তিনি সবাইকে সর্বোচ্চ ধৈর্য্য ধারণ করার আহ্বান জানিয়েছেন। এর আগে ইরানের আধা-সরকারি বার্তা সংস্থা তাসনিমের বরাত দিয়ে তিনি বলে, ইস্পাহানের পারমাণবিক স্থাপনাগুলো ‘সম্পূর্ণ নিরাপদ’।

এদিকে, ইরানের মহাকাশ সংস্থার মুখপাত্র হোসেইন দালিরিয়ান সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে বলেন, দেশের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা দ্বারা বেশ কয়েকটি ড্রোন সফলভাবে ভূপাতিত করা হয়েছে। আপাতত কোনো ক্ষেপণাস্ত্র হামলার খবর নেই। ইরানি বার্তা সংস্থা ফার্সের প্রতিবেদনে বলা হয়, ইরানের ইস্পাহান শহরের বিমানবন্দরে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এই শহরে ইরানের বেশ কয়েকটি পারমাণবিক কেন্দ্র রয়েছে। সূত্রঃ বিবিসি




বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
জিন্দাবাদ
শহীদ জিয়া অমর হোক
বেগম খালেদা জিয়া দীর্ঘজীবি হোক
দেশনায়ক তারেক রহমান এগিয়ে চল
২১শে এপ্রিল ২০২৪ইং, রবিবার
নিউ ইয়র্ক স্টেট বি.এন.পি. এর
কাউন্সিল, গনতন্ত্র পুনরুদ্ধার
এবং বেগম খালেদা জিয়ার মুক্তি ও
তারেক রহমানের বাংলাদেশ প্রত্যাবর্তন
সহ সকল দাবী আদায়ের লক্ষ্যে
নিউইয়র্ক স্টেট বি.এন.পি.র ঐক্যবদ্ধভাবে
কাজ করে যাওয়া আমার মূল আদর্শ।
আসসালামু আলাইকুম,
সম্মানিত কাউন্সিলর এবং নিউইয়র্ক স্টেট বি.এন.পি. এর নেতৃবৃন্দ,
সকল জেলার যোগ্য নেতৃত্বের সমন্বয়ে নিউইয়র্ক স্টেট বি.এন.পি.
গঠন করার লক্ষ্যেই উক্ত কাউন্সিল
আমি সভাপতি পদ প্রার্থী
আপনাদের দোয়া এবং সহযোগিতা ও সমর্থন কামনা করতেছি।
আনোয়ার হোসেন
সিনিয়র যুগ্ম আহবায়ক:
নিউ ইয়র্ক স্টেট বি.এন.পি.
যুগ্ম আহবায়ক, স্বাধীনতা সুবর্ন জয়ন্তী উদযাপন কমিটি, যুক্তরাষ্ট্র।
সভাপতি, ব্রুকলীন বি.এন.পি., নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

## ইরানের কারণে কি গাজার পরিস্থিতি আরও খারাপের দিকে যাবে

১৬ পৃষ্ঠার পর

যুদ্ধমান নিয়ে বেশি চিন্তিত। তাঁরা জানেন যে ইসরায়েল যদি ইরানি সশস্ত্র বাহিনী, সামরিক ঘাঁটি বা পারমাণবিক স্থাপনায় বড় ধরনের হামলা চালায়, তাহলে তেহরান ও তার মিত্রদের বাধ্য করা হবে সব ধরনের সংযত অবস্থান ছুড়ে ফেলতে।

সামরিকভাবে অকার্যকর হওয়ার পরও ইরানি হামলাকে পুরোপুরি বাতিল করে দেওয়া হবে ভুল। ১৯৯১ সালের পর এই প্রথম ইসরায়েল সরাসরি অন্য কোনো দেশ থেকে আক্রমণের মুখে পড়েছে। ইরানও এ থেকে শিক্ষা নেবে। ইরান এটা দেখিয়ে দিয়েছে যে সে পরোক্ষভাবে বিকল্প শক্তির মাধ্যমে নয়, বরং সরাসরি জবাব দিতে পারে। হামলার পর দেশটি মিশ্র বার্তা দিয়েছে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী বিরতি দেওয়ার কথা বলেছেন।

আইআরজিসি 'একটি নতুন সমীকরণ রচনার সিদ্ধান্ত নেওয়া'র কথা ঘোষণা দিয়েছে। যুক্তরাষ্ট্রের বাধা দেওয়ার সক্ষমতা সামান্য হলেও ক্ষয় হয়েছে। সে আগাম গোয়েন্দা বার্তা জনসম্মুখে জানান দিয়েও ইরানকে নিবৃত্ত করায় সফল হয়নি।

তবে এতকিছুর মধ্যে গাজার ফিলিস্তিনিরা আরও কোণঠাসা হয়ে গেল। তাদের জন্য যে সক্রিয় সমর্থন গড়ে উঠছিল, ইরানের হামলায় তা দুর্বল হতে পারে, তাৎক্ষণিক যুদ্ধবিরতি ও বৃহত্তর মানবিক সহায়তা প্রদানের দাবি বিশ্বমঞ্চে পিছিয়ে পড়তে পারে। অথচ এগুলো বেশ জোরদার হয়ে উঠছিল। ইসরায়েলি জিম্মি মুক্তির সমঝোতা এমনিতেই থমকে আছে, এখন তা স্থগিত হয়ে যেতে পারে। যতক্ষণ ওয়াশিংটন গাজায় যুদ্ধবিরতিকে বিপজ্জনক আঞ্চলিক পরিস্থিতি থেকে বিচ্ছিন্ন করে রাখবে, ততক্ষণ পরিস্থিতি খারাপের দিকেই যাবে। এমিল হোকেয়েম লন্ডনভিত্তিক ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের আঞ্চলিক নিরাপত্তাবিষয় পরিচালক। লেখাটি ফাইন্যান্সিয়াল টাইমস থেকে বাংলায় রূপান্তর করেছেন আসজাদুল কিবরিয়া

## মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতিতে বাংলাদেশের

১৪ পৃষ্ঠার পর

যুদ্ধ বিস্তৃত হলে এটা আরো কমবে। বিশ্বব্যাপী অস্থিরতা তৈরি হলে পোশাক কেনা তারা কমিয়ে দেবে।

তিনি বলেন, ''আমাদের কাঁচামাল আমদানি কঠিন হয়ে পড়বে। দাম বেড়ে যাবে। উৎপাদন খরচ বেড়ে যাবে। এর নেতিবাচক প্রভাব পড়বে শিল্প উৎপাদনে৶

অপ্রচলিত বাজারে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়ছে। কিন্তু যুদ্ধের কারণে সেখানেও নেতিবাচক প্রভাবের আশঙ্কা করেন তিনি।

মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে পোশাক রপ্তানি বাড়ছে। পোশাক রপ্তানির শীর্ষ ১০ নতুন বাজারের দুটি হচ্ছে সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও সৌদি আরব। চলতি অর্থবছরের প্রথম আট মাসে ইউএই ও সৌদি আরবে তৈরি পোশাক রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩৭ ও ৪৭ শতাংশ। তবে যুদ্ধ বিস্তৃত হলে এই বাজার কতটা টিকবে তা নিয়ে আশঙ্কা আছে তৈরি পোশাক রপ্তানিকারকদের।

দুশ্চিন্তায় শিল্প উৎপাদন থেকে বিনিয়োগ

গবেষণা প্রতিষ্ঠান 'পলিসি এক্সচেঞ্জ অব বাংলাদেশ্'-এর চেয়ারম্যান ড. মাশরুর রিয়াজ বলেন, ''মধ্যপ্রাচ্যে যে সংকট চলছে তার প্রভাব বাংলাদেশে কতটা হবে তা নির্ভর করছে কয়েকটি বিষয়ের ওপর। ইরান ও ইসরায়েলের মধ্যে যদি যুদ্ধ লেগে যায়, এটা যদি আঞ্চলিক যুদ্ধে পরিণত হয় এবং এই যুদ্ধ প্রলম্বিত হলে আমাদের অর্থনীতিতে সরাসরি দুইটি নেতিবাচক প্রভাব পড়বে। প্রথমত, আমাদের মূল জ্বালানি হলো তেল। আর এরজন্য আমরাসহ বিশ্ব মধ্যপ্রাচ্যের ওপর নির্ভরশীল। রাশিয়া ছিলো। কিন্তু ইউক্রেন যুদ্ধের কারণে সেটা কাজে লাগানো যাচ্ছে না। এছাড়া আমরা এলএনজি আনি মধ্যপ্রাচ্য থেকে। এখন এই পরিস্থিতিতে ওই বাজার অস্থির হয়ে যাবে। দাম বেড়ে যাবে। ফলে আমাদের এখানে পণ্য উৎপাদন, শিল্প উৎপাদন, পরিবহণ সবখানে খরচ ও দাম বেড়ে যাবে। এটা রপ্তানিতেও নেতিবাচক প্রভাব ফেলবে৶

বাংলাদেশের তৈরি পোশাকসহ যেসব শিল্প উৎপাদন গ্যাস বিদ্যুৎ নির্ভর সেখানে সমস্যা হবে। আর মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বাংলাদেশের শ্রমবাজারেও প্রভাব পড়তে পারে বলে মনে করেন তিনি।

তিনি জানান, ''সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের অনেক দেশ এখন বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী। সৌদি আরব প্রায় ১০ বিলিয়ন ডলার বিনিয়োগ পরিকল্পনা করছে বাংলাদেশে। যুদ্ধ দীর্ঘায়িত হলে এই বিনিয়োগ আমরা নাও পেতে পারি৶

সিপিডির গবষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ''জ্বালানি তেল নিয়ে আমরা এরইধ্যে চাপে আছি। এখন যদি যুদ্ধ পরিস্থিতি চলতে থাকে ইরান ইসরায়েলের এই অবস্থায় তৎপরতা আরো বাড়ে তাহলে জ্বা লানি তেল নিয়ে আমরা আরো চাপে পড়ব, এলএনজি নিয়েও চাপে পড়বো। তার প্রভাব অমাদের অর্থনীতির অনেক ক্ষেত্রেই পড়বে৶

এই পরিস্থিতিতে মূল্যস্ফীতি আরো বাড়ার আশঙ্কা করেন তিনি।

সংকট কতটা সামাল দেয়া যাবে?

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ''আসলে আমাদের অভ্যন্তরীণ নির্ভরতা বাড়াতে হবে। কৃষিতে যেরকম আমরা অভ্যন্তরীণ উৎপাদনে অনেক এগিয়ে তেমনি অন্য খাতেও প্রয়োজন। কিন্তু জ্বালানি খাতে তো আমরা আমদানি নির্ভর। শিল্পের কাঁচামালের জন্যও আমাদের নিজস্ব উৎপাদনে যেতে হবে। আর সরকারি ও বেসরকারি অভ্যন্তরীণ বিনিয়োগ কমাতে হতে পারে৶

ড. মাশরুর রিয়াজ বলেন, ''আমাদের জ্বালানির জন্য বিকল্প সোর্সের দিকে যেতে হবে। সিংগাপুর, অস্ট্রেলিয়ার কথা ভাবা যেতে পারে। আগাম জ্বালানি কিনে রাখা যায়। যদি বিকল্প পথে জ্বালানি আনতে হয় তার খরচ এখনই হিসাব করা দরকার। তবে এসব করে পরিস্থিতি কিছুটা সামাল দেয়া গেলেও সংকট হবেই৶

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ডয়চে ভেলেকে জানান, সরকার এরইমধ্যে ভোগ্যপণ্য, জ্বালানি বিকল্প উপায়ে কীভাবে আনা যায় তার পরিকল্পনা করছে। সমুদ্রপথে সংকট দেখা দিলে উড়োজাহাজের রপ্তানি পণ্য পাঠানোর চিন্তা করছে সরকার। বলেন,চ আমরা তৈরি পোশাক রপ্তানিতে আকাশ পথ ব্যবহার শুরু করেছি। আমরা এজন্য কার্গো উড়োজাহাজ কেনার পরিকল্পনা করছি। প্রয়োজনে এয়ার শিপমেন্ট বাড়িয়ে দিব৶

ভোগ্যপণ্যের জন্য মিয়ানমারের সঙ্গে চুক্তির পরিকল্পনা এবং আসিয়ান দেশগুলোর সঙ্গে যোগাযোগে করা হচ্ছে বলে জানান।

জ্বালানি তেলের ব্যাপারে প্রয়োজনে রাশিয়ার আগের প্রস্তাবগুলো পরীক্ষা করে দেখা হবে জানিয়ে তিনি বলেন, ''আমাদের বিকল্প সোর্স তো লাগবে। আর এখন অভ্যন্তরীণভাবে কিছু জ্বালানি তেল আমরা পাচ্ছি। আরো বিকল্প দেশের কথা ভাবা হচ্ছে৶

তিনি বলেন,চ পরিস্থিতির ওপর সরকার নজর রাখছে। আমরা সব ধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছি৶-হারুন উর রশীদ স্বপন, জার্মান বেতার ডয়চে ভেলে, ঢাকা

## দুবাইয়ে বন্যা অব্যাহত, বিমানবন্দর আংশিক খোলা

১২ পৃষ্ঠার পর

বিমান বাতিল করা হয়েছে। ৪১টি বিমান ঘুরিয়ে দেওয়া হয়েছে। যে বিমানগুলি নেমেছে তার পাইলটেরা জানিয়েছেন, রানওয়ের উপরেও জল ছিল। বৃহস্পতিবার বিমানবন্দর ৬০ থেকে ৭০ শতাংশ খোলার চেষ্টা করা হয়েছে। আগামী ২৪ ঘন্টার মধ্যে বিমানবন্দর পুরোপুরি খোলা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেছেন কর্তৃপক্ষ।

এদিকে বিমান বাতিল হওয়ায় বহু যাত্রী বিমানবন্দরেই রাত কাটাতে বাধ্য হয়েছেন। কারণ, বিমানবন্দর থেকে ফেরাও সম্ভব হয়নি। গোটা রাস্তাই জলের নিচে। বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছেন, বাড়ি থেকে বেরনোর আগে দেখে নিতে হবে বিমান বাতিল হয়েছে কি না। কারণ এত মানুষকে বিমানবন্দরে থাকতে দেওয়া সম্ভব হচ্ছে না।

বৃহস্পতিবার (১৮ এপ্রিল) বিকেলেও দেখা যায়, অন্তত ২০০টি বিমান সময়ের পরে ছাড়বে অথবা তাদের বাতিল করা হয়েছে। এমিরেটসের তরফে জানানো হয়েছে, তাদের অধিকাংশ উড়ানই সময়ে ছাড়তে পারছে না।

বৃহস্পতিবার বিকেলের পর থেকে অবশ্য রাস্তাঘাট থেকে ধীরে ধীরে জল নামতে শুরু করেছে। স্কুলগুলি আগামী সপ্তাহ পর্যন্ত ছুটি দিয়ে দেওয়া হয়েছে। বহু মানুষ জানিয়েছেন, শপিং মলে এবং বাড়িতে জল ঢুকে গেছে। বিশেষজ্ঞদের বক্তব্য, জলবায়ু পরিবর্তনের জন্যই এমন ঘটনা ঘটেছে দুবাইয়ে। রয়টার্স, এপি, এএফপি

## ইসরায়েলে পাল্টা হামলা চালানোর পরিকল্পনা নেই ইরানের

১২ পৃষ্ঠার পর

কথা জানানো হয়েছে। মার্কিন কর্মকর্তারাও জানিয়েছেন, ইসরায়েল ইরানে হামলা চালিয়েছে, তবে যুক্তরাষ্ট্র এর সঙ্গে সম্পৃক্ত নয়। অবশ্য ইরান বিদেশি হামলার কথা অস্বীকার করেছে।ইসরায়েলের বিরুদ্ধে অবিলম্বে প্রতিশোধ নেওয়ার জন্য ইরানের কোন পরিকল্পনা নেই বলে শুক্রবার একজন সিনিয়র ইরানি কর্মকর্তা রয়টার্সকে জানিয়েছেন। নাম প্রকাশ না করার শর্তে ওই ইরানি কর্মকর্তা বলেন, 'ঘটনার বিদেশি উৎস নিশ্চিত করা যায়নি। আমরা কোনো বাহ্যিক আক্রমণ পাইনি, এবং আলোচনা আক্রমণের চেয়ে অনুপ্রবেশের দিকে বেশি ঝুঁকেছে।' রয়টার্সের মতে, একজন ইরানি বিশ্লেষক শুক্রবার (১৯ এপ্রিল) রাষ্ট্রীয় টিভিকে জানিয়েছেন, ইসফাহানে গুলি করে ধ্বংস করা মিনি ড্রোনগুলো 'ইরানের অভ্যন্তরে থেকে অনুপ্রবেশকারীরা' উড়িয়েছিল।

## আন্তর্জাতিক আদালতের গ্রেপ্তারি পরোয়ানার শঙ্কায় নেতানিয়াহু, জরুরি বৈঠক

১২ পৃষ্ঠার পর

জারি হতে পারেএমন বার্তা পাওয়ার পরই এই বৈঠক ডাকা হয়।

দেশটির পররাষ্ট্রমন্ত্রী ইসরায়েল কাটজের কার্যালয় থেকে সংবাদমাধ্যম দ্য টাইমস অব ইসরায়েলকে এ বৈঠকের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। আইডিএফ কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হতে পারেএমন আশঙ্কা নিয়েও এ বৈঠকে আলোচনা করা হয়েছে।

চলতি সপ্তাহে ব্রিটেনের পররাষ্ট্রমন্ত্রী ডেভিড ক্যামেরন ও জার্মানির পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বেয়ারবকের সঙ্গে বৈঠকে নেতানিয়াহু বিষয়টি উত্থাপন করেন এবং তাঁদের সহায়তা চান।

টেলিভিশন প্রতিবেদনে বলা হয়, গত মঙ্গলবারের আলোচনায় কাটজ, বিচারমন্ত্রী ইয়ারিভ লেভিন এবং কৌশলগত বিষয়ক মন্ত্রী রন দারমার উপস্থিত ছিলেন। বৈঠকে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা থেকে বিরত রাখার প্রয়াস হিসেবে আন্তর্জাতিক আদালত ও প্রভাবশালী কূটনীতিকদের কাছে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ইসরায়েলের আশঙ্কা, গাজা উপত্যকায় চলমান যুদ্ধের মধ্যে মানবিক সংকটের কারণে গ্রেপ্তারি পরোয়ানা চাওয়া হতে পারে। ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক আইন লঙ্ঘনের অভিযোগকারী দেশগুলো এবং চতুর্থ জেনেভা কনভেনশন এই প্রচেষ্টার নেতৃত্ব দিচ্ছে বলে জানা গেছে।

গত ফেব্রুয়ারিতে হামাসের হাতে ইসরায়েলি জিম্মিদের স্বজনদের একটি প্রতিনিধিদল সংগঠনটির নেতাদের বিরুদ্ধে আইসিসিতে যুদ্ধাপরাধের অভিযোগ করে। হামাসের বিরুদ্ধে অপহরণ, যৌন সহিংসতা, নির্যাতন এবং অন্যান্য গুরুতর অভিযোগ আনা হয়।

ইসরায়েল নিজেকে আইসিসির কাছে দায়বদ্ধ মনে না করায় আদালতের প্রধান কৌঁসুলি করিম খান গত ডিসেম্বরে সরকারি সফরে ইসরায়েলে যান। সফরে ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের হামলা চালানো ইসরায়েলের কয়েকটি শহর পরিদর্শন করেন তিনি। হামলায় বেঁচে ফেরাদের বক্তব্য শুনে খান বলেন, তিনি 'পরিকল্পিত নিষ্ঠুরতার দৃশ্য' প্রত্যক্ষ করেছেন এবং এটি স্পষ্ট যে ক্ষতিগ্রস্তরা তাঁদের পরিচয়ের কারণে লক্ষ্যবস্তু হয়েছিলেন।

করিম খান আরও বলেন, গত ৭ অক্টোবর হামাসের কর্মকাণ্ডের তদন্ত শুরু করতে আদালতের কৌঁসুলিদের সঙ্গে কাজ করা তাঁর কর্তব্য বলে মনে করেন।

## যুক্তরাষ্ট্রের তরুণেরা কেন এত

৬২ পৃষ্ঠার পর

বলেছেন, 'আমার ধারণা ছিল, সে আমাদের তাকে একটু সাহায্য করার সুযোগটুকু দেবে। কিন্তু এ নিয়ে কথা বলার আর কোনো সুযোগ নেই।'

নর্থ ক্যারোলাইনা স্টেট ইউনিভার্সিটির অপরাধবিদ্যার ছাত্র ও অলিম্পিকের ক্রীড়াবিদ ছিলেন বেন। তাঁর অনেক বন্ধুও ছিল। ছিল স্থিতিশীল সম্পর্ক ও একটি ভালোবাসায় পূর্ণ পরিবার। কিন্তু এরপরও মাত্র ২১ বছর বয়সে গত এপ্রিলে বেন আত্মহত্যা করেন।

গত বছর বেনের আত্মহত্যাসহ যুক্তরাষ্ট্রে নিবন্ধিত আত্মহত্যার সংখ্যা ৫০ হাজার, যা এখন পর্যন্ত রেকর্ড করা বৃহত্তম সংখ্যা। সংখ্যার দিক থেকে দ্বিতীয় অবস্থানে ২০২২ সাল, এ বছর দেশটিতে নিবন্ধিত আত্মহত্যার সংখ্যা ৪৯ হাজার ৪৪৯।

ছেলে হারানোর শোকে টনি ও ক্যাথেরিন তাঁদের সামনের ঘরে বেনের স্মরণে 'স্মৃতির দেয়াল' তৈরি করেছেন। ওই দেয়ালের সবার ওপরে ঝুলছে বেনের বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা ও মরণোত্তর পাওয়া পুরস্কার।

টনি বলেন, 'বেন ছিল অলরাউন্ডার মানুষ। আমাদের হৃদয়ে বিশাল ক্ষত হয়ে গেল। আমাদের একটি অংশই এখন আর নেই।'

কিন্তু এত অল্প বয়সে বেন কেন আত্মহত্যা করলেন? এ প্রশ্নের উত্তর জানা নেই সালাস পরিবারের। বেনের মা-বাবা বলেছেন, ২০২০ সালে হালকা বিষণ্ণতায় ভোগার কারণে বেনকে চিকিৎসা নিতে হয়েছিল। চিকিৎসক পরে তাঁদের আশ্বস্ত করেছিলেন, বেন পুরোপুরি সুস্থ হয়ে উঠেছে।

টনি বলেন, একটি শিশু মানসিকভাবে বিপর্যস্ত হওয়ায় সংগ্রাম চালিয়ে যাচ্ছে, তা বোঝার জন্য কোনো লক্ষণ বা সাধারণ সূচক ছিল না।

বেন মা-বাবার নেওটা ছিলেন। প্রায় সময় তাঁদের মধ্যে সব বিষয় নিয়ে আলোচনা হতো। আত্মহত্যার কিছুক্ষণ আগেও টনি তাঁর ছেলে বেনের কাছে ফোন করেছিলেন। সে সময় ফোনে বেন বাবাকে বলেছিলেন, 'আমি ঠিক আছি। ভালো আছি।' এর কয়েক ঘণ্টা পরেই তাঁর মৃত্যুর সংবাদ আসে।

নর্থ ক্যারোলাইনা স্টেট ইউনিভার্সিটিতে সম্প্রতি একের পর এক আত্মহত্যার ঘটনা ঘটছে। গত শিক্ষাবর্ষে বেনসহ সাত শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। চলতি শিক্ষাবর্ষে এখন পর্যন্ত তিন শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। এর মধ্যে একটি গত জানুয়ারির শেষে ঘটেছে।

নর্থ ক্যারোলাইনা স্টেট ইউনিভার্সিটির সহকারী উপাচার্য জাস্টিন হলিংসহেড বলেছেন, আত্মহত্যা যুক্তরাষ্ট্রে এখন 'জাতীয় মহামারি' আকারে দেখা দিয়েছে, যা শুধু কলেজ ক্যাম্পাসে আর সীমাবদ্ধ নেই।

জাস্টিন হলিংসহেড আরও বলেন, 'আমরা যদি এর কারণ জানতে পারতাম, তাহলে সমস্যা সমাধান করতাম। আমরা বিষয়টি এড়াতে চাই না বা কারণ বের করার চেষ্টা করছি না, তা নয়। তবে কোনো সতর্কতা চিহ্ন নাও থাকতে পারে। কারণ, তাঁরা এসব বিষয় পরিবার বা বন্ধুদেরও জানান না। হুট করেই সিদ্ধান্ত নিয়ে নেন। কেন এমন হচ্ছে, তা আমরা জানি না।'

নর্থ ক্যারোলাইনা অঙ্গরাজ্যে কাউন্সেলর ও ড্রপইন স্পেসের (সাপোর্ট) সংখ্যা বাড়িয়েছে। এ ছাড়া কিউপিআর (কোয়েশ্চেন, পারসুয়েড, রেফার) নামে একটি সিস্টেম চালু করেছে। এতে শিক্ষার্থীরা যে বন্ধু বা সহপাঠী সমস্যায় পড়েছে, তা চিনতে পারেন এবং তাঁদের সহযোগিতা করতে পারেন। সমস্যায় পড়া শিক্ষার্থীদের রেফার করার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্মীদের প্রশিক্ষণও দেওয়া হয়।

সহকারী উপাচার্য আরও বলেন, 'আমি মনে করি, এই অকল্পনীয় পরিস্থিতিতে আমরা যথাসাধ্য চেষ্টা করছি। গত বছর এমন একটি ঘটনায় একটি জীবন আমরা রক্ষা করতে পেরেছি।'

লরেলাই নামের বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী বলেন, 'প্রথম যখন এমন একটি ঘটনা ঘটে, তখন আমি তাঁর ডরমিটরিতে ছিলাম। আমি মনে করি, আমাদের বয়সী অনেকেই পৃথিবী নিয়ে উদ্বিগ্ন। এমন অনেক বিষয় আছে, যা মোটেও ভালো হচ্ছে না, জীবন ব্যয়বহুল হয়ে উঠছে।'

কম্পিউটার সায়েন্স বিভাগের শিক্ষার্থী ব্রডি বলেছেন, তিনি ইউনিভার্সিটি থেকে প্রায়ই পাঠানো শিক্ষার্থীদের সহায়তা-সংক্রান্ত ই-মেইলগুলো সম্পর্কে সচেতন। তিনি বলেন, 'তারা মানসিক স্বাস্থ্য সমস্যার ওপর বেশি জোর দিচ্ছে।'

শুধু নর্থ ক্যারোলাইনা স্টেট ইউনিভার্সিটি নয়, বিভিন্ন রাজ্যের অন্য বিশ্ববিদ্যালয়গুলোতেও একই প্রবণতা লক্ষ করা গেছে। যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য সুরক্ষা সংস্থা সেন্টার ফর ডিজিজ কন্ট্রোলের তথ্য অনুসারে, বর্তমানে ৩৫ বছরের কম বয়সী আমেরিকানদের মধ্যে মৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ হলো আত্মহত্যা।

মনোরোগ বিশেষজ্ঞ ও ন্যাশনাল অ্যালায়েন্স অন মেন্টাল ইলনেসের সহযোগী মেডিকেল ডিরেক্টর ক্রিস্টিন ক্রফোর্ড বলেন, কোভিড মহামারি এর একটি উল্লেখযোগ্য কারণ হতে পারে। তিনি বলেন, 'এটা তরুণদের প্রয়োজনীয় সামাজিক দক্ষতা অর্জনের ক্ষেত্রে উল্লেখযোগ্য আঘাতের কারণ হয়ে দাঁড়িয়েছে। সে সময় (কোভিড মহামারি) তাঁরা বাড়িতে ছিলেন, তাই বন্ধু ও সমবয়সীদের থেকে বিচ্ছিন্ন ছিলেন। একজন তরুণের সুস্থ বিকাশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদানগুলো থেকে তাঁরা বিচ্ছিন্ন ছিলেন।'

ক্রিস্টিন ক্রফোর্ডের মতে, দিন দিন তরুণদের মধ্যে গ্যাজেট নিয়ে সময় কাটানোর সংখ্যা বিপুলসংখ্যক বেড়ে যাচ্ছে। এতে তাঁরা একা হয়ে পড়ছেন, যা একসময় তাঁদের উদ্বেগ ও হতাশার দিকে নিয়ে যাচ্ছে।

২০২১ সালের ডিসেম্বরে যুক্তরাষ্ট্রের সার্জন জেনারেল আত্মহত্যার চেষ্টা করা তরুণদের ক্রমবর্ধমান সংখ্যা নিয়ে একটি বিরল জনস্বাস্থ্য পরামর্শ জারি করেছিলেন। সেখানে বলা হয়েছিল, সামাজিক যোগাযোগমাধ্যম ও মহামারি তরুণদের মানসিক চাপ বহুগুণে বাড়িয়ে তুলছে।

যুক্তরাষ্ট্রের জাতীয় আত্মহত্যার হেল্পলাইন নম্বর ৯৮৮। দেশজুড়ে এর দুই শতাধিক কেন্দ্র আছে। শুধু গত বছরেই প্রতি মাসে এই নম্বরে কল করার সংখ্যা এক লাখ বেড়ে গেছে।

মেরিল্যান্ড অঙ্গরাজ্যে চাপ সামলাতে জাতীয় আত্মহত্যার হেল্পলাইনের একটি কেন্দ্র তাদের ১৫০ জন অপারেটর থেকে কর্মীর সংখ্যা আরও বাড়িয়েছে।


বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
জিন্দাবাদ
কাউন্সিল ২০২৪ সফল হোক
আগামী ২১ এপ্রিল ২০২৪ ইং রবিবার নিউইয়র্ক স্টেট বিএনপির
কাউন্সিলে
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
সাইদুর রহমান সাইদ
সাবেক সহ-সাধারণ সম্পাদক, ব্রাহ্মণবাড়িয়া জেলা ছাত্রদল
সাবেক সহ-সভাপতি, যুক্তরাষ্ট্র যুবদল
সদস্য সচিব, নিউইয়র্ক স্টেট বিএনপি
আপনাদের দোয়া, সহযোগিতা ও সমর্থন কামনা করছি
প্রচারে: নির্বাচন পরিচালনা কমিটি।

# বাংলাদেশ থেকে ইউরোপে অভিবাসী

৮ পৃষ্ঠার পর

সেখান থেকে কাজের ভিসায় আলবেনিয়ায় নিয়ে আসত। তিরানা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর পর অভিবাসীদের সহায়তা করতে সীমান্ত পুলিশের বেশ কিছু কর্মকর্তাকেও হাত করেছিল অপরাধী চক্রটি। এই অভিযোগে আলবেনিয়ান পুলিশের চার সদস্যকেও গ্রেপ্তার করা হয়েছে।

এ ছাড়া দুই অপরাধী সংগঠনের বিরুদ্ধে পরিচালিত অভিযানের সময় পুলিশ কর্মকর্তারা অস্ত্র, জাল নথিসহ নগদ প্রায় ১০ লাখ ইউরো জব্দ করেছেন।

০২৩ সালের সেপ্টেম্বরে এই চক্র দুটির বিরুদ্ধে তদন্ত শুরু করে আলবেনিয়ার বিশেষ দপ্তর। আগেই তাদের বিরুদ্ধে মানবপাচার অপরাধের বিভিন্ন প্রমাণ পেয়েছিল আলবেনিয়ার পুলিশ। বিশেষ কার্যালয়ের তদন্তকারীরা আদালতের সামনে বলেন, আলবেনিয়ায় বাংলাদেশিদের কর্মসংস্থানসংক্রান্ত আইনকে কাজে লাগিয়ে একটি অপরাধমূলক গোষ্ঠী সংগঠিত করেছিল অভিযুক্তরা।

এই চক্র দুটি মোট ২৫৩ জন বাংলাদেশিকে মধ্যপ্রাচ্য হয়ে ডি ক্যাটাগরির কাজের ভিসায় আলবেনিয়ায় আসতে সহায়তা করে। এ ছাড়া ইরান ও পাকিস্তানের নাগরিকদেরও টার্গেট করেছিল তারা।

অভিবাসীদের কাছ থেকে জনপ্রতি পাঁচ হাজার ইউরো নিয়ে তাদের বাংলাদেশ থেকে ইউরোপে অনিয়মিত পথে নিয়ে আসার ব্যবস্থা করত এই অপরাধী চক্রটির সদস্যরা। তারা অভিবাসীদের পরবর্তী যাত্রার জন্য সংযুক্ত আরব আমিরাত থেকে ভিসা এবং ওয়ার্ক পারমিট পেতেও সহায়তা করত।

এই চক্রের বেশ কিছু সদস্যকে তিরানা বিমানবন্দরে নিয়োগ করা হয়েছিল। সেখানে সংযুক্ত আরব আমিরাত থেকে আসা অভিবাসীদের স্বাগত জানিয়ে অভিবাসীদের কসোভো সীমান্তে নিয়ে যাওয়া হতো। কসোভো থেকে কাঙ্ক্ষিত ইউরোপের কোন দেশে তাদের যাত্রা করানো হতো।

ইউরোপীয় ইউনিয়নে প্রবেশের আলোচিত 'বলকান রুট'-এর অন্যতম প্রধান দেশ আলবেনিয়া। এই রুট ব্যবহারকারী অভিবাসীদের বেশিরভাগই এশিয়া এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের নাগরিক। তবে এসব অভিবাসীর অনেকেই দীর্ঘ সময়ের জন্য আলবেনিয়ায় আটক থাকেন। ইইউ সীমান্ত সংস্থা ফ্রন্টেক্সের দেওয়া তথ্য অনুযায়ী, ২০২৩ সালে আলবেনিয়া কর্তৃপক্ষ ৯ হাজার অনিয়মিত অভিবাসী শনাক্ত করেছিল।

# মন্ত্রী-এমপিদের আত্মীয়দের 'রুখতে'

৯ পৃষ্ঠার পর

দৃষ্টিগোচর হলে তিনি ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন। এরপর তিনি সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে ডেকে উপজেলা নির্বাচনে মন্ত্রী-সংসদ সদস্যদের সন্তান, পরিবারের সদস্য ও নিকটাত্মীয়দের ব্যাপারে এই নির্দেশনা দেন। আওয়ামী লীগ সভাপতির নির্দেশনা দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদকদের জানিয়ে দিয়েছেন। বৃহস্পতিবার সকালে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে অনানুষ্ঠানিক বৈঠকে ওবায়দুল কাদের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদকদের জানিয়ে দেন।

জানা গেছে, সাবেক নৌ-পরিবহণ মন্ত্রী শাজাহান খানের ছেলে মাদারীপুরে, আইসিটি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলকের শ্যালক নাটোরে, প্রেসিডিয়াম সদস্য আব্দুর রাজ্জাকের ভাগ্নে টাঙ্গাইলে, শিল্পমন্ত্রী নুরুল মজিদ হুমায়ূনের ভাই নরসিংদীতে, সাবেক মন্ত্রী গোলাম দস্তগীর গাজীর ছেলে নারায়নগঞ্জে, একরামুল করিম চৌধুরী এমপির ছেলে নোয়াখালীতে নির্বাচন করছেন।

ইতিমধ্যে বেশ কয়েকজনকে ফোন করে স্বজনদের সরে যেতে বলতে বলা হয়েছে। এরপরও কেউ নির্বাচন থেকে সরে না এলে নির্দেশনা অমান্যকারীদের বহিষ্কারসহ সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে আওয়ামী লীগের কেন্দ্র থেকে।

নাটোরের সিংড়া উপজেলায় এক প্রার্থীকে তুলে নিয়ে মারধরের অভিযোগ উঠেছে প্রতিদ্বন্দ্বী আরেক প্রার্থীর বিরুদ্ধে। যার বিরুদ্ধে অভিযোগ, সেই লুৎফুল হাবীব ওই এলাকার সংসদ সদস্য এবং আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালক।

নোয়াখালীর সুবর্ণচরে নিজের ছেলে আতাহার ইশরাক সাবার চৌধুরীকে ভোট না দিলে উন্নয়ন কাজ না করার হুমকি দিয়েছেন স্থানীয় সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী। দলের সিদ্ধান্তের পর এখন ছেলে নির্বাচন করবে কিনা জানতে চাইলে একরামুল করিম চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "সাংগঠনিক সম্পাদক ফোন করে আমাকে দলের সিদ্ধান্তের কথা জানিয়েছেন। আমি তাকে বলেছি, আমার ছেলে যদি ভোট করতে না পারে তাহলে তার প্রতিদ্বন্দ্বী যিনি আছেন জেলা আওয়ামী লীগের সভাপতি খায়রুল আলম চৌধুরী সেলিমকেও সরে যেতে হবে। কারণ, কিছুদিন আগে তিনি নৌকার বিরুদ্ধে ভোট করেছেন। তিনি সরে না গেলে আমার ছেলে সরে যাবে কিনা সেটা এখনও বলা যাবে না। তবে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাদের নোয়াখালীর অভিভাবক, তিনি যেভাবে সিদ্ধান্ত দেবেন, আমরা সেটা মেনে নেবো।"

নৌকার বিরুদ্ধে ভোট করার বিষয়ে জানতে চাইলে খায়রুল আলম চৌধুরী সেলিম বলেন, "আমি কখনোই নৌকার বিরুদ্ধে ভোট করিনি। উনি এখন মিথ্যা কথা বলছেন। আমি সুবর্ণচর উপজেলার টানা তিনবারের চেয়ারম্যান। জাতীয় নির্বাচনে ভোটের সময় আমার কী ভূমিকা ছিল সেটা ওবায়দুল কাদের জানেন। ফলে দলীয় সিদ্ধান্ত মেনে যদি আতাহার ইশরাক সাবার চৌধুরী সরে যান তো ভালো। না হলে দলই সিদ্ধান্ত নেবে।"

ওবায়দুল কাদের দলের সাংগঠনিক সম্পাদক ও দপ্তরকে সারা দেশে নির্বাচনে মন্ত্রী-এমপিদের স্বজন ও পরিবারের সদস্য নির্বাচন করছেন, সেই তালিকা তৈরির নির্দেশ দিয়েছেন বলে জানা গেছে। কথিত নির্দেশনায় বলা হয়েছে, "আওয়ামী লীগের মন্ত্রী-এমপিরা তাদের আত্মীয়-স্বজনদের যেন বলে দেয়, উপজেলা নির্বাচনে প্রার্থী হিসেবে অংশ না নেওয়ার জন্য। এটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ।"

উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকেই দেশের বিভিন্ন স্থানে প্রভাবশালী এমপি মন্ত্রীদের আত্মীয়-স্বজন প্রার্থী হওয়ার ঘোষণা দিয়ে প্রভাব বিস্তারের চেষ্টা করেন। এর ফলে নির্বাচনের পরিবেশে ঘ্নি সৃষ্টি হয়। উপজেলা নির্বাচনে কাউকে সমর্থন না দিতে আওয়ামী লীগের হাইকমান্ড বারবার নির্দেশনা দিয়েছেন। কিন্তু কেউ কেউ তা শুনেননি। এ কারণেই কঠোর নির্দেশনা এলো। তবে সব এলাকায় পরিস্থিতি একই রকম নয়। নরসিংদীর রায়পুরা উপজেলার বর্তমান চেয়ারম্যান লায়লা কানিজ ডয়চে ভেলেকে বলেন, "আমার এলাকার এমপি রাজিউদ্দিন আহমেদ রাজু। তিনি সাবেক মন্ত্রী। অথচ উপজেলা নির্বাচন নিয়ে তিনি কোনো প্রভাব বিস্তার করছেন না। এখন পর্যন্ত আমার উপজেলায় চেয়ারম্যান পদে ৪-৫ জন প্রার্থী হয়েছেন। এলাকার পরিবেশ যথেষ্ট ভালো। আমরা আশা করছি, এখানে ভালো নির্বাচন হবে।"

আইনে দলীয় প্রতীকে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে ভোট করার সুযোগ থাকলেও স্থানীয় সরকারের এ নির্বাচনে দলীয় প্রতীক বা মনোনয়ন না দেওয়ার কথা আগেই জানিয়ে রেখেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। ফলে আওয়ামী লীগ নেতাদের নির্বাচন করতে হচ্ছে স্বতন্ত্র প্রার্থী হিসেবে। আওয়ামী লীগের কেন্দ্রীয় একজন নেতা বলেন, "দলের কেন্দ্রীয় অধিকাংশ নেতার অভিমত ছিল দলীয় প্রতীক বরাদ্দের কারণে দলের তৃণমূলে গ্রুপিং বৃদ্ধি পাচ্ছে। এ কারণে দলীয় প্রতীক বরাদ্দ না দেওয়ার ব্যাপারে কঠোর সিদ্ধান্ত গ্রহণ করেন দলের হাইকমান্ড।"-জার্মান বেতার ডয়চে ভেলে

# বোয়িং কর্মকর্তার সতর্কতার বিষয়ে যা

৫ পৃষ্ঠার পর

গুরুত্বপূর্ণ।'

জানা গেছে, অত্যাধুনিক প্রযুক্তি সংবলিত উড়োজাহাজ বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার ত্রুটিপূর্ণ বলে দাবি করেছেন বিশ্বের সবচেয়ে বড় উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠানটির এক প্রকৌশলী। তিনি বিশ্বে চালু থাকা বোয়িংয়ের ৭৮৭ মডেলের উড়োজাহাজ না ওড়ানোর পরামর্শ দিয়েছেন। বোয়িংয়ের প্রকৌশলী স্যাম সালেহপৌর গত সপ্তাহে এনবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি সব ড্রিমলাইনারকে পরিষেবা থেকে সরিয়ে নেওয়ার জন্য এবং উড়োজাহাজের ফিউসিলাজের ছোট ফাঁকগুলো পরীক্ষা করার আহ্বান জানান।

বোয়িং-৭৭৭ এবং বোয়িং-৭৮৭ ড্রিমলাইনার উড়োজাহাজের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এদের ঝুঁকি বিপর্যয়কর মাত্রায় পৌঁছে গেছে জানিয়ে স্যাম সালেহপৌর বলেন, 'ড্রিমলাইনার উড়োজাহাজ নির্মাণের সময় দ্রুততার আশ্রয় নেওয়া হয়েছিল। ফলে ঝুঁকি বিপর্যয়কর মাত্রায় রয়েছে। আমি কখনোই আমার পরিবারের সদস্যদের বোয়িং-৭৮৭-এ উঠতে দেব না।'

৭৮৭ ড্রিমলাইনারে মারাত্মক ত্রুটি, জানালেন খোদ বোয়িংয়ের প্রকৌশলী৭৮৭ ড্রিমলাইনারে মারাত্মক ত্রুটি, জানালেন খোদ বোয়িংয়ের প্রকৌশলী

আন্তর্জাতিক গণমাধ্যম সিএনএনের খবরে বলা হয়, বোয়িংয়ের প্রকৌশলী স্যাম সালেহপৌর চলতি বছরের জানুয়ারিতে যুক্তরাষ্ট্রের বেসামরিক বিমান সংস্থা ফেডারেল অ্যাভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (এফএএ) কাছে আনুষ্ঠানিকভাবে অভিযোগপত্র দায়ের করেন। এরপরই ফেডারেল অ্যাভিয়েশন তদন্তকাজ শুরু করে। এর আগে, ফেডারেল অ্যাভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন নতুন ৭৩৭ ম্যাক্স জেটের সব ধরনের উড্ডয়ন দুবার বাতিল করেছিল।

এদিকে ২০১৯ সালের ১৫ সেপ্টেম্বর বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে যুক্ত হয় বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি সংবলিত সম্পূর্ণ নতুন চতুর্থ ও শেষ বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার উড়োজাহাজ। এ বিষয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আজিমকে একাধিক কল ও খুদেবার্তা পাঠালেও কোনো সাড়া পাওয়া যায়নি।-সূত্র দেশরূপান্তর

# বাংলাদেশের পোশাক রপ্তানিতে নতুন

৫ পৃষ্ঠার পর

জাহাজ চলাচলের খরচ বেড়ে যাবে। মধ্যপ্রাচ্য থেকে আসা তেলের সরবরাহ বাধাগ্রস্ত হবে।

সিরিয়ার দামেস্কে ইরানের কনস্যুলেটে ইসরায়েলি হামলার প্রতিশোধ হিসেবে গত রোববার ইরান থেকে ইসরায়েলে সরাসরি ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালানোর পর এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

বিদেশি ক্রেতারা ইতোমধ্যে রপ্তানিকারকদের যত তাড়াতাড়ি সম্ভব পণ্য সরবরাহ করতে বলেছেন। কেননা, গত অক্টোবরে লোহিত সাগর সংকটের পর পণ্য পরিবহনে অতিরিক্ত ১৫ দিন সময় দেওয়া হয়েছে।

সুয়েজ খালের মাধ্যমে এশিয়া ও ইউরোপের সংযোগকারী লোহিত সাগরে সংকট বৈশ্বিক উত্তেজনার কেন্দ্র হিসেবে দেখা দেওয়ার আগে চট্টগ্রাম থেকে ইউরোপের বন্দরে পণ্য পাঠাতে সাধারণত ৩০ দিন লাগত।

সেই নৌপথে চলাচলকারী জাহাজগুলো লক্ষ্য করে হুতিদের হামলার কারণে পণ্যবাহী জাহাজগুলো দক্ষিণ আফ্রিকার কেপ অব গুড হোপ ঘুরে চলাচল করতে বাধ্য হচ্ছে। ফলে অতিরিক্ত প্রায় সাড়ে তিন হাজার কিলোমিটার ঘুরে যাওয়ার কারণে পণ্য সরবরাহে তিন সপ্তাহ পর্যন্ত দেরি হচ্ছে এবং পরিবহন খরচ বেড়ে যাচ্ছে।

এই সংকটের কারণে বেশ কয়েকটি খুচরা পোশাক বিক্রেতা ও ব্র্যান্ড পণ্য সরবরাহ ব্যবস্থায় বাধা এড়াতে কিছু পণ্যের কার্যাদেশ বাংলাদেশ থেকে তুরস্ক বা ভিয়েতনামে সরিয়ে নিচ্ছে।

কার্যাদেশ কমে যাওয়ার এই ঘটনা এমন সময়ে ঘটল যখন বাংলাদেশের আয়ের সবচেয়ে বড় খাতটি করোনা মহামারি ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে মারাত্মক বিপর্যয় থেকে জেগে ওঠার চেষ্টা করছে।

পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান উর্মি গার্মেন্টস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আসিফ আশরাফ বলেন, কিছু কিছু ক্ষেত্রে কাছাকাছি জায়গা থেকে পণ্য নেওয়া হচ্ছে। এসব কার্যাদেশ বাংলাদেশে আসার কথা থাকলেও অনেক ক্রেতা তুরস্ককে দিচ্ছেন। কারণ সময়মতো পণ্য সরবরাহ নিশ্চিত করা ক্রেতাদের জন্য জরুরি।

বৈশ্বিক পোশাক বাণিজ্যে অনেক প্রতিষ্ঠানকে এক সঙ্গে প্রতিযোগিতায় নামতে হয় বলে কম সময়ের মধ্যে পণ্য বাজারে আনার বিষয়টি বেশ গুরুত্বপূর্ণ।

সংশ্লিষ্টরা বলছেন, আন্তর্জাতিক খুচরা বিক্রেতা ও ব্র্যান্ডগুলোর পণ্যের দাম বাড়লে বাংলাদেশের মতো দেশগুলো থেকে আমদানি করা পণ্যের দাম কমে যায়। এটি শেষ পর্যন্ত রপ্তানিকারকদের মুনাফা কমিয়ে দেয়।

বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সহসভাপতি মো. নাসির উদ্দিন বলেন, লোহিত সাগর সংকটের কারণে বিদেশি ক্রেতারা রপ্তানিকারকদের কম দাম দিয়ে জাহাজ পরিচালনার খরচ তুলে নিচ্ছে। রপ্তানিকারকরা বলছেন, যদিও আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো জাহাজ চলাচলের খরচ বহন করে তবু অনেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রপ্তানিকারকদের ওপর খরচ চাপিয়ে দেন।

৯৫ শতাংশেরও বেশি ক্ষেত্রে ক্রেতারা ফ্রেইট অন বোর্ড পদ্ধতিতে পণ্য কেনায় জাহাজের খরচ দিয়ে থাকেন। রপ্তানিকারকরা পাঁচ শতাংশেরও কম ক্ষেত্রে পরিবহন খরচ দেন।

আশরাফ ও নাসির উভয়ের মতে, ক্রেতারা যেকোনো অতিরিক্ত খরচ রপ্তানিকারকদের ওপর চাপিয়ে দেন।

কারখানার মালিকরা আশঙ্কা করে বলছেন, ইরান-ইসরায়েল সংঘাত বাড়লে তা বাংলাদেশের পোশাক রপ্তানিতে প্রভাব ফেলবে।

তেলের দাম বাড়লে জাহাজ চলাচলের খরচ বেড়ে যাবে। এটি উৎপাদন ও পণ্য পরিবহন খরচ বাড়িয়ে তুলবে।

দীর্ঘ সময় মধ্যপ্রাচ্য সংকট চললে সৌদি আরব, কুয়েত, ইরাক ও ইরানের মতো উদীয়মান বাজারগুলোয় পোশাক বিক্রি ততটা সহজ হবে না, যতটা অনেকে আশা করছিলেন।

বিজিএমইএর সাবেক সভাপতি সিদ্দিকুর রহমান বলেন, লোহিত সাগর সংকট শুরুর পর ঢাকা থেকে ইউরোপে পণ্য পরিবহনে খরচ বেড়ে গেছে। ইরান-ইসরায়েল সংঘাতের কারণে তা আরও বাড়তে পারে।

বর্তমানে ঢাকা থেকে ইউরোপের বিমানবন্দরগুলোয় এক কেজি পণ্য পরিবহনে এয়ারলাইনসগুলো আড়াই ডলারের বেশি চার্জ করে। সমুদ্রপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে একই গন্তব্যে ৩০ মার্কিন সেন্টের চেয়ে বেশি দরকার হয়। সূত্র দৈনিক বাংলা

# ইরানের হামলার সময় ইসরায়েলকে রক্ষায়

৫ পৃষ্ঠার পর

'সৌদি আরব কখনও সন্ত্রাসবাদকে সমর্থন করে না। সেই সঙ্গে যেসব দেশ যদি সন্ত্রাসবাদকে মদত দেয়, তাদেরকেও সমর্থন করে না।'

গত ১ এপ্রিল সিরিয়ায় ইরানি দূতাবাসে বোমা হামলা চালিয়েছিল ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)। এতে নিহত হন ১৩ জন। নিহতদের মধ্যে ইরানের সামরিক বাহিনীর এলিট শাখা ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) দুই জ্যেষ্ঠ কমান্ডার মোহাম্মদ রেজা জাহেদী এবং মোহাম্মদ হাদি হাজি রহিমিও ছিলেন।

হামলার দায় এখন পর্যন্ত ইসরায়েল স্বীকার করেনি। তবে সাক্ষ্য-প্রমাণ যা পাওয়া গেছে,তাতে হামলাটি যে আইডিএফ করেছিলড় তা পরিষ্কার।

গত সপ্তাহে ইরানের সর্বোচ্চ আধ্যাত্মিক নেতা আয়াতুল্লাহ আলী খামেনি বলেছিলেনড় এই হামলার জন্য ইসরায়েলকে অবশ্যই শাস্তি পেতে হবে।

তারপর শনিবার রাত ও রোববার ইসরাইলকে লক্ষ্য করে ৩ শতাধিক ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে ইরানের সামরিক বাহিনী। হামলায় হতাহতের কোনো সংবাদ পাওয়া যায়নি। বেশিরভাগ ড্রোন-ক্ষেপণাস্ত্র আঘাত হানার আগেই ধ্বংস করেছে ইসরায়েলি বাহিনী। তবে ইসরায়েলের ৯টি স্থাপনায় ইরানি ড্রোন আঘাত হানতে সফল হয়েছে বলে জানা গেছে।

ফিলিস্তিন ইস্যুতে ইসরায়েলের সঙ্গে চরম দ্বন্দ্ব রয়েছে ইরানের। সেই দ্বন্দ্ব আরও ব্যাপকভাবে বেড়েছে গত ৭ অক্টোবর গাজায় ইসরায়েলি বাহিনীর অভিযান শুরুর পর থেকে। সূত্র : জেরুজালেম পোস্ট

# তারপরও ইসরাইলকে শত কোটি ডলারের অস্ত্র দিচ্ছে যুক্তরাষ্ট্র

৭ পৃষ্ঠার পর

এর মধ্যেই ওয়াশিংটন তেল আবিবকে শত কোটির বেশি ডলারের অস্ত্র দিচ্ছে বলে খবর পাওয়া যাচ্ছে। যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের বরাত দিয়ে শুক্রবার এমন তথ্য প্রকাশ করেছে ওয়াল স্ট্রিট জার্নাল।

এতে বলা হয়েছে, গাজায় তেল আবিবের যুদ্ধাপরাধ এবং ইরানের সঙ্গে চলমান উত্তেজনা নিয়ে যখন বিশ্বব্যাপী ক্ষোভ বিরাজ করছে; তার মধ্যেই ওয়াশিংটন ইসরাইলের জন্য ১ বিলিয়ন ডলারের নতুন অস্ত্রের চুক্তি করার পরিকল্পনা করছে।

প্রতিবেদনে বলা হয়েছে, বাইডেন প্রশাসনের প্রস্তাবিত চুক্তিতে ৭০ কোটি ডলারের ১২০ মিমি ট্যাঙ্ক অ্যামুনিশন, ৫০ কোটি ডলারের কৌশলগত যান এবং ১০ কোটি ডলারের ১২০ মিমি মর্টার রাউন্ডস অন্তর্ভুক্ত।

ডেইলি সাবাহ এক প্রতিবেদনে জানিয়েছে, গত বছরের ৭ অক্টোবর হামাসের হামলার পর এটিই ইসরাইলের জন্য সবচেয়ে বড় অস্ত্রের প্যাকেজ। বর্তমানে কংগ্রেসের সামনে একটি সামরিক সহায়তা চুক্তির অতিরিক্ত হবে এই প্যাকেজ।

তুরস্কের সরকারি বার্তা সংস্থা আনাদোলু জানিয়েছে, এ বিষয়ে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের কাছে মন্তব্য জানতে চাওয়া হলেও কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

খবরে বলা হয়েছে, গাজায় তেল আবিব বেসামরিক লোকদের লক্ষ্যবস্তু করেছে- এক্ষেত্রে মার্কিন সামরিক সহায়তার কারণে সমালোচনার সম্মুখীন যুক্তরাষ্ট্র। ইতোমধ্যে ইসরাইলি হামলায় ৩৪ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন; যার মধ্যে বেশিরভাগই নারী ও শিশু। এছাড়া ইসরাইলের বিরুদ্ধে আন্তর্জাতিক আইন এবং আমেরিকান সহায়তা ঠেকিয়ে দেওয়ার মাধ্যমে মার্কিন আইন লঙ্ঘনের বিশ্বাসযোগ্য প্রমাণ রয়েছে।

অপরদিকে গত ১ এপ্রিল সিরিয়ায় ইরানের কনস্যুলেটে হামলার প্রতিক্রিয়ায় তেহরান ইসরাইলে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালানোর পর ইরান ও ইসরাইলের মধ্যে তুমুল উত্তেজনা চলছে। তার মধ্যেই এমন প্রতিবেদন সামনে আসল। কনস্যুলেটে ইসরাইলের হামলায় দুই শীর্ষস্থানীয় কমান্ডারসহ সাতজন ইরানি সামরিক কর্মকর্তা নিহত হয়।

গত মাসে দেড় ডজন ডেমোক্র্যাটিক সিনেটর প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে একটি চিঠি পাঠিয়েছিলেন- যাতে তারা ইসরাইলের কাছে অস্ত্র বিক্রি বন্ধ করার আহ্বান জানিয়েছিলেন। কারণ যুক্তরাষ্ট্রের ১৯৬১ সালের আইন অনুযায়ী, যেসব দেশ আমেরিকান ত্রাণ সহায়তা বিতরণে বাধা দেয়; সেসব দেশের কাছে অস্ত্র বিক্রি নিষিদ্ধ।


•বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
•জিন্দাবাদ
কাউন্সিল
২০২৪
সফল হোক
আগামী ২১ এপ্রিল
২০২৪ ইং রবিবার
নিউইয়র্ক স্টেট বিএনপির
কাউন্সিলে
সিনিয়র সহ-সভাপতি
পদপ্রার্থী
জসিম উদ্দিন ভিপি
সাবেক কেন্দ্রীয় সদস্য, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল (পিন্টু-সোহেল)
সিনিয়র সদস্য, নিউইয়র্ক স্টেট বিএনপি
আপনাদের দোয়া, সহযোগিতা ও সমর্থন কামনা করছি
প্রচারে: নির্বাচন পরিচালনা কমিটি।




## বৈশ্বিক স্বাধীনতা সূচকে ১৬৪ দেশের মধ্যে বাংলাদেশ ১৪১তম

৫ পৃষ্ঠার পর

প্রকাশ করেছে। প্রতিবেদন অনুসারে স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান ১৬৪ দেশের মধ্যে ১৪১তম। এই সূচকে ২২ বছর ধরে বাংলাদেশের অবনতি হচ্ছে।

মঙ্গলবার (১৬ এপ্রিল) ঢাকায় আয়োজিত সমৃদ্ধি ও সুশাসন শীর্ষক কনফারেন্সে প্রতিবেদনের বিভিন্ন তথ্য তুলে ধরা হয়। যুক্তরাষ্ট্র দূতাবাস, ইউএসএআইডি ও দ্য এশিয়া ফাউন্ডেশন যৌথভাবে এ কনফারেন্সের আয়োজন করে।

অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বলেন, প্রত্যেক দেশ দুর্নীতির মতো বিষয়ে এবং অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকার সুরক্ষিত রাখার জন্য লড়াই করছে। কিন্তু মূল বিষয় সমস্যাগুলো এড়িয়ে যাওয়া নয়, সক্রিয়ভাবে স্বীকার এবং মোকাবিলা করা।

আটলান্টিক কাউন্সিলের ফ্রিডম অ্যান্ড প্রসপারিটি সেন্টারের পরিচালক জোসেফ লেমোইন অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন। তিনি প্রতিবেদনটির মূল ফলাফল তুলে ধরেন, যা স্বাধীনতা সূচকের মাধ্যমে দেশগুলোর গণতান্ত্রিক এবং শাসন বিষয়ক নির্দেশকগুলো পরিমাপ এবং ক্রম নির্ধারণ করে এবং সমৃদ্ধি সূচকের মাধ্যমে, যা একটি দেশের অর্থনৈতিক সমৃদ্ধি পরিমাপ করে।

মূল উপস্থাপনায় লেমোনি বলেন, উপাত্ত বলছে, যেসব দেশে বেশি স্বাধীনতা রয়েছে, সেসব দেশে অধিকতর সমৃদ্ধিও দেখা যায়। অন্যদিকে যেসব দেশে কম স্বাধীনতা রয়েছে। সেখানে কম সমৃদ্ধি থাকার প্রবণতা রয়েছে। যেসব দেশ শক্তিশালী আইনি ব্যবস্থাসহ রাজনৈতিক ও অর্থনৈতিক স্বাধীনতাকে উৎসাহিত করে, তারা বিদেশি বিনিয়োগকারীদের আরও বেশি করে স্বাগত জানায়। এসব দেশ কম স্বাধীনতা থাকা দেশগুলোর তুলনায় উল্লেখযোগ্য পরিমাণ বেশি বিদেশি বিনিয়োগ পায়।

তিনি বলেন, সামগ্রিকভাবে স্বাধীনতা সূচক সুপারিশ করে যে, স্বাধীনতার প্রতি দৃঢ় অঙ্গীকার বিদেশি বিনিয়োগ আকর্ষণের মূল অনুষঙ্গ।

## উত্তেজনা বাড়াতে চায় না ইরান-ইসরায়েল

৫ পৃষ্ঠার পর

যোগাযোগমাধ্যম ব্যবহারকারীরা ইসরায়েলের এমন হামলার চেষ্টাকে উপহাস করে চলেছেন। শুক্রবার ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, কোনো এক মেয়ে বিশাল আবাসিক ভবনে কাগজের তৈরি বিমান ছুড়ে মারছে। এ সময় এটিকে ইসরায়েলি হামলার সঙ্গে তুলনা করছে সে। কাগজের ওই বিমান যখন ভবনে আঘাত করে, তখন সে হাসছে।

ইরানের কর্মকর্তারা বলেছেন, ইসফাহানের কাছে একটি সামরিক বিমানঘাঁটিতে হামলা হয়েছে। কিন্তু ইস্পাহানের সবচেয়ে জ্যেষ্ঠ সামরিক কর্মকর্তা জেনারেল সিয়াভাশ মিহানদুস্ত রাষ্ট্রীয় টেলিভিশনকে বলেছেন, শুক্রবার সেখানে হওয়া বিস্ফোরণ ইসরায়েলি হামলার কারণে নয়। বরং তাদের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ‘উড়ন্ত বস্তু’ গুলি করে ভূপাতিত করায় ওই শব্দ হয়েছে। ইসরায়েল প্রতীকী এ হামলার কথা প্রকাশ্যে স্বীকার না করলেও দেশটির কিছু লোক আনন্দ-উল্লাস করেছেন। তাদের মধ্যে ডানপন্থি দলগুলোর নির্বাচিত নেতারাও ছিলেন। লিকুদ পার্টির এমপি ট্যালি গোটলিভ এক্সের পোস্টে লিখেছেন, ‘একটি সকাল, যেখানে আমাদের মাথা গর্বিত। ইসরায়েল শক্তিশালী দেশ।’ তবে ইসরায়েলের জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতামার বেন নিজেই ইরানে কথিত ইসরায়েলি হামলাকে ‘দুর্বল’ বলে অভিহিত করে তাদের উচ্ছ্বাসে পানি ঢেলে দিয়েছেন।

## দ্বন্দ্বের শুরু যেভাবে

নতুন করে হামলা-পাল্টা হামলা মূলত দুই দেশের পুরোনো বিরোধের কারণে। মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের মিত্র ইসরায়েলকে ‘ছোট শয়তান’ এবং যুক্তরাষ্ট্রকে ইরান ডাকে ‘বড় শয়তান’ বলে। ইসরায়েলের অভিযোগ, ইরান ‘সন্ত্রাসী’ গোষ্ঠীকে অর্থায়নের পাশাপাশি ইহুদি বিরোধিতাকে নিজেদের স্বার্থে ব্যবহার করে তাদের বিরুদ্ধে হামলা চালায়।

ইরান ও ইসরায়েলের সম্পর্ক ১৯৭৯ সাল পর্যন্ত বেশ সৌহার্দ্যপূর্ণ ছিল। তবে আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি ইসলামী বিপ্লবের মাধ্যমে দেশটির ক্ষমতায় আসার পর সম্পর্ক খারাপ হয়। শুরুর দিকে ফিলিস্তিনকে ভাগ করে ১৯৪৮ সালে ইসরায়েল রাষ্ট্র গঠনের বিরোধিতা করেছিল ইরান। কিন্তু মিসরের পর তেহরান আবার স্বীকৃতিও দেয়। সেই সময় মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান মিত্র ছিল ইরান।

১৯৭৯ সালে পরিস্থিতি পুরোপুরি বদলে যায়। খোমেনি বিপ্লবের মাধ্যমে ইসরায়েল ও পাশ্চাত্য সমর্থিত রাজবংশ উৎখাত করে ইরানে ইসলামী প্রজাতন্ত্র গঠন করেন। এই নতুন সরকারের পরিচয়ের অন্যতম প্রধান বৈশিষ্ট্য ছিল যুক্তরাষ্ট্র ও তার মিত্র ইসরায়েলের সাম্রাজ্যবাদ প্রত্যাখ্যান করা। এরপর নতুন সরকার ইসরায়েলের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে, ইসরায়েলের নাগরিকদের পাসপোর্টের বৈধতা বাতিল ও তেহরানে ইসরায়েলি দূতাবাস দখল করে প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশনের (পিএলও) কাছে হস্তান্তর করে। ওই সময় পিএলও ইসরায়েলি সরকারের বিরুদ্ধে লড়াই ও ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামে নেতৃত্বে ছিল। খবর নিউইয়র্ক টাইমস

# ইরানে হামলায় যুক্তরাষ্ট্রকে ধোঁকা দিয়েছে ইসরাইল!




পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্রকে অন্ধকারে রেখেই শুক্রবার ইরানে হামলা চালিয়েছিল ইসরাইল- এমন তথ্যই জানা যাচ্ছে। ইসরাইল তার ঘনিষ্ঠ মিত্র যুক্তরাষ্ট্রকে বৃহস্পতিবার জানিয়েছিল, পাসওভারের ছুটি শেষ হওয়ার আগে তারা ইরানে হামলা চালাবে না। এক সিনিয়র কর্মকর্তা মিডল ইস্ট আইকে জানিয়েছেন।

পরিচয় প্রকাশ না করার শর্তে ওই সিনিয়র মার্কিন কর্মকর্তা বলেন, মার্কিনিদের ইসরাইল আশ্বস্ত করেছিল যে পাসওভারের ছুটি শেষ না হওয়া পর্যন্ত ইরানে তারা হামলা চালাবে না। উল্লেখ্য পাসওভারের ছুটি শুরু হবে ২২ এপ্রিল, শেষ হবে ৩০ এপ্রিল। ইরানে ইসরাইলের হামলাটি ছিল সীমিত পর্যায়ের। সম্ভবত উত্তেজনা আর বাড়তে না দেয়ার পরিকল্পনা অনুযায়ীই তা করা হয়েছিল।

ইরানি রাষ্ট্রীয় মিডিয়ার খবরে বলা হয়, ইসফাহান নগরীতে তিনটি ড্রোন গুলি করে ভূপাতিত করা হয়েছে। ইরানি সিনিয়র কমান্ডার সিয়াভশ মিহানদোস্ত রাষ্ট্রীয় টিভিকে বলেন, হামলায় কোনো ক্ষতি হয়নি। আন্তর্জাতিক পরমাণু জ্বালানি সংস্থাও জানিয়েছে, ইরানের পরমাণু স্থাপনাগুলো অক্ষত রয়েছে।

মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন মধ্যপ্রাচ্যের উত্তেজনা বাড়া নিয়ে ইসরাইলি প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের সাথে কথা বলার মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই হামলাটি হয়। ইতালির ক্যাপ্রি দ্বীপে সাংবাদিকদের মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন ইরানের ওপর হামলার ব্যাপারে প্রশ্নের জবাব দিতে অস্বীকার করেন।

তিনি বলেন, কোনো ধরনের আক্রমণাত্মক অভিযানে যুক্তরাষ্ট্র জড়িত ছিল না- এটুকু ছাড়া আমি ইরানে হামলার ব্যাপারে কিছুই বলছি না। তিনি বলেন, ‘আমাদের অংশীদারদের নিয়ে যুক্তরাষ্ট্র উত্তেজনা কমাতে কাজ করে যাবে’।

তবে শুক্রবার সকালে ইতালির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টোনিও তাজানি সাংবাদিকদের বলেন, একেবারে ‘শেষ মুহূর্তে’ হামলাটির ব্যাপারে যুক্তরাষ্ট্রকে অবহিত করে ইসরাইল। তিনি বলেন, ‘যুক্তরাষ্ট্রের সাথে হামলাটির ব্যাপারে কোনো আলোচনা হয়নি। এটা ছিল স্রেফ একটি তথ্য’।

মিডল ইস্ট আই এ ব্যাপারে হোয়াইট হাউসের মন্তব্য চেয়েছিল। কিন্তু এই প্রতিবেদন প্রকাশ পর্যন্ত কোনো সাড়া পাওয়া যায়নি। ওয়াশিংটনে মার্কিন দূতাবাসের সাথে যোগাযোগ করেও কোনো জবাব পাওয়া যায়নি।

এদিকে শুক্রবার বিকেলেই ইরানি বিমানবন্দরগুলোতে বিমান চলাচল শুরু করে। এছাড়া রেভ্যুলশনারি গার্ডের এক কমান্ডার রয়টার্সকে বলেন, বদলা নেয়ার কোনো পরিকল্পনা তাদের নেই।

মিহানদোস্ত রাষ্ট্রীয় টিভিকে বলেছেন, তাদের বিমান প্রতিরক্ষাব্যবস্থা ‘সন্দেহজনক বস্তুকে’ টার্গেট করেছে।তিনি বলেন, হামলায় কোনো ক্ষতি হয়নি।

এদিকে এক বিশ্লেষক ইরানি রাষ্ট্রীয় টিভিকে বলেছেন, মিনি-ড্রোনগুলো ‘অনুপ্রবেশকারীরা ইরানের ভেতর থেকেই’ উড়িয়েছিল। ইসরাইলি কর্তৃপক্ষ হামলার ব্যাপারে নীরব রয়েছে। অবশ্য বেশ কয়েকজন রাজনীতিবিদ এবং সাবেক কর্মকর্তা হামলার ব্যাপারে কথা বলেছেন।

ইসরাইলের জাতীয় নিরাপত্তামন্ত্রী বেন গভির একটি শব্দ টুইট করেছেন ‘দুর্বল’। উল্লেখ্য, এই কট্টরপন্থী রাজনীতিবিদ শনিবার রাতের ইরানি হামলার ব্যাপারে কঠোর জবাব দেয়ার পক্ষে ছিলেন।

গত ৭ অক্টোবর গাজায় ইসরাইলের যুদ্ধ ঘোষণার পর থেকে বাইডেন প্রশাসন মধ্যপ্রাচ্যে যুদ্ধ আরো ছড়িয়ে পড়া রোধের চেষ্টা করছে। কিন্তু তারা আবার একইসাথে ইসরাইলকে সামরিক সহায়তাও অব্যাহত রেখেছে।

উল্লেখ্য, শনিবার রাতে ও রোববার ভোরে ইসরাইলে তিন শতাধিক ড্রোন, ব্যালাস্টিক ক্ষেপণাস্ত্র ও ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে ইরান। তবে এগুলোর বেশিভাগই যুক্তরাষ্ট্র, ব্রিটেন, ফ্রান্স ও জর্ডান প্রতিরোধ করে। ১ এপ্রিল দামেস্কে ইরানি কনস্যুলেটে ইসরাইলি হামলায় দুই ইরানি কমান্ডার নিহত হওয়ার জবাব এভাবে দেয় ইরান।

সূত্র : মিডল ইস্ট আই

## ইসরায়েলের সঙ্গে চুক্তির প্রতিবাদ করায় চাকরিচ্যুত ২৮ গুগল

৬ পৃষ্ঠার পর

বৃহস্পতিবার গুগলের একজন মুখপাত্র সিএনএনকে জানিয়েছে, ‘কিছু বিক্ষোভকারী কর্মী আমাদের অল্প কিছু লোকেশনে প্রবেশ করে সেখানে বিঘ্ন সৃষ্টি করেছে। অন্য কর্মীদের কাজে শারীরিকভাবে ও আমাদের প্রদান করা সুবিধাগুলোয় প্রবেশে বাধা দিয়েছে। আমাদের নীতির স্পষ্টত লঙ্ঘন করেছে। যা সম্পূর্ণ অগ্রহণযোগ্য আচরণ। একাধিকবার তাদেরকে প্রাঙ্গন ছেড়ে চলে যাওয়ার অনুরোধ করা হয়েছিল। কিন্তু তারা তা প্রত্যাখ্যান করে দেয়। ফলে অফিসের নিরাপত্তা নিশ্চিত করতে তাদেরকে সরাতে আইনশৃঙ্খলা বাহিনীকে নিযুক্ত করা হয়। এখন পর্যন্ত ২৮ জন কর্মীকে বরখাস্ত করেছি। আমরা তদন্ত চালিয়ে যাব ও প্রয়োজনে আরও পদক্ষেপ নিব।’

নো টেক ফর অ্যাপার্টথাইড গুগলের অভিযোগ অস্বীকার করেছে। তারা বলছে, ‘আমরা শান্তিপূর্ণভাবে বিক্ষোভ করেছি। আমরা কোম্পানির কোনো সম্পত্তি নষ্ট করিনি। গুগলের কোনো কর্মীকে আমরা বিপদে ফেলিনি। বরং তাদের অনেকে আমাদের প্রতিবাদকে সমর্থন করেছেন।’

তথ্য অনুযায়ী, ২০২০ সালের জানুয়ারিতে ইসরায়েলের ইসরায়েলের প্রতিরক্ষা বিভাগ এবং গুগল ও অ্যামাজনের মধ্যে ১২০ কোটি ডলারের একটি চুক্তি স্বাক্ষর করে, যা প্রজেক্ট নিম্বাস নামে পরিচিত। পরের বছর ২০২১ সালের এপ্রিলে জনসম্মুখে চুক্তিটির ঘোষণা আসে।

২০২৪ সালের ২৭ মার্চ প্রজেক্টটি দ্বিতীয় পর্যায়ে প্রবেশ করেছে। দ্বিতীয় পর্যায়ে চুক্তির বিস্তারিত এখনও প্রকাশ করা হয়নি। তবে এবার সবকিছু অফলাইনে হয়েছে এবং মূল চুক্তির ওপর ইসরায়েলকে ১৫ শতাংশ ছাড় দিয়েছে ইসরায়েল। প্রজেক্ট নিম্বাস চুক্তির অধীনে গুগলের ক্লাউড কম্পিউটিং ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) সহায়তা পাচ্ছে ইসরায়েল। এ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ইসরায়েলি সেনা বাহিনী ফিলিস্তিনিদের শুধু চেহারা দেখেই চিহ্নিত করতে পারবে তাদের জীবনবৃত্তান্ত। ২০২১ সালে প্রজেক্ট নিম্বাস যখন প্রকাশ করা হয় তখন বলা হয়েছিল, বেসামরিক কাজে এটা ব্যবহার করা হবে। কিন্তু গাজা হামলায় ইসরায়েল গুগল ক্লাউডের সহায়তা নিচ্ছে বলে অভিযোগ ওঠেছে। এতে করে অনেক সময় ভুল লক্ষ্যে হামলা করা হচ্ছে। তাই ইসরায়েলের গাজা হামলায় সাধারণ মানুষের প্রাণহানী বেড়েছে বলে মনে করেন অনেক বিশেষজ্ঞ। সূত্র : সিএনএন

## কূটনীতিতে বাইডেনবিরোধী হতে চান ট্রাম্প

৬ পৃষ্ঠার পর

ম্যানহাটনে ট্রাম্প টাওয়ারে ট্রাম্পের সাথে দেখা করেছেন। ট্রাম্পের সোশ্যাল অ্যাকাউন্টে পোস্ট করা এক ভিডিও ক্লিপে ডুদার পাশে দাঁড়িয়ে ট্রাম্প বলেন, ‘তিনি অসাধারণ কাজ করেছেন।’

দুজন একই সময়ে প্রেসিডেন্ট থাকার কথা উল্লেখ করে ট্রাম্প বলেন, ‘তিনি আমার বন্ধু, আমরা একসাথে চারটি বছর কাটিয়েছি।’ ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী ও সাবেক প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরুন একবার ট্রাম্পকে ‘সংরক্ষণবাদী, জেনোফোবিক, মিসজিনিস্টিক’ বলে নিন্দা করেছিলেন। তিনিও সম্প্রতি ট্রাম্পের বাড়ি ‘মার-এ-লাগো’তে তার সাথে খাবার খান।

মার্চ মাসে ট্রাম্প হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবানের সাক্ষাৎ পান। জাতীয়তাবাদী ভিক্টর অরবান আমেরিকানদের কাছে অভিবাসনের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতে ইউরোপীয় ইউনিয়নের প্রতি দীর্ঘ সময় ধরে চাপ সৃষ্টি করেন। সিএনবিসি’র সাথে কথা বলার সময় ট্রাম্প অরবানকে একজন ‘কঠোর মানুষ’ বলে অভিহিত করে। এ সময় তিনি বলেন, ‘ট্রাম্প ফিরে আসলে আমরা বিশ্বের সমস্যার সমাধান করব।’ সূত্র : এএফপি

## চীন বেসামরিক ছদ্মাবরণে সামরিক মহাকাশ কর্মসূচি চালাচ্ছে

৬ পৃষ্ঠার পর

ও চীন উভয়েই চাঁদে তাদের নভোচারী পাঠানোর পরিকল্পনা করছে। নাসা আশা করছে, তারা ২০২৬ সালের কোনো এক সময়ে আরটেমিস ৩ মিশনের মাধ্যমে তা সম্পন্ন করতে পারবে। আর চীন ২০৩০ সাল নাগাদ চাঁদে মানুষ নামানোর আশা করছে। সাম্প্রতিক বছরগুলোতে তহবিল বিলম্বিত হওয়া এবং কারিগরি জটিলতার কারণে তাদের বেশ কয়েকটি নির্ধারিত কর্মসূচি পরিবর্তন করতে বাধ্য হয়। উভয় দেশ চাঁদে পা রাখার মিশন গ্রহণ করায় নেলসন জোর দিয়ে বলেন, চীনের আগে যুক্তরাষ্ট্রের সেখানে যাওয়া দরকার।

তিনি বলেন, চীন এই খাতে প্রচুর টাকা ঢালছে। তাদের বাজেট ব্যাপকভাবে বেড়েছে। তবে যুক্তরাষ্ট্র মহাকাশ গবেষণায় এগিয়ে থাকার অবস্থান হারাবে না বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সূত্র : ইন্ডিপেন্ডেন্ট

## আমি প্রেসিডেন্ট থাকলে ইসরায়েলে হামলা হতো না বললেন

৭ পৃষ্ঠার পর

তারা এখন হামলার মধ্যে আছে। আমি ক্ষমতায় থাকলে তা হতো না। এটা সবাই জানে। ইসরায়েলের জন্য প্রার্থনা করে যুক্তরাষ্ট্র। তেল আবিবকে সমর্থন করে ওয়াশিংটন। উল্লেখ্য, ইরানি কনস্যুলেটে হামলার পর রোববার ইসরায়েলকে লক্ষ্য করে ব্যাপক হামলা চালিয়েছে ইরান। এ হামলার পর দুই পক্ষকে সংযত থাকার আহ্বান জানিয়েছে বিভিন্ন দেশ। সূত্র: ওয়াল স্ট্রিট জার্নাল


বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
বাংলাদেশ
জিন্দাবাদ
TAKE
BACK
BANGLADESH
স্বাধীনতার সার্বভৌমত্ব এবং গণতন্ত্র
পুনরুদ্ধারে স্বৈরাচারী হাসিনার সরকারের
বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে ঐক্যবদ্ধ আন্দোলন এবং
নিউইয়র্ক স্টেট বিএনপিকে আরো গতিশীল ও
শক্তিশালী করতে তারুণ্যের কোন বিকল্প নেই।
"কে আছ জোয়ান হও আগুয়ান হাকিছে
ভবিষ্যত, এ তুফান ভারী নিতে হবে পাড়ি,
নিতে হবে তরী পার"
নিউ ইয়র্ক স্টেট বিএনপি'র
২১ এপ্রিল ২০২৪
সম্মেলন
রিয়াজ মাহমুদকে
সভাপতি
পদে আপনার মূল্যবান
ভোট দিয়ে জয়যুক্ত করুন
প্রচারে: নিউইয়র্ক স্টেট বিএনপি, যুক্তরাষ্ট্র

## প্যারিস অলিম্পিকের আগে শত শত

১২ পৃষ্ঠার পর

খালি জায়গায় স্থাপিত অস্থায়ী ক্যাম্পটিতে প্রায় ৪৫০ জন অভিবাসী ছিলেন। যাদের বেশির ভাগই ছিলেন যুবক যুবতী। তবে তাদের সঙ্গে কয়েকজন মা ও শিশু ছিলেন বলে জানা গেছে।

মানবাধিকার সংস্থাগুলো বলছে উচ্ছেদকৃত বেশিরভাগ অভিবাসীর থাকার বৈধ অনুমোদন রয়েছে। তারা সামাজিক আবাসন প্রকল্পের আওতায় বাড়ি বরাদ্দের জন্য অপেক্ষা করছিলেন।

২৬ জুলাই থেকে ১১ আগস্ট পর্যন্ত অনুষ্ঠিত অলিম্পিক গেমসের আগে শহরটিকে 'পরিস্কার্ব্ব করার উদ্দেশে যাদের এখন বের করে দেয়া হচ্ছে, দীর্ঘমেয়াদে তাদের আবাসন খুঁজে পেতে সমস্যায় পড়তে হবে বলে আশঙ্কা করছে সংস্থাগুলো।

মানবিক সংগঠন্ড়মেদিসি দু মোন্দ্ব এর সদস্য পল আলুজি বলেন, ''ফ্রান্সে স্কু ছিল সবচেয়ে বড় অভিবাসী ক্যাম্প। অলিম্পিকের জন্য গত এক বছরে এর আকার প্রায় দ্বিগুণ হয়েছে। নগর কর্তৃপক্ষ অলিম্পিক ভিলেজের পার্শ্ববর্তী এলাকা থেকে অভিবাসীদের সরিয়ে দেয়। অনেক গৃহহীন মানুষ এখানে আশ্রয় নেয়্র

কর্তৃপক্ষ জানিয়েছে, আরও কয়েক দিন ধরে উচ্ছেদ অভিযান চালু থাকবে।

বুধবার (১৭ এপ্রিল) প্রায় ৩০০ জনকে জোরপূর্বক সরিয়ে নেয়া হয়। আগের রাতে আরও ১৫০ জন অন্যত্র চলে যায়। উচ্ছেদকৃতদের অনেককে ফ্রান্সের অন্যান্য শহরে আনার জন্য বাসে তোলা হয়েছিল।

কিছু গোষ্ঠী উদ্বেগ প্রকাশ করে বলেছে, এই উচ্ছেদ অভিযান স্কু থেকে উৎখাত করা স্কুল পড়ুয়া শিশুদের মানসিক স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলবে। - ডয়চে ভেলে

## ইরানে বিদেশ থেকে হামলা হয়নি

১২ পৃষ্ঠার পর

জানিয়েছেন, তাৎক্ষণিকভাবে পাল্টা হামলা চালানোর কোনো পরিকল্পনা নেই ইরানের।

ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনকে একজন বিশেষজ্ঞ বলেছেন, 'ইরানের ভেতরে থেকে আসা অনুপ্রবেশকারীদের ছোড়া ক্ষুদ্র ড্রোনগুলো ইসফাহানের বিমান প্রতিরক্ষা বাহিনী ভূপাতিত করেছে।'

সিনিয়র সেনা কমান্ডার সিয়াভোশ মিহানদৌস্ত রাষ্ট্রীয় টেলিভিশনকে বলেছেন, 'আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা একটি সন্দেহজনক বস্তুকে টার্গেট করেছিল।'

ইরানের প্রেসিডেন্ট ইব্রাহীম রাইসি শুক্রবারের (১৯ এপ্রিল) হামলার আগে ইসরায়েলকে সতর্ক করে বলেছিলেন, তেহরান তার ভূখণ্ডে যেকোনো হামলার 'কঠোর জবাব' দেবে। সূত্র : রয়টার্স , দ্য টাইমস অব ইসরায়েল

## শ্যালকের কারণে ক্ষমা চাইলেন পলক

৯ পৃষ্ঠার পর

জুনাইদ আহমেদ পলক। ১৯ এপ্রিল  শুক্রবার সকালে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন ভুক্তভোগী দেলোয়ার হোসেনকে দেখতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, 'কে আমার ভাই, কে আমার শ্বশুর, কে আমার ভাগিনা, কে আমার ভাতিজা কিংবা শ্যালক, এটা কোন বিবেচনার বিষয় নয়। এটা নিয়ে আমি আসলেই বিব্রত, লজ্জিত, দুঃখিত এবং আমি ক্ষমাপ্রার্থী।'

পলক আরও বলেন, 'যখনই আমি দেশে ফিরেছি, আমি মনে করেছি আমার দ্রুত আসা দরকার। আমার কর্মীর (দেলোয়ার) পাশে থাকা দরকার এবং স্পষ্ট বার্তাটা সকলের কাছে দেওয়া দরকার। সে আমার দলের নেতাকর্মী হোক, সে আমার আত্মীয় হোক, যেই হোক, আমি নিশ্চিত করতে চাই, এখানে কোনো ব্যক্তিগত কিংবা আত্মীয়তার সম্পর্ক ব্যবহার করে বাড়তি কোনো সুবিধা নেওয়ার সুযোগ নাই। এই পরিচয় যদি কেউ ব্যবহার করতে চায়, তাহলে আরও কঠোর শাস্তির সম্মুখীন হতে পারে। সে রকম বার্তাই কিন্তু আমাদের নেত্রীর পক্ষ থেকে দেওয়া হয়েছে।'

বিষয়টি প্রধানমন্ত্রীর নজরে এসেছে জানিয়ে পলক বলেন, 'উনি সরাসরি এই বিষয়টি তত্ত্বাবধান করছেন এবং ওনার কঠোর নির্দেশনা প্রদান করেছেন। যারা এই হামলার সঙ্গে জড়িত, তারা যারাই হোক, পরিচয় যাই হোক, তাদের বিরুদ্ধে যেন কঠোর আইন প্রয়োগ করা হয়। ইতোমধ্যে দুইজন গ্রেপ্তার হয়েছে। বাকি যারা জড়িত আছে তাদের ব্যাপারে অনুসন্ধান এবং তাদের গ্রেপ্তারের চেষ্টা চালাচ্ছে পুলিশ। আহত দেলোয়ার হোসেন পাশা ভাইয়ের চিকিৎসার জন্য আমি দেশের বাইরে থেকেই হাসপাতালের পরিচালকের সঙ্গে কথা বলেছি।'

প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী একটি উন্মুক্ত নির্বাচনে অংশগ্রহণ করতে গিয়ে দেলোয়ার রাজনৈতিক কারণে হামলার শিকার হয়েছে, সে কারণে আমার আসাটা দায়িত্ব মনে করেছি। যারা এই হামলার সঙ্গে সরাসরি জড়িত এবং পেছনে যারা আছে, তাদের যেন দ্রুত গ্রেপ্তার করা হয়। পাশাপাশি আমি উপজেলা আওয়ামী লীগের সভাপতি-সাধারণ সম্পাদকের সঙ্গেও কথা বলেছি। আমাদের আওয়ামী লীগের উপজেলা কিংবা পৌর শাখার যদি কেউ জড়িত থাকে, তাদের বিরুদ্ধে যেন সাংগঠনিকভাবে কঠোর ব্যবস্থা নেওয়া হয়। যারা অন্য সহযোগী সংগঠনের আছে, তাদেরকেও যেন বহিষ্কারের সুপারিশ করা হয়। আমি নৌকার বিজয়ী সংসদ সদস্য ও সরকারের প্রতিনিধি হিসেবে মনে করেছি, এই ধরনের ঘটনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। কঠোর ব্যবস্থা গ্রহণের মাধ্যমেই আমরা এমন দৃষ্টান্ত স্থাপন করতে চাই, যেন কেউ কারও পরিচয় বহন করে আমাদের দল ও সরকারের ভাবমূর্তি নষ্ট করার দুঃসাহস করতে না পারে।'

এর আগে ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময়ও লুৎফুল হাবিব রুবেলের সঙ্গে নির্বাচন না করার জন্য ইসলামী আন্দোলন বাংলাদেশের স্থানীয় নেতা আসাদুজ্জামানকে তুলে নিয়ে গিয়ে প্রায় ৬ ঘণ্টা বালুপয়েন্টে আটকে রাখা হয়েছিল। তাই আসাদুজ্জামান মনোনয়নপত্র জমা দেননি। রুবেল বিনাপ্রতিদ্বন্দ্বিতায় চেয়ারম্যান নির্বাচিত হন। প্রতিমন্ত্রীর প্রভাবে শ্যালক রুবেল এমন বেপরোয়া কাণ্ড ঘটিয়ে যাচ্ছেন কি না এমন প্রশ্নের জবাবে পলক বলেন, 'ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময় কী ঘটেছিল তা আমি জানি না। এবার কেন্দ্র থেকে আমাদের নির্দেশ দেওয়া হয়েছে এবার যেন দলীয় প্রার্থী না দেওয়া হয় এবং কোনো এমপি-মন্ত্রী যেন কোনো প্রার্থীর পক্ষে অবস্থান গ্রহণ না করেন। যে প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ, তার সঙ্গে আমার আত্মীয়তার সম্পর্ক তা তো আমি অস্বীকার করতে পারব না। সিংড়ার রাজনীতিতে আমি কখনোই আমি ব্যক্তিগত আত্মীয় বা গোষ্ঠী বা ব্যক্তিকে প্রশ্রয় দেওয়ার চেষ্টা করিনি।'

এই অপহরণ ও নির্যাতনের সঙ্গে শ্যালক রুবেলের নাম ভুক্তভোগীদের পক্ষ থেকে বলা হলেও মামলায় আসামি হিসেবে তার নাম না থাকার বিষয়ে সাংবাদিকরা জানতে চাইলে পলক বলেন, 'যিনি হামলার শিকার, তার আপন ভাই মামলার বাদী। তার সঙ্গে আমার দল বা ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হয়নি। বাধা দেওয়া হয়নি। তারা মামলাটা করেছে। পুলিশের কাছে মামলাটা তদন্তাধীন। কারা জড়িত তা আপনারা দেখেছেন। আদালতে দুজন ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছেন। প্রাথমিক যে তথ্য-প্রমাণ, ভিডিও ফুটেজ আছে। যারাই ঘটনার সঙ্গে জড়িত থাকুক পুলিশ প্রভাবমুক্ত-নিরপেক্ষভাবে ব্যবস্থা নেবে। আমরা দৃষ্টান্ত স্থাপন করতে চাই, কারও নাম ভাঙিয়ে কেউ যেন কোনো অপরাধ করতে না পারে।'

আগামী ৮ মে নাটোরের সিংড়া উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। সেখানে চেয়ারম্যান প্রার্থী হয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী ও নাটোর-৩ আসনের সংসদ সদস্য জুনাইদ আহমেদ পলকের শ্যালক লুৎফুল হাবিব রুবেল। মনোনয়নপত্র দাখিলের শেষ দিন গত সোমবার জেলা নির্বাচন কার্যালয়ের সামনে থেকে আরেক চেয়ারম্যান প্রার্থী ও আওয়ামী লীগ কর্মী দেলোয়ার হোসেনকে মাইক্রোবাসে তুলে নিয়ে যায় একদল লোক। নির্যাতনের পর বিকেলে একটি মাইক্রোবাসে তুলে তাকে বাড়ি পাঠিয়ে দেওয়া হয়। এরপর দেলোয়ারকে রামেক হাসপাতালে ভর্তি করা হয়। ওই রাতেই তাকে হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রাখা হয়। পরে শারীরীক অবস্থার উন্নতি হলে তাকে সাধারণ ওয়ার্ডে দেওয়া হয়।

১৯ এপ্রিল  শুক্রবার সকাল ৯টার দিকে হাসপাতালের ৮ নম্বর ওয়ার্ডে গিয়ে দেলোয়ারের শারীরিক অবস্থার খোঁজ নেন প্রতিমন্ত্রী পলক। তখন দেলোয়ার হোসেন অনেকটা অসচেতন অবস্থায় শুয়েছিলেন। প্রতিমন্ত্রীর সঙ্গে তার কোনো কথা হয়নি। পলকের সঙ্গে এ সময় হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এএফএম শামীম আহম্মদসহ চিকিৎসক এবং সিংড়ার দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## গরিব-দুস্থদের শাড়ি দুই বন্ধুর কাছে

৮ পৃষ্ঠার পর

ফেসবুকের মাধ্যমে প্রকাশ করি। প্রধানমন্ত্রীর এ উপহার আমার দুই উপজেলায় বিতরণের জন্য যাঁদের দায়িত্ব দিই, তাঁদের একজন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন করতে চান। তিনি তাঁর এক বন্ধুর স্ত্রীকে এ শাড়ি বিলি করেন। আবার তাঁরাই একই শাড়ি অন্যজনকে দিয়ে ফেসবুকে এ প্রচারণা করেন। প্রকৃত বিষয় হচ্ছে, একটা পক্ষ আছে, যাঁরা আমার ত্রুটি খুঁজে বেড়ায়। এ পক্ষই এখন এ শাড়ি নিয়ে অপপ্রচার চালাচ্ছে।'

আব্দুল মুকিত গতকাল বুধবার রাতে তাঁর ফেসবুক পোস্টে উল্লেখ করেন, ঈদের আগের রাত ১২টার সময় তাঁর বউয়ের জন্য উপজেলা চেয়ারম্যান প্রার্থী রায়হানের মাধ্যমে শাড়িটি পাঠিয়েছেন ব্যারিস্টার সুমন। বাড়িতে নিয়ে খুলে দেখেন এটা জাকাতের শাড়ি। তৎক্ষণাৎ ফেরত পাঠানোর কোনো উপায় না পেয়ে যাঁদের জন্য জাকাত খাওয়া প্রযোজ্যএমন একজন অসহায় নারীকে দান করে দেন।

একই দিন সানু আহমেদ তাঁর ফেসবুক পোস্টে লেখেন, 'ব্যারিস্টার সুমনের দেওয়া আমার বউয়ের জন্য জাকাতের সুতি শাড়ির বাজারমূল্য ২৮০ টাকা।... আমার বউ এসব শাড়ি পরে না। আগামীকাল একজন অসহায় মানুষকে শাড়িটি দিয়ে দেব।'

ফেসবুকে দুজনের এমন পোস্টে বিভিন্নজন বিভিন্ন রকম মন্তব্য করতে থাকেন। আলী আব্বাস রোমন নামের একজন মন্তব্য করেন, 'সরকারি শাড়ি নিজের মানুষ মনে করে দিয়েছেন সুমন ভাই। অন্যভাবে নিয়েন না।' শফিকুর রহমান সাপু নামেন একজন লেখেন, 'শুরুতেই এ অবস্থা, না জানি ৫ বছরে কী হবে।'

আবদুল মুকিত বলেন, 'মনে কষ্ট পেয়ে ফেসবুকে এ স্ট্যাটাস দিয়েছি। তার (ব্যারিস্টার সুমনের) নির্বাচনের সময় আমি এত কষ্ট করেছি। সে কি করে আমার বউয়ের জন্য এ ধরনের শাড়ি পাঠায়। আমার অবস্থান পরিষ্কার, যা সত্য তাই তুলে ধরেছি।'

সানু আহমেদ বলেন, 'আমি সুমনের বন্ধু। তার কাছে কিছু পাওয়ার আশায় এ বন্ধুত্ব নয়। সে অন্য মানুষের মাধ্যমে কী করে এ শাড়ি পাঠাল, তা বুঝে উঠতে পারছি না। এ শাড়ি তো আমার পাওয়ার কথা না। এগুলো তো গরিব মানুষের মধ্যে বিতরণের কথা। তাই মনের কষ্ট থেকে ফেসবুকে এ স্ট্যাটাস দিয়েছি।'

যা বললেন ব্যারিস্টার সুমন

গরিব ও দুস্থদের মধ্যে বিতরণের জন্য প্রধানমন্ত্রীর ঈদ উপহারের শাড়ি পেয়েছেন হবিগঞ্জ-৪ (চুনারুঘাট-মাধবপুর) আসনের সংসদ সদস্য সৈয়দ সায়েদুল হক ওরফে ব্যারিস্টার সুমনের দুই বন্ধুর স্ত্রী। ফলে বিষয়টি নিয়ে সমালোচনা মুখে পড়েছেন তিনি। গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার রাকে এক ভিডিওবার্তায় ব্যারিস্টার সুমন এ বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন।

সুমন বলেন, 'সরকারের পক্ষ থেকে ৪৫০ বা ৫০০ শাড়ি, লুঙ্গি দেওয়া হয়। কিন্তু আমার এলাকায় মানুষ থাকে তিন থেকে চার লাখ। তারা আশা করে থাকে সংসদ সদস্য হিসেবে আমি তাদের কিছু না কিছু উপহার দেব। সরকারি বরাদ্দ বন্টন প্রক্রিয়াতে কে, কাকে দিচ্ছে এর দায় কি এমপি হিসেবে আমি নিতে পারি। আমি সব কিছু বন্টনে সব সময় খোঁজখবর নিয়ে থাকি। তার পরও কাউকে গরিব মনে করে সরকারের পক্ষ থেকে কিছু উপহার দিয়ে থাকলে তিনি যদি সেটি গ্রহণ না করে তা হলে সেটি ফিরিয়ে দেওয়া অথবা প্রকৃত গরিবদের বিতরণ করে দেওয়া উচিত।'

তিনি আরও বলেন, 'আমার এলাকার ইতিহাস বদলানোর জন্য আমি নির্বাচিত হওয়ার পর থেকে কাজ করে যাচ্ছি। স্বাধীনতার পর গত ৫০ বছরে প্রধানমন্ত্রী যে ঈদ উপহার দেন, এটা আমার এলাকায় এই প্রথম আমিই সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করি, যা এর আগে কোনো সংসদ সদস্য করেনি।'

এ সময় একটি গণমাধ্যমের সমালোচনা করে সুমন বলেন, 'বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে এ ধরনের সৎ লোককে তারা মেনে নিতে পারছে না।'

প্রসঙ্গত, গত বুধবার রাতে ব্যারিস্টার সুমনের বন্ধু দাবি করা আবদুল মুকিত ফেসবুক পোস্টে উল্লেখ করেন, ঈদের আগের রাত ১২টার সময় তার বউয়ের জন্য উপজেলা চেয়ারম্যান প্রার্থী রায়হানের মাধ্যমে শাড়িটি পাঠিয়েছেন ব্যারিস্টার সুমন। বাড়িতে নিয়ে খুলে দেখেন এটা জাকাতের শাড়ি। তৎক্ষণাৎ ফেরত পাঠানোর কোনো উপায় না পেয়ে যাদের জন্য জাকাত খাওয়া প্রযোজ্য এমন একজন অসহায় নারীকে দান করে দেন।

একই দিন সানু আহমেদ তার ফেসবুক পোস্টে লেখেন, 'ব্যারিস্টার সুমনের দেওয়া আমার বউয়ের জন্য জাকাতের সুতি শাড়ির বাজারমূল্য ২৮০ টাকা। ...আমার বউ এসব শাড়ি পরে না। আগামীকাল একজন অসহায় মানুষকে শাড়িটি দিয়ে দেব।'

আবদুল মুকিত বলেন, 'মনে কষ্ট পেয়ে ফেসবুকে এই স্ট্যাটাস দিয়েছি। তার (ব্যারিস্টার সুমনের) নির্বাচনের সময় আমি এত কষ্ট করেছি। সে কি করে আমার বউয়ের জন্য এ ধরনের শাড়ি পাঠায়। আমার অবস্থান পরিষ্কার, যা সত্য তাই তুলে ধরেছি।'

সানু আহমেদ বলেন, 'আমি সুমনের বন্ধু। তার কাছে কিছু পাওয়ার আশায় এ বন্ধুত্ব নয়। সে অন্য মানুষের মাধ্যমে কী করে এ শাড়ি পাঠাল, তা বুঝে উঠতে পারছি না। এ শাড়ি তো আমার পাওয়ার কথা না। এগুলো তো গরিব মানুষের মধ্যে বিতরণের কথা। তাই মনের কষ্ট থেকে ফেসবুকে এ স্ট্যাটাস দিয়েছি।'

## বাংলাদেশে রেমিটেন্স অবৈধভাবে পাঠালে

৮ পৃষ্ঠার পর

সংক্রান্ত কোনো তথ্য থেকে থাকে্ব

আর নগদ এর পাবলিক কমিউনিকেশন্সের সিনিয়র ম্যানেজার লিংকন মো. লুৎফুজ্জামান সরকার বলেছেন, ''নগদ এর কাছে এ বিষয়ে কোনো তথ্য বা নির্দেশনা বাংলাদেশ ব্যাংক বা বিএফআইইউর কাছ থেকে আসেনি এখনও।''

অবৈধপথে রেমিটেন্স, নতুন সতর্কবার্তা

সাম্প্রতিক সময়ে বৈধপথে রেমিটেন্স আসা কমে যাওয়ার প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংক আবারও ব্যাংকিং চ্যানেল ছাড়া অবৈধপথে হুন্ডির মাধ্যমে প্রবাসী আয় পাঠানোর বিষয়ে সতর্কতা জারি করেছে। ১৭ এপ্রিল বুধবার এক বিজ্ঞপ্তিতে কেন্দ্রীয় ব্যাংক জানিয়েছে, ''প্রবাসী বাংলাদেশি ও তাদের প্রিয়জনদের জানানো যাচ্ছে যে, কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলের বাইরে (হুন্ডি বা অন্য কোনো অবৈধ পথে) প্রেরণ করা আইনত দণ্ডনীয় অপরাধ এবং এতে দেশ ক্ষতিগ্রস্ত হয়। ''আপনাদের অর্জিত মূল্যবান বৈদেশিক মুদ্রা হুন্ডি বা অন্য কোনো অবৈধ পথে না পাঠিয়ে বৈধ পথে/ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে দেশে প্রেরণ করুন, দেশ গড়ায় মূল্যবান অবদান রাখুন এবং আপনার প্রিয়জনকে ঝুঁকিমুক্ত ও নিরাপদ রাখুন।'' এতে বলা হয়, অবৈধ পথে রেমিটেন্স প্রেরণের সঙ্গে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে প্রমাণ সাপেক্ষে প্রচলিত আইনে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) যথাযথ ব্যবস্থা গ্রহণ করছে।করোনা মহামারীর সময় অবৈধ চ্যানেল বন্ধ থাকায় ব্যাংকিং চ্যানেলে রেমিটেন্স অনেক বেশি আসে। কিন্তু সংক্রমণ কমে আসার পর পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর থেকেই ব্যাংকিং চ্যানেলে প্রবাসী আয় আসা কমতে থাকে। এর বড় কারণ হুন্ডির মাধ্যমে রেমিটেন্স পাঠালে মুদ্রার বিনিময় হার বেশি পাওয়া যায়। আবার প্রবাসীর পাঠানো অর্থ প্রায় সঙ্গে সঙ্গে পেয়ে যায় স্বজনরা। এসব কারণে প্রবাসীদের অনেকেই এখনও বৈধ পথে না গিয়ে অবৈধ হুন্ডির মাধ্যমে অর্থ পাঠাচ্ছেন। এর সঙ্গে এমএফএসগুলোর জড়িত থাকার তথ্যও পেয়ে এর আগে ব্যবস্থাও নেয় বাংলাদেশ ব্যাংক।এমন অবস্থায় বৈধ পথে রেমিটেন্স দেশে পাঠাতে প্রণোদনাসহ নানা ধরনের নীতি সহায়তাও দেয় সরকার। এরপরও রেমিটেন্স কমছে চলতি অর্থবছরে। - বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

## দুই দেশের সরকারি কর্মকর্তারা জড়িত,

৮ পৃষ্ঠার পর

চেয়ে বেশি দিন থাকছেন। এর ফলে তাঁরা নিরাপত্তা বাহিনীর হাতে গ্রেপ্তারের ঝুঁকিতে থাকছেন। অনেক সময় তাঁদের গ্রেপ্তার করে দেশে ফেরত পাঠানো হচ্ছে। অনেক সময়ই তাঁরা নিপীড়িত হচ্ছেন।

বিশেষজ্ঞরা আরও বলেন, মালয়েশিয়ায় অনেক বাংলাদেশি কাজ ছাড়া মাসের পর মাস থাকছেন। এটা কোনো টেকসই উদ্যোগ নয়। এটি অসম্মানজনক। মানবিক বিবেচনায় প্রবাসী শ্রমিকদের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন তাঁরা।  জাতিসংঘের বিশেষজ্ঞরা বলেছেন, আমরা তথ্য পেয়েছি, উভয় দেশের সরকারের উচ্চপর্যায়ের কিছু কর্মকর্তা এই কারবারের সঙ্গে জড়িত বা এটিকে ছাড় দিচ্ছেন। এটি অগ্রহণযোগ্য এবং এটা বন্ধ হওয়া দরকার। এই অপরাধীদের অবশ্যই জবাবদিহি করতে হবে। তাঁরা বলেছেন, এ পর্যন্ত বাংলাদেশ এবং মালয়েশিয়া উভয় ক্ষেত্রেই এই বেসরকারি বাণিজ্য এবং প্রতারণামূলক নিয়োগ সংস্থাগুলোর (রিক্রুটিং এজেন্সি) বিরুদ্ধে নেওয়া ব্যবস্থা খুবই অপর্যাপ্ত। যেখানে শোষণনির্যাতনের শিকার হওয়ার কথা প্রকাশ করে দেওয়ার কারণে অনেক অভিবাসীকে চড়া মূল্য দিতে হয়েছে এবং কিছু দুর্বল ও নিরাপত্তাহীনতায় থাকা অভিবাসীকে অপরাধী করা হয়েছে বলেও বিবৃতিতে উল্লেখ করেছেন জাতিসংঘের বিশেষজ্ঞরা। তাঁরা মালয়েশিয়া ও বাংলাদেশকে তদন্ত করে পরিস্থিতি মোকাবিলার আহ্বান জানিয়েছেন।

বিশেষজ্ঞরা আহ্বান জানিয়েছেন, মালয়েশিয়াকে অবশ্যই পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণের মাধ্যমে শ্রম অভিবাসনকে আরও কার্যকরভাবে পরিচালনা করতে হবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলোর দ্বারা মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে অভিবাসী কর্মীদের সুরক্ষা দেওয়ার জন্য ব্যবসা এবং মানবাধিকার সম্পর্কিত জাতিসংঘের নির্দেশিকা নীতির অধীনে দেশটিকে বাধ্যবাধকতাগুলো পূরণ করতে। এ ছাড়া মালয়েশিয়াকে শোষণের শিকার ব্যক্তিদের শনাক্ত, সুরক্ষা এবং সহায়তা করতে, মানবপাচারের বিরুদ্ধে বিদ্যমান আইনি সুরক্ষা কার্যকর করতে এবং দেশের আন্তর্জাতিক মানবাধিকারের বাধ্যবাধকতাগুলোকে সমুন্নত রাখার প্রচেষ্টা জোরদার করার আহ্বান জানানো হয়েছে।

বিশেষজ্ঞরা এর আগে মালয়েশিয়া ও বাংলাদেশ সরকারের সঙ্গে এসব বিষয়ে আলোচনা করেছেন বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, মালয়েশিয়ায় থেকে কাজ করার অনুমোদন না থাকায় ৪৫ বাংলাদেশিসহ ৪৯ জনকে গ্রেপ্তার করেছে দেশটির অভিবাসন দপ্তর। তারা জানিয়েছে, যে বাংলাদেশিদের গ্রেপ্তার করা হয়েছে, তাঁদের মধ্যে একজন নারী রয়েছেন। এ ছাড়া বাকি চারজনের একজন ভারতীয়, ইন্দোনেশীয় তিনজন।


বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
জিন্দাবাদ
TAKE BACK BANGLADESH
স্বাধীনতার সার্বভৌমত্ব এবং গণতন্ত্র পুনরুদ্ধারে স্বৈরাচারী হাসিনার সরকারের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে ঐক্যবদ্ধ আন্দোলন এবং নিউইয়র্ক স্টেট বিএনপিকে আরো গতিশীল ও শক্তিশালী করতে তারুণ্যের কোন বিকল্প নেই।
নিউ ইয়র্ক স্টেট বিএনপি'র
সম্মেলন
২১ এপ্রিল ২০২৪
জিয়াউর রহমান মিলনকে
সাংগঠনিক সম্পাদক
পদে আপনার মূল্যবান
ভোট দিয়ে জয়যুক্ত করুন
প্রচারে: নিউইয়র্ক স্টেট বিএনপি, যুক্তরাষ্ট্র

## ‘পরিবারের লোকজনও আমাদের শুধু

৮ পৃষ্ঠার পর

শ্রীলঙ্কার অর্থনীতির টালমাটাল অবস্থার সময় বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ নিয়েও জোর আলোচনা শুরু হয়। যা এখনও আমাদের দেশে দারুণ ‘সংবেদনশীল’ একটি বিষয়।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে নানা সূচকে এগিয়ে থাকা শ্রীলঙ্কার ওই পরিণতি সকলকে বিস্মিত করেছিল। যে অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে বাংলাদেশের অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞরা দেশের ঝুঁকির দিকগুলো এবং সে ঝুঁকি মোকাবেলায় কোন কোন খাতে কাজ করতে হবে তা তুলে ধরেছিলেন। তাদের সেই আলোচনায় গুরুত্বের সঙ্গে উঠে আসে প্রবাসী আয় বাড়ানোর বিষয়টি।

দীর্ঘ আট বছর সৌদি আরবে প্রবাস জীবন শেষে ঈদুল ফিতরের দুই দিন আগে দেশে এসেছেন সাতক্ষীরার হাফেজ মোহাম্মদ মোমিনুল ইসলাম। যিনি ২০১৭ সালে দালালের মাধ্যমে প্রায় সাত লাখ টাকা খরচ করে সৌদি আরবে যান। জার্মান বেতার ডয়চে ভেলে বাংলাকে তিনি শুনিয়েছেন তার দীর্ঘ প্রবাস জীবনে প্রতিনিয়ত সংগ্রাম করে যাওয়ার গল্প।

মালির কাজ নিয়ে সৌদি আরব গেলেও সেখানে গিয়ে মোমিনুল সেই কাজ পাননি। বরং তার কফিল (যে মালিক তাকে ভিসা দিয়েছিলেন) তাকে ছেড়ে দিয়ে নিজের মত কাজ খুঁজে নিতে বলেন। উপরন্তু কফিল প্রতিমাসে তার কাছ থেকে ৩০০ রিয়াল চেয়ে বসে। অবশ্যই দিতে হবে, নতুবা কাজ ছেড়ে পালিয়ে গেছে অভিযোগে মিথ্যা মামলার হুমকি দেন।

মোমিনুল বলেন, "প্রথম তিন মাস তেমন কোনো কাজ পাইনি। খেয়ে-না খেয়ে ছিলাম, কখনো রাস্তায় রাস্তায় থাকতে হয়েছে, কেউ খোঁজ নেয়নি। দূর সম্পর্কের এক আত্মীয়ের মাধ্যমে অল্প কিছু কাজ করতাম। সাগরে মাছ ধরার জাল বোনার কাজ পেয়েছিলাম। কিন্তু দীর্ঘ সময় বসে থেকে কাজ করতে গিয়ে অসুস্থ হয়ে পড়ি বিধায় কাজ ছেড়ে দেই। কিন্তু কফিলকে প্রতিমাসে তিনশ রিয়াল দিতেই হতো। তিনমাস অনেক কষ্ট করার পর পরিচিত এক চাচার মাধ্যমে একটি বেকারিতে কাজ পাই। তখন মাসে ১৫০০ রিয়াল বেতন পেতাম।"

এদিকে ছয় মাস পর কফিল মোমিনুলের কাছে চারশ রিয়াল দাবি করেন। বাধ্য হয়ে তা দিতে রাজি হন এই যুবক। কিন্তু দুই মাস যেতে না যেতেই কফিল মোমিনুলের কাছে পাঁচশ রিয়াল দাবি করে বসেন।

"আমি তখন তাকে অনুরোধ করি, মাত্র ১৫০০ রিয়াল বেতন পাই। ৫০০ তাকে দিলে আমার তো কিছু থাকে না। বাড়িতে ঋণ শোধের চাপও বাড়ছিল। কিন্তু কফিল টাকা কম নিতে রাজি না। পরে আমি রেখে গিয়ে তাকে বলি আমি আর কোনো টাকাই দিব না। তার সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেই। ফোনে তার নম্বর ব্লক করি। তখন কফিল আমার নামে মামলা করে দেয়।"

মামলার কারণে পুলিশের ভয়ে থাকতেন মোমিনুল। লুকিয়ে কাজ করতেন। নিজের কাগজপত্র বৈধ করতে বহুবার চেষ্টা করেছেন তিনি। কিন্তু কেউ তাকে সাহায্য করেনি। জানান, আট বছরের প্রবাস জীবনে তিনবার গ্রেপ্তারও হয়েছে। দুই-একদিন কারাগারে থাকার পর মোটা অংকের অর্থ দিয়ে মুক্তি মিলেছে।

"অর্থ উপার্জনের জন্য অমানুষিক পরিশ্রম করেছি। ৪০ ডিগ্রির উপরের তাপমাত্রায় রাতে ১২ ঘণ্টা বেকারিতে কাজ করার পর দিনে আবার পার্টটাইম কাজ করতাম। আল্লাহর রহমতে এক সময় আয় বাড়ে। ঋণ শোধ করে ভবিষ্যতের জন্য বাড়িতে টাকা পাঠাতে শুরু করি।"

এই আট বছরে একবারও দেশে আসেননি মোমিনুল। কারণ, তার বৈধ কাগজপত্র ছিল না। মোমিনুল যখন প্রবাস জীবনে খানিকটা গুছিয়ে নিয়েছেন তখন হানা দেয় করোনা মহামারি। যদিও করোনা মহামারি মধ্যপ্রাচ্যের দেশগুলোতে তেমন প্রভাব ফেলতে পারেনি বলে জানান তিনি। বলেন, ওই সময়ে সম্পূর্ণ লকডাউন ছিল ১৫ দিন। তাছাড়া, কাজ চলেছে। আর বেকারির কাজ তো বন্ধ করার উপায়ও নেই। তাই তার উপার্জনে তেমন প্রভাব পড়েনি। কিন্তু ইউক্রেন যুদ্ধের কারণে নিত্যপণ্যের দাম দুই-তিনগুণ বেড়ে যায়। আয় না বাড়ায় তাকে তাই খানিকটা চাপে পড়তে হয়। কেউ কেউ তখন কুলিয়ে উঠতে না পেরে দেশে চলে আসে বলে জানান তিনি।

বলেন, "ইউক্রেন যুদ্ধের আগে সৌদি আরবে আটার দাম ছিল হাফ রিয়াল। যুদ্ধ শুরুর পর তা দুই রিয়াল পর্যন্ত উঠে যায়। এরকম সব পণ্যের দামই কম-বেশি বেড়ে যায়। যে দাম আর খুব একটা কমেনি।"

আট বছরের প্রবাস জীবন শেষে মোমিনুল একেবারেই দেশে চলে এসেছেন। যেহেতু তার কাগজপত্র বৈধ নয়, তাই ফিরে যাওয়ার উপায় নেই। তাকে প্রশ্ন করেছিলাম দেশে এখন কী করবেন? তিনি জানান, আরেকটু সময় নিয়ে, একটু ভেবেচিন্তে কোনো একটা ব্যবসা শুরু করবেন। এজন্য পুঁজি দরকার। কতটা পুঁজি নিয়ে এসেছেন জানতে চাইলে তিনি খানিকটা আক্ষেপের সুরে বলেন, "কিছু পুঁজি নিয়ে এসেছি। তবে পরিবার যদি সহযোগিতা করতো তবে আরো বেশি সঞ্চয় হতো। মা-বাবা, ভাই-বোন, স্ত্রী-সন্তান নিয়ে আমার পরিবার। সবাই শুধু টাকা চায়। আমাদের কথা কেউ ভাবে না। সবাই মনে করে প্রবাসীরা টাকার গাছ। আমরা যে কত কষ্ট করে টাকা কামাই পরিবার সেটা দেখে না।

"চাহিদা অনুযায়ী টাকা দিতে পারলে আমরা হিরো, না পারলে আমরা ভিলেন। আমাদের ভালো-মন্দের খোঁজ কেউ রাখে না।"

একই রকম কথা শোনান জনি মন্ডল। ঢাকায় মোটর মেকানিকের কাজ করা এই তরুণ গাড়ির গ্যারেজের কাজ নিয়ে ২০২১ সালের শেষ দিকে করোনা মহামারি যখন বিদায় নিতে শুরু করেছে তখন সৌদি আরব যান।

জনি বলেন, শুরুতে ভালোই ছিলাম। কিন্তু ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর চাল, তেল, আটাসহ সব নিত্যপণ্যের দাম অনেক বেড়ে গেছে। তাদের আয় বাড়েনি। এই টাকায় তারা চলতে পারছেন না। বাড়িতে ঠিকমত টাকা পাঠাতে পারেন না। পরিবার থেকেও তখন চাপ আসে। বেশিরভাগ মানুষ তো ঋণ করে বিদেশে আসে।

"প্রত্যেক বছর আকামা করতেই ১০ হাজার রিয়াল লেগে যায়। অনেকে পোষাতে না পেরে তাই দেশে চলে গেছেন।"

কাতার প্রবাসী সুমন আহমেদ অবশ্য খানিকটা ভিন্ন চিত্র তুলে ধরেছেন। প্রায় নয় বছর ধরে তিনি কাতারে আছেন, সেখানে সেলসে কাজ করেন।

নিজের আয়, কাজের পরিবেশ নিয়ে তিনি বেশ সন্তুষ্ট। দুই সন্তানের জনক সুমন আহমেদ দুইবার দেশে থেকে ঘুরে এসেছেন। তার আয়ে পরিবার বেশ স্বচ্ছন্দে চলছে। ভবিষ্যতের জন্য সঞ্চয়ও করতে পারছেন।

তিনি বলেন, "করোনা মহামারী, ইউক্রেন যুদ্ধ বা গাজা যুদ্ধের কারণে আমাদের কাজের পরিবেশে পরিবর্তন হয়নি। আয়ও একই আছে। ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর নিত্যপণ্যের দাম বেড়েছিল। তবে এখন তা অনেকটাই কমে এসেছে। আগের মত না হলেও নাগালের বাইরে নয়।"

নিজের প্রবাস জীবন নিয়ে এক ধরনের সন্তুষ্টি দেখা গেছে সুমন আহমেদের কথায়। তবে সবাই তার মতো ভাগ্যবান নন।

বরং বেশিরভাগ প্রবাসীকেই প্রবাসে কষ্টকর এক জীবন পাড়ি দিতে হয়। দেশের জন্য, পরিবারের জন্য শত কষ্ট সহ্য করেও তারা কাজ করে যান। দেশের জন্য শুধু রেমিটেন্স যোদ্ধা আর পরিবারের জন্য ‘টাকা ছাপানোর মেশিন হয়ে নয়’ বরং সবার কাছে সম্মান আশা করেন তারা।-শামীমা নাসরিন, জার্মান বেতার ডয়চে ভেলে

## ৫০ বছরে বাংলাদেশের সফলতার সঙ্গে

৯ পৃষ্ঠার পর

৫১ বছরে আর্থ-সামাজিক বিভিন্ন সূচকে উন্নয়ন হয়েছে। সেসব বিষয়ে বইয়ের লেখকরা ডাটা অ্যানালিসিস করে বিভিন্ন বিষয় তুলে ধরেছেন।

সিপিডির চেয়ারম্যান ড. রেহমান সোবহান বলেন, ৫০ বছরে বাংলাদেশের সফলতা চোখে পড়ার মতো।

এর আগে ১৯৯৬ সালে বাংলাদেশ নিয়ে এ রকম আরেকটি বই করা হয়েছিল। তখন ২৫ বছরে বাংলাদেশের অর্থনীতি নিয়ে এতটা উচ্চাশা ছিল না। সেখানে তৈরি পোশাক খাতে কতটুকু মূল্য সংযোজন হতে পারে সে বিষয়ে চিন্তা করা হয়নি। রেমিট্যান্স নিয়ে এত চিন্তা-ভাবনা করা হয়নি।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা হোসেন জিল্লুর রহমান বলেন, অর্থনৈতিক চালিকা শক্তির বাইরে আরো কিছু বিষয় দেশের উন্নয়নে প্রভাবকের ভূমিকা পালন করেছে।

সেটা হলো, মানুষের ব্যক্তিত্বের বিপ্লব; মানুষের মধ্যে শত প্রতিকূলতার মধ্যেও টিকে থাকার লড়াইয়ের প্রবণতা তৈরি হয়েছে। এই প্রবণতার কারণে দেশের মানুষ এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, দেশের উন্নয়নের জগতে বড় পরিবর্তন ঘটে গেছে। সেটা হলো, অন্তর্ভুক্তিমূলক দূরদৃষ্টি থেকে বর্জনকামী দূরদৃষ্টি।

দৈনিক প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান বইটির বিশ্লেষণ ও ব্যাখ্যা করেন। তিনি বলেন, ব্যবসা এখন আগ্রহী রাজনৈতিক ও এলিটদের সঙ্গে চক্র গড়ে তুলে সুবিধা নিচ্ছে। ব্যবসায়ীরা এখন রাষ্ট্রকে প্রভাবিত করতে সময় ও সম্পদ বিনিয়োগ করে এবং সমন্বিত রাজনৈতিক শক্তি গড়ে তুলে তাঁরা নীতিমালার গতিমুখ নির্ধারণ করার ক্ষমতা অর্জন করেছেন।

সিপিডির সম্মাননীয় ফেলো ড. মোস্তাফিজুর রহমান বলেন, ‘আমাদের হাই-টেক খাতে রপ্তানি হয় মাত্র ১ শতাংশ। যেখানে ভিয়েতনামে ৪৫ শতাংশ। অবকাঠামো উন্নয়ন হয়েছে, তবে শ্রমনির্ভর সক্ষমতা অর্জনে আমরা পিছিয়ে। নিম্ন আয় ও মধ্যম আয়ের দেশ হিসেবে ব্রাজিল ৩৫ বছর ধরে আটকে আছে। ফিলিপাইন ৩৩ বছর ধরে একই জায়গায় আটকে আছে। টেকসই উন্নয়নের জন্য প্রযুক্তি, দক্ষতা ও মানবসম্পদের উন্নয়ন প্রয়োজন।’

বইটির বিভিন্ন অধ্যায় যাঁরা রচনা করেছেন, তাঁদের মধ্যে কেউ কেউ সশরীরে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনেকে বিভিন্ন দেশ থেকে অনলাইনে অনুষ্ঠানে অংশ নেন। বিশ্বব্যাংক গ্রুপের বেসরকারি খাতবিষয়ক সাবেক প্রধান সৈয়দ আখতার মাহমুদ অনলাইনে সংযুক্ত হয়ে বলেন, স্বাধীনতার পর দেশের শস্য উৎপাদন বেড়েছে; উন্নতি হয়েছে গ্রামীণ যোগাযোগব্যবস্থার; এসেছে রেমিট্যান্স বা প্রবাস আয়। এগুলোর সম্মিলিত ফল হচ্ছে উন্নয়ন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক সেলিম রায়হান বলেন, দুর্নীতির চক্র ভাঙতে রাজনৈতিক সদিচ্ছা প্রয়োজন, তা না হলে সংস্কার হবে না; সরকারের রাজস্ব আদায়ের সক্ষমতাও বাড়বে না।

অর্থনীতিবিদ এম এম আকাশ বলেন, দেশের উন্নয়ন নিয়ে যখন কথা বলা হয়, তখন গড় সূচক নিয়ে কথা বলা হয়। এর মধ্য দিয়ে প্রকৃত চিত্র উঠে আসে না। দেশে যেমন অসমতার হার সবচেয়ে বেশি, তেমনি ধনীদের ধন সঞ্চয়ের হারও অনেক বেশি। সে জন্য ধনী ও গরিবের সূচক পৃথকভাবে দেখার পরামর্শ দেন তিনি।

অর্থনীতিবিদ রিজওয়ানুল হাসান বলেন, শিল্প খাতের শ্রমিক ও প্রবাসী শ্রমিকরা অনেক কষ্ট করে দেশের উন্নয়নে অবদান রাখছেন। কিন্তু অনেক ক্ষেত্রেই শিল্পশ্রমিকদের প্রকৃত মজুরি কমেছে। যাঁরা প্রবাস আয় পাঠাচ্ছেন, তাঁরা নানা ধরনের হয়রানির শিকার হচ্ছেন।

বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের সাবেক প্রধান অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন, উন্নয়ন হওয়া সত্ত্বেও কেন প্রাতিষ্ঠানিক সংস্কার হচ্ছে না, এখন সেটা বুঝতে হবে। এই সময় নেতিবাচক দিকগুলোর মধ্যে প্রধানতম হলো বৈষম্য। ব্রিটিশ ও পাকিস্তানি যুগ মিলে যে বৈষম্য সৃষ্টি হয়েছে, বর্তমানে বৈষম্য তাকেও ছাড়িয়ে গেছে।- কালের কণ্ঠ

## শ্যালকের প্রার্থিতা প্রত্যাহারের নির্দেশ

৯ পৃষ্ঠার পর

প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ও উপজেলা আওয়ামী লীগ।

শুক্রবার (১৯ এপ্রিল) সকালে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন দেলোয়ার হোসেন পাশাকে দেখে যাওয়ার পর মোবাইল ফোনে শ্যালক রুবেলকে এই নির্দেশ দেন তিনি।

বিষয়টি নিশ্চিত করেছেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র জান্নাতুল ফেরদৌস। তিনি জানান, প্রতিমন্ত্রী পলক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন দেলোয়ারের সঙ্গে দেখা করেন। পরে তিনি উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়ের পর রুবেলকে প্রার্থিতা প্রত্যাহারের জন্য বলেন।

তিনি আরও জানান, প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা মন্ত্রীর স্বজনদের প্রার্থী না হতে নির্দেশ দিয়েছেন। আওয়ামী লীগের একজন নেতা ও মন্ত্রী হিসেবে এই নির্দেশ মানা তার অবশ্যকরণীয়। এ ছাড়া প্রতিমন্ত্রীর শ্যালক রুবেলের বিরুদ্ধে অপহরণ ও মারধরের অভিযোগ রয়েছে। সব মিলিয়ে তার প্রার্থিতা প্রত্যাহারের নির্দেশ দেওয়া হয়।

জান্নাতুল ফেরদৌস জানান, অপহরণ ও মারধরের বিষয়ে রুবেলকে শোকজ করা হবে। এ ছাড়াও শনিবার উপজেলা আওয়ামী লীগের জরুরি সভা আহ্বান করা হয়েছে। ওই সভায় চূড়ান্তভাবে সিদ্ধান্ত গ্রহণ করাসহ যারা যারা অপহরণ ও মারপিটের সঙ্গে জড়িত ছিলেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে বৃহস্পতিবার ইসির উপসচিব মো. আতিয়ার রহমান স্বাক্ষরিত এক কারণ দর্শানোর নোটিসে বলা হয়েছে, লুৎফুল হাবিব রুবেলের প্রার্থিতা কেন বাতিল করা হবে না, সোমবার কমিশনে হাজির হয়ে সে বিষয়ে ব্যাখ্যা দিতে রুবেলকে নির্দেশ দেওয়া হয়েছে। ইসির চিঠিতে বলা হয়, ইতোমধ্যে স্থানীয় প্রশাসন ও গোয়েন্দা সংস্থা থেকে প্রতিবেদন পেয়েছে কমিশন। জাতীয় দৈনিক ও সামাজিক যোগাযোগমাধ্যমেও ঘটনার সচিত্র বিবরণ এসেছে। এসব প্রতিবেদনে ঘটনার প্রাথমিক সত্যতা ‘প্রমাণিত’ হয়েছে। এমন ঘটনার জন্য কেন আপনার প্রার্থিতা বাতিল বা আপনার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না- সে বিষয়ে লিখিত জবাবসহ নির্বাচন কমিশনে ২২ এপ্রিল বিকালে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ব্যাখ্যা দিতে হবে।

মঙ্গলবার দেলোয়ার হোসেন ও লুৎফুল হাবিব রুবেলের মনোনয়নপত্র বাছাইয়ে বৈধ হয়। এরপর ওই ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয় বলে ইসি সচিব জাহাংগীর আলম জানান, ঘটনাস্থলের সিসি ক্যামেরায় ধরা পড়েছে অপহরণের মুহূর্ত।

এর আগে সোমবার বিকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে দেলোয়ার হোসেনকে মারধর করে একটি কালো রঙের মাইক্রোবাসে অপহরণ করে নিয়ে যায় কিছু দুর্বৃত্ত। এ ঘটনার ঘণ্টাখানেক পর সিংড়ার সাঐল গ্রামের নিজবাড়ির সামনে তাকে মুমূর্ষু অবস্থায় ফেলে রেখে যাওয়া হয়। পরে রাতে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এখন পর্যন্ত তিনি হাসপাতালের ৮ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন। এ ঘটনায় তার বড় ভাই মজিবর রহমান মামলা করলে পুলিশ দুজনকে গ্রেপ্তার করে। তারা আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন বলে জানিয়েছে পুলিশ।

## মূল্যস্ফীতির বাংলাদেশে খাবারের জন্য

৯ পৃষ্ঠার পর

দুই বছর আগে ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন শুরুর পর থেকে বাংলাদেশে দ্রব্যমূল্য লাফিয়ে লাফিয়ে বেড়ে যাওয়ার পর খেলার এই ধারণাটি নিয়ে আসেন ওমর সানি। বিশ্বব্যাংক পূর্বাভাস দিয়েছিল ২০২৪ সালের শেষ পর্যন্ত বিশ্বব্যাপী দামের ধারা থাকবে ঊর্ধ্বমুখী। নানা ধরনের রঙিন উপকরণ দিয়ে খেলা আর খেলায় কোনো হার না থাকায় সম্রাটের এই উদ্যোগ ইতোমধ্যেই ব্যাপক সাড়া ফেলেছে। এসএস ফুড চ্যালেঞ্জের সমন্বিত অনলাইন ভিউ এখন দেড় বিলিয়নেরও বেশি। ইউটিউব এবং ফেসবুকে প্রায় চার মিলিয়ন সাবস্ক্রাইবার এবং টিকটকে প্রায় দুই লাখ ফলোয়ার আছে। সোশ্যাল মিডিয়ায় এত ফলোয়ার থাকায় সম্রাট প্রতি মাসে ৩৫ থেকে ৪৫ হাজার ডলার আয় করেন কেবল অনলাইন ক্লিক এবং অন্যান্য ডিজিটাল মনিটাইজেশন থেকে।

সম্রাটের সঙ্গে কাজ করেন আরও ২৫ জন। মাসে পুরস্কার কেনাসহ অন্যান্য খরচ ৫ হাজার থেকে ১৫ হাজার ডলারের মধ্যে হয়ে যায়। এই কাজে এখন পর্যন্ত কোনো স্পনসর নেননি তিনি। তবে এই উদ্যোগ রাতারাতি সাফল্য পায়নি। ৩২ বছর বয়সি সম্রাট ২০১৭ সালে ‘র‍্যান্ডম ভিডিও’ বানানো শুরু করেছিলেন। ২০২১ সাল নাগাদ তিনি গ্রামের বাচ্চাদের জন্য গেমস শুরু করেন। যেখানে বিভিন্ন ধরনের গৃহস্থালী পণ্য পুরস্কার হিসেবে দেওয়া হতো। তিনি বলেন, গ্রামের মানুষ আইডিয়াটা পছন্দ করলেও পুরস্কার খুব একটা পছন্দ করেনি। তবে এক বছর পর যখন খাদ্যের দাম বাড়তে থাকে এবং মার্কিন ডলারের বিপরীতে বাংলাদেশি টাকার মূল্য হ্রাস পায় তখন তিনি এই ফর্মুলায় হোঁচট খান। ২০২২ সালে ডলারের বিপরীতে টাকার মূল্য ২০ শতাংশ কমে যায়, যা বাংলাদেশে আমদানিকে আরও ব্যয়বহুল করে তোলে।

দভোজ্য তেল এমনকি পেঁয়াজের দামও হাতের নাগালের বাইরে চলে গেলে আমরা এই খাদ্যদ্রব্যগুলোকেই পুরস্কার হিসাবে দেওয়ার সিদ্ধান্ত নিই,' বলেন সম্রাট। তিনি বলেন, এই ঘটনা গ্রামবাসীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। তারা খেলার জন্য আরও বেশি অনুপ্রাণিত হন। যারাই অংশ নেন কিছু না কিছু তারা জেতেন। সঙ্গে থাকে মজার কিছু স্মৃতি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, ২০২২ থেকে ২০২৩ সালের মধ্যে বাংলাদেশে খাদ্যপণ্যে মূল্যস্ফীতি ৯ শতাংশে পৌঁছেছে, যা গত ১২ বছরের মধ্যে সর্বোচ্চ। এশিয়া ফ্রন্টিয়ার ইনভেস্টমেন্টসের রুচির দেশাই বলেন, মহামারি-সম্পর্কিত সরবরাহ চেইন সমস্যার পাশাপাশি ২০২২ সালের ফেব্রুয়ারিতে ইউক্রেনে রাশিয়ার আক্রমণের প্রভাবের কারণে সেই বছর উন্নত এবং উন্নয়নশীল দেশে মূল্যস্ফীতি বেড়েছে। দএটি মূলত টার্নিং পয়েন্ট ছিল, বিশেষ করে বাংলাদেশের মতো উদীয়মান বাজারের জন্য,' তিনি বলেন। দএ ছাড়া ওই বছর আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) কাছ থেকে কয়েক বিলিয়ন ডলার ঋণ পেতে তেল ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যে ভর্তুকি কমাতে হয়েছিল ঢাকাকে', বলেন দেশাই।


তবে সামনের পথে বাংলাদেশের জন্য আশার আলো দেখছেন বিশ্লেষকরা। ২০২৪ সালে জিনিসপত্রের দাম কমার পূর্বাভাস দিয়েছেন তারা।

আর এতে করে চার সন্তানের মা গৃহবধূ আসমা খাতুনের মতো মানুষের মনেও স্বস্তি এসেছে। সম্প্রতি খেলার দিনে আলু, পেঁয়াজ, চিনি ও ডাল জিতে নিয়ে গ্রামে ফিরেছেন আসমা। তার এসব খাদ্যপণ্য আগামী দিনগুলোতে তার পরিবারের জন্য স্বস্তির কারণ। আর অন্যদিকে এই খেলা এতটাই জনপ্রিয় হয়ে উঠেছে যে এখন ভিড় সামলানোই সম্রাটের মূল চিন্তা।

## ডাল-ভাত নয়, মানুষ এখন মাছ-মাংস

৯ পৃষ্ঠার পর

প্রধানমন্ত্রী বলেন, বিভিন্ন বীজ উৎপাদন বিএডিসিসহ নানা গবেষণা প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়েছিল। আওয়ামী লীগ ক্ষমতায় এসেই কৃষি গবেষণায় জোর দেয়। বীজ, মাছ, ধান, সবজিসহ বিভিন্ন ফসল উৎপাদন বাড়িয়ে বিদেশি নির্ভরতা কমিয়ে এনেছে আওয়ামী লীগ সরকার। খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে আওয়ামী লীগ দেশের মানুষের পুষ্টি চাহিদা পুরণ করছে। সরকারপ্রধান বলেন, সরকার বছরে ২৬ হাজার কোটি টাকা ভর্তুকি দিচ্ছে। খাদ্য সংরক্ষণ,খাদ্য ব্যবস্থাপনায় কৃষকদের জন্য নতুন নতুন উদ্যোগ গ্রহণ করেছে সরকার। গবেষণার প্রতি গুরুত্ব দেওয়ার পাশাপাশি কৃষকদের প্রতি গুরুত্ব দেওয়ার ফলেই এদেশের কৃষি সমৃদ্ধ হয়েছে। তিনি আরও বলেন, বিএনপি কখনোই চায়নি এদেশ খাদ্য স্বয়ংসম্পূর্ণ হোক, তারা চেয়েছে অন্য দেশ থেকে ভিক্ষা করে দেশ চালাতে।


বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ
জিন্দাবাদ
২১ এপ্রিল নিউইয়র্ক স্টেট
বিএনপির কাউন্সিল ২০২৪
সকল জেলার যোগ্য নেতৃত্বের সমন্বয়ে নিউইয়ক স্টেট বিএনপি গঠিত হবে।
গণতন্ত্র পুনরুদ্ধারে দেশ নায়ক তারেক রহমানের হাত শক্তিশালী করার লক্ষ্যে উক্ত কাউন্সিল।
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
সকলের দোয়া ও সহযোগিতা কামনা করছি।
আলহাজ্ব এম. শহিদুল ইসলাম শিকদার
সাবেক সহ-সভাপতি ঝালকাঠি জেলা ও নিউইয়র্ক স্টেট বিএনপি
যুগ্ম আহ্বায়ক ৫০ বৎসর পূর্ত সুবর্ণ জয়ন্তী কেন্দ্রীয় কমিটি যুক্তরাষ্ট্র।
যুগ্ম আহ্বায়ক নিউ ইয়র্ক স্টেট বিএনপি।
১.সকল জেলার যোগ্য নেতৃতের সমন্বয়ে স্টেট বিএনপি
২. নিউইয়র্কে বিএনপি অফিস ও দলীয় কেন্দ্রীয় লাইব্রেরী,
৩. ওয়ার্কশপ বিএপির প্রশিক্ষণ কেন্দ্র
৪. ১০১ জন যোগ্য সদস্য নিয়ে পূর্ণ কমিটি গঠন।
৫. দেশ ও বিদেশ থেকে সিনিয়র নেতৃবৃন্দ আসলে তাদের নিয়ে বিএনপির পরবর্তী কার্যক্রম আলোচনা



# শিবনারায়ণ দাসের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

৮ পৃষ্ঠার পর

সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

শুক্রবার (১৯ এপ্রিল) এক শোকবার্তায় তিনি প্রয়াত শিবনারায়ণ দাসের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবার, আত্মীয়-স্বজন ও গুণগ্রাহীদের প্রতি গভীর সমবেদনা জানান।

শিবনারায়ণ দাস শুক্রবার সকালে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তার বয়স হয়েছিল ৭৮ বছর। তিনি স্ত্রী ও এক ছেলেসহ অসংখ্য আত্মীয়-স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।শিবনারায়ণ দাসের স্ত্রীর নাম গীতশ্রী চৌধুরী এবং সন্তান অর্ণব আদিত্য দাস।

এর আগে শিব নারায়ণ রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন। শারীরিক অবস্থার অবনতি হলে চিকিৎসকদের পরামর্শে দ্রুত তাকে বিএসএমএমইউতে ভর্তি করা হয়।

১৯৭০ সালের ছয় জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হলের (বর্তমান শহীদ সার্জেন্ট জহুরুল হক হল) ১১৬ নম্বর কক্ষে রাত ১১টার পর পুরো পতাকার নকশা সম্পন্ন করেন। এ পতাকাই পরবর্তীতে ১৯৭১-এর দুই মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় উত্তোলিত হয়।

শিবনারায়ণ দাসের বাবা সতীশচন্দ্র দাশ কুমিল্লাতে আয়ুর্বেদ চিকিৎসা করতেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন পাকিস্তানি হানাদাররা তাকে ধরে নিয়ে হত্যা করে।

১৯৭০ সালের সাত জুন ঢাকার পল্টন ময়দানে অনুষ্ঠিত ছাত্রদের এক সামরিক কুচকাওয়াজে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অংশ গ্রহণের কথা ছিল। এই জন্য ছাত্রদের নিয়ে একটি জয়বাংলা বাহিনী, মতান্তরে 'ফেব্রুয়ারি ১৫ বাহিনী' গঠন করা হয়। ছাত্রনেতারা এই বাহিনীর একটি পতাকা তৈরির সিদ্ধান্ত নেয়।

১৯৭০ সালের ছয় জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহুরুল হক হলের (তৎকালীন ইকবাল হল) ১০৮ নম্বর কক্ষে ছাত্রলীগ নেতা আ স ম আবদুর রব, শাহজাহান সিরাজ, কাজী আরেফ আহমদ, মার্শাল মনিরুল ইসলাম পতাকার পরিকল্পনা নিয়ে বৈঠকে বসেন।

এ বৈঠকে আরও উপস্থিত ছিলেন ছাত্রলীগ নেতা স্বপন কুমার চৌধুরী, জগন্নাথ কলেজের ছাত্রলীগ নেতা নজরুল ইসলাম, কুমিল্লা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় ছাত্রনেতা শিবনারায়ন দাস, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সাধারণ সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু ও ছাত্রনেতা ইউসুফ সালাউদ্দিন।



সভায় কাজী আরেফের প্রাথমিক প্রস্তাবনার ওপর ভিত্তি করে সবার আলোচনার শেষে সবুজ জমিনের ওপর লাল সূর্যের মাঝে হলুদ রঙের বাংলার মানচিত্র খচিত পতাকা তৈরির সিদ্ধান্ত হয়। কামরুল আলম খান (খসরু) তখন ঢাকা নিউ মার্কেটের এক বিহারী দর্জির দোকান থেকে বড় এক টুকরো সবুজ কাপড়ের মাঝে লাল একটি বৃত্ত সেলাই করে আনলেন; এরপর প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কায়েদে আজম হল (বর্তমানে তিতুমীর হল)-এর ৩১২ নম্বর কক্ষের এনামুল হকের কাছ থেকে অ্যাটলাস নিয়ে ট্রেসিং পেপারে আঁকা হলো পূর্ব পাকিস্তানের মানচিত্র। শিবনারায়ণ দাস পরিশেষে তার নিপুণ হাতে মানচিত্রটি আঁকলেন লাল বৃত্তের মাঝে, এমনি করে রচিত হলো 'ফেব্রুয়ারি ১৫ বাহিনী'র পতাকা, যা কিছুদিন পর স্বীকৃত হয় বাংলাদেশের প্রথম পতাকা হিসেবে।

১৯৭১ সালের ২৩ মার্চ পাকিস্তান দিবসে সমগ্র পূর্ব পাকিস্তানের বিভিন্ন স্থানে পাকিস্তানের জাতীয় পতাকার পরিবর্তে শিবনারায়ন দাশের নকশা করা বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়।

১৯৭২ সালে শেখ মুজিবুর রহমানের সরকার শিবনারায়ন দাসের নকশা করা পতাকার মধ্যে মানচিত্রটি বাদ দিয়ে পতাকার মাপ, রঙ, ও তার ব্যাখ্যা সংবলিত একটি প্রতিবেদন দিতে বলে পটূয়া কামরুল হাসানকে। কামরুল হাসান দ্বারা পরিমার্জিত রূপটিই বর্তমানে বাংলাদেশের জাতীয় পতাকা।

# ঢাকায় নিজ নামের সড়ক ও পার্ক উদ্বোধন করবেন কাতারের

৮ পৃষ্ঠার পর

নামে নামকরণ করা হবে। নিজে উপস্থিত থেকে এই দুটো স্থাপনা উদ্বোধন করবেন কাতারের আমির।

কূটনৈতিক সূত্রে জানা গেছে, বাংলাদেশের স্বাধীনতার পর থেকে দুই দেশের মধ্যে চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান। দুই দেশের মধ্যে বন্ধুত্বের এই সম্পর্ক এবং আমিরের এই সফরকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে তার নামে এই পার্ক ও রাস্তার নামকরণ করা হচ্ছে। আগামী মঙ্গলবার (২৩ এপ্রিল) বেলা ৩টায় কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির এই দুটি স্থাপনা উদ্বোধনের কথা রয়েছে।

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি আগামী সোমবার (২২ এপ্রিল) দুই দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসছেন। এটি হতে যাচ্ছে তার প্রথম বাংলাদেশ সফর।

জানা গেছে, এই সফরে ঢাকা-দোহা আলোচনায় জ্বালানি সহযোগিতা, বিনিয়োগ, জনশক্তি রপ্তানি এবং অভিবাসন প্রাধান্য পাবে। তিনি সফরে ১৫০ সদস্যের একটি প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন।

এই সফরের বিষয়ে কাতারে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. নজরুল ইসলাম বলেছেন, কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির বাংলাদেশ সফরের ফলে দুই দেশের মধ্যে দৃঢ় বন্ধুত্ব ও সম্পৃক্ততা গড়ে উঠবে। প্রায় ২০ বছর পর সর্বোচ্চ পর্যায়ের এ সফর হচ্ছে। এটি আমাদের কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী উদযাপনের সাথেও সঙ্গতিপূর্ণ। প্রসঙ্গত, ১৯৭৪ সালে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশ ও কাতার দৃষ্টান্তমূলক দ্বিপাক্ষিক সম্পর্ক বজায় রেখে আসছে।

মো. নজরুল ইসলাম আরও বলেন, কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কয়েকবার আমন্ত্রণ জানান। ২০২৩ সালের মার্চ ও মে মাসে প্রধানমন্ত্রীর পরপর দুটি সফর প্রমাণ করে যে, উভয় পক্ষই এই সম্পর্ককে উচ্চ মর্যাদায় রাখে।

জানা গেছে, গত বছরের মার্চে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দোহায় জাতিসংঘের স্বল্পোন্নত দেশগুলোর (এলডিসি ৫) সম্মেলনের সাইডলাইনে শেখ তামিম বিন হামাদ আল থানির সঙ্গে বৈঠক করেন। এ সময় এলএনজি বিষয়ে সহযোগিতা বাড়াতে প্রধানমন্ত্রী কাতারের আমিরকে অনুরোধ করেন। আশা করা হচ্ছে, আমিরের সফরে এ বিষয়টি গুরুত্ব পাবে।

কাতার থেকে এলএনজি আমদানির জন্য ২০১৭ সালে স্বাক্ষরিত ১৫ বছরের চুক্তিটি ২০৩২ সাল পর্যন্ত কার্যকর থাকবে। তবে, ২০২৫ সালের পরে বেশি পরিমাণে এলএনজি পেতে এটিকে নতুন চুক্তি হিসেবে স্বাক্ষর করার নিয়ম রয়েছে। আশা করা হচ্ছে, এই সফরে এ বিষয়ে একটি অগ্রগতি হবে।

কাতারের সঙ্গে আমাদের বাণিজ্য সম্পর্কও ক্রমেই বাড়ছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, ২০২২-২৩ অর্থবছরে কাতারে প্রায় ৩২ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি করে বাংলাদেশ। একই সময়ে বাংলাদেশে কাতার রপ্তানি করেছে ২৩৬৬.৫ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, আশা করা হচ্ছে, কাতার আমিরের সফরে উভয় দেশ অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা সহযোগিতা, জ্বালানি সহযোগিতা, কাতারে বাংলাদেশি দক্ষ ও আধা-দক্ষ কর্মশক্তির কর্মসংস্থানসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করবে। পাশাপাশি আলোচনায় স্থান পাবে জলবায়ু পরিবর্তন, শিক্ষা, দাতব্য কার্যক্রম, অভিবাসন, পর্যটন, সংস্কৃতি, ক্রীড়া, বন্দর পরিচালনা এবং মানবসম্পদ উন্নয়ন। আলোচনার একটি উল্লেখযোগ্য অংশে থাকবে ফিলিস্তিন, রোহিঙ্গা ইস্যুসহ অন্যান্য আন্তর্জাতিক সংকটও।

সংশ্লিষ্টরা বলছেন, বাংলাদেশে এলএনজি ও সার রপ্তানি করে কাতার। বাংলাদেশ কিছু গার্মেন্টস আইটেম, শাকসবজি এবং প্রক্রিয়াজাত খাবার রপ্তানি করে। কাতারে আমাদের রপ্তানি আরও প্রসারিত করার বিশাল সুযোগ রয়েছে। আমাদের এই অঞ্চলে সবচেয়ে উন্মুক্ত বিনিয়োগ ব্যবস্থা রয়েছে। এলএনজি সংরক্ষণ ও বিতরণে বিনিয়োগের মাধ্যমে কাতার জ্বালানি খাতে তাদের সম্পৃক্ততা আরও বাড়াতে পারে। কাতার অবকাঠামো ও রিয়েল এস্টেট খাতেও বিনিয়োগ করতে পারে।

কাতার বাংলাদেশের জনশক্তি রপ্তানির বৃহৎ বাজার। বাংলাদেশ ২০০৪ থেকে ২০২৪ সাল পর্যন্ত কাতারে মোট ৮ লাখ ১০ হাজার ১৫১ কর্মী রপ্তানি করেছে, যা বিশ্ব জনশক্তি বাজারে মোট জনশক্তি রপ্তানির ৬.৪৭ শতাংশ। গতবছর ২০২৩ সালে কাতারে গেছে ৫৬ হাজার ১৪৮ বাংলাদেশি। চলতি বছরের জানুয়ারি-ফেব্রুয়ারিতে বাংলাদেশ কাতারে ৬ হাজার ৭৭৯ জন কর্মী রপ্তানি করে। বাংলাদেশিরা কাতারের সরকারি, আধা-সরকারি ও বেসরকারি খাতে কাজ করছেন। বাংলাদেশ ২০১৩ সালে কাতারে মহিলা কর্মী পাঠানো শুরু করে। ২০১৮ সালে ৩ হাজারের বেশি মহিলা কর্মী কাতারে তাদের কর্মসংস্থানের সুযোগ পায়।

সংশ্লিষ্টরা বলছেন, মালয়েশিয়ায় জনশক্তি রপ্তানি কমে যাওয়ায় এবং ওমান কর্মী নিয়োগ বন্ধ করে দেওয়ায় বাংলাদেশি কর্মী নিয়োগ বৃদ্ধির ক্ষেত্রে কাতার একটি নিরাপদ গন্তব্য হতে পারে। দেশটির আমিরের সফরে এ বিষয়টি গুরুত্ব পাবে বলেও আশা করা হচ্ছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, এই সফরে দুই দেশের মধ্যে প্রায় এক ডজন সমঝোতা চুক্তি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে।

কাতারের আমিরের নামে সড়ক ও পার্ক হচ্ছে ঢাকায়: ২০২৩ সালের ১৯ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক জনসভায় কালশী এলাকার বালুর মাঠে বিনোদন পার্ক ও খেলার মাঠ করার ঘোষণা দেন। তিনি ওই এলাকার মানুষের জন্য উপহার হিসেবে ১৬ বিঘা জমি খেলার মাঠ ও পার্কের জন্য বরাদ্দ দেন। মাঠ ও বিনোদন পার্কটিতে যুবকদের জন্য ক্রিকেট ও ফুটবল খেলার ব্যবস্থা এবং প্রশিক্ষণের জন্য ব্যবস্থা থাকবে। প্রবীণদের জন্য হাঁটার ব্যবস্থা এবং শিশুদের খেলাধুলার জায়গা থাকবে। পার্কটি তৈরি ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

প্রসঙ্গত, বাংলাদেশ ও তুরস্কের বন্ধুত্বের নিদর্শন হিসেবে তুরস্কের জাতির পিতা কামাল আতাতুর্কের নামে রাজধানীর বনানীতে একটি সড়ক রয়েছে। বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামেও তুরস্কে একটি সড়কের নামকরণ করা হয়েছে।




•বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
•জিন্দাবাদ
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি
নিউ ইয়র্ক মহানগর (দক্ষিণ) বিএনপি, যুক্তরাষ্ট্র
কাউন্সিল ২১শে এপ্রিল, ২০২৪
গণতন্ত্র পুরুদ্ধার
জনগণের ভোটের
অধিকার প্রতিষ্ঠা
দেশমাতা বেগম খালেদা জিয়ার মুক্তি
জনাব তারেক রহমানের
স্বদেশ প্রত্যাবর্তন
আসসালামু আলাইকুম,
সম্মানিত কাউন্সিলর / যুক্তরাষ্ট্র বিএনপি নেতৃবৃন্দ ও সহযোদ্ধাবৃন্দ,
অগণতান্ত্রিক সরকার পতনের আন্দোলনকে সফল করার লক্ষ্যে
সিনিয়র সহ সভাপতি পদপ্রার্থী হিসেবে
আমি আপনাদের দোয়া, সহযোগিতা ও সমর্থন কামনা করছি।
এডভোকেট রেদওয়ানা রাজ্জাক
মেম্বার ঢাকা বার
নিউ ইয়র্ক মহানগর (উত্তর) বিএনপি

# নিউইয়র্ক সিটি ইলেকট্রিশিয়ান

NASRIN CONTRACTING
FULL LICENCED @ INSURED
718-223-3856



আমরা যে সব কাজে পারদর্শি
- যে কোন ইলেকট্রিক বায়োলেশন রিমুভ
- সার্ভিস আপগ্রেট এবং নতুন
- ট্রাবল স্যুটিং এবং শটসার্কিট
- নিউওয়েরিং এবং পুরাতন ওয়েরিং
- ইলেকট্রিক আপগ্রেট
- সবধরনের লাইট, হায়হেট, সুইস আউট লাইট, নতুন ও আপগ্রেট
- সকল প্রকার ইলেকট্রিক কাজ করি
- রেসিডেন্টশিয়াল এবং কমার্শিয়াল

বিঃদ্রঃ কাউকে কাজ দিয়ে সমস্যায় আছেন অ-সমাপ্ত কাজ নিয়ে? নিশ্চিন্তে ফোন করুন। আপনার কাজ খুবই দায়িত্ব সহকারে শেষ করে বুঝিয়ে দিবো Inspection নিয়ে সমস্যা কল করুন

Nasrin Contracting Corp
116 Avenue C, Suite # 3C
Brooklyn, NY 11218
nysarker@gmail.com
nasrincontracting10@gmail.com
Visit Us : www.nasrincontractingcorp.com

Sahara Homes


NOW IS THE TIME TO LIVE THE AMERICAN DREAM!

BUY IT, LIVE IT AND ENJOY IT !!!



Nayeem Tutul
Lic. Real Estate Sales Executive
Cell: 917-400-8461
Office: 718-805-0000
Fax: 718-850-3888
Email: nayeem@saharahomesinc.com
Web: www.saharahomesinc.com

# WALI KHAN, D.D.S
Family Dentistry



- স্বল্প মূল্যে চিকিৎসা ব্যবস্থা
- জীবাণুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তির সমন্বয়ে চিকিৎসা
- অত্যাধুনিক পদ্ধতি ব্যবহারে Implant/Biaces
- সব ধরনের মেডিকেইড/ ইন্সুরেন্স ও ইউনিয়ন কার্ড গ্রহণ করা হয়

আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

জ্যাকসন হাইটস
37-33 77TH STREET,
JACKSON HEIGHTS NY 11372
TEL : 718-478-6100

ব্রঙ্কস ডেন্টাল কেয়ার
1288 WHITE PLAINS ROAD
BRONX NY 10472
TEL : 718-792-6991

Office Hours By Appointment
আমরা সব ধরনের ক্রেডিট কার্ড গ্রহণ করে থাকি

# WOMEN'S MEDICAL OFFICE
(NEW LIFE MEDICAL SERVICES, P.C)
OBSTETRICS & GYNECLOGICAL

## ডাঃ রাবেয়া চৌধুরী
Rabeya Chowdhury, MD, FACOG
(Obsterics & Gynecology) *Board Certified*

**Attending Physician (Obs & Gyn Dept.)**
Flushing Hospital Medical Center
North Shore (LIJ) Forest Hill Hospital
Long Island Jewish (LIJ) Hospital

বাংলাদেশী মহিলা ডাক্তার

**Gopika Nandini Are, M.D.**
(Obsterics & Gynecology)
**Attending Physician**
Flushing Hospital Medical Center

**Dr. Alda Andoni, M.D.**
(Obsterics & Gynecology)
**Attending Physician (OBS & GYN Dept.)**
Flushing Hospital Medical Center

*(F Train to 179th Street (South Side)*
**91-12, 175th St, Suite-1B**
**Jamaica, NY 11432**
Tel: 718-206-2688, 718-412-0056
Fax: 718-206-2687
email: info@mynewlifemd.com, www.mynewlifemd.com

# ARMAN CHOWDHURY, CPA
MBA I CMA I CFM



Quick refund with free e-file.
We're open every day.
WE'VE GOT YOU COVERED
Call today for an appointment.
Walk-ins Welcome.
AUTHORIZED e-file PROVIDER

সঠিক ও নির্ভুলভাবে
ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

- Individual Income Tax
- Business Income Tax
- Non-Profit Tax Return
- Accounting & Bookkeeping
- Retirement and Investment Planning
- Tax Resolution (Individual & Business)


F to 169 Street
87-54 168th Street, Suite 201, Jamaica, NY 11432
Phone: (718) 475-5686, Email: ArmanCPA@gmail.com
www.ArmanCPA.com


বাংলাদেশ
বিসমিল্লাহির রহমানির রহিম
জিন্দাবাদ
২১শে এপ্রিল নিউইয়র্ক স্টেট বিএনপি'র কাউন্সিল ২০২৪
সকল জেলার যোগ্য নেতৃত্বের সমন্বয়
নিউইয়র্ক স্টেট বিএনপি,
গনতন্ত্র পুনরুদ্ধারের দেশ নায়ক তারেক রহমানের হাত'কে শক্তিশালী করার লক্ষ্যে
উক্ত কাউন্সিলে
আমি
সাধারণ সম্পাদক
প্রার্থী সকলের দোয়া ও
সহযোগিতা কামনা করছি।
মোতাহার ছোসেন
সাবেক ছাত্রনেতা / সদস্য আহ্বায়ক কমিটি নিউইয়র্ক স্টেট বিএনপি
সাবেক তিনবারের সাধারণ সম্পাদক বাংলাদেশ জাতীয়তাবাদী ফোরাম ইউএসএ ইনক





# নিউইয়র্কে জমজমাট আয়োজনে ‘আনন্দধ্বনি’র উৎসবমুখর প্রভাতী বর্ষবরণ ১৪৩১















পরিচয় ডেস্ক: গত ১৪ এপ্রিল নিউ ইয়র্কে জ্যামাইকার ১৭৬-২১ ওয়েক্সফোর্ড ট্যারেসের দ্য মেরি লুইস একাডেমিতে ‘আনন্দধ্বনি’র প্রভাতী বর্ষবরণ ১৪৩১ অনুষ্ঠিত হয়। হলভর্তি দর্শকের উপস্থিতিতে জমজমাট এ অনুষ্ঠান শুরু হয় ১৪ এপ্রিল সকাল সোয়া আটটায়। সকাল সাতটা থেকে সাড়ে আটটা পর্যন্ত সকালের নাস্তা পরিবেশন করা হয়। দেশীয় সব খাবার দিয়ে অতিথিদের অ্যাপায়ন করা হয়। অনুষ্ঠানে যোগ দেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা।

অনুষ্ঠানে অন্যতম আকর্ষণ বাংলাদেশের জনপ্রিয় সংগীতশিল্পী অদিতি মোহসীন তার সুললিত কণ্ঠের গানের মাধ্যমে মুগ্ধ করেন সঙ্গীতপ্রিয় দর্শক-শ্রোতাদের। আনন্দধ্বনির হৃদয়জুড়ানো সমবেত কণ্ঠে বাংলা বর্ষবরণ আয়োজনে গানের পাশাপাশি ছিল নৃত্য পরিবেশনা। অনুষ্ঠানে অন্যদের মধ্যে একক সংগীত পরিবেশন করেন উত্তর আমেরিকার জনপ্রিয় কণ্ঠশিল্পী শাহ মাহবুব। অনুষ্ঠানে রাহাত মুক্তাদির ও মিথুন আহমেদের আবৃত্তি ভিন্ন মাত্রা যোগ করে। রাহাত মুক্তাদির প্রথমে তার বাবার লেখা একটি কবিতা আবৃত্তি করেন। এরপর তিনি কবি কাজী নজরুল ইসলামের লেখা সুষ্টি সুখের উল্লাসে কবিতাটি আবৃত্তি করেন। অনুষ্ঠানে আনন্দধ্বনির বাংলা বর্ষবরণ আয়োজনের ঘোষণাপত্র পাঠ করেন সংস্কৃতি সেবক গোলাম ফারুক ভুইয়া।

অনুষ্ঠান আয়োজনে সহযোগিতায় ছিল জিএফবি গ্রুপ, শাহ গ্রুপ, টাউন এমডি, আকাশ মেডিকেল কেয়ার, পিজি হোম কেয়ার ইনক। সহযোগিতায় ছিল জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটিসহ আরো কয়েকটি প্রতিষ্ঠান।

দুপুর ১২টায় জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সৌজন্যে সবার জন্য বৈশাখী আহার পরিবেশনের মাধ্যমে আনন্দধ্বনির এবারের বাংলা বর্ষবরনের অনুষ্ঠানমালার সমাপ্তি ঘটে।

***ছবি ইউএসএ নিউজ ও আনন্দধ্বনি-র ফেসবুক পেজ থেকে সংগৃহীত***







বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহিম
জিন্দাবাদ
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)
নিউইয়র্ক স্টেট, যুক্তরাষ্ট্র
কাউন্সিল ২০২৪
সফল হউক, সার্থক হোক
বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি, নিউইয়র্ক স্টেট কমিটির আসন্ন নির্বাচন
DATE: APRIL 21, 2024, SUNDAY
PLACE: LAGUARDIA PLAZA HOTEL
104-04 Ditmars Blvd, East Elmhurst, NY 11369.
ভোট গ্রহণ শুরু: দুপুর ১২টা
ভোট গ্রহণ শেষ: বিকাল ৪:৩০ মিনিট
নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের তালিকা
সভাপতি পদপ্রার্থী
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
সিনিয়র যুগ্ম সম্পাদক পদপ্রার্থী
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
ULLAH MOHAMMED O
সভাপতি পদপ্রার্থী
ISLAM MOHAMMED, S
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
RAHMAN SAFI
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
মোঃ আরিফুর রহমান
RAHMAN MD. ARIFUR
সিনিয়র যুগ্ম সম্পাদক পদপ্রার্থী
UDDIN MOHAMMAD RAICH
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
HOSSAIN ANWAR
সভাপতি পদপ্রার্থী
UDDIN MD J
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
HOSSAIN MOTAHAR
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
হাবিবুর রহমান
RAHMAN HABIBUR
সিনিয়র যুগ্ম সম্পাদক পদপ্রার্থী
RAHMAN MOHAMMAD ZIAUR
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
MAHMUD RIAZ
সভাপতি পদপ্রার্থী
নিউইয়র্ক স্টেট বিএনপির আহ্বায়ক কমিটির সমস্ত কাউন্সিলার বৃন্দদেরকে নির্বাচন কমিশণ কর্তৃক নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে নিজ নিজ ভোট প্রদানের জন্য অনুরোধ করা যাইতেছে।
অনুরোধক্রমে
কাওছার আহমেদ
প্রধান নির্বাচন কমিশনার
ফোন: ৭১৮-৮৪৪-২০২০
মোঃ আমিনুল ইসলাম চৌধুরী
নির্বাচন কমিশনার
ফোন: ৬৪৬-৩২১-৪১১৭
নীরা রাব্বানী
নির্বাচন কমিশনার
ফোন: ৫১৬-৪২৩-২৮৬৭
মাহবুবুর রহমান মুকুল
নির্বাচন কমিশনার
ফোন: ৩৪৭-৩৩৬-৮৯৮২
আপনার ভোট আপনি দিন, যাকে খুশি তাকে দিন
প্রচারে: নির্বাচন কমিশন কর্তৃক প্রচারিত


হাতের মুঠোয় পরিচয় পড়ুন
2:38
Search
Weekly Parichoy
Today at 23:45
নিউইয়র্ক থেকে গত ২৯ বছর ধরে নিয়মিত প্রকাশিত সাপ্তাহিক পরিচয় এর ০৫ ডিসেম্বর, ২০২০ তারিখের (১৩৯৭ তম) সংখ্যা।
See translation
পরিচয়
বাইডেনের সমর্থন তলানিতে
ঋণ অনিয়মে গত ১৫ বছরে বাংলাদেশে ৯২ হাজার কোটি টাকা আত্মসাৎ
CREDIT REPAIR
GREEN POWER ELECTRIC CORP
নিরাপদে থাকুন
ই-ভার্সন পেতে আপনার ইমেইল এড্রেস পাঠিয়ে দিন
parichoyny@gmail.com

## যুক্তরাষ্ট্রের প্রথম সাবেক

৭ পৃষ্ঠার পর

যার ঘৃণার কোনো পরিসীমা নেই।'

যেহেতু তাকে আদালতে হাজিরা দিতে হবে, তাই এ মামলা প্রায় নিশ্চিতভাবেই ৭৭ বছর বয়সী এই প্রার্থীকে দীর্ঘ সময়ের জন্য প্রচারণা থেকে দূরে রাখবে। তিনি ডেমোক্র্যাটিক প্রেসিডেন্ট জো বাইডেনের কাছ থেকে হোয়াইট হাউস পুনরুদ্ধার করার চেষ্টা করছেন। বাইডেন ট্রাম্পকে ২০২০ সালের নির্বাচনে পরাজিত করেন। তবে ট্রাম্প আজ পর্যন্ত মিথ্যা দাবি করে আসছেন যে তিনি ভোট কারচুপির মাধ্যমে আরো একটি চার বছর মেয়াদের দায়িত্ব পেতে প্রতারিত হয়েছেন।

ট্রাম্পের বিরুদ্ধে ২০১৬ সালের নির্বাচনের ঠিক আগে পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলসকে এক লাখ ৩০ হাজার ডলার ঘুষ দেয়ার বিষয়টি গোপন করা জন্য অভিযুক্ত করা হয়। স্টর্মি ড্যানিয়েলসকে এই অর্থ দেয়া হয়েছিল এক দশক আগে একটি সেলিব্রেটি গল্ফ টুর্নামেন্টে এক রাতের ঘনিষ্ঠতা নিয়ে তিনি যে কথা-বার্তা বলছেন, তা নিয়ে যেন আর প্রকাশ্যে আলোচনা না করেন। আর এই ঘটনাটি ঘটেছিল ট্রাম্পের স্ত্রী মেলানিয়া তাদের ছেলে ব্যারনকে জন্ম দেয়ার ঠিক চার মাস পর।

দ্বিতীয় ঘটনার অভিযোগপত্রে দাবি করা হয়েছে, সাবেক প্লেমেট অফ দ্য ইয়ার কারেন ম্যাকডোগাল বলেছেন যে ট্রাম্পের সাথে তার এক মাস ধরে সম্পর্ক চলছিল। আর একজন ট্যাবলয়েড প্রকাশক তাকে এক কোটি ৫০ লাখ ডলার দিয়ে তার গল্পের সত্ব কিনে নেন। কিন্তু ট্রাম্পের অনুরোধে তিনি নিবন্ধটি আর প্রকাশ করেননি।

ট্রাম্প এই দুই অভিযোগসহ নিউইয়র্কের মামলায় তার বিরুদ্ধে আনা ৩৪টি অভিযোগ অস্বীকার করেছেন। এসব অভিযোগের মধ্যে রয়েছে ট্রাম্প তার এক সময়ের রাজনৈতিক সহায়ক, দোষী সাব্যস্ত হওয়া মিথ্যা শপথকারী মাইকেল কোহেনকে, ড্যানিয়েলসকে অর্থ প্রদানের জন্য নির্দেশ দিয়েছিলেন।

এরপর ২০১৭ সালে প্রেসিডেন্ট হওয়ার প্রথম বছর ট্রাম্প মাইকেল কোহেনকে সেই অর্থ পরিশোধ করেন। ট্রাম্প তার ব্যবসায়িক হিসাবে দেখান যে কোহেনকে তিনি আইনি সহায়তার ফি হিসেবে এই অর্থ দিয়েছেন।

প্রতিটি অভিযোগেই চার বছরের কারাদণ্ডের সম্ভাবনা রয়েছে। তবে ট্রাম্প যেকোনো অভিযোগে দোষী সাব্যস্ত হলে সাজা এবং রায়ের বিরুদ্ধে আপিল করতে পারবেন। নিউইয়র্কে মামলা হলো নজিরবিহীন চারটি ফৌজদারি অভিযোগের মধ্যে একটি। ট্রাম্পের বিরুদ্ধে ৮৮টি অভিযোগ রয়েছে, যার সবকটি তিনি অস্বীকার করেছেন। তিনটি মামলার কোনোটিতেই বিচারের জন্য তারিখ ঠিক করা হয়নি। এর সবগুলোই বিচার পর্বের আগের শুনানি ও আইনি যুক্তি-তর্কের কারণে বিলম্বিত হচ্ছে। ট্রাম্প চাচ্ছেন বিচারের তারিখ নির্বাচনের পরে নিয়ে যেতে। আর যদি তিনি বিচারের তারিখ পেছাতে পারেন এবং নির্বাচনে জয়লাভ করেন; তবে তার প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন কালে তাকে আর বিচারের মুখোমুখি হতে হবে না। কোহেন তার এক সময়ের বসের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। আর ট্রাম্পের বিরুদ্ধে তিনি মূল সাক্ষী হবেন বলে ধারণা করা হচ্ছে। কোহেন আর্থিক অভিযোগ ও কংগ্রেসের সামনে মিথ্যা বলা এবং আরো কিছু অভিযোগের বিষয়ে নিজের দোষ স্বীকার করেছেন। তিনি মোট সাড়ে ১৩ মাস কারাবাস করেছেন এবং দেড় বছর গৃহবন্দী ছিলেন।

স্টর্মি ড্যানিয়েলসে প্রদত্ত নাম স্টেফানি ক্লিফোর্ড; তিনি এবং ম্যাকডোগালকে সাক্ষ্য দিতে ডাকা হতে পারে। সূত্র : ভয়েস অব আমেরিকা

## এখন দূরে থাকাই ভালো..

৬২ পৃষ্ঠার পর

নিয়ে কথা বলেছেন ঢাকার দৈনিক কালবেলার সঙ্গে। সাক্ষাৎকার-মহিউদ্দীন মাহি

প্রশ্ন: কতদিন পর দেশে এলেন?

ববিতা: বেশ কিছুদিন হয়েছে দেশে এসেছি। আবার কোরবানির পর ছেলের কাছে চলে যাব। এখন আর স্থায়ীভাবে দেশে থাকা হবে না। ছয় মাস দেশে, ছয় মাস দেশের বাইরে থাকা হবে। আর আমি থাকলে ছেলেরও ভালো লাগে, তাই ওর কাছেই থাকা হয় বেশি।

প্রশ্ন: দেশে এসে কীভাবে সময় কাটাচ্ছেন?

ববিতা: পরিবারের সঙ্গেই এখন সময় কাটছে। দেশের বাইরে থেকে আমার ভাইয়েরা আসছে। তাদের ছেলেমেয়ে, বোনের ছেলেমেয়ে সবাইকে নিয়ে সুন্দর সময় কাটছে। এ ছাড়া অনেক বছর পর দাদাবাড়িতে গিয়েছিলাম। সেখানে আমরা একটি মসজিদ নির্মাণের পরিকল্পনা করেছি ভাইবোনেরা মিলে। এ ছাড়া বাপ-দাদার মাটিতে পা দিলে যে শান্তি, সেই শান্তি পৃথিবীর কোথাও নেই। কারণ এখনো বাড়িতে গেলে আশপাশের লোকজন আত্মীয়স্বজনের কাছে যেভাবে ভালোবাসা পাই। তাতেই হৃদয় জুড়ে যায়। এখন দেশে এভাবেই সময় কাটছে।

প্রশ্ন: অনেক দিন তো দেশের সিনেমার সঙ্গে আপনি নেই। দেশের ইন্ডাস্ট্রির খবর রাখা হয়?

ববিতা: খবর রাখা হয় না। নতুন কোনো সিনেমাও সেভাবে দেখা হয় না। তবে মাঝেমধ্যে দুয়েকটি কাজ দেখেছি। তা দেখে মনে হয়েছে গল্প ও নির্মাণে কিছুটা উন্নতি হলেও অশ্লীলতা কিছুটা বেড়ে গেছে। কারণ সুড়সুড়ি টাইপের অভিনয় দেখে তো আমি অভ্যস্ত নই। তাই আর সেভাবে দেখা হয় না।

প্রশ্ন:বর্তমানে যারা কাজ করছে তাদের কারও মধ্যে নিজের ছায়া দেখতে পান?

ববিতা: আসলে বর্তমানে কারা নিয়মিত অভিনয় করছে তাদের সম্পর্কে আমার খুব একটি ধারণা নেই। তবে অনেকের কাজই আমি দেখেছি। তাদের মধ্যে অনেকেই সুপার ট্যালেন্টেড। হয়তো ভালো গল্প ও নির্মাতার সঙ্গে কাজের সুযোগ না হওয়ায় নিজেদের সেভাবে মেলে ধরতে পারেনি। এর কারণ হচ্ছে, আমাদের সময় জহির রায়হান, সত্যজিৎ রায়, আমজাদ হোসেন, বাবুল চৌধুরীদের মতো নির্মাতারা সিনেমা বানাতেন। তাই সে সময় রওশন জামিল, ববিতা ও কবরীদের মতো অভিনেত্রীর জন্ম হয়েছিল। আমাদের জন্ম এমনি এমনি হয়নি। এখন কারও মধ্যে আমার এবং আমাদের ছায়া না দেখলেও অনেকেই ভালো কাজ করছে, যা দেখে ভালো লাগে।

প্রশ্ন: আপনি অনেক দিন সিনেমায় নেই। মাঝে সিনেমা ছেড়ে দেওয়ারও ঘোষণা দিয়েছিলেন। আবার অভিনয়ের প্রতি আপনি আগ্রহ দেখিয়েছেন। কী ধরনের গল্পতে কাজ করতে চান?

ববিতা: একটি কথা আছে। আর্টিস্ট নেভার সে গুডবাই। তাই আমি অবশ্যই সিনেমা অভিনয় করব। এটাই আমার পেশা। আমি কখনো অভিনয়কে বিদায় বলতে পারি না। তবে এখন যেসব চরিত্রের জন্য আমাকে ডাকা হয়, এগুলো করতে আমি অভ্যস্ত নই। মাঝে শাকিব খানের কী একটি সিনেমার জন্য আমার সঙ্গে যোগাযোগ করা হয়। সিনেমার শুটিং আমেরিকা, কানাডায় নাকি হওয়ার কথা ছিল। আমি না বলে দিয়েছি। শুধু মায়ের চরিত্রে অভিনয় করতে আমি চাই না। কেউ যদি আমাকে কেন্দ্র করে গল্প তৈরি করে তাহলে অবশ্যই অভিনয় করব। কারণ পাশের দেশগুলোতে দেখেন, অমিতাভ বচ্চন এ বয়সেও কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছে। শ্রীদেবী মৃত্যুর আগেও প্রধান চরিত্রে অভিনয় করেছে। কিন্তু আমাদের দেশে এ চর্চাটা নেই। সবাই মনে করে বয়স হয়ে গেলেই নায়কের বাবা-মার চরিত্র ছাড়া আমাদের আর কোনো চরিত্র নেই। তাই আমি সিনেমায় নেই। ভালো এবং মনের মতো গল্প হলে অবশ্যই সিনেমায় আমাকে দেখবে দর্শক।

প্রশ্ন: নতুনদের জন্য আপনার কোনো পরামর্শ?

ববিতা: আমার পরামর্শ আসলে না। কারণ আমি পরামর্শ দিতে পছন্দ করি না। তারপরও তাদের উদ্দেশে একটি কথাই বলতে চাই। কাজটি মন দিয়ে ভালোবেসে করতে হবে। অভিনয় এত সহজ নয়, যে ক্যামেরার সামনে দাঁড়ালাম আর হয়ে গেল। এর জন্য নিজেকে সময় দিতে হবে। অভিনয় বুঝতে হবে। এখন কোনো নির্মাতা আর সেভাবে অভিনয় হাতে-কলমে শিখিয়ে দেওয়ার সময় পায় না। আমাদের সময়ে নির্মাতারা হাতে-কলমে দেখিয়ে দিত। বুঝিয়ে দিত কীভাবে সংলাপ দিতে হবে। তাই আমরা অভিনয়ের শিক্ষাটি একদম কাছ থেকে পেয়েছিলাম। সেই শিক্ষা পাওয়ার সময় এখন একদম নেই বললেই চলে। তাই যারা এখন কাজ করছে তাদের নিজে থেকেই শিখতে হবে। তা না হলে আজ আছে তো কাল আর থাকবে না।

প্রশ্ন: ব্যস্ততার মাঝেও কালবেলাকে সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

ববিতা: আপনাদেরও ধন্যবাদ। কালবেলার সব পাঠককে আমার পক্ষ থেকে ভালোবাসা। অল্প সময়ে পত্রিকাটি যে পাঠকপ্রিয়তা পেয়েছে, তা ধরে রাখতে সামনে সাহস, সততা ও নিষ্ঠার সঙ্গে সংবাদ প্রকাশ করবে বলে আমি আশাবাদী।

## আদালতে ছিলেন ট্রাম্প, বাইরে

৬২ পৃষ্ঠার পর

জ্বালানি ঢালেন। এর পর সেখানে উপস্থিত সাংবাদিকদের সামনে শরীরে আগুন জ্বালিয়ে দেন। তবে তিনি কেন এমন কাজ করেছেন, তা জানা যায়নি। প্রাথমিকভাবে জানা গেছে, ওই ব্যক্তির নাম ম্যাক্সওয়েল আজারেলো।

পরিবার নিয়ে ম্যাক্সওয়েল থাকেন ফ্লোরিডায়। সেখান থেকেই নিউইয়র্কে এসেছিলেন। পুলিশের কাছে তাঁর অপরাধে যুক্ত থাকার কোনো রেকর্ড নেই। এমনকি তিনি যে নিউইয়র্কে এসেছেন, এটাও তাঁর পরিবারের সদস্যরা জানতেন না। জানা গেছে, এ ঘটনার সময় ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারি মামলার বিচারকাজ পরিচালনায় ম্যানহাটনের ওই আদালতে ১২ সদস্যের পূর্ণ জুরি গঠনের কাজ চলছিল। ঘটনার পরপর ট্রাম্প আদালত ত্যাগ করেন।

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা গেছে, ওই ব্যক্তি পার্ক থেকে হেটে এসে একটি ক্যান বের করে শরীরে দাহ্য পদার্থ ঢেলে আগুন জ্বালিয়ে দেন। তার আগে হাতে থাকা কিছু কাগজ ছুড়ে ফেলেন তিনি। এ সময় একেবারে শান্ত ছিলেন ৩৭ বছরের ওই যুবক। এমন ঘটনায় হতভম্ব হয়ে পড়েন আশপাশের সবাই।

এছাড়া ম্যাক্সওয়েলের ছুড়ে ফেলা কাগজ পর্যবেক্ষণ করে কারণ জানানো হবে বলেও জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। এদিকে, আদালতে ট্রাম্পের বিচার শুরুর প্রথম দিনে বিক্ষোভকারীসহ উৎসুক জনতা ভিড় করেছিল। আগুন দেয়ার এ ঘটনা ট্রাম্পের বিচার কাজের সঙ্গে কোনো সম্পৃক্ততা রয়েছে কিনা তা এখনো জানা যায়নি। ওই ঘটনা ঘটার পর শুনানি স্থগিত করা হয়, ট্রাম্পও আদালত ত্যাগ করেন।

তবে আজারেল্লোর এই ঘটনায় আদালতের নিরাপত্তা ব্যবস্থায় কোনো ঝামেলা সৃষ্টি হয়নি। কয়েক ঘন্টা স্থগিত থাকার পর বিকেলের দিকে ফের মামলার শুনানি কার্যক্রম শুরু করেন আদালত।

সম্পর্ক গোপন রাখতে পর্নো তারকাকে দেওয়া ঘুষের মামলায় সাবেক এই প্রেসিডেন্ট দোষী নাকি নির্দোষ—আগামী সপ্তাহগুলোতে এই জুরি তা ঠিক করবে। ট্রাম্পই হচ্ছেন প্রথম কোনো সাবেক মার্কিন প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি মামলায় বিচারের মুখোমুখি হচ্ছেন।

## অনলাইনে বিজ্ঞাপন দেখে

৬২ পৃষ্ঠার পর

বিনিয়োগ করে হারিয়েছেন সাড়ে ৪৫ লাখ টাকা।

ইকোনমিক্স টাইমসের রিপোর্ট অনুযায়ী, নাম প্রকাশে অনিচ্ছুক ওই ব্যক্তির করা অভিযোগ থেকে জানা যায় যে, সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অভিযুক্তরা ভুক্তভোগীর সঙ্গে যোগাযোগ করে। পাশাপাশি, বিভিন্নভাবে তার বিশ্বাস অর্জন করার চেষ্টা করে। এরপর ভুক্তভোগী প্রতারকদের বিশ্বাস করে শেয়ার মার্কেটে বিনিয়োগে রাজি হয়। তারপর ওই ব্যক্তি গত দুই মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত সাড়ে ৪৫ লাখ টাকা বিনিয়োগ করেন এবং স্বাভাবিকভাবেই কোনো রিটার্ন পান না।

রিটার্ন না পাওয়ায় তিনি বুঝতে পারেন যে, তার সঙ্গে প্রতারণা করা হয়েছে। এটি বুঝতে পেরে ওই ব্যক্তি ভারতীয় তথ্যপ্রযুক্তি আইনে পাঁচ অভিযুক্তের বিরুদ্ধে একটি এফআইএ দায়ের করেন। এরপর পুলিশ অপরাধীদের শনাক্ত করতে তদন্ত শুরু করে। যদিও, এই ঘটনাটি কোনো নতুন ঘটনা নয়, কারণ কয়েক মাসের মধ্যে এই ধরনের বেশ কয়েকটি ঘটনা সামনে আসে। যেখানে সাইবার অপরাধীদের প্রচারণামূলক স্কিমে বিনিয়োগ করার জন্য সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ব্যবহার করতে দেখা গেছে। তবে এই ধরনের সমস্যার সম্মুখীন হলে আপনি যা করবেন সেগুলো হলো: ১. সর্বদা অযাচিত বিনিয়োগের অফার থেকে সতর্ক থাকুন। অযাচিত কল, সোশ্যাল মিডিয়া পোস্ট বা মেসেজের ওপর ভিত্তি করে কখনো কোথাও বিনিয়োগ করবেন না।

২. যেকোনো বিনিয়োগের সময় বিনিয়োগের প্ল্যাটফর্ম বা স্কিম সম্পর্কে ভালোভাবে খোঁজ নিন এবং নিয়ন্ত্রক সংস্থাগুলির বৈধতা যাচাই করুন।

৩. হাই রিটার্নের প্রতিশ্রুতি পেলে সবসময় সতর্ক হয়ে যান। কারণ এই অফারগুলো শুনতে ভালো লাগলেও, যেকোনো বৈধ বিনিয়োগ সাধারণত মাঝারি এবং বাস্তব সম্মত রিটার্ন প্রদান করে। ৪. কখনো কোনো অচেনা ব্যক্তি সঙ্গে নিজের ব্যাংকের তথ্য, পাসওয়ার্ড বা অন্যান্য সংবেদনশীল আর্থিক তথ্য শেয়ার করবেন না।

## টাইমের ১০০ প্রভাবশালী

৬২ পৃষ্ঠার পর

সাধারণত পুরস্কারজয়ী স্থপতিদের সঙ্গে তাদের নিঃস্বার্থ কাজের বিষয়টি তেমন উল্লেখ করা হয় না। কিন্তু মেরিনা তাবাসসুম সাধারণ নন। তিনি স্থাপত্যচর্চায় এমন একটি রীতি তৈরি করেছেন, যেখানে স্থানীয় সংস্কৃতি ও মূল্যবোধের পাশাপাশি আমাদের এই পৃথিবী যে বিপদের মধ্য দিয়ে যাচ্ছে তা অগ্রাধিকার পেয়েছে।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, জলবায়ু পরিবর্তনের বড় ঝুঁকিতে থাকা বাংলাদেশে মেরিনা তাবাসসুম ভিন্ন ধরনের একটি বাড়ি তৈরি করেছেন। এর নির্মাণ ব্যয় যেমন কম, তেমনি এই বাড়ি সহজে স্থানান্তরও করা যায়।

তবে এবারই প্রথম নয়, স্থপতি মেরিনা তাবাসসুম এর আগে ২০২১ সালে মানবিক ঘর তৈরির জন্য যুক্তরাজ্যের মর্যাদাপূর্ণ সন পদক পান। ২০২০ সালে ব্রিটিশ সাময়িকী প্রসপেক্ট-এর ৫০ জন চিন্তাবিদের মধ্যে শীর্ষ ১০য়ের তৃতীয় স্থানে জায়গা করে নেন তিনি।

তাবাসসুমকে নিঃস্বার্থ স্থপতি উল্লেখ করে টাইম ম্যাগাজিনে লেখা হয়েছে, তাবাসসুমের নকশা করা ভবনগুলোর মাঝেও তার নিঃস্বার্থ কাজের পরিচয় প্রকাশ পেয়েছে। তিনি তার নিজের সৃষ্টির প্রতি বেশ যত্নশীল বলা যায়।










# নিউইয়র্ক সিটির ব্রুকলিনে যাত্রা শুরু হয়েছে আশা হোম কেয়ার ও আশা সোশ্যাল এডাল্ট ডে কেয়ারের নতুন শাখার

পরিচয় ডেস্ক: নিউইয়র্কের জনপ্রিয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আশা হোম কেয়ারের ব্রুকলিন শাখার উদ্বোধন হয়েছে। ৫০১ ম্যাকডোনাল্ড এভিউনিউতে নতুন ব্রাঞ্চের যাত্রা শুরু হয়। কুইন্সের জ্যাকসন হাইটস, জ্যামাইকা ছাড়াও লংআইল্যান্ড ও বাফেলোতে আশা হোম কেয়ার ও আশা সোশ্যাল এডাল্ট ডে কেয়ারের শাখা রয়েছে।

এবার সেবার মানসিকতায় যাত্রা শুরু হলো ব্রুকলিন শাখার। ফিতা কেটে নতুন ব্রাঞ্চের উদ্বোধন করেন আশা হোম কেয়ারের সিইও আকাশ রহমান। এই সময় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহসভাপতি শামসুদ্দিন আজাদ, সংগঠক আনোয়ার হোসেন, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক আশারাফুজ্জামান, কমিউনিটি এক্টিভিস্ট ফরহমান হোসেন, আশা হোম কেয়ারের ম্যানেজার বোরহানুস সুলতান, ব্রুকলিন শাখার ডিরেক্টও শাহজাদা আক্তারসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

এর আগে ব্রুকলিনে আশা হোম কেয়ারের নতুন কার্যালয়ে পৌছুলে আকাশ রহমানকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। এই সময় স্থানীয় কমিউনিটির মানুষের ভালোবাসায় সিক্ত হন তিনি।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন স্থানীয় বায়তুল জান্নাত মসজিদের ইমাম মাওলানা আশরাফ। এই সময় তিনি প্রতিষ্ঠানের উত্তোরত্তর সাফল্য কামনায় দোয়া ও মোনাজাত করেন।

পরে প্রধান অতিথির বক্তেব্য আকাশ রহমান জানান, সেবার মানসিকতায় যাত্রা শুরু হয়েছে আশা হোম কেয়ারের। সেই ভালোবাসা নিয়েই আজকে হাজার হাজার মানুষের ভালোবাসায় এগিয়ে চলছে এই প্রতিষ্ঠান। আরো অনেক দূর যাওয়ার স্বপ্ন দেখছেন বলেও জানান তিনি।

রাশেদ উদ্দিনের পরিচালনা অন্য অতিথিরা আশা হোম কেয়ারের কার্যক্রমের প্রশংসা করেন। ভবিষ্যতে আগের মতই আশা হোম কেয়ার সেবা দিবে বলে প্রত্যাশার কথা জানান অতিথিরা।

প্রবীনদের সেবার মানসিকতায় কাজ করলে ব্রুকলিনেও আশা হোম কেয়ার কমিউনিটির মানুষের ভালোবাসা পাবে বলে মনে করছেন কেউ কেউ।

হোম কেয়ারের প্রধান লক্ষ্য মানুষকে সেবা দেয়া। আশা হোম কেয়ারের নিজেদের সেই পবিত্র দায়িত্ব ঠিক ভাবে পালন করবে বলেও প্রত্যাশা প্রত্যোক অতিথির।

ব্রুকলিনে আশা হোম কেয়ার কিংবা আশা সোশ্যাল এডাল্ট ডে কেয়ারের সেবা নিতে চাইলে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে পারেন বলেও জানান কর্তৃপক্ষ।

প্রেস বিজ্ঞপ্তি অনুসারে














# নিউইয়র্কে ইস্টার উপলক্ষ্যে এবিডব্লিই মিশন, গ্লোবাল বাংলা মিশন ও কেএলবির খাবার বিতরণ

পরিচয় ডেস্ক: ইস্টার উপলক্ষ্যে নিউইয়র্কে ৩ শতাধিক বিরিয়ানী বিতরণ করা হয়। ৩০ মার্চ জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ডাইভার সিটি প্লাজায় মৃত্যুঞ্জয়ী প্রভু যীশু খ্রীস্টের পুনরুত্থান তথা ইস্টার সান্ডে উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। নিউইয়র্কস্থ এবিডব্লিই মিশন, গ্লোবাল বাংলা মিশন ও ক্যাথরিনা লাভ ফর বাংলাদেশ ইনক যৌথ ভাবে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত সকলের মাঝে খাবার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি ছিল সবার জন্য উন্মুক্ত।

রেভা. ড. প্রদীপ দাস এর প্রারম্ভীক প্রার্থনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠান সূচীতে ছিল ইষ্টারের গান, বাইবেল পাঠ, শুভেচ্ছ বক্তব্য এবং খাবার বিতরণ। ইস্টার সান্ডের গুরুত্ব তুলে ধরে বাইবেল পাঠ ও বক্তব্য রাখেন রেভা. যোসেফ ডি' বিশ্বাস, শুভেচ্ছা বক্তব্য রাখেন। আরো বক্তব্য রাখেন কেএলবির প্রতিষ্ঠা চেয়ারম্যান ক্যালভিন মন্ডল। অনুষ্ঠানে নিউইয়র্কস্থ বিবিন্ন চার্চের পাস্টর, সদস্য, খ্রীষ্টভক্তসহ অনেকেই উপস্থিত ছিলেন।

ইভ্যানঞ্জিলিক্যাল বেঙ্গলী চার্চের পাস্টর ও গ্লোবাল বাংলা মিশন প্রধান রেভা. যোসেফ ডি' বিশ্বাস তাঁর বক্তব্যে মানব জাতিকে পাপময় জীবন থেকে মুক্তি দিতে প্রভু যীশুর ক্রুশীয় মৃত্যু ও পুনরুত্থানের গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন। তিনি যীশু খ্রীষ্টের শেখানো আদর্শময় জীবন গঠনের উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন।




ক্যাথরিলা লাভ ফর বাংলাদেশ ইনক-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও কমিউনিটির অতি প্রিয় মুখ ক্যালভিন মন্ডল তার শুভেচ্ছা বক্তব্যে বলেন, অবলেহিল, অহসায় মানুষের জন্য সহযোগিতার হাত বাড়ানোর মধ্য দিয়ে আমরা যীশুর ভালোবাসা তথা ঐশ্ব অনুগ্রহ লাভ করতে পারি। অন্নহীনকে অন্ন, বস্ত্রহীনকে বস্ত্র, রোগীর শুশ্রুষা, দান করা, অন্যের সাথে সহভাগিতা করা,প্রতিতবেশীকে নিজের মত ভালোবাসা এসব আমাদের খ্রীষ্টিয় দায়িত্ব ও ঐশ্ব কৃপা লাভের মাধ্যম। তিনি বলেন সেবার মাধ্যমেই খ্রীষ্ট সেবা করা হয় এটা আমাদের সব সময় মনে রাখা দরকার। তিনি আরো বলেন, এই অনুষ্ঠানটি করতে যারা সহযোগিতা করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাতে চাই উপস্থি সকল প্রিন্ট ও ইলেট্রোনিক মিডিয়াকে যারা আমাদের এই ক্ষুদ্র প্রয়াসগুলোকে সব সময়ই গুরুত্ব দিয়ে প্রচার করে থাকেন। যা আমাদের কাজ করার অনুপ্রেরণাকে আরো বাড়িয়ে দেয় এবং সেই সাথে অন্যকেও ভালো কিছু করার অনুপ্রেরণা যোগাতে সাহায্য করে। অনুষ্ঠানের আয়োযোক কমিটির পক্ষ থেকে তিনি উপস্থিত সকলকে ইস্টার সান্ডে'র শুভেচ্ছা জানান। সেই সাথে এই কার্যক্রম সফল করতে কমিউনিটির যারা ক্ষুদ্র ক্ষুদ্র অনুদান দিয়ে সহায়তা করেছেন তিনি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ও ধন্যবাদ জানান। পরে উপস্থিত সকলের মধ্যে খাবার বিতরণ করা হয় এবং সমাপনি প্রার্থনার দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়। প্রেস বিজ্ঞপ্তি অনুসারে




# জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীনের মাতৃবিয়োগ

পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী 'ব্ল্যাক ডায়মন্ড' খ্যাত বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী এবং কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বেবী নাজনীন-এর মমতাময়ী মাতা আবিদা মনসুর (৭৫) ইন্তেকাল করেছেন। বাংলাদেশ সময় বুধবার (১৭ এপ্রিল) সকালে চিকিৎসাধীন অবস্থায় তিনি বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। দীর্ঘদিন ধরে তিনি কিডনি জটিলতাসহ নানা সমস্যায় ভুগছিলেন। মৃত্যুকালে তিনি তিন মেয়ে, এক ছেলে, নাতী-নাতনীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার (১৮ এপ্রিল) বাদ জোহর জানাজা শেষে বনানী কবরস্থানে তাঁর মরদেহ দাফন করা হয়েছে বলে ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে।

এসময় বেবী নাজনীন একটি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিমানে নিউ ইয়র্ক থেকে টোকিওর পথে ছিলেন।

এদিকে কণ্ঠশিল্পী বেবী নাজনীন গত ১৬ এপ্রিল মঙ্গলবার যুক্তরাষ্ট্র থেকে পেশাগত কারণে জাপান রওনা হয়েছেন। সেখান থেকে তাঁর মায়ের মৃত্যুর খবর পেয়েছেন। দ্রুতই তার ঢাকা ফেরার কথা রয়েছে। তিনি তার মায়ের জন্য সবার কাছে দোয়া চেয়েছেন বলে শিল্পীর ঘনিষ্টজনরা জানিয়েছেন।

শোক প্রকাশ: জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবি নাজনীন-এর মাতা আবিদা মনসুরের ইন্তেকালে কেন্দ্রীয় বিএনপি ও যুক্তরাষ্ট্র বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, জাসাস নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন। শোক প্রকাশকারী উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন কেন্দ্রীয় বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে জিল্লুর রহমান জিল্লু, গিয়াস আহমেদ ও মিজানুর রহমান ভূইয়া মিলন্টন, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূইয়া, কেন্দ্রীয় জাসাস-এর আহ্বায়ক চিত্র নায়ক হেলাল খান, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমদ, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, কোকো স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র-র সভাপতি শাহাদাত হোসেন রাজু, শোটাইম মিউজিক এর কর্ণধার আলমগীর খান আলম প্রমুখ।

খবর ইউএনএ'র।




# বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশন গঠিত, জামাল আহমদ জনি পুনরায় প্রধান নির্বাচন কমিশনার

পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচন উপলক্ষে ৭ সদস্যের নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। সোসাইটির কার্যকরী পরিষদের নিয়মিত মাসিক সভা গত ১৪ এপ্রিল রোববার সোসাইটির নিজস্ব কার্যালয় অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে সোসাইটির সাবেক ট্রাস্টী বোর্ড সদস্য ও প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমদ জনিকে পুনরায় প্রধান নির্বাচন কমিশনার হিসেবে মনোনীত করা হয়। একই সাথে সাবেক নির্বাচন কমিশনার আব্দুল হাকিম মিয়া, মোঃ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল এবং আহবাব চৌধুরী খোকনকে কমিশনের সদস্য হিসেবে মনোনীত করা হয়।

সভাপতি মোঃ আব্দুর রব মিয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন সিদ্দিকীর পরিচালনায় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি- ফারুক চৌধুরী, সহ-সাধারণ সম্পাদক- আমিনুল ইসলাম চৌধুরী, কোষাধ্যক্ষ- মোঃ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক- আবুল কালাম ভূঁইয়া, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- মাইনুল উদ্দিন মাহবুব, স্কুল ও শিক্ষা সম্পাদক- প্রদীপ ভট্টাচার্য, কার্যকরী সদস্য- ফারহানা চৌধুরী, আবুল বাশার ভূঁইয়া, মোঃ সাদী মিন্টু ও শাহ মিজানুর রহমান।

উল্লেখ্য বাংলাদেশ সোসাইটির দ্বিবার্ষিক নির্বাচন গঠনতন্ত্র অনুযায়ী আগামী অক্টোবর মাসে অনুষ্ঠিত হবে। সোসাইটির আগামী নির্বাচনে অংশ নিতে বা ভোটাধিকার প্রয়োগ করতে হলে আগামী ৩০ জুনের মধ্যে সদস্য নিবন্ধন সম্পূর্ণ করতে হবে। প্রেস বিজ্ঞপ্তি অনুসারে




### নানা আয়োজনে তুলে ধরা হবে দেশ আর দেশের শিল্প সংস্কৃতি

# নিউইয়র্কে বাংলাদেশ ডে প্যারেড ২৬ মে

পরিচয় ডেস্ক: : নানা আয়োজনে পরিপূর্নভাবে বাংলাদেশ আর দেশের শিল্প-সংস্কৃতি বিশ্ববাসীর কাছে তুলে ধরার লক্ষ্যেই নিউইয়র্কে বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। আগামী ২৬ মে রোববার জ্যাকসন হাইটসের ৬৯-৮৭ স্ট্রীট এবং ৩৭ এভিনিই এলাকায় এই প্যারেড অনুষ্ঠিত হবে। প্যারেডের আয়োজক হচ্ছে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভলপমেন্ট ইউএসএ ইনক। প্যারেড অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটি সহ কমিউনিটির অন্যান্য সংগঠন সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়েছে। চলছে প্যারেড আয়োজনের প্রস্তুতি। এই আয়োজন সফল করতে কমিউনিটির সকলেল সার্বিক সহযোগিতা কামনা করা হয়য়েছে। এক সংবাদ সম্মেলন ও মতবিনিময় সভায় এসব তথ্য জানানো হয়।

জ্যাকসন হাইটসের একটি মিলনায়তনে গত ১৫ এপ্রিল সোমবার সন্ধ্যায় আয়োজিত এক সংবাদ সম্মেলন ও মতবিনিময় সভায় বাংলাদেশ প্যারেড আয়োজক সংগঠন ও কমিটর কর্মর্তারা উপরোক্ত তথ্য জানান। সংবাদ সম্মেলনে আয়োজক সংগঠনের সভাপতি শাহ শহীদুল হক ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান এবং প্যারেড আয়োজক কমিটির আহ্বায়ক লায়ন শাহ নেওয়াজ ও সদস্য সচিব তরিকুল সোসাইন বাদল সহ আখতার হোসেন, সৈয়দ ফারুক, জাহাঙ্গীর আলম জয় এবং সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী সহ বক্তব্য রাখেন। সংবাদ সম্মেলনে জানানো হয় যে, বাংলাদেশ ডে প্যারেড অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে থাকবে বর্ণাঢ্য র‌্যালী, শত শিল্পীর কন্ঠে গান, লাইফ ব্যান্ড সঙ্গীত, নৃত্য, দেশের মৃৎশিল্প, তাঁতশিল্প, গার্মেন্টস, জাতীয় ফুল-ফল ও দেশীয় ঐতিহ্যের স্মারক প্রদর্শন। সকাল ১১টা থেকে বেলা ৩টা পর্যন্ত ডে প্যারেডের কর্মকান্ড চলবে।

সংবাদ সম্মেলনের শুরুতে লিখিত বক্তব্যে বিস্তারিত তুলে ধরেন বাংলাদেশ প্যারেড আয়োজক কমিটির আহ্বায়ক লায়ন শাহ নেওয়াজ। তিনি ভারতীয় উপমহাদেশের বিভিন্ন রাজার আমল ও পলাশীর প্রান্তরে বাংলার স্বাধীনতা হারানো সহ স্বাধীন বাংলাদেশের অতীত ইতিহাস-ঐতিহ্য সংক্ষেপে তুলে ধরে বলেন, বাংলাদেশ আজ সফল একটি দেশ। বলেন, আমরা সকল সীমা অতিক্রম করে স্যাটেলাইট, সাবমেরিন, পদ্মা সেতু, মেট্রোরেল, টানেল, নোবেল পুরষ্কার, বড় সমুদ্র সৈকত প্রভৃতি অর্জন করেছি। তিনি বলেন, বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের মধ্য দিয়ে আমরা আমাদের বাংলাদেশকে সবাইকে জানিয়ে দিতে চাই।

লায়ন শাহ নেওয়াজ বলেন, প্রায় দুই বছর আগে বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের কর্মসূচী নিয়ে আলোচনা শুরু হয়। গত ১৩ জানুয়ারী স্থানীয় পুলিশ প্রিসেক্ট-এর কর্মকর্তা ও কমিউনিটি নেতৃবৃন্দের নিয়ে প্যারেড আয়োজন বিষয়ে মতবিনিময় হয়। পরবর্তীতে গত এপ্রিল মাসে জেবিবিএ'র দুই গ্রুপের নেতৃবৃন্দ নিয়েও এক সংবাদ সম্মেলন হয়। সবমিলিয়ে আগামী ২৬ মে রোববার বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের চুড়ান্ত সিদ্ধান্ত হয়েছে।

এক প্রশ্নের উত্তরে প্যারেড আয়োজক কমিটির র্ককর্তারা বলেন, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের পৃষ্ঠপোষকতায় এই অনুষ্ঠানের ব্যয় নির্ধারন তরা হবে। তবে এখনো ব্যয়ের পরিমান নির্ধারন করা হয়নি। অপর এক প্রশ্নের উত্তরে তারা জানান, অতিথি হিসেবে দেশের খ্যাতিমান ক্রিকেট তারকা সহ বিশিষ্ট ব্যক্তিদেরকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে। খবর ইউএনএ'র।

## স্বামীর প্রশংসা করার দিন ২০ এপ্রিল শনিবার

৬২ পৃষ্ঠার পর

তীয় শনিবার স্বামীর প্রশংসা দিবস বা "হাজব্যান্ড অ্যাপ্রেসিয়েশন ডে" হিসেবে উদযাপন করা হয়। আজ সেই দিন। স্বামীর ত্যাগকে মূল্যায়ন করার ভাবনা থেকেই মূলত এই দিবসের উৎপত্তি। যদিও দিবসটি ঠিক কবে, কোথায় পালন শুরু হয়েছিল, তা বলা কঠিন। তবে স্বামীর প্রশংসা করার জন্য এই দিনটি ভালো উপলক্ষ। প্রশংসা শুনে সাধারণত মানুষ উৎসাহিত হন। তাই প্রশংসা করা ইতিবাচক।

তাই কারো স্বামী কোনো কারণে হতাশাগ্রস্ত হয়ে পড়লে তাকে উৎসাহ দিতে "হাজব্যান্ড অ্যাপ্রেসিয়েশন ডে" ভালো সুযোগ হতে পারে।

এখন প্রশ্ন হলো কীভাবে স্বামীর প্রশংসা করার দিনটি উদযাপন করবেন। খুব সহজ একটি উপায় হলো- তাকে প্রশংসা করে কিছু লিখে উপহার দিন। তা হাতে পারে একটি নোটবুক, কিংবা শুধুই এক টুকরো রঙিন কাগজ।

এতেই স্বামী অনেক খুশি হয়ে যাবেন। আসলে মানুষকে খুশি করতে অনেক কিছুর প্রয়োজন হয় না, সামান্য প্রশংসাই যথেষ্ট। শুধু উপহার নয়, সঙ্গে স্বামীর পছন্দের কোনো খাবারও রান্না করে খাওয়াতে পারেন।

## ইস্পাহানে হামলায় যুক্তরাষ্ট্রের সমর্থন পায়নি ইসরাইল



৬২ পৃষ্ঠার পর

বলে খবর ছড়িয়ে পড়ে। কিন্তু ইরান এমন দাবিকে প্রত্যাখ্যান করেছে। তারা বলেছে, অনুপ্রবেশকারীরা কিছু ড্রোন উড়িয়েছিল। তা গুলি করে ভূপাতিত করেছে তারা। এদিন ইরানের সার্বিক পরিস্থিতি ছিল শান্ত। পারমাণবিক স্থাপনাগুলো ছিল নিরাপদ। ফলে মার্কিন ওই কর্মকর্তাদের বক্তব্যকে অনেকেই সত্য বলে মনে করছেন।

বিশ্লেষকরা মনে করেন, যুক্তরাষ্ট্রের সমর্থন না পেয়েই ইসরাইল ক্ষেপণাস্ত্র হামলা থেকে বিরত থাকতে পারে। এসব বিষয়ে একজন মার্কিন কর্মকর্তার বরাত দিয়ে সিএনএন লিখেছে, আমরা কোনো প্রতিক্রিয়াকে সমর্থন করিনি। তবে হোয়াইট হাউস এবং পেন্টাগন এ বিষয়ে কোনো মন্তব্য করেনি। তবে ইরান বলছে, এই ঘটনার সঙ্গে মাত্র কয়েকটি ড্রোন জড়িত ছিল। ইরানে ক্ষেপণাস্ত্র হামলার বিষয়টি প্রত্যাখ্যান করে দেশটির একজন কর্মকর্তা বলেন, এ নিয়ে মার্কিন গণমাধ্যমে যে খবর প্রচারিত হয়েছে তা সত্য নয়।




### নিউইয়র্কে ঢাকাবাসীদের সভায় খালেদা জিয়ার রোগমুক্তি কামনা

# বিএনপিতে মুক্তিযোদ্ধাদের সংখ্যা কমছে আর আ. লীগে বৃদ্ধি পাচ্ছে : যুবদল নেতা পল

পরিচয় ডেস্ক: : সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়ারপার্সন বেগম খালেদার জিয়ার রোগমুক্তি কামনায় বিশেষ দোয়া-মুনাজাত করেছে বৃহত্তর ঢাকাবাসী, নিউইয়র্ক। সেই সাথে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় সহ সভাপতি রেজাউল কবীর পলের যুক্তরাষ্ট্রে আগমন উপলক্ষে মতবিনিময় সভা করেছে। সভায় যুবদল নেতা পল বলেন, দিন দিন বিএনপিতে মুক্তিযোদ্ধাদের সংখ্যা কমে যাচ্ছে আর আওয়ামী লীগে মুক্তিযোদ্ধার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। অথচ বাংলাদেশের স্বাধীনতার বয়স পঞ্চাশ বছর পেরিয়েছে মাত্র, অপরদিকে নতুন মুক্তিযোদ্ধাদের বয়সও পঞ্চাশ বছর।







সিটির জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে বুধবার (১৭ এপ্রিল) সন্ধ্যায় আয়োজিত দোয়া মাহফিল ও সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ। যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম সম্পাদক গিয়াসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে কেন্দ্রীয় জাসাস-এর আহ্বায়ক চিত্রনায়ক হেলাল খান, বীর মুক্তিযোদ্ধা কাজী আজহারুল হক মিলন ও মোহাম্মদ সেলিম, কেন্দ্রীয় বিএনপি'র সদস্য রিটা রহমান, বিএনপি নেতা এম এ বাসেত রহমান, মোশাররফ হোসেন সবুজ, কাজী সাখাওয়াত হোসেন আজম, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমদ, মহিলাদল নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ দোয়া পরিচালনা করেন যুবদল নেতা আমানত হোসেন আমান এবং সভা পরিচালনা করেন আমিনুল ইসলাম কচি। সভার শুরুতে রেজাউল করীম পলকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

সভায় গিয়াস আহমেদ বলেন, স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের উত্তরসূরী হিসেবে বেগম খালেদা জিয়া আর দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলন চলছে। এই আন্দোলনে পলের মতো সাবেক ছাত্রনেতা ও যুবনেতারা সাহসী ভূমিকা রাখছে। যা গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনকে আরো শক্তিশালী করবে।

সভায় রেজাউল কবীর পল আওয়ামী লীগ সরকার বিরোধী আন্দোলনে দেশপ্রেমিক জাতীয়তাবদী শক্তির সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, দেশের পরিস্থিতি কি তা আপনারা জানেন। আওয়ামী লীগ সরকারের শত-সহস্র জেল, জুলুম-নির্যাতন, হামলা-মামলা মোকাবেলা করেই আমাদেরকে আন্দোলন-সংগ্রাম করতে হচ্ছে। সেই আন্দোলনে প্রবাসী বাংলাদেশীদের সহযোগিতা চাই।

সভাপতির বক্তব্যে গিয়াস উদ্দিন যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি দাবী করে বলেন, আমরা যারা যুক্তরাষ্ট্র বিএনপি প্রতিষ্ঠা করেছি, স্বৈরাচার এরশাদ বিরোধী আন্দোলন করেছি আজ তারা অবহেলিত। আমাদের মুল্যায়ন হচ্ছে না, নিউইয়র্কে বিএনপি'র কাউন্সিল হচ্ছে অথচ আমরা আমন্ত্রিত নই।তিনি বলেণ, যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি না থাকায় দল ক্ষতিগ্রস্ত হচ্ছে। খবর ইউএনএ'র।





## সিডিপ্যাপ নিয়ে গভর্ণরের প্রস্তাব নিয়ে ক্ষোভ-প্রতিবাদ

# আলবেনীতে হোমকেয়ার প্রতিষ্ঠানের বিক্ষোভ সমাবেশ









নিউইয়র্ক: নিউইয়র্কবাসীদের স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কনজ্যুমার ডাইরেকটেড পারসোনাল প্রোগ্রাম (সিডিপ্যাপ)-এর হোম কেয়ার সার্ভিস নিয়ে গভর্ণর ক্যাথি হোকুলের প্রস্তাব নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো ফুঁসে উঠেছেন। হোম কেয়ার ব্যবসায়ীরা তীব্র ক্ষোভ-প্রতিবাদ জানিয়েছেন গভর্ণরের প্রস্তাবের। হোমকেয়ার প্রতিষ্ঠানগুলো বিক্ষোভ সমাবেশ করেছে রাজধানী আলবেনীতে। দাবী উঠেছে গভর্ণরের প্রস্তাব বাতিলের। এজন্য চলছে জোর লবিং। সংশ্লিস্টরা বলছেন, গর্ভনর প্রস্তাব বাস্তবায়িত হলে ২ লক্ষাধিক ডিজএবলড ও বয়স্ক নিউইয়র্কবাসী সেবা প্রাপ্তির ঝুঁকিতে পড়বেন। চাকুরী হারাবেন সেবাদানকারী লক্ষাধিক কর্মচারী।

উল্লেখ্য, নিউইয়র্কের হোম কেয়ার সার্ভিস নিয়ে ব্যাপক প্রতারণা অভিযোগ উঠেছে। এই সব অভিযোগের প্রেক্ষিতে চলছে প্রশাসনিক তদন্ত। উদ্ভুত পরিস্থিতিতে গভর্ণর ক্যাথি হোকুল ও নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলী স্পীকার কর্ল হেস্টি সম্প্রতি ৮ বিলিয়ন ডলারের মেডিকেইট হোম কেয়ার কর্মসূচীর দূর্নীতি বন্ধে নতুন একটি প্রস্তাব এনেছেন। নতুন প্রস্তাবে মেডিকেইড সেবা খাতকে একটি প্রাইভেট প্রতিষ্ঠানের হাতে তুলে দেয়ার কথা বলা হয়েছে। যা পরিচালিত হচ্ছে ষ্টেট নিয়ন্ত্রনাধীন ডিপার্টেমেন্ট অব হেলথ-এর মাধ্যমে। হোম কেয়ার ব্যবসায়ীরা এই প্রস্বাবকে জনস্বার্থ বিরোধী বলে আখ্যায়ীত করে প্রস্তাবটি বাতিলের দাবী জানিয়েছেন।

জানা যায়, জর্জিয়া রাজ্যের আটলান্টা ভিত্তিক পিপিএল ইনক নামক একটি ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস কোম্পানীকে এককভাবে মেডিকেইড বিল করে সিডিপ্যাপ সেবা প্রতিষ্ঠানগুলোকে পে করার অধিকার দেয়া হচ্ছে। প্রস্তাবটি বাস্তবায়িত হলে কোম্পানীটি নিউইয়র্কেও ৭০০ হোম কেয়ার প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা পাবে। গত ১১ এপ্রিল নিউইয়র্কের বহুল প্রচারিত নিউ ইয়র্ক পোষ্ট-এ খবরটি প্রকাশিত হওয়ার পর ফুঁসে উঠে হোমকেয়ার ব্যবসায়ীরা। ইতিপূর্বে পেনসেলভেনিয়া রাজ্যে এমন ধরনের ব্যবস্থা চালুর উদ্যোগ নেয়া হয়েছিলো পিপিএল নামক একটি কোম্পানীর মাধ্যমে। কিন্তু সেই উদ্যোগ সফল হয়নি। এদিকে গভর্ণর ক্যাথি হোকুলের প্রস্তাবের প্রতিবাদে সাউথ এশিয়ান সিডিপ্যাপ অর্গানাইজেশন, নিউইয়র্ক এর ব্যানারে রাজধানী আলবেনীতে গত ১৭ এপ্রিল বুধবার সকালে গভর্ণনের অফিস ভবনে ও লবিতে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ হয়েছে। এতে গোল্ডেজ এইজ হোম কেয়ার-এর কর্নধার লায়ন শাহ নেওয়াজ, ইমিগ্র্যান্ড এলডার  হোম কেয়ার-এর কর্ণধার গিয়াস আহমেদ, আশা হোম কেয়ার ও আশা এডাল্ট কেয়ার-এর চেয়ারম্যান আকাশ রহমান ছাড়াও ডিএইচ হোম কেয়ার, মার্কস হোম কেয়ার, সারা হোম কেয়ার, দাদা হোম কেয়ার, ফ্রিডম হোম কেয়ার প্রভৃতি প্রতিষ্ঠানের ২ শতাধিক প্রতিনিধি ও কর্মকর্তা-কর্মচারীরা সমাবেশে যোগ দেন। সমাবেশকারীরা তাদেও দাবী দাওয়া সম্বলিত ব্যানার, ফেস্টুন নিয়ে প্রতিবাদ জানান, শ্লোগান তুলেন ‘সিডিপ্যাপ ইজ অ্যাসেন্সিয়াল’। তারা বলেন যে কোন মূল্যে প্রস্তাবটির বাস্তবায়ন প্রতিহত করা হবে। ইউএনএ

# শো-টাইম মিউজিকের জমজমাট আয়োজনে জ্যামাইকায় ‘পহেলা বৈশাখ’

পরিচয় ডেস্ক: গত ১৪ এপ্রিল রোববার জ্যামাইকাস্থ মেরি লুই একাডেমিতে (১৭৬-২১ ওয়েক্সফোর্ড টেরেস, জ্যামাইকা) শোটাইম মিউজিকের আয়োজনে এবং গোল্ডেন এজ হোম কেয়ার’র উপস্থাপনায় হাজারো দর্শক শ্রোতার উপস্থিতিতে অনুষ্ঠিত হয়েছে ‘বৈশাখী উৎসব ও বাংলা বর্ষবরণ ১৪৩১’। হল ও প্রাঙ্গনভর্তি দর্শক শ্রাতার উপস্থিতিতে খাবার-নাচ-গান-আড্ডায় মুখরিত মেরি লুইস একাডেমি যেন হয়ে উঠেছিল একখন্ড বাংলাদেশ।

দুপুরের সামান্য পর ‘বৈশাখী উৎসব ও বাংলা বর্ষবরণ ১৪৩১’ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশিষ্ট ব্যবসায়ী,স্মার্ট স্টাফিং সার্ভিসেস’র কর্ণধার ও দোহার উপজেলা সমিতির সভাপতি দুলাল বেহেদু ও আপনার বাজার’র প্রেসিডেন্ট অ্যান্ড সিইও আছিয়া আক্তার।

এরপর দুপুর তিনটা থেকে বিকাল সাড়ে চারটা পর্যন্ত প্রায় ১ হাজার আগত অতিথিকে পান্তা, ইলিশ, ভর্তা, দিয়ে আপ্যায়ণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ‘বৈশাখী উৎসব ও বাংলা বর্ষবরণ ১৪৩১’ এর গ্র্যান্ড স্পন্সর বিশিষ্ট রিয়েল এষ্টেট ইনভেষ্টর নুরুল আজিম, অ্যাটর্নি মঈন চৌধুরী, মিনা ফুডস্’র প্রেসিডেন্ট কোয়েল, আবদুর রশিদ বাবু, গোলাম হায়দার মুকুট প্রমুখ।

অনুষ্ঠানে ছিল রকমারি শাড়ি কাপড়ের স্টল, পিঠা স্টল ও উপভোগ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। দুপুর ২টা থেকে রাত ১০ টা পর্যন্ত চলে এই ‘বৈশাখী উৎসব ও বাংলা বর্ষবরণ ১৪৩১’।

উপভোগ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন আরটিভির তরুণ তারকা সাগনিক, রাফসান, লিয়ানা।

এরপরে অনুষ্ঠানের প্রধান অতিথি এবং টাইটেল স্পন্সর গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট অ্যান্ড সিইও শাহ নেওয়াজ শুভেচ্ছা বক্তব্য রাখেন।

শুভেচ্ছামূলক বক্তব্য রাখেন আরটিভির ব্যবস্থাপনা পরিচালক আশিক রহমান, বিশিষ্ট ব্যবসায়ী নুরুল আজিম, খলিল বিরিয়ানি হাউজের প্রেসিডেন্ট মো: খলিলুর রহমান, এঙ্কর ট্রাভেলর্স’র প্রেসিডেন্ট এ.এস.এম পিন্টু, মেয়র এরিক অ্যাডামসের দক্ষিণ এশিয়া বিয়ষক ব্যবসায়ী উপদেষ্টা কমিটির সদস্য ফাহাদ সোলায়মান, ঢাকা থেকে আগত বিশিষ্ট ব্যবসায়ী মহসিন নিরু, বিশিষ্ট আইটি বিশেষজ্ঞ আবুল আলিম প্রমুখ।

উৎসবের প্রধান আকর্ষণ ছিল বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী এবং প্রবাসের কণ্ঠশিল্পীদের পরিবেশনা। আরো ছিল মন মাতানো ফ্যাশন শো ও আকর্ষণীয় রাফেল ড্র।

এরপর সঙ্গীত পরিবেশন করেন উত্তর আমেরিকার জনপ্রিয় কণ্ঠশিল্পী প্রেমা রহমান, নিপা জামান, কামরুল ইসলাম, শামীম সিদ্দিকী, মিতু মাহামুদ ও তৃণিয়া হাসান।

সুপ্রিম কোর্টের জাস্টিস কেসেনড্রা জনসনকে দর্শকদের মাঝে পরিচয় করিয়ে দেন এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী।

অনুষ্ঠানের একপর্যায়ে উত্তর আমেরিকার জনপ্রিয় সাংস্কৃতিক সংগঠনের ছাত্রীরা নৃত্য পরিবেশন করেন। এরপর মঞ্চ কাঁপাতে আসেন বাংলাদেশ থেকে আগত জনপ্রিয় কণ্ঠশিল্পী বন্যা তালুকদার এবং ফিডব্যাকখ্যাত জনপ্রিয় শিল্পী লুমিন। তারা দু’জনেই বৈশাখী উৎসব মাতিয়ে রাখেন। এ সময় হল ভর্তি দর্শক আনন্দ উল্লাসে মেতে উঠেন।





















**পরিচয় ডেস্ক: নিউ ইয়র্কে জাতিসংঘ ভবনে নিরাপত্তা পরিষদের বৈঠকে প্যালেষ্টাইনের জাতিসংঘে পুর্ণাঙ্গ সদস্যপদ লাভে যুক্তরাষ্ট্র যখন ভেটো দেয়, তখন নিউ ইয়র্ক সিটির রাস্তায় চলাচল করছিল ফ্রী প্যালেষ্টাইন স্লোগান সম্বলিত সিটির এমটিএ পরিচালিত বাস।** *ছবি আল আমিন রাসেল এর সৌজন্যে*

# সোনালী এক্সচেঞ্জের অ্যাপস (এসইসিআই) ব্যবহার নিরাপদ

৬২ পৃষ্ঠার পর

(এসইসিআই) ব্যবহার করার আহবান জানিয়েছেন যুক্তরাষ্ট্র সফররত বাংলাদেশের সোনালী ব্যাংক ও যুক্তরাষ্ট্রে এক্সচেঞ্জের সিইও এবং এমডি মো: আফজাল করিম।

গত ১৬ এপ্রিল মঙ্গলবার সন্ধ্যায় জ্যামাইকায় খলিল পার্টি হলে সোনালী এক্সচেঞ্জের গ্রাহক সমাবেশ ও সুধীজনের সাথে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মো: আফজাল করিম আরো বলেন, সম্পূর্ণ নিরাপদ এই অ্যাপস ব্যবহারের মাধ্যমে কোন ব্যাওয়ার সময়ক্ষেপন করতে হবে না। গত বছরের নভেম্বর মাস থেকে এই অ্যাপস ব্যবহার চালু হলেও এখন পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি।







জামাইকাস্থ খলিল বিরিয়ানি পার্টি হলে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন নিউইয়র্ক বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মো: নাজমুল হুদা। সোনালী এক্সচেঞ্জ যুক্তরাষ্ট্রের সিইও ও প্রেসিডেন্ট দেবশ্রী মিত্রর সভাপতিত্বে ও সোনালী এক্সচেঞ্জের কর্পোরেট ম্যানেজার শাহাদৎ হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই প্রধান অতিথি এবং বিশেষ অতিথিকে ফুল দিয়ে বরণ করা হয়।

সমাবেশে জ্যামাইকাসহ নিউইয়র্কের বিভিন্ন এলাকার সোনালী এক্সচেঞ্জের গ্রাহক, শুভানুধ্যায়ী ও কমিউনিটি এ্যাকটিভিষ্টরা অনুষ্ঠানে উপস্থিত ছিলের। উপস্থিত নিউইয়র্কের বিভিন্ন মিডিয়ার সম্পাদক সাংবাদিকবৃন্দের বেশ কয়েকটি প্রশ্নের উত্তর দেন সোনালী এক্সচেঞ্জের সিইও মো: আফজাল করিম।

এনআইডি কার্ড দেয়া প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে নিউইয়র্কের কনসাল জেনারেল মো: নাজমুল হুদা বলেন, বাংলাদেশ সরকার বিশ্বের ৪০টি মিশন থেকে এনআইডি কার্ড দেয়ার ব্যবস্থা করতে যাচ্ছে। প্রথম ধাপের ১০টি মিশনের কাজ এখন চলছে, এ বছরের শেষ দিকে দ্বিতীয় ধাপে অর্থাৎ পরবর্তী ১০টি মিশনের তালিকায় সংযুক্ত হয়ে যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীরা যেন এখানে থেকে তাদের বাংলাদেশের এনআইডি কার্ড পেতে পারেন সে চেষ্টা অব্যাহত আছে। কন্সাল জেনারেল জনাব হুদা আরো জানান বর্তমান অফিসের কাছাকাছি স্থানে নিউইয়র্কের কন্স্যুলেট অফিস বৃহৎ পরিসরে স্থানান্তরিত করা হচ্ছে। এতে সেবা গ্রহিতাদের অনেক সমস্যাও কমে যাবে বলে আশা করছি। নতুন স্থানের পাশেই ম্যানহাটান থেকে স্থানান্তরিত হয়ে সোনালী এক্সচেঞ্জের কর্পোরেট অফিসও চালু হবে।

গ্রাহক সমাবেশের প্রধান অতিথি মোঃ আফজাল করিম বিভিন্ন সম্পাদক সাংবাদিকদের প্রশ্ন এবং গ্রাহকদের প্রশ্নের উত্তর প্রদানের সময় বিভিন্ন বিষয় তুলে ধরেন।

তিনি বলেন, সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে প্রবাস থেকে টাকা পাঠাতে কোন ফি নেয়া হয় না, আমরা চেষ্টা করি সকল ব্যাংকে একই রেট দেয়ার। আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেট সমান। ২.৫% সরকারি প্রণোদনার সাথে সোনালী ব্যাংক থেকেও আরো ৩.৫% দেয়ার কথা তিনি উল্লেখ করেন। এ সময় তিনি আরো বলেন, অন্য কোন মানি এক্সচেঞ্জের থেকে হয়তো বা আমাদের রেটটা প্রবাসীরা কিছুটা কম পাবেন, কিন্তু মনে রাখতে হবে, এই অর্থ বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে পাঠালে সরাসরি দেশের অর্থনীতি উপকৃত হবে। তিনি হুন্ডির মাধ্যমে অর্থ না পাঠানোর কথা জোরালোভাবে উল্লেখ করেন।

অনুষ্ঠানে সোনালী এক্সচেঞ্জের অ্যাপস (এসইসিআই) ব্যবহার করার প্রক্রিয়া সংক্রান্ত বিভিন্ন দিক তুলে ধরে ভিডিও টিউটোরিয়াল প্রদর্শন করা হয়। কর্তকর্তারা জানান, এই অ্যাপ মোবাইল অথবা কম্প্যুটারে ডাউনলোড করতে সোনালী এক্সচেঞ্জের কর্মকর্তারা সহায়তা দিয়ে থাকেন। বর্তমানে নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান, ফ্লোরিডাসহ ৬টি স্টেট থেকে এই অ্যাপসটি গ্রাহকরা ব্যবহার করতে পারছেন। জনাব আফজাল করিম আরো জানান অচিরেই বিভিন্ন স্থানে সোনালী এক্সচেঞ্জের ‘এজেন্ট’ নিয়োগ দেয়া হবে রেমিট্যান্স প্রেরণ প্রক্রিয়াকে আরো সহজতর করার জন্য।

প্রবাসীদের জন্যে বাংলাদেশে সোনালী ব্যাংকের আরো কিছু বিশেষ সুবিধার আলোকে বক্তব্য রাখেন ওয়েজআর্নার কর্পোরেট শাখার ডিজিএম মো. জহুরুল ইসলাম।

সভাপতির বক্তব্যে সোনালী একচেঞ্জ ইউএসএ'র সিইও দেবশ্রী মিত্র জানান, আমাদের এই এ্যাপস ব্যবহার করে এখন পর্যন্ত কেউ ক্ষতিগ্রস্ত হননি। ঘরে বসে অ্যাপস এর মাধ্যমে বিশেষ করে এন্ড্রোয়েড এবং আইওএস সিস্টেমের যে কোন ফোন থেকে একাউন্ট ক্রিয়েট করে আপনারা অর্থ পাঠাতে পারেন এই অর্থ নিশ্চিন্তভাবে আপনার প্রাপকের কাছে পৌঁছে যাবে। অনুষ্ঠানে জামাইকা কমিউনিটির বিভিন্ন জনের মাঝে আলোচনায় অংশ নেন কম্যুনিটি বোর্ড সদস্য আহসান হাবীব, খলিল ফুডস এর শেফ খলিলুর রহমান, রিয়েলটর ওসমান গনি প্রমুখ।

সম্পাদক ও সাংবাদিকদের মাঝে উপস্থিত সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা: ওয়াজেদ এ খান, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মো: মনজুরুল হক প্রমুখ।

# আত্মপক্ষ সমর্থনে যা জানালেন বেনজীর আহমেদ

৬২ পৃষ্ঠার পর

শিরোনামে এক ভিডিও বার্তায় সম্প্রতি তার বিরুদ্ধে প্রকাশিত সংবাদ প্রসঙ্গে কথা বলেছেন পুলিশের সাবেক এই কর্মকর্তা।

সবাইকে ঈদুল ফিতর ও বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বেনজীর আহমেদ বলেন, আপনারা জানেন যে আমি প্রায় দুই বছর আগে চাকরি থেকে অবসর নিয়েছি। এই অবসরকালীন সময়ে আমি নিরিবিলি জীবন কাটাচ্ছি। চাকরিকালীন সময় বিগত ২০১২ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত আমি সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি গোষ্ঠী কর্তৃক অবিরত এবং ক্রমাগত অপপ্রচার এবং ব্যক্তিগত চরিত্রহননের অপচেষ্টার শিকার হয়েছি।

তিনি জানান, সম্প্রতি পত্রিকায় আমি এবং আমার পরিবারের বিরুদ্ধে কিছু খুবই আপত্তিজনক, মানহানিকর, অসত্য এবং বিকৃত সংবাদ প্রকাশিত হয়েছে। সেই সংবাদের সূত্র ধরে অন্যান্য কতিপয় আউটলেট একই রকমের সংবাদ পুনরাবৃত্তি ক্রমে পরিবেশন করেছে। তবে দেশের মূলধারার প্রিন্ট এবং মিডিয়া এই অসত্য, মানহানিকর এবং বিকৃত সংবাদ পরিবেশনে কোন আগ্রহ দেখায়নি। এজন্য মূলধারার গণমাধ্যমগুলোর সাংবাদিক বন্ধুগণের প্রতি আমি এবং আমার পরিবারের অনেক অনেক কৃতজ্ঞতা।

সাবেক আইজিপি বলেন, আমার অবসর গ্রহণের প্রায় দুই বছর পরে আকস্মিকভাবে আমার পরিবারের বিরুদ্ধে এই ধরণের একটি সংবাদ কেন পরিবেশন হল আমি সচেতন ভাবেই সেই আলোচনায় যাব না। তবে এর কারণ রাজধানীর সব সাংবাদিক ও সচেতন মহলের মুখে মুখে।

এরপর তিনি নিজের বিভিন্ন অর্জনের কথা জানিয়ে বলেন, যেহেতু আমি পাবলিকের টাকায় স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করেছি, প্রায় ৩৫ বছর রাষ্ট্রের বেতনভুক্ত কর্মচারী হিসেবে কর্তব্য পালন করেছি, সেহেতু ব্যক্তিগত দায়বদ্ধতার অবস্থান থেকে প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে সত্য তুলে ধরার তাগিদ অনুভব করেছি। সেই সঙ্গে এই সংবাদের কারণে যারা ব্যথিত হয়েছেন তাদের প্রতি সম্মান রেখে প্রকৃত সত্য ও তথ্য প্রকাশের মাধ্যমে তাদেরকে আশ্বস্ত এবং তাদের বিশ্বাসের জায়গাটা সুদৃঢ় করতে চাই।

তিনি বলেন, আমরা প্রকাশিত দুই কিস্তির সংবাদের পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করেছি। এতে সব মিলিয়ে ৪৫টি তথ্য, অভিযোগ এবং অপমানজনক বক্তব্য রয়েছে। তার মধ্যে ২৪টি তথ্য বা অভিযোগ সম্পূর্ণ মিথ্যা এবং কল্পনাপ্রসূত। দুইটি বিষয়কে সাত বার পুনরাবৃত্তি করা হয়েছে এবং দুইটি তথ্যকে ভুল প্রেক্ষাপটে বিকৃতভাবে পরিবেশন করা হয়েছে। বাকি দশটি তথ্যকে ফুলিয়ে ফাঁপিয়ে, শুধু তিলকে তাল নয়, তালগাছের ঝাড় সমেত বানয়ে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে।

বেনজীর আহমেদ বলেন, আমার এবং পরিবারের ঢাকা ও ঢাকার বাহিরের সম্পত্তির তথ্য সম্পূর্ণ মিথ্যা। বেতন ভাতার হিসাব কাল্পনিক এবং ভুল। গোপালগঞ্জের পারিবারিক কৃষি খামারের ভূমির পরিমাণ যা উল্লেখ করা হয়েছে তা সঠিক নয়। জমির সকল তথ্য ট্যাক্স ফাইলে উল্লেখ আছে। এছাড়া আমার পরিবারের সদস্যদের জাতীয় পরিচয় পত্রসহ বেশ কিছু তথ্য প্রকাশ করা হয়েছে। যা আমাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে।

সম্প্রতি এক জাতীয় দৈনিকে ‘বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ’ শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করা হয়। যেখানে বলা হয়, পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) ও র‌্যাবের সাবেক মহাপরিচালক বেনজীর আহমেদের বিপুল পরিমাণ অবৈধ সম্পদের খোঁজ মিলেছে। এরপর থেকেই বেশ আলোচনায় পুলিশের সাবেক এই আইজিপি।





# নান্দনিক আয়োজনে নিউইয়র্কে ড্রামা সার্কল এর আড়ম্বরপূর্ণ ঐতিহ্যবাহী বাংলা বর্ষবরণ

৬২ পৃষ্ঠার পর

দিনটিতেই বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজন করে আসছে। কোভিড পেন্ডেমিকের সময় এবং রমজানের সময়টা বাদ দিয়ে বরাবরই এই ধারাবাহিকতাটা বজায় রেখে এসেছে ড্রামা সার্কল, নিউইয়র্ক।

গত ১৪ এপ্রিল পহেলা বৈশাখের দিন বিকেল থেকেই মানুষের ঢল নামে অনুষ্ঠানস্থল উডসাইডের গুলশান ট্যারেসে।

নববর্ষের শুভেচ্ছা বিনিময়ের পাশাপাশি পান্তা ইলিশ ভোজে আপ্যায়ন করা হয় সকলকে, মুলমঞ্চে ধারাবাহিকভাবে পরিবেশিত হয় নানা অনুষ্ঠান। সংগীত, নৃত্য, আবৃত্তিতে অংশগ্রহন করেন নিউইয়র্ক এর বেশ ক'জন গুনী শিল্পী এবং বিভিন্ন সংগঠন। অনুষ্ঠানের বিভিন্ন পর্বে নৃত্য অংশগ্রহন করে প্রিয়া ড্যান্স একাডেমী, নীলা ড্যান্স একাডেমী, অন্তরা সাহা ড্যান্স ট্রুপ ও নীলা জেরীন।আবৃত্তি করেন ফারুক আজম, সংগীত পরিবেশনায় ছিলেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী শাহ মাহবুব, সজল রায়, কান্তা আলমগীর, শাহরিন সুলতানা, আলেয়া ফেরদৌসী, হোসেইন জব্বার শৈবাল ও করিম হাওলাদার।তবলায় ছিলেন তপন মোদক ও ঢোলে শফিক ঢুলি।অনুষ্ঠান সঞ্চালনায় আবীর আলমগীর ও আদিবা জহির।সাউন্ডে ছিলেন তানভির শাহীন।

















অনুষ্ঠানস্থলে প্রায় সকলেই এসেছিলেন রং বেরং এর বৈশাখী সাজে, অনুষ্ঠানের এক পর্যায়ে সেরা বৈশাখী সাজের জন্য পুরস্কৃত করা হয় কয়েকজনকে। বৈশাখী সাজের সেরা পুরস্কার তুলে দেয়া হয় চারজন নারী দর্শকের মাঝে, এই পর্বটির বিচারক ছিলেন মডেল অভিনেত্রী ও বাংলাদেশের জনপ্রিয় তারকা মডেল মোনালিসা ও মিলা হোসেইন। রুনিস ডিজায়ার ও মীনা ফুডস এর সৌজন্যে প্রদান করা পুরস্কার গুলো বিজয়ীদের হাতে তুলে দেন রুনিস ডিজায়ার এর রোজিনা আহমেদ রুনি এবং মীনা ফুডস এর রিফাতি ফারুক।

ড্রামা সার্কল এর সাথে সংশ্লিষ্ট সকলের শাড়ী ও পান্‌জাবী ডিজাইন এবং সরবরাহ করেছে ফ্যাশনিস্তার রুমি মুস্তফা।

অনুষ্ঠানমালার শুরুতে বৈশাখ উদযাপনের ঐতিহ্যবাহী পান্তা ইলিশ ভোজ পর্বটি উদ্বোধন করেন ফার্মাসিস্ট মোসতাক আহমেদ।গতবারের মত এবারও বর্ষবরণ অনুষ্ঠানে ইলিশ মাছ দিয়ে সহযোগিতা করেন ইমিগ্রেন্ট এলডার্ট হোম কেয়ার এর ভাইস প্রেসিডেন্ট শামসুন্নাহার নিম্মি।

সংগঠনের সভাপতি আবীর আলমগীরের সন্‌চালনায় শুরুতেই স্বাগত শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠন এর প্রতিষ্ঠাকালীন সভাপতি নার্গিস আহমেদ, তারপর অনুষ্ঠানের বিভিন্ন পর্যায়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন ড্রামা সার্কল এর উপদেষ্টা ডঃ দেলোয়ার হোসেন, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ ও মন্‌জুর আহমদ, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দিন সাগর, সাপ্তাহিক নিউইয়র্ক সময় সম্পাদক জাকারিয়া মাসুদ, আইবি টিভির চেয়ারম্যান মিলা হোসেইন, জেট ডিরেক্ট মর্টগেজ এর জান ফাহিম, উৎসব গ্রুপের রায়হান জামান, টাউন এমডি গ্রুপের রাহাত মুক্তাদির ও সোনিয়া লাসমিন লাবনী, বারী গ্রুপের আসেফ বারী টুটুল ও মুনমুন হাসিনা, মীনা ফুডস এর মেহবুব কোয়েল ও রিফাতি ফারুক, এফএমএস গ্রুপের হোসেইন জব্বার শৈবাল ও সায়মা, আশা হোমকেয়ার আকাশ রহমান ও মিসেস এশা রহমান, ইমিগ্র্যান্ট এলডার হোম কেয়ার এর শামসুন্নাহার নিম্মি, রিয়েল এস্টেট ইনভেস্টর মর্তুজা কামাল সিদ্দিকী এবং বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক এর সভাপতি আব্দুর রব মিয়া। অনুষ্ঠানের টাইটেল স্পনসর ছিলো উৎসব গ্রুপ, টাউন এমডি মেডিকেল এবং বারী গ্রুপ।স্পনসর হিসেবে সহযোগিতা করেছে এফএমএস গ্রুপ, জেট ডিরেক্ট মর্টগেজ, আশা হোম কেয়ার, বাংলা ট্রাভেলস জ্যাকসন হাইটস, মীনা ফুডস, রিয়েল এস্টেট ইনভেস্টর মর্তুজা কামাল সিদ্দিকী এবং এ্যাটর্নি মঈন চৌধুরী। বর্ষবরন অনুষ্ঠানের মিডিয়া পার্টনার ছিলো সাপ্তাহিক পরিচয়, সাপ্তাহিক নবযুগ, সাপ্তাহিক সাদাকালো,সাপ্তাহিক নিউইয়র্ক সময়, এবং আইবি টিভি ইউএসএ।












GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
GET PAID
TO TAKE CARE OF YOUR FAMILY AND FRIENDS
CDPAP SERVICE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

# ফিলিস্তিনকে সমর্থন করায় সেরা ছাত্রীর বক্তৃতা বাতিল করল ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া

পরিচয় ডেস্ক : নিরাপত্তা ঝুঁকির কারণ দেখিয়ে ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া (ইএসসি) বিশ্ববিদ্যালয়ের সেরা ছাত্রীর (ভেলেডিক্টোরিয়ান) সমাবর্তন বক্তৃতা বাতিল করেছে। গত সোমবার (১৫ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের প্রভোস্টের কার্যালয় থেকে ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীদের এ তথ্য জানানো হয়েছে।

শিক্ষাজীবনে ভালো ফল ও ক্যাম্পাসের বিভিন্ন কার্যক্রমে সক্রিয়তার ভিত্তিতে শিক্ষার্থীদের মধ্য থেকে একজনকে ভেলেডিক্টোরিয়ান স্বীকৃতি দেওয়া হয়। নিয়ম অনুযায়ী শিক্ষার্থীদের পক্ষ থেকে তিনিই বক্তৃতা দেন।



এ বছর আসনা তাবাসসুম ইউএসসির ভেলেডিক্টোরিয়ান নির্বাচিত হয়েছিলেন। বায়োমেডিক্যাল প্রকৌশল বিভাগের এই শিক্ষার্থীর সিজিপিএ ৪.০এর মধ্যে ৩.৯৮।

আসনা তাবাসসুমের ইনস্টাগ্রাম প্রোফাইলের ‘বায়ো’তে ফিলিস্তিনপন্থী একটি ওয়েবসাইটের ঠিকানা দেওয়া। মূলত এ ‘অভিযোগেই’ ইসরায়েলপন্থি শিক্ষার্থী ও অ্যালামনাইদের একাংশ তাকে ভেলেডিক্টোরিয়ান নির্বাচিত করার পর থেকেই বিরোধিতা করে আসছিল। সমাবর্তন অনুষ্ঠানে তাবাসসুম বক্তৃতা দিলে ক্যাম্পাসের

# টাইমের ১০০ প্রভাবশালী ব্যক্তির তালিকায় বাংলাদেশের মেরিনা



পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্রের ঐতিহ্যবাহী টাইম ম্যাগাজিনে বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় জায়গা করে নিয়েছেন বাংলাদেশি স্থপতি মেরিনা তাবাসসুম। বুধবার ২০২৪ সালের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করা হয়।

মেরিনা তাবাসসুম সম্পর্কে টাইম ম্যাগাজিনে লেখা হয়েছে, *বাকি অংশ ৫৩ পৃষ্ঠায়*

# এখন দূরে থাকাই ভালো..ববিতা



পরিচয় ডেস্ক: বাংলাদেশের অভিনয়ের জীবন্ত কিংবদন্তি ফরিদা আক্তার ববিতা। অসংখ্য কালজয়ী সিনেমায় অভিনয় করে দর্শকপ্রিয়তা পেয়েছেন দেশ ও দেশের বাইরে। কাজ করেছেন সত্যজিৎ রায় ও জহির রায়হানের মতো কিংবদন্তির সিনেমায়। এখন অভিনয় থেকে অনেকটাই রয়েছেন দূরে। থাকেন কানাডা ও আমেরিকায়। সুযোগ হলেই ছুটে আসেন জন্মভূমিতে। নিজের বর্তমান জীবন ও সিনেমার অভিনয় *বাকি অংশ ৫৩ পৃষ্ঠায়*



# সোনালী এক্সচেঞ্জের অ্যাপস (এসইসিআই) ব্যবহার নিরাপদ

## নিউইয়র্কে গ্রাহক সমাবেশে সোনালী এক্সচেঞ্জের এমডি আফজাল করিম

পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্রের নিউইয়র্কসহ ৬টি স্টেটের প্রবাসীরা এখন ঘরে বসেই সেল ফোনের মাধ্যমে বাংলাদেশের যে কোনো ব্যাংকে, নগদে অথবা বিকাশে তাৎক্ষণিকভাবে অর্থ প্রেরণে সোনালী এক্সচেঞ্জের অ্যাপস *বাকি অংশ ৫৯ পৃষ্ঠায়*



# নান্দনিক আয়োজনে নিউইয়র্কে ড্রামা সার্কেল এর আড়ম্বরপূর্ণ ঐতিহ্যবাহী বাংলা বর্ষবরণ

পরিচয় ডেস্ক: প্রতি বছরের ধারাবাহিকতায় এবারো বাংলা নতুন বছরকে স্বাগত জানাতে নিউইয়র্কের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক সংগঠন ড্রামা সার্কেল এর নান্দনিক আয়োজনে অনুষ্ঠিত হয়েছে বাংলা বর্ষবরণ অনুষ্ঠান।পান্তা ইলিশ ভোজ এবং নানান অনুষ্ঠানে অনুষ্ঠিত হয় ১৪৩১ বর্ষবরন অনুষ্ঠান। ড্রামা সার্কেল এর বর্ষবরণ অনুষ্ঠান আয়োজনের আলাদা একটা ঐতিহ্য রয়েছে, গত ৩০ বছর ধরে সংগঠনটি পহেলা বৈশাখের *বাকি অংশ ৬০ পৃষ্ঠায়*

# আদালতে ছিলেন ট্রাম্প, বাইরে শরীরে আগুন দিলেন একজন



পরিচয় ডেস্ক: নিউইয়র্কের ম্যানহাটনের একটি আদালতে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিচারিক কার্যক্রম চলছিল। এ সময় আদালতের বাইরে এক ব্যক্তি নিজের শরীরে আগুন দিয়েছেন। গত শুক্রবার (১৯ এপ্রিল) এ ঘটনা ঘটে। এ সময় ট্রাম্প আদালত কক্ষে ছিলেন। ওই ব্যক্তি প্রথমে নিজের শরীরে তরল *বাকি অংশ ৫৩ পৃষ্ঠায়*

# যুক্তরাষ্ট্রের তরুণেরা কেন এত আত্মহত্যার পথ বেছে নিচ্ছেন



পরিচয় ডেস্ক: বেন সালাসের বয়স ২১ বছর। মার্কিন এই তরুণ স্বেচ্ছামৃত্যু বেছে নেন। মাবাবার বুক খালি করে চলে যান না-ফেরার দেশে।বেনের প্রসঙ্গে বাবা টনি বলেছেন, বেন একদিকে আত্মহত্যার পরিকল্পনা করেছিলেন, একই সময়ে তিনি তাঁর বাগদানের আংটিসহ অন্যান্য কেনাকাটা করেছিলেন। মা ক্যাথেরিন কান্নাজড়িত কণ্ঠে *বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়*


# ইস্পাহানে হামলায় যুক্তরাষ্ট্রের সমর্থন পায়নি ইসরাইল

পরিচয় ডেস্ক: ইরানের ইস্পাহানে ইসরাইলের হামলা চালানোর আগে যুক্তরাষ্ট্রকে তারা জানিয়েছিল। কিন্তু সেই পরিকল্পনায় সমর্থন দেয়নি যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের কিছু কর্মকর্তাকে উদ্ধৃত করে গণমাধ্যম এ খবর দিয়েছে। উল্লেখ্য, গত ১৯ এপ্রিল ইরানের স্থানীয় সময় ভোর ৪টায় ইস্পাহানে ইসরাইল ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় *বাকি অংশ ৫৬ পৃষ্ঠায়*



# আত্মপক্ষ সমর্থনে যা জানালেন বেনজীর আহমেদ

পরিচয় ডেস্ক: পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ তার ভেরিফায়েড ফেসবুক পেজের মাধ্যমে গুরুত্বপূর্ণ তথ্য শেয়ার করার কথা জানিয়েছিলেন। শনিবার (২০ এপ্রিল) ‘আমার কিছু কথা’ *বাকি অংশ ৫৯ পৃষ্ঠায়*



# স্বামীর প্রশংসা করার দিন ২০ এপ্রিল শনিবার

পরিচয় ডেস্ক: স্বামীর প্রশংসা দিবস বা ‘হাজব্যান্ড অ্যাপ্রেসিয়েশন ডে’ ২০ এপ্রিল। স্বামীর প্রশংসা করার জন্য এই দিনটি ভালো উপলক্ষ।অনেক রকম দিবস আছে, এর মধ্যে একটি স্বামীর প্রশংসা করার। প্রতি বছর এপ্রিলের তৃ *বাকি অংশ ৫৬ পৃষ্ঠায়*

# অনলাইনে বিজ্ঞাপন দেখে বিনিয়োগের কথা ভাবছেন? সাবধান হোন এখনই



পরিচয় ডেস্ক: যদিও বর্তমানে বিভিন্ন ভাবে মানুষকে অনলাইন প্রতারণার সম্পর্কে সচেতন করা হচ্ছে। তবুও প্রায়ই দেশজুড়ে হাজার হাজার ব্যক্তি অনবরত এই অনলাইন স্ক্যামের ফাঁদে পা দিয়ে নিজের কষ্টার্জিত অর্থ হারাচ্ছেন। সম্প্রতি নাভি মুম্বাইয়ের এক ব্যক্তি এমনই একটি প্রতারণার শিকার হয়েছেন। যিনি শেয়ার মার্কেটে *বাকি অংশ ৫৩ পৃষ্ঠায়*














সাপ্তাহিক পরিচয় এর বিজ্ঞাপনদাতাদের পৃষ্ঠপোষকতা করুন




সাপ্তাহিক পরিচয়ে বিজ্ঞাপন দিতে চাইলে যোগাযোগ: ৯১৭-৭৪৯-১১৭৯

